43. A recruiter shall not have authority in any district under the control of the Lieutenant-Governor of Bengal to engage or attempt to engage a native of India to become an emigrant until his license has been countersigned by the magistrate of the district, or of the division of the district, or in Calcutta, until his license has been countersigned by the commissioner or the deputy commissioner of police in Calcutta; and such magistrate or commissioner or deputy commissioner of police shall, unless it appears to him that the person to whom a license has been granted is unfit to be employed as a recruiter, countersign such license.

No authority till license is countersigned by magistrate of recruiting district.

The magistrate or commissioner or deputy commissioner of police may at any time for any sufficient reason withdraw such license, provided that in any such case he shall record his reasons in writing, and shall forward a copy thereof without delay to the superintendent of emigration.

Magistrate may withdraw license and suspend recruiting.

44. The magistrate or the commissioner or deputy commissioner of police in Calcutta, to whom any recruiter's license shall have been exhibited for countersignature, shall not countersign the same until he shall be satisfied that sufficient accommodation has been provided and is available for such natives of India as may be engaged by such recruiter pending their removal to a depôt.

Recruiter to provide accommodation for natives before license is countersigned.

নির্দ্দিষ্ট পাঠানুসারে লিখিতে হইবে। তদ্রূপ প্রত্যেক লাইসেন্সের নিমিত্ত বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে ১৬ টাকার অনধিক ফী দেওয়া যাইবে। ঐ লাইসেন্স এক বৎসর বলবৎ থাকিবে তাহার অধিক নয়। এবং মজুরসংগ্রাহক কোন অত্যাচার করিলে কিম্বা এই আইনের কোন বিধান না মানিলে কি তাচ্ছল্য করিলে লাইসেন্স যে মিয়াদের নিমিত্ত দেওয়া গেল তাহা না ফুরাইলেও সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তাহা বাতিল করিতে পারিবেন ইতি।

ফীর কথা।

মিয়াদের কথা।

৪২ ধারা। মজুরসংগ্রাহক প্রত্যেক জনের নিকট লেখা একং খান পাস থাকিবে। যে কন্‌ট্রাক্টরের পক্ষে কর্ম্ম করিবার অনুমতি পায় ঐ পাসে তাহার স্বাক্ষর থাকিবে ইতি।

মজুরসংগ্রাহকের পাস লইতে হইবার কথা।

৪৩ ধারা। কোন মজুরসংগ্রাহকের লাইসেন্সপত্রে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্নর সাহেবের শাসনাধীন কোন জিলার কি মহকুমার মাজিষ্ট্রেট সাহেবের আড়সহী না থাকিলে ঐ জিলার মধ্যে ভারতবর্ষজাত কোন লোককে বিদেশে যাইবার জন্যে করিয়া লইতে কি করিয়া লইবার চেষ্টা করিতে তাহার কোন ক্ষমতা নাই। এবং কলিকাতায় পোলীস কমিশ্যনর সাহেব কি ডেপুটী কমিশ্যনর সাহেব তাহার লাইসেন্সপত্রে আড়সহী না করিলে তাহার তদ্রূপ ক্ষমতা নাই। ঐ লাইসেন্স যে ব্যক্তিকে দেওয়া যায় সে মজুরসংগ্রাহকের কর্ম্ম করিবার যোগ্য নয় উক্ত মাজিষ্ট্রেট সাহেব কি পোলীস কমিশ্যনর সাহেব কি ডেপুটী কমিশ্যনর সাহেব এমত বোধ না করিলে তিনি সেই লাইসেন্সপত্রে আড়সহী করিবেন।

যে জিলায় মজুর সংগ্রহ করা যাইবে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেব ঐ লাইসেন্সপত্রে আড়সহী না করিলে তাহার বল না থাকার কথা।

কোন সময়ে উপযুক্ত কোন কারণ থাকিলে মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পোলীস কমিশ্যনর সাহেব কি ডেপুটী কমিশ্যনর সাহেব সেইরূপ লাইসেন্স ফিরিয়া লইতে পারিবেন, তাহা করিলে তিনি কারণ লিখিয়া রাখিবেন ও বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট অগৌণে তাহার নকল পাঠাইবেন ইতি।

লাইসেন্স রহিত করিয়া মজুরসংগ্রহকার্য্য স্থগিত রাখিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।

৪৪ ধারা। মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা কলিকাতার পোলীস কমিশ্যনর সাহেবের কি ডেপুটীকমিশ্যনর সাহেবের আড়সহী করিবার নিমিত্তে কোন মজুরসংগ্রাহকের লাইসেন্স আনা গেলে, ভারতবর্ষজাত যে লোককে করিয়া লইয়া যাইবে আড্ডায় চালান করিবার পূর্ব্বে তাহাদের থাকিবার উপযুক্ত স্থান প্রস্তুত করিয়া রাখা গিয়াছে ও তাহারা সেই স্থানে থাকিতে পারিবে, উক্ত মাজিষ্ট্রেট সাহেব প্রভৃতি ইহা সন্তোষমতে না জানিলে সেই লাইসেন্সপত্রে আড়সহী করিবেন না।

লাইসেন্সপত্রে আড়সহী করিবার পূর্ব্বে দেশীয় লোকের থাকিবার নিমিত্তে মজুর সংগ্রাহকের স্থান করিয়া রাখিবার কথা।

The magistrate of the district, or division of the district, in which there may be any such accommodation provided, shall have, for the supervision, management, and regulation of such accommodation, all such and the same powers and authorities as are vested in the superintendent of emigration for the supervision, management, and regulation of depôts which are subject to the powers and authority of the superintendent.

Magistrate charged with superintendence of accommodation.

ঐ ব্যক্তিদের থাকিবার তদ্রূপ স্থান কোন জিলার কি মহকুমায় প্রস্তুত করা গেলে, বিদেশগমন কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের শক্তির ও ক্ষমতার অধীন আড্ডার তত্ত্বাবধারণ করিবার ও তাহার কার্য্য চালাইবার ও তাহার বিধান করিবার নিমিত্ত ঐ সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি যে সকল শক্তি ও ক্ষমতা বর্ত্তে, উক্ত জিলার কি মহকুমার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি সেই স্থানের তত্ত্বাবধারণের ও তাহার কার্য্য চালাইবার ও বিধান করিবার নিমিত্ত সেই সকল ও তত্তুল্য শক্তি ও ক্ষমতা বর্ত্তিবে ইতি।

তাহাদের থাকিবার স্থানের তত্ত্ব লইবার ভার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি থাকার কথা।

45. Every native of India who shall, in any place or town within the said provinces, enter into any engagement with any recruiter to proceed to a labor district, for the purpose of laboring for hire, shall be brought by such recruiter before such medical officer as the Lieutenant-Governor may from time to time appoint to examine such natives within such place or town; or, if no such officer has been appointed, before such medical officer as the magistrate may direct. The medical officer shall thereupon examine the native brought by the recruiter, and shall reject him or shall certify in writing that he is in a fit state of health and able, in point of physical condition, to journey to and work for hire in a labor district.

Native to be taken for examination to medical officer, who may reject.

৪৫ ধারা। উক্ত প্রদেশের অন্তর্গত কোন স্থানে কি নগরে ভারতবর্ষজাত কোন ব্যক্তি মজুরী পাইয়া কর্ম্ম করিবার নিমিত্তে কোন মজুরসংগ্রাহকের সঙ্গে মজুরী করিবার জিলায় যাইতে করার করিলে, শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঐ স্থানে কি নগরে ঐ ব্যক্তিদিগকে দেখিবার জন্যে সময়েং যে ডাক্তরকে নিযুক্ত করেন, মজুরসংগ্রাহক তাহাকে সেই ডাক্তরের সম্মুখে আনিবে, কিম্বা তদ্রূপে ডাক্তর নিযুক্ত না থাকিলে মাজিষ্ট্রেট সাহেব যে ডাক্তরের নিকট লইয়া যাইতে আজ্ঞা করেন তাঁহার সম্মুখে আনিবে। তাহা হইলে মজুর সংগ্রাহক দেশীয় যে ব্যক্তিকে আনে ডাক্তর সাহেব তাহাকে দেখিয়া অগ্রাহ্য করিবেন, কিম্বা তাহার স্বাস্থ্য ও শরীরের অবস্থা বিবেচনায় সে মজুরী করিবার জিলায় যাইবার উপযুক্ত ও মজুরী লইয়া কর্ম্ম করিতে সক্ষম এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া দিবেন ইতি।

দেশীয় ব্যক্তিকে ডাক্তর সাহেবের নিকট আনিবার কথা ও তাঁহার অগ্রাহ্য করিতে পারিবার কথা।

46. Every such native who is certified by the medical officer, as required in the last preceding section, to be fit to emigrate to a labor district, shall thereupon appear with the recruiter before the magistrate of the district or division of the district within which the place or town where the engagement was entered into is situate. The recruiter shall at the same time produce his license to the magistrate.

If certified to be fit, native to be taken to magistrate

৪৬ ধারা। ডাক্তর সাহেব ইহার পূর্ব্ব ধারামতে দেশীয় কোন ব্যক্তিকে মজুরী করিবার জিলায় যাইবার উপযুক্ত বলিয়া সর্টিফিকট দিলে ঐ ব্যক্তির সঙ্গে যে স্থানে কি যে নগরে করার করা যায় তাহা যে জিলার কি যে মহকুমার অন্তঃপাতি ঐ ব্যক্তি মজুরসংগ্রাহকের সঙ্গে সেই জিলার কি মহকুমার মাজিষ্ট্রেট সাহেবের নিকট উপস্থিত হইবে। মজুরসংগ্রাহক সেই সময়ে মাজিষ্ট্রেট সাহেবকে আপনার লাইসেন্সও দেখাইবে।

উপযুক্ত বলিয়া সর্টিফিকট পাইলে মাজিষ্ট্রেটের নিকট লইয়া যাইবার কথা।

On the appearance of such native the magistrate, after inspecting the medical certificate, shall examine him with reference to his engagement, and if it appears that he understands such engagement as regards the locality, period, and nature of the service, the rate of wages, and the price at which rice is to be supplied, and that he is willing to fulfil the same,

Magistrate to examine native respecting the engagement.

If satisfied, magistrate will register certain particulars.

দেশীয় সেই ব্যক্তি উপস্থিত হইলে মাজিষ্ট্রেট সাহেব ডাক্তরের সর্টিফিকট ভাল করিয়া দেখিলে পর তাহার করারের বিষয়ে তাহাকে জিজ্ঞাসাবাদ করিবেন, ও সেই করার অনুসারে তাহার যে স্থানে যাইতে হইবে ও যে মিয়াদ পর্য্যন্ত যে প্রকারে তাহার কর্ম্ম করিতে হইবে ও যে হারে বেতন পাইবে ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে এইং

সেই করারের বিষয়ে দেশীয় ব্যক্তির নিকট মাজিষ্ট্রেটের জিজ্ঞাসা করিবার কথা।

তদ্বোধমতে থাকিলে মাজিষ্ট্রেট সাহেবের কোনং কথা রেজিষ্টরী করিবার কথা।

the magistrate shall register in a book to be kept for the purpose—

(1.) The name, the name of the father, and the age of such native;

(2.) The name of the village or place of which such native is a resident;

(3.) The contractor's depôt to which it is intended that he shall proceed;

(4.) The labor district to which he is engaged to proceed;

(5.) The period of service;

(6.) The rate of wages, and the price at which rice is to be supplied.

If dissatisfied, will reject.

If the magistrate thinks that such native does not understand the nature of the engagement, or has been induced to enter into the engagement by fraud or misrepresentation, or if the recruiter shall not have produced his license, he shall refuse to register such native.

Copy of registration to be given to emigrant.

47. A certified copy of his registration, written on substantial paper, shall be furnished by the magistrate to each emigrant.

Copy of registration and medical certificate to be sent to superintendent.

48. A certified copy of every such registration and the original certificate of the medical officer shall be forthwith forwarded by the magistrate to the superintendent of emigration.

Fee for registration.

49. For the registration of every such native the recruiter shall pay to the registering officer a fee not exceeding one rupee and eight annas.

Similar provisions for natives recruited in Calcutta.

50. The provisions of the five preceding sections shall be applicable to all natives of India engaged by recruiters within the town of Calcutta, except that they shall be brought for registration before the superintendent of emigration therein.

Natives recruited in districts not in Bengal.

51. Every native of India who shall be brought or induced to come by any recruiter from any province or district not under the control of the Lieutenant-Governor of Bengal, for the purpose of entering into a contract in a district under such control, shall be presented by

বিষয় ধরিয়া সে ঐ করারের ভাব বুঝিয়াছে ও সেই করারমতে কর্ম্ম করিতে চাহে মাজিষ্ট্রেট সাহেব এমত জ্ঞান করিলে তিনি ঐ কথা লিখিবার এক খান রেজিষ্টরী বহীতে নিম্ন লিখিত কথা লিখিয়া রাখিবেন।

(১) দেশীয় ঐ ব্যক্তির নাম ও পিতার নাম ও বয়স।

(২) ঐ ব্যক্তি যে গ্রাম কি স্থানবাসী তাহার নাম।

(৩) যে কণ্ট্রাক্টরের আড্ডায় তাহাকে লইয়া যাইবার কল্পনা থাকে তাহার নাম।

৪। মজুরী করিবার যে জিলায় যাইতে করার করিয়াছে তাহার নাম।

৫। তাহার যতকাল কর্ম্ম করিতে হইবে।

৬। যে হারে বেতন পাইবে ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে।

না বুঝিলে তাহাকে অগ্রাহ্য করিবার কথা।

দেশীয় ঐ ব্যক্তি করারের ভাব বুঝে নাই, কিম্বা প্রতারণা করিয়া কি মিথ্যা কহিয়া তাহাকে করার করিতে প্রবৃত্তি দেওয়া গেল মাজিষ্ট্রেট সাহেব ইহা বোধ করিলে, কিম্বা মজুর সংগ্রাহক আপনার লাইসেন্স না দেখাইলে, তিনি দেশীয় ঐ ব্যক্তিকে রেজিষ্টরী করিতে স্বীকার করিবেন না ইতি।

বিদেশগামি ব্যক্তিকে রেজিষ্টরী কথার নকল দিবার কথা।

৪৭। বিদেশগামি যে ব্যক্তিকে রেজিষ্টরী করা যায় মাজিষ্ট্রেট সাহেব উত্তম কাগজে ঐ রেজিষ্টরী কথার নকল করাইয়া তাহাতে সর্টিফিকট লিখিয়া তাহাকে দিবেন ইতি।

রেজিষ্টরী কথার নকল ও ডাক্তরের সর্টিফিকট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট পাঠাইবার কথা।

৪৮ ধারা। মাজিষ্ট্রেট সাহেব ঐ রেজিষ্টরী কথার সর্টিফিকটযুক্ত নকল ও ডাক্তরের আসল সর্টিফিকট বিদেশগমন কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট অবিলম্বে পাঠাইয়া দিবেন ইতি।

রেজিষ্টরী করিবার ফীর কথা।

৪৯ ধারা। যে কার্য্যকারক রেজিষ্টরী করেন মজুরসংগ্রাহক দেশীয় প্রত্যেক ব্যক্তির নাম রেজিষ্টরী করিবার নিমিত্ত তাঁহাকে ১৷৷০ দেড় টাকার অনধিক ফী দিবেন ইতি।

দেশীয় যে ব্যক্তিদিগকে কলিকাতায় সংগ্রহ করা যায় তাহাদের বিষয়ে সেই বিধি খাটিবার কথা।

৫০ ধারা। মজুরসংগ্রাহকেরা কলিকাতা নগরের মধ্যে ভারতবর্ষজাত যে লোকদের সঙ্গে করার করে ইহার পূর্ব্ব পাঁচ ধারার বিধান তাহাদের প্রতি খাটিবে। কেবল বিশেষ এই, তাহারদিগকে রেজিষ্টরী করিবার জন্যে ঐ নগরের মধ্যে বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট আনিতে হইবে ইতি।

যেই২ জিলা বঙ্গদেশের অন্তর্গত নয় সেই২ জিলায় দেশীয় ব্যক্তিদিগকে সংগ্রহ করিবার কথা।

৫১ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন নয় কোন মজুরসংগ্রাহক এমত কোন প্রদেশ কি জিলাহইতে ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে চুক্তি করিবার নিমিত্ত ঐ শাসনাধীন জিলার মধ্যে আনিলে কি

the recruiter for medical examination and registry under the provisions of this chapter at some place within the district under the control of the Lieutenant-Governor, into which he shall first come, or at Calcutta, if he shall first come there.

52. Every recruiter, who forwards or accompanies any native of India from the district or division of the district within which the place or town where he has been recruited is situate, or into which, under the last preceding section, he has first come, or who induces any such native to leave such district or division of district for the purpose of proceeding to a labor district, without being duly registered as above required; or who forwards, accompanies, or induces any such native to proceed to any depôt other than the depôt registered under section 38, shall, on conviction by a magistrate, be punished in respect of every such native so forwarded, accompanied, or induced, with a fine which may extend to fifty rupees, or with imprisonment, simple or rigorous, for a term which may extend to one month.

Penalty for forwarding natives without registration.

53. All emigrants proceeding to a depôt shall be accompanied throughout the journey by the recruiter himself, or by a competent person appointed by him with the approval of the magistrate, by whom such emigrants have been registered. The magistrate shall give to the person so appointed a certificate under his signature stating that he has been appointed for the journey to the depôt.

Recruiter must accompany emigrants to depôt, or depute person approved by magistrate.

54. Every recruiter, by whom any emigrant is forwarded or accompanied to a depôt, shall, throughout the journey, provide such emigrant with proper and sufficient food and lodging. If it shall appear to a magistrate, on the complaint of any such emigrant at any place on the journey, that the recruiter has failed to provide him with proper and sufficient food and lodging at such place, such recruiter shall, on conviction by such magistrate, be punished with fine which may extend to fifty rupees. The whole or any portion of such fine may be awarded to such emigrant as compensation. If the fine be not paid within twenty-four hours, the

আসিতে প্রবৃত্তি দিলে, উক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন যে জিলার মধ্যে প্রথমে আইসে মজুরসংগ্রাহক সেই জিলার অন্তর্গত কোন স্থানে, কিম্বা কলিকাতায় প্রথমে পঁহুছিলে কলিকাতায়, এই অধ্যায়ের বিধানমতে ডাক্তরের দেখিবার ও রেজিষ্টরী করিবার জন্যে তাহাকে উপস্থিত করিবে ইতি।

৫২ ধারা। ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে যে স্থানে কি যে নগরে সংগ্রহ করা যায় তাহা যে জিলার কি মহকুমার মধ্যে থাকে তথায়, কিম্বা ইহার পূর্ব্ব ধারামতে সে প্রথমে যে জিলায় পঁহুছে সেই জিলায় ইহার পূর্ব্ব ধারার আজ্ঞামতে তাহাকে নিয়মিতরূপে রেজিষ্টরী করা না গেলেও মজুরসংগ্রাহক সেই জিলা কি মহকুমাহইতে তাহাকে চালান করিলে কি সঙ্গে করিয়া আনিলে কিম্বা মজুরী করিবার জিলায় যাইবার নিমিত্তে ঐ জিলা কি মহকুমা ছাড়িয়া আসিতে প্রবৃত্তি দিলে, কিম্বা ৩৮ ধারামতে যে আডডা রেজিষ্টরী করা যায় তদ্ভিন্ন কোন আডডায় দেশীয় সেই ব্যক্তিকে চালান করিলে কি সঙ্গে করিয়া আনিলে কি যাইতে প্রবৃত্তি দিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা ঐ অপরাধ নির্ণয় হইলে যত জনকে তদ্রূপে চালান করা যায় কি সঙ্গে করিয়া আনা যায় কি প্রবৃত্তি দেওয়া যায় তাহাদের প্রত্যেক জনের নিমিত্ত তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা এক মাসের অনধিক কাল সামান্য কি কঠিন পরিশ্রম সহিত কারাদণ্ড হইবে ইতি।

দেশীয় ব্যক্তিদিগকে রেজিষ্টরী না করাইয়া চালান করিবার দণ্ডের কথা।

৫৩ ধারা। বিদেশগামি ব্যক্তিদের আডডায় যাইবার সময়ে মজুরসংগ্রাহক আপনি তাহাদের সঙ্গেং সমুদয় পথ যাইবে। কিম্বা যে মাজিষ্ট্রেট সাহেব ঐ বিদেশগামিদিগকে রেজিষ্টরী করিলেন তিনি ঐ মজুরসংগ্রাহকের নিযুক্ত উপযুক্ত যে লোককে অনুমোদন করেন সেই লোক তাহাদের সঙ্গেং যাইবে। তদ্রূপে যে ব্যক্তি নিযুক্ত হয় সে আডডা পর্য্যন্ত সমুদয় পথ যাইতে নিযুক্ত হইল, মাজিষ্ট্রেট সাহেব তাহাকে এই মর্ম্মের সর্টিফিকট সহী করিয়া দিবেন ইতি।

বিদেশগামিদের সঙ্গেং আডডা পর্য্যন্ত মজুরসংগ্রাহকের যাইবার কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের অনুমোদিত ব্যক্তিকে পাঠাইবার কথা।

৫৪ ধারা। যে মজুরসংগ্রাহক বিদেশগামি কোন ব্যক্তিকে আডডায় চালান করে কি সঙ্গে করিয়া লইয়া যায়, সে সমুদয় পথে ঐ ব্যক্তির প্রয়োজনমত ও উপযুক্ত আহার পাইবার ও থাকিবার স্থানের বিধান করিবে। পথে যাইবার কোন স্থানে মজুরসংগ্রাহক ঐ বিদেশগামির প্রয়োজনমত উপযুক্ত আহার পাইবার ও থাকিবার স্থানের বিধান করে নাই বিদেশগামির নালিশমতে কোন মাজিষ্ট্রেট ইহা জানিতে পাইলে, ঐ মাজিষ্ট্রেটের দ্বারা মজুরসংগ্রাহকের অপরাধ নির্ণয় হইলে তাহার পঞ্চাশ টাকার অনধিক জরীমানা হইবে। সেই জরীমানার সমুদয় টাকা কি তাহার একাংশ হানিপূরণস্বরূপ ঐ বিদেশগামিকে দেওয়া যাইতে

পথের মধ্যে বিদেশগামিদের আহারের ও থাকিবার বিধান মজুরসংগ্রাহকের করিবার কথা।

recruiter shall be punished with imprisonment, simple or rigorous, which may extend to one month.

Chapter 6.—Depôt.

Contractor to report arrival of emigrants.

55. Within twenty-four hours after the arrival at any depôt of any emigrant, the contractor by whom such depôt is maintained shall give to the superintendent of emigration a notice in writing of such arrival, which notice shall be in such form and shall contain such particulars as the superintendent shall prescribe.

Emigrants to be inspected by medical inspector immediately on arrival.

56. The copy of the registration and the medical certificate of every emigrant received by the superintendent as provided in section 48 shall be shown to the medical inspector; and all emigrants shall be inspected by the medical inspector at the depôt. If he be satisfied that an emigrant is in a fit state of health, and able in point of physical condition to journey to and labor in a labor district, he shall countersign the copy of the registration; if he be not satisfied thereof, he shall give a certificate to that effect to the superintendent.

Medical inspector to examine emigrant if medical certificate not given.

The medical inspector shall examine any emigrant in regard to whom a medical certificate is not forthcoming, and shall certify whether such emigrant is in his opinion in a fit state of health and able in point of physical condition to journey to and work for hire in a labor district; and if satisfied of his fitness, he shall countersign the copy of the registration.

Emigrant rejected by medical inspector to be sent back.

57. If the medical inspector shall cerify that any emigrant so examined is in such a state of health that his journey to a labor district would be dangerous to himself or to others, or that he is unfit for labor in a labor district, the superintendent may order the contractor, or the garden-sirdar, if such emigrant has been forwarded or brought to the depôt by a garden-sirdar, to pay to him a sum of money sufficient to enable him to return to the place at which he was engaged. Provided that any such person, who from his state of health is, in the opinion of the medical

পারিবে। চব্বিশ ঘণ্টার মধ্যে ঐ জরীমানার টাকা না দেওয়া গেলে মজুরসংগ্রাহকের এক মাসের অনধিক কাল সামান্য কি কঠিন পরিশ্রম সহিত কারাদণ্ড হইতে পারিবে ইতি।

৬ পরিচ্ছেদ।—আড্ডার কথা।

বিদেশগামিরা পঁহুছিলে কণ্ট্রাক্টরের রিপোর্ট করিবার কথা।

৫৫ ধারা। বিদেশগামি লোক কোন আড্ডায় পঁহুছিলে পর যে কনট্রাক্টর ঐ আড্ডা রাখে সে চব্বিশ ঘণ্টার মধ্যে বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট তাহাদের পঁহুছিবার নোটিস লিখিয়া দিবে। সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব ঐ নোটিস লিখিবার যে পাঠ নির্দ্দিষ্ট করেন ও তন্মধ্যে যেং কথা লিখিতে আদেশ করেন, নোটিস সেই পাঠে লেখা যাইবে ও তন্মধ্যে সেইং বর্ণনা থাকিবে ইতি।

বিদেশগামিরা পঁহুছিলেই পরিদর্শনকারি ডাক্তর সাহেবের তাহাদিগকে দেখিবার কথা।

৫৬ ধারা। ৪৮ ধারামতে সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব বিদেশগামি প্রত্যেক জনের রেজিস্টরী করণের কথার যে নকল ও ডাক্তরের যে সর্টিফিকট পান তাহা পরিদর্শনকারি ডাক্তর সাহেবকে দেখান যাইবে। এবং ঐ ডাক্তর সাহেব আড্ডায় তাহাদের সকলকে ভাল করিয়া দেখিবেন। বিদেশগামি কোন ব্যক্তি সুস্থশরীরপ্রযুক্ত ও শরীরের বল বিবেচনায় মজুরী করিবার জিলায় যাত্রা করিয়া তথায় কর্ম্ম করিবার যোগ্য তিনি ইহা সন্তোষমতে জানিলে রেজিস্টরী কথার নকলে আড়সহী করিবেন। তাহা সন্তোষমতে না জানিলে তিনি সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবকে সেই মর্ম্মের সর্টিফিকট দিবেন।

ডাক্তরের সর্টিফিকট না থাকিলে বিদেশগামিকে পরিদর্শনকারি ডাক্তরের দেখিতে হইবার কথা।

বিদেশগামি কোন ব্যক্তির বিষয়ে ডাক্তরের সর্টিফিকট দেখান যাইতে না পারিলে পরিদর্শনকারি ডাক্তর সাহেব তাহাকে দেখিবেন ও তাঁহার অভিমতে ঐ ব্যক্তির স্বাস্থ্য ও শারীরিক অবস্থা বিবেচনায় সে মজুরী করিবার জিলায় গিয়া মজুরী লইয়া কর্ম্ম করিতে সক্ষম কি না, ইহার সর্টিফিকট লিখিবেন, ও সে উপযুক্ত লোক তিনি ইহা সন্তোষমতে জানিলে ঐ রেজিস্টরী কথার নকলে আড়সহী করিবেন ইতি।

পরিদর্শনকারি ডাক্তর যে ব্যক্তিকে অগ্রাহ্য করেন তাহাকে ফিরিয়া পাঠাইবার কথা।

৫৭ ধারা। বিদেশগামি যে ব্যক্তিকে তদ্রূপে দেখা গেল শরীর গতিক বিবেচনায় সে মজুরী করিবার কোন জিলায় গেলে তাহার কি অন্য ব্যক্তির প্রাণের আশঙ্কা হইতে পারে, কিম্বা সে মজুরী করিবার জিলায় কর্ম্ম করিবার অনুপযুক্ত পরিদর্শনকারি ডাক্তর সাহেব এই মর্ম্মের সর্টিফিকট দিলে, যে স্থানে সেই ব্যক্তির সঙ্গে করার করা গেল তাহার সেই স্থানে ফিরিয়া যাইতে যত টাকায় কুলায় সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব তাহাকে কনট্রাক্টরের তত টাকা দিবার, কিম্বা বাগানের সরদার সেই ব্যক্তিকে আড্ডায় চালান করিলে কি আনিলে বাগানের ঐ সরদারের

inspector, unfit to undertake the journey back to the place where he was engaged, shall, until he is reported by the medical inspector fit to undertake such journey, be fed, clothed, lodged, and medically attended at the expense of such contractor or of such garden-sirdar, as the case may be. If such contractor or garden-sirdar negligently or wilfully omits to provide food, clothing, lodging and medical attendance for such person, the superintendent may order such contractor or garden-sirdar to pay to him a sum of money by way of compensation

তত টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু তদ্রূপ ব্যক্তির সঙ্গে যে স্থানে করার করা গেল শারীর গতিক বিবেচনায় সে ঐ স্থানে ফিরিয়া যাইতে অক্ষম, পরিদর্শনকারি ডাক্তর সাহেবের এই অভিমত থাকিলে, সে ফিরিয়া যাইবার জন্যে যাত্রা করিতে সক্ষম, পরিদর্শনকারি ডাক্তর সাহেব যত কাল এই-রূপ সর্টিফিকট না দেন তত কাল ঐ কনট্রাক্টরের কিম্বা বিষয়বিশেষে ঐ বাগানের সরদারের খরচে সে আহার ও বস্ত্র ও থাকিবার স্থান পাইবে ও তাহার চিকিৎসাদি হইবে। সেই কনট্রাক্টর কি বাগানের সরদার তাচ্ছল্যক্রমে কি ইচ্ছা করিয়া ঐ ব্যক্তিকে আহার ও বস্ত্র ও থাকিবার স্থান না দিলে ও তাহার চিকিৎসার উপায় না করিলে সুপরিন্টেণ্ডেন্ট সাহেব ঐ কনট্রাক্টরকে কি বাগানের সরদারকে ঐ ব্যক্তির ক্ষতিপূরণস্বরূপ কতক টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

58 Whenever an emigrant remains behind or is detained under the provisions of the last preceding section, it shall be optional with the wife or husband of such emigrant, as the case may be, to remain with the emigrant so remaining behind or detained. If there are any children, they shall also be allowed to remain behind with the father or mother

Family of detained emigrant may remain with him

৫৮ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে বিদেশগামি ব্যক্তি পিছনে পড়িয়া থাকিলে কিম্বা তাহাকে আটক করিয়া রাখা গেলে, ঐ ব্যক্তির স্ত্রী কি বিষয়বিশেষে তাহার স্বামী চাহিলে তাহার সঙ্গে থাকিতে পারিবে। সন্তানাদি থাকিলে পিতা কি মাতার সঙ্গে তাহাদেরও থাকিতে অনুমতি হইবে ইতি।

বিদেশগামির সঙ্গে পরিবারের থাকিবার কথা।

59. If upon the arrival of any emigrant at a depôt, it shall appear to the superintendent of emigration on the complaint of such emigrant, that he has suffered any ill-treatment on the journey, or that the recruiter or garden-sirdar, as the case may be, has failed to provide him with proper and sufficient food and lodging, the superintendent may cause him to be removed from the depôt, and may order the contractor or garden-sirdar, for or by whom he shall have been taken to such depôt, to pay to him a sum of money by way of compensation, or sufficient to enable him to return to the place at which he was engaged, and in such latter case he shall not be bound to execute any contract.

Emigrant ill treated during journey may obtain compensation

৫৯ ধারা। বিদেশগামি কোন ব্যক্তি আড্ডায় পঁহুছিলে, পথে আসিবার সময়ে তাহার প্রতি অত্যাচার হইয়াছে কিম্বা মজুরসংগ্রাহক কি বিষয়বিশেষে বাগানের সরদার তাহার উপযুক্ত ও প্রয়োজনমত আহারের ও বাসার বিধান করে নাই ঐ ব্যক্তির নালিশমতে সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের এমত বোধ হইলে, তিনি তাহাকে আড্ডাহইতে বাহির করাইয়া, যে কনট্রাক্টরের কি বাগানের সরদারের নিমিত্ত কি যাহার দ্বারা ঐ ব্যক্তিকে সেই আড্ডায় আনা যায় সুপরিন্টেণ্ডেন্ট সাহেব তাহাকে ঐ ব্যক্তির ক্ষতিপূরণস্বরূপ কতক টাকা, কিম্বা যে স্থানে করার করিয়াছিল তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার উপযুক্ত খরচ দিতে আজ্ঞা করিতে পারিবেন। শেষোক্ত স্থলে ঐ ব্যক্তি চুক্তিপত্রে সহী করিতে আবদ্ধ হইবে না ইতি।

পথের মধ্যে বিদেশগামির প্রতি অত্যাচার হইলে তাহার ক্ষতিপূরণ পাইতে পারিবার কথা।

60. Every emigrant, who is passed by the medical inspector as in a fit state of health and able, in point of physical condition, to journey to and labor in a labor district, shall execute a contract with the employer with whom he intends to contract before he is forwarded from the depôt. Such contract shall, in the presence of the superintendent of emigration, be signed in duplicate both by the

Contract to be explained by superintendent and executed in duplicate, and abstract to be entered in book to be kept by superintendent

৬০ ধারা। পরিদর্শনকারি ডাক্তর সাহেব বিদেশগামি ব্যক্তিকে সুস্থ ও শারীর গতিক বিবেচনায় মজুরী করিবার জিলায় যাত্রা ও কর্ম্ম করিবার উপযুক্ত ও সক্ষম বলিয়া গ্রাহ্য করিলে, যে কর্ত্তার সঙ্গে তাহার চুক্তি করিবার কল্পনা থাকে আড্ডাহইতে তাহাকে চালান করিবার পূর্ব্বে সেই কর্ত্তার সঙ্গে তাহার চুক্তিপত্র করিয়া দিতে হইবে। ঐ ব্যক্তি ও যে কর্ত্তার সঙ্গে সে চুক্তি করিতে কল্পনা করে

সুপরিন্টেণ্ডেন্ট সাহেব ঐ চুক্তির ভাব বুঝাইয়া দিতে ও তাহার দুই খানিতে সহী করিতে ও সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের বহীতে তাহার চুম্বক লিখিতে হইবার কথা।

emigrant and by the employer with whom he intends to contract or his agent. The contract may be written or printed, or partly written and partly printed, and shall be on substantial paper. Before the emigrant signs the contract, the superintendent shall personally explain it to him, and shall attest such contract and certify at the foot thereof that he has personally explained the same. An abstract of every such contract shall be entered in a register to be kept by the superintendent for the purpose, and after such contract has been so entered, one of the duplicates shall be given to the emigrant, and the other to the person with whom he has contracted or his agent.

তিনি কিম্বা তাঁহার এজেন্ট সুপরিন্টেণ্ডেন্ট সাহেবের সাক্ষাতে দোকর চুক্তিপত্রে সহী করিয়া দিবেন। সেই চুক্তিপত্র উত্তম কাগজে ছাপান কি লেখা যাইতে কিম্বা তাহার একাংশ ছাপান ও একাংশ লেখা যাইতে পারিবে। সেই চুক্তিপত্রে বিদেশগামির সহী করিবার পূর্ব্বে সুপরিন্টেণ্ডেন্ট সাহেব আপনি তাহাকে ঐ চুক্তির মর্ম্ম বুঝাইয়া দিবেন ও সাক্ষিস্বরূপ তাহাতে সহী করিয়া আপনি চুক্তির মর্ম্ম বুঝাইয়া দিয়াছেন ইহার সর্টিফিকট নিম্নভাগে লিখিবেন। সুপরিন্টেণ্ডেন্ট সাহেব ঐ চুক্তিপত্র লিখিয়া রাখিবার জন্যে, একখান রেজিষ্টরী বহী রাখিবেন তন্মধ্যে উক্ত প্রত্যেক চুক্তিপত্রের চুম্বক লেখা যাইবে। লেখা গেলে পর ঐ চুক্তিপত্রের একখানি বিদেশগামিকে দেওয়া যাইবে ও যাঁহার সঙ্গে চুক্তি হইয়াছে তাঁহাকে কি তাঁহার এজেন্টকে আর একখানি দেওয়া যাইবে।

The superintendent shall, within seven days after the entry of such abstract, send by post a certified copy of every such abstract to the magistrate of the district in which the service under such contract is agreed to be performed.

আর ঐ চুক্তিপত্রমতে সেই ব্যক্তি মজুরি করিবার যে জিলায় যাইবে ঐ সুপরিন্টেণ্ডেন্ট সাহেব ঐ চুম্বক লিখিলে পর সাত দিনের মধ্যে ডাকযোগে ঐ জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট তাহার সর্টিফিকটযুক্ত নকল পাঠাইবেন ইতি।

Penalty on emigrant refusing to execute contract.

61. Any emigrant who, without reasonable cause, refuses to execute such contract in conformity with the engagement previously registered shall, on conviction by a Magistrate, be punished with a fine equal in amount to the entire cost incurred by, or on behalf of, the contractor, or the garden-sirdar, as the case may be, in engaging, registering, and bringing or forwarding him to the depôt, and shall forthwith be discharged from such depôt. Every fine levied under the provisions of this section shall be paid to the contractor or garden-sirdar on whose behalf or by whom the person from whom such fine shall have been levied was originally registered.

বিদেশগামি ব্যক্তি চুক্তিপত্রে সহী করিয়া দিতে না চাহিলে তাহার দণ্ডের কথা।

৬১ ধারা। যুক্তিসিদ্ধ কারণ না থাকিলেও বিদেশগামি কোন ব্যক্তি করার অনুসারে তদ্রূপ চুক্তিপত্রে সহী করিতে না চাহিলে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে, তাহার সঙ্গে করার করিতে ও তাহাকে রেজিষ্টরী করিতে ও আড্ডায় আনিতে কি চালান করিতে কন্‌ট্রাকুটরের কিম্বা বিষয়বিশেষে বাগানের সরদারের দ্বারা কি তাহার পক্ষে সর্ব্বসুদ্ধ যত টাকা খরচ হইল সেই ব্যক্তির সম্পূর্ণ তত টাকা জরীমানা হইবে ও তাহাকে তৎক্ষণাৎ সেই আড্ডাহইতে বিদায় করিয়া দেওয়া যাইবে। এই ধারার বিধানমত জরীমানার টাকা আদায় হইলে, ঐ টাকা যে ব্যক্তির স্থানে আদায় করা যায় প্রথমে যে কন্‌ট্রাকুটরের কি বাগানের যে সরদারের দ্বারা কি যাহার পক্ষে তাহাকে রেজিষ্টরী করা গেল ঐ টাকা তাহাকেই দেওয়া যাইবে ইতি।

Penalty on contractor failing to provide contract.

62. If within thirty days after the arrival of any emigrant at a depôt, the contractor or, if he has been engaged by a garden-sirdar, the garden-sirdar on whose behalf or by whom such emigrant has been registered, shall not tender to him for execution such contract as under the provisions of the preceding sections he would be bound to execute, the superintendent may order the contractor or the garden-sirdar, as the case may be, to pay to him a sum of money sufficient to enable him to return to the place where he was engaged, and in such case such emigrant shall not be bound to execute any contract.

কন্‌ট্রাকটর চুক্তির বিধান করিতে ত্রুটি করিলে দণ্ডের কথা।

৬২ ধারা। পূর্ব্বোক্ত কএক ধারার বিধানমতে বিদেশগামি ব্যক্তির যে চুক্তি করিয়া দিতে হইবে, যাহার দ্বারা কি যাহার পক্ষে তাহাকে রেজিষ্টরী করা যায় সেই কন্‌ট্রাকটর, কিম্বা বাগানের সরদারের সঙ্গে তাহার করার হইয়া থাকিলে সেই সরদার, যদি ঐ ব্যক্তির আড্ডায় পঁহুছিবার পর ত্রিশ দিনের মধ্যে তাহার সহী করিবার নিমিত্ত সেই চুক্তিপত্র না দেয়, তবে ঐ ব্যক্তির সঙ্গে যে স্থানে করার করা যায় সুপরিন্টেণ্ডেন্ট সাহেব কন্‌ট্রাকুটরকে কি বাগানের সরদারকে তাহা হ সেই স্থানে ফিরিয়া যাইবার উপযুক্ত খরচ দিতে আজ্ঞা করিবেন। এমত স্থলে বিদেশগামি ঐ ব্যক্তি চুক্তিপত্রে সহী করিতে বদ্ধ হইবে না ইতি।

63. If any contractor or garden-sirdar who may be ordered, under the provisions of sections 57, 59, and 62, to pay any sum of money, shall for twenty-four hours omit to comply with such order, it shall be lawful for the superintendent to advance the amount so ordered to be paid to the person named in such order, and to recover from such contractor or garden-sirdar or his employer the sum so advanced, with interest at the rate of twelve per centum per annum from the date of such advance.

Money ordered to be paid by superintendent may be advanced by him and recovered.

৬৩ ধারা। কোন কন্‌ট্রাক্টরের কি বাগানের সরদারের প্রতি ৫৭ ও ৫৯ ও ৬২ ধারার বিধানমতে টাকা দিবার আজ্ঞা হইলে সে যদি চব্বিশ ঘণ্টার মধ্যে ঐ আজ্ঞামতে টাকা না দেন তবে উক্ত আজ্ঞাপত্রে যে ব্যক্তির নাম উল্লেখ হইয়াছে তাহাকে যত টাকা দিবার আজ্ঞা হইল সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তত টাকা আগাম দিতে পারিবেন ও সেই আগাম দেওয়ার তারিখঅবধি বৎসর শতকরা ১২ টাকার হিসাবে সুদ ধরিয়া ঐ কন্‌ট্রাক্টরের কি বাগানের সরদারের কি তাহার কর্ত্তার স্থানে সুদশুদ্ধ সেই টাকা আদায় করিতে পারিবেন ইতি।

সুপরিন্টেণ্ডেণ্ট যে টাকা দিবার আজ্ঞা করেন তাহা নিজহইতে আগাম দিবার ও আদায় করিবার কথা।

Chapter 7.—Transport.

64. The provisions of this chapter excepting sections 70, 79, 80, 81, 82, and so much of section 97 as refers to sections 29, 31, 32, and 33, shall not apply to the transport of emigrants recruited by a garden-sirdar when the number of such emigrants does not exceed twenty, unless they have embarked under a pass from the embarkation agent in accordance with the provisions of section 34.

Transport rules when applicable.

৭ পরিচ্ছেদ।—চালান করিবার কথা।

৬৪ ধারা। বাগানের সরদার যে মজুরদিগকে সংগ্রহ করিয়া আনে তাহারা কুড়ি জনের অধিক না হইলে, তাহারদের চালান করিবার কার্য্যের প্রতি এই পরিচ্ছেদের ৭০, ৭৯, ৮০, ৮১, ৮২ ধারার বিধান এবং ৯৭ ধারার যে কথায় ২৯, ৩১, ৩২ ও ৩৩ ধারার উল্লেখ হইল সেই কথা খাটিতে পারিবে নতুবা এই পরিচ্ছেদের বিধান খাটিবে না। কিন্তু তাহারা ৩৪ ধারার বিধানমতে নৌকাদিতে চড়াইয়া দিবার এজেণ্ট সাহেবের পাসক্রমে নৌকাদিতে গেলে তাহাদেরও প্রতি এই পরিচ্ছেদের বিধি খাটিবে ইতি।

চালান করিবার বিধি যে স্থলে খাটিবে তাহার কথা।

65. When the contract of any emigrant has been duly executed, he may, with the permission of the superintendent of emigration, be forwarded to the labor district in which he has engaged to labor by the contractor in whose depôt he is residing, or by the employer with whom he has made the contract or his agent. Every such emigrant shall be furnished with a pass in the form set forth in schedule (E) annexed to this Act, signed by the contractor or garden-sirdar, as the case may be, and countersigned by the superintendent of emigration and by the embarkation agent at the place at which the laborer embarks, specifying his name and age, the name of his father, the place of his destination, and the name of his employer. Every such pass shall be entered in a book to be kept by the embarkation agent, and shall be dated and numbered in a consecutive series.

Emigrant to be forwarded to labor district with permission of superintendent.

To be furnished with a pass.

৬৫ ধারা। বিদেশগামি ব্যক্তির চুক্তিপত্রে নিয়মমতে সহী করা গেলে পর, সেই ব্যক্তি যে কন্‌ট্রাক্টরের আড্ডায় থাকে সেই কন্‌ট্রাক্টর, কিম্বা যে কর্ত্তার সঙ্গে চুক্তি করিয়াছে সেই কর্ত্তা কিম্বা তাঁহার এজেণ্ট, মজুরী করিবার যে জিলায় ঐ ব্যক্তি কর্ম্ম করিতে করার করিয়াছে বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের অনুমতি লইয়া তাহাকে সেই জিলায় চালান করিতে পারিবেন। উক্ত প্রত্যেক ব্যক্তিকে এই আইনের E তফসীলের পাঠে পাস দেওয়া যাইবে। কন্‌ট্রাক্টর কিম্বা বিষয়বিশেষে বাগানের সরদার সেই পাসে সহী করিবে ও বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব, এবং মজুর যে স্থানে নৌকাদিতে উঠিবে সেই স্থানে নৌকাদিতে চড়াইয়া দিবার এজেণ্ট সাহেব তাহাতে আড়সহী করিবেন। ঐ পাসে তাহার নাম ও বয়স ও পিতার নাম ও যাইবার লক্ষিতস্থান ও কর্ত্তার নাম লেখা থাকিবে। নৌকাদিতে চড়াইয়া দিবার এজেণ্ট সাহেব একখান বহী রাখিয়া তন্মধ্যে উক্ত প্রত্যেক পাস লিখিয়া রাখিবেন ও সেই সকল পাসের তারিখ ও নম্বর ক্রমান্বয়ে দেওয়া যাইবে ইতি।

সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের অনুমতি হইলে মজুরী করিবার জিলায় বিদেশগামি ব্যক্তিকে পাঠাইবার কথা।

তাহাকে পাস দিবার কথা।

66. It shall not be lawful for the master of any vessel, without a license granted by the embarkation agent within the local limits of whose authority any emigrant may embark, to convey more than twenty emigrants at any one time to or towards any labor district; provided

Vessel must be licensed to carry emigrants.

৬৬ ধারা। নৌকাদিতে চড়াইয়া দিবার যে এজেণ্ট সাহেবের ক্ষমতাধীন স্থানের মধ্যে বিদেশগামি ব্যক্তি নৌকাদিতে উঠে, কোন নৌকাদির অধ্যক্ষ তাঁহার স্থানে লাইসেন্স না পাইলে মজুরী করিবার কোন জিলায় কি জিলার দিগে একি

ঐ নৌকাদির বিদেশগামি ব্যক্তি লইয়া যাইবার লাইসেন্স পাইতে হইবার কথা।

always that the number of persons (exclusive of the crew and of any garden-sirdar accompanying emigrants) carried by any vessel shall not exceed twenty, unless the emigrants are furnished with a pass under the provisions of section 34.

সময়ে বিদেশগামি কুড়ি জনের অধিক লইয়া যাইতে পারিবে না। কিন্তু ৩৪ ধারার বিধানমতে বিদেশগামি ব্যক্তিদিগকে পাস না দেওয়া গেলে, নৌকাদির খালাসী ও বিদেশগামিদের সঙ্গে বাগানের যে সরদার যায় সে সরদার ছাড়া কোন নৌকাদিতে কুড়ি জনের অধিক লইতে হইবে না।

Fee for license.

A fee not exceeding four annas for every emigrant shall be paid for every such license, and it shall be in the discretion of the embarkation agent to whom application is made to grant or withhold any such license. Such license shall be in force for only one voyage to one or more of the labor districts, and shall specify the number of emigrants which the vessel is licensed to carry and the number of persons (including the crew) other than emigrants whom such vessel is licensed to carry.

লাইসেন্সের ফীর কথা।

উক্ত প্রত্যেক লাইসেন্সের নিমিত্ত বিদেশগামি জনপ্রতি ।০ আনার অনধিক ফী দিতে হইবে। নৌকাদিতে চড়াইয়া দিবার যে এজেন্ট সাহেবের নিকট লাইসেন্স পাইবার প্রার্থনা করা যায়, তিনি আপনার বিবেচনামতে ঐ লাইসেন্স দিবেন বা নাই দিবেন। মজুরী করিবার এক কি কএক জিলায় কেবল একবার যাইবার নিমিত্ত ঐ লাইসেন্স প্রবল থাকিবে। নৌকাদিতে বিদেশগামি যত ব্যক্তিকে লইবার অনুমতি হয় এবং বিদেশগামি ছাড়া ঐ জাহাজে খালাসীসুদ্ধ যত ব্যক্তিকে লইবার অনুমতি থাকে তাহা ঐ লাইসেন্সপত্রে নির্দ্দিষ্ট থাকিবে।

Penalty for carrying without license.

The master of any vessel, in which at one time more than twenty emigrants are conveyed without a license having been obtained as aforesaid, or in which the number of persons on board (exclusive of the crew and of any garden-sirdar accompanying emigrants) exceeds twenty, unless the emigrants are furnished with a pass under the provisions of section 34, shall, on conviction by a magistrate, be punished with fine.

লাইসেন্স বিনা লইয়া যাইবার দণ্ডের কথা।

নৌকাদির অধ্যক্ষ পূর্ব্বোক্তমতে লাইসেন্স না পাইয়া নৌকাদিতে একি সময়ে বিদেশগামি কুড়ি জনের অধিক লইয়া গেলে, এবং বিদেশগামিরা ৩৪ ধারার বিধানমতে পাস না পাইলে, খালাসি প্রভৃতি ও বাগানের যে সরদার বিদেশগামিদের সঙ্গে যায় ঐ সরদারছাড়া কুড়ি জনের অধিক ঐ নৌকাদিতে থাকিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে ঐ নৌকাদির অধ্যক্ষের অর্থদণ্ড হইবে ইতি।

Penalty for delay in despatching vessel.

67. Such license shall state the date on which the vessel shall leave the place at which the emigrants are to embark. If the vessel does not leave such place and proceed on its voyage within 24 hours of the day fixed, the master thereof shall, on conviction by a magistrate, be punished with fine for each day during which the vessel remains at or within five miles of the place of embarkation. Provided that such penalty shall not be incurred if the delay is caused by or with the sanction of the embarkation agent or by any casualty incidental to or attending navigation, or is due to other reasonable and sufficient cause.

নৌকাদি খুলিয়া যাইবার বিলম্ব হইলে দণ্ডের কথা।

৬৭ ধারা। বিদেশগামি ব্যক্তিরা যে স্থানে নৌকাদিতে উঠিবে সেই স্থানহইতে নৌকাদি খুলিয়া যাইবার তারিখ ঐ লাইসেন্সপত্রে লেখা থাকিবে। ঐ নিরূপিত দিনের পর চব্বিশ ঘণ্টার মধ্যে নৌকাদি সেই স্থানহইতে খুলিয়া না গেলে নৌকাদিতে উঠিবার স্থানে কি তথাহইতে পাঁচ মাইলের মধ্যে যত দিন থাকে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে তাহার দিনপ্রতি অধ্যক্ষের অর্থদণ্ড হইবে। কিন্তু নৌকাদিতে চড়াইয়া দিবার এজেন্ট সাহেবের দ্বারা কি তাহার অনুমতিক্রমে বিলম্ব হইলে কিম্বা পথে নৌকাদির চলনের নৈমিত্তিক কারণে কি তৎসংক্রান্ত কোন বিঘটনাপ্রযুক্ত কিম্বা যুক্তিসঙ্গত ও উপযুক্ত অন্য কারণে বিলম্ব হইলে তাঁহার সেই দণ্ড হইবে না ইতি।

Fraudulent alteration of vessel after grant of certificate.

68. If the master of any vessel, after having obtained a license as aforesaid, fraudulently does or suffers to be done any act or thing whereby the state of the vessel is altered, so that such vessel is unfit for the accommodation of the number of emigrants mentioned in such license, such master shall, on conviction by a magistrate, be punished with fine.

সর্টিফিকট দেওয়া গেলে পর প্রতারণাক্রমে নৌকাদি পরিবর্ত্তন করিবার কথা।

৬৮ ধারা। নৌকাদির অধ্যক্ষ পূর্ব্বোক্তমতে লাইসেন্স পাইলে পর যদ্দ্বারা নৌকাদির অবস্থা পরিবর্ত্তিত হইয়া লাইসেন্সপত্রে বিদেশগামি যত ব্যক্তি লেখা আছে তত জনের স্বচ্ছন্দে থাকার অসুবিধা হয়, অধ্যক্ষ প্রতারণাক্রমে এমত কোন কার্য্য বা বিষয় করিলে কি অন্যকে করিতে দিলে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে অধ্যক্ষের অর্থদণ্ড হইবে ইতি।

69. The master of any vessel licensed to carry emigrants, who receives on board his vessel a greater number of emigrants or other persons than the number specified in his license shall, on conviction by a magistrate, be punished with a fine for every emigrant or other person so received in excess of the licensed number.

Penalty for receiving on board more passengers than number specified in license.

70. In computing under this Act the number of persons on board of any vessel, two children under the age of ten years shall be reckoned as one person only.

Two children under ten to be counted as one person.

71. The master of any vessel, whether licensed or not, shall not take on board any emigrant, if the number of such emigrants exceeds twenty, unless such emigrant, or some person accompanying him, shall show the pass prescribed by section 65 countersigned by the embarkation agent; or if the number of persons to be carried by such vessel (exclusive of the crew or of any garden-sirdar accompanying emigrants) exceeds twenty, unless the emigrants are furnished with a pass under the provisions of section 34. The master shall, on conviction by a magistrate, be punished with a fine not exceeding ten rupees for every emigrant illegally taken on board.

No emigrant to be received on board without pass.

72. The master of a licensed vessel carrying emigrants shall not proceed on the voyage towards a labor district until he has received from the embarkation agent a list of all the emigrants on board.

Embarkation agent to furnish the master with a list of emigrants on board.

Such list shall contain all the particulars noted in the pass of each such emigrant; but if all the emigrants whose names are entered in any one pass embark on board the same vessel, it shall be sufficient if the number and date of such pass are noted in the list. The embarkation agent and the master of the vessel shall together personally ascertain that the number of emigrants on board corresponds with the number entered in such list.

List what to contain.

To be compared with emigrants by agent and master.

[*Government Gazette*, 21st October 1873.]

৬৯ ধারা। বিদেশগামি ব্যক্তিদিগকে লইবার নিমিত্ত যে নৌকাদির লাইসেন্স হইয়াছে ঐ লাইসেন্সপত্রে বিদেশগামি কি অন্য যত জনের কথা লেখা থাকে যদি অধ্যক্ষ ঐ নৌকাদিতে তদধিক ব্যক্তিকে লন, তবে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে লাইসেন্সপত্রের লিখিত সংখ্যার অধিক বিদেশগামি কি অন্য যত ব্যক্তিকে নৌকাদিতে লওয়া যায় তাহাদের জনপ্রতি অধ্যক্ষের অর্থদণ্ড হইবে ইতি।

লাইসেন্সপত্রে যত জন লেখা থাকে তাহার অধিক চড়নদারকে নৌকাদিতে লইলে দণ্ডের কথা।

৭০ ধারা। নৌকাদিতে যত জন থাকে এই আইনমতে তাহার হিসাব করিতে গেলে দশবৎসরের কম বয়সের দুই বালক কেবল এক জন বলিয়া ধরিতে হইবে ইতি।

১০ বৎসরের কম বয়সের দুই বালক এক জন বলিয়া ধরিবার কথা।

৭১ ধারা। বিদেশগামি কুড়ি জনের অধিক হইলে ৬৫ ধারায় যে পাস নির্দ্দিষ্ট হইয়াছে বিদেশগামি প্রত্যেক ব্যক্তি কিম্বা তাহার সঙ্গি অন্য ব্যক্তি নৌকাদিতে চড়াইয়া দিবার এজেন্ট সাহেবের আড়দস্তী করা সেই পাস না দেখাইলে, কিম্বা খালাসি ছাড়া ও বাগানের যে সরদার বিদেশগামিদের সঙ্গে২ যায় সেই সরদার ছাড়া কুড়ি জনের অধিক ঐ নৌকাদিতে লওয়া গেলে, প্রত্যেক জন বিদেশগামি ৩৪ ধারার বিধানমতে পাস না পাইলে ঐ নৌকাদির লাইসেন্স হউক বা নাই হউক অধ্যক্ষ সেই ব্যক্তিকে নৌকাদিতে লইবেন না। মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে যত জনকে বেআইনীমতে নৌকাদিতে লওয়া যায় তাহাদের জনপ্রতি অধ্যক্ষের দশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে ইতি।

পাস বিনা বিদেশগামিকে নৌকাদিতে না লইবার কথা।

৭২ ধারা। বিদেশগামি ব্যক্তিরা লাইসেন্স প্রাপ্ত যে নৌকাদিতে যাইবে সেই নৌকাদিতে বিদেশগামি যত জন থাকে অধ্যক্ষ নৌকাদিতে চড়াইয়া দিবার এজেন্ট সাহেবের স্থানে তাহাদের এক নির্ঘণ্টপত্র না পাইলে মজুরী করিবার জিলায় যাইবার উদ্দেশে যাত্রা করিবেন না।

বিদেশগামি যত ব্যক্তি নৌকাদিতে থাকে অধ্যক্ষকে তাহাদের নির্ঘণ্টপত্র নৌকাদিতে চড়াইয়া দিবার এজেন্ট সাহেবের দিবার কথা।

বিদেশগামি প্রত্যেক ব্যক্তির পাসে যে২ কথা লেখা থাকে, ঐ নির্ঘণ্টপত্রেও তাহা লেখা থাকিবে। কিন্তু একি পাসে বিদেশগামি অনেক ব্যক্তির নাম লেখা থাকিলে ও সকলে একি নৌকাদিতে উঠিলে ঐ নির্ঘণ্টপত্রে ঐ২ পাসের নম্বর ও তারিখ লেখা থাকিলেই চলিতে পারিবে। নৌকাদিতে বিদেশগামি যে ব্যক্তিরা থাকে তাহাদের সংখ্যা সেই নির্ঘণ্টপত্রের লিখিত সংখ্যার সঙ্গে মিলে নৌকাদিতে চড়াইয়া দিবার এজেন্ট সাহেব ও অধ্যক্ষ একত্র হইয়া স্বয়ং ইহা নিশ্চয়মতে জানিয়া লইবেন।

ঐ নির্ঘণ্টপত্রে যাহা লেখা থাকিবে তাহার কথা।

ঐ ব্যক্তিদের সঙ্গে এজেন্টের ও অধ্যক্ষের ঐ নির্ঘণ্টপত্র মিলাইয়া দেখিবার কথা।

Penalty for admitting emigrants not in list.

If the master of such vessel allows any emigrant not entered in such list to proceed in the vessel, he shall, on conviction by a magistrate, be punished with fine.

যে ব্যক্তিদের কথা নির্ঘণ্টপত্রে লেখা না থাকে তাহাদিগকে যাইতে দিবার দণ্ডের কথা।

বিদেশগামি যে ব্যক্তির কথা ঐ নির্ঘণ্টপত্রে লেখা না থাকে ঐ নৌকাদির অধ্যক্ষ এমত ব্যক্তিকে নৌকাদিতে যাইতে দিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে তাঁহার অর্থদণ্ড হইবে।

Copy of list to be sent to magistrate.

The embarkation agent shall send a copy of the said list or an extract from it to the magistrate of the labor district to which any of the emigrants are proceeding.

মাজিষ্ট্রেট সাহেবের নিকট নির্ঘণ্টপত্রের নকল পাঠাইবার কথা।

বিদেশগামি কোন ব্যক্তি মজুরী করিবার যে জিলায় যাইবে, নৌকাদিতে চড়াইয়া দিবার এজেণ্ট সাহেব সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট ঐ নির্ঘণ্টপত্রের নকল কি তাহা হইতে গৃহীত কথা পাঠাইবেন ইতি।

Provisions, medical and other stores, medical officers, cooks, &c.

73. There shall be laden under the supervision of the embarkation agent on board of any licensed vessel carrying emigrants to or towards any labor district, at the time of the embarkation of such emigrants, such supplies of provisions, clothing, medical drugs, and other stores, and such medical and other officers, and such cooks and other attendants, as may be required under the rules made by the Lieutenant-Governor under the authority of this Act.

আহারীয় দ্রব্য ও ঔষধাদি ও ডাক্তর ও পাচক প্রভৃতির কথা।

৭৩ ধারা। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব এই আইনের শক্তিক্রমে বিধি করিয়া আহারীয় যত ও যে প্রকারের দ্রব্য ও বস্ত্র ও ঔষধ প্রভৃতি ও অন্যং দ্রব্য ও যে ডাক্তর ও অন্য কর্ম্মকারক ও পাচক ও অন্যং চাকর নৌকাদিতে লইবার আজ্ঞা করেন, মজুরী করিবার কোন জিলায় কি সেই জিলার দিগে বিদেশগামিদিগকে লইয়া যাইবার যে নৌকাদির লাইসেন্স দেওয়া যায় সেই নৌকাদিতে ঐ ব্যক্তিদের উঠিবার সময়ে, নৌকাদিতে চড়াইয়া দিবার এজেণ্ট সাহেবের তত্ত্বাধীনে সেই সকল দ্রব্যাদি বোঝাই করা থাকিবে।

Penalty if master proceeds without.

The master of any such vessel who shall commence the voyage without having on board such supplies of provisions, clothing, medical drugs, and other stores, and such medical and other officers, and such cooks and other attendants, as may be required as aforesaid, shall, on conviction by a magistrate, be punished with imprisonment, simple or rigorous, for a term which may extend to three months, or with fine which may extend to five hundred rupees.

অধ্যক্ষ তাহা না লইয়া গেলে দণ্ডের কথা।

পূর্ব্বোক্ত আজ্ঞামতে যত ও যে প্রকারের আহারীয় দ্রব্য ও বস্ত্র ও ঔষধাদি ও অন্যং দ্রব্য ও ডাক্তর প্রভৃতি অন্য কর্ম্মকারক ও পাচক ও অন্য চাকর লইতে হয়, উক্ত কোন নৌকাদির অধ্যক্ষ সেই সকল দ্রব্য ও ব্যক্তিদিগকে নৌকাদিতে না লইয়া যাইতে আরম্ভ করিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে তাঁহার তিন মাসের অনধিক কাল সামান্য কি কঠিন পরিশ্রম সহিত কারাদণ্ড কিম্বা পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

Vessel carrying 200 emigrants must carry a qualified medical officer.

74. No vessel carrying two hundred emigrants shall be allowed to proceed on the voyage unless a medical officer, who is a licentiate in medicine, or who is declared to be qualified for such charge by order of the Lieutenant-Governor, has been appointed to the charge of such emigrants. And any master who shall commence the voyage without having on board such medical officer as aforesaid shall, on conviction by a magistrate, be punished with fine not exceeding five hundred rupees, and, in default of payment, imprisonment for a term not exceeding three months.

বিদেশগামি ২০০ ব্যক্তি যে নৌকাদিতে যায় তন্মধ্যে ক্ষমতাপন্ন ডাক্তরকে লইবার কথা।

৭৪ ধারা। যে নৌকাদিতে বিদেশগামি দুই শত ব্যক্তি যাইবে, চিকিৎসা কার্য্যের লাইসেন্সশ্যাট বলিয়া কোন ডাক্তর কিম্বা শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞাক্রমে ক্ষমতাপন্ন বলিয়া যাঁহাকে প্রকাশ করা যায় এমত ব্যক্তি সেই বিদেশগামিদের চিকিৎসা কার্য্যে নিযুক্ত না থাকিলে ঐ নৌকাদি খুলিয়া যাইতে পারিবে না। এবং উক্ত প্রকারের ডাক্তর নৌকাদিতে না থাকিলেও অধ্যক্ষ যাত্রা আরম্ভ করিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে তাঁহার পাচ শত টাকা পর্য্যন্ত অর্থদণ্ড হইবে। ঐ দণ্ডের টাকা না দিলে তাঁহার তিন মাস পর্য্যন্ত কারাদণ্ড হইবে ইতি।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ২১ অক্টোবর।]

75. If the master of any licensed vessel carrying emigrants shall, save as hereinafter is provided, cause or permit any emigrant finally to leave such vessel at any place other than that named as the destination of such emigrant in his pass, such master shall, on conviction by a magistrate, be punished with fine for each such offence. Provided always that this section shall not be deemed to prevent the master of any vessel from permitting emigrants to disembark at any place or places on the voyage so long as such disembarkation is not intended or known to be likely to be final; nor to prevent the final disembarkation of any emigrants in case of accident or other unavoidable necessity, if such accident or necessity be forthwith reported to the embarkation agent by whom the license of such vessel was granted, and to the nearest magistrate in the district within which such accident may occur or necessity arise.

Emigrant not allowed finally to leave vessel at any place other than that mentioned in pass.

৭৫ ধারা। বিদেশগামি কোন ব্যক্তির পাসে তাহার যাইবার লক্ষিত স্থান বলিয়া যে স্থানের নাম লেখা থাকে, বিদেশগামি ব্যক্তিদিগকে লইয়া যাইবার লাইসেন্সপ্রাপ্ত কোন নৌকাদির অধ্যক্ষ পশ্চাৎ লিখিত বিধানের নির্দ্দিষ্ট স্থলভিন্ন উক্ত কোন ব্যক্তিকে সেই স্থানছাড়া কোন স্থানে নৌকাদিহইতে নামাইয়া দিলে কি একেবারে চলিয়া যাইতে দিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ প্রমাণ হইলে উক্ত প্রত্যেক অপরাধের নিমিত্তে সেই অধ্যক্ষের অর্থদণ্ড হইবে। কিন্তু কোন নৌকাদির অধ্যক্ষ পথের মধ্যে কোন এক কি কএক স্থানে বিদেশগামিকে নামিতে অনুমতি দিলে না, এই ধারার এমত অর্থ জানিতে হইবে না, কেবল নামিয়া যেন একেবারে চলিয়া যাওয়ার অভিপ্রায় না থাকে ও সম্ভাবনা বোধ না হয়। অথব কোন বিপত্তি হইলে কিম্বা অগত্যাগতিকে বিদেশগামি ব্যক্তিদের যে একেবারে নামিয়া যাওয়া নিষেধ হইল, এই ধারার এমত ভাব জানিতে হইবে না। কিন্তু নৌকাদিতে চড়াইয়া দিবার যে এজেণ্ট সাহেবের স্থানে ঐ নৌকাদির লাইসেন্স পাওয়া গেল তাঁহার নিকট এবং যে জিলায় সেই বিপত্তি কি অগত্যা গতিক ঘটিয়াছিল সেই জিলার যে মাজিষ্ট্রেট নিকট থাকেন তাঁহার নিকট অবিলম্বে সেই বিপত্তি কি অগত্যা গতিকের রিপোর্ট করিতে হইবে ইতি।

পাসে যে স্থান লেখা থাকে তদ্ভিন্ন কোন স্থানে বিদেশগামির নৌকাদি ছাড়িয়া যাইতে না পারিবার কথা।

Sub-Assistant Surgeon Sonatun Bysack, attached to the Charitable Dispensary at Julpigoree, is allowed one month's privilege leave, under Section 18 of the Civil Leave Code. Hospital Assistant Shaik Saadut will remain in charge of the Dispensary during Babu Sonatun Bysack's absence.

The 18*th October* 1873.—Surgeon-Major Edwin Clement Bensley, Civil Surgeon of Rajshahye, is allowed three weeks' privilege leave, under Section 18 of the Civil Leave Code, from the date on which he may have availed himself of it. Native Doctor Baroda Kant Sen will remain in charge of the civil medical duties of the station during Dr. Bensley's absence.

Mr. William Blackburn Grassby, Apothecary, General Hospital, is allowed two month's privilege leave, under Section 18 of the Civil Leave Code, from the 15th of December next.

The 21*st October* 1873.—Dr. J. F. P. McConnell, Professor of Pathology and Curator of the Pathological Museum, Medical College, officiated as Professor of the Comparative Anatomy Section of the College Museum in addition to his own duties from the afternoon of the 9th July 1873, the date on which he took charge from Dr. J. Anderson, to the date on which he was relieved by Mr. Wood-Mason.

Sub-Assistant Surgeon Rajkissen Mookerjee, in charge of the Chupra Dispensary, is allowed fifteen days' privilege leave, under Section 18 of the Civil Leave Code. The Jail Native Doctor will remain in charge of the Dispensary during the Sub-Assistant Surgeon's absence.

LOCAL COMMITTEE.—*The* 17*th October* 1873.—The Deputy Commissioner of Hazareebaugh and the Extra Assistant Commissioner of Chatra are appointed respectively to be *ex-officio* Chairman and Vice-Chairman of the Chatra Town Committee.

ROAD CESS.—*The* 15*th October* 1873.—The Lieutenant-Governor is pleased to appoint the following members of the District Road Committee in the Seebsaugor District :—

Lieutenant Malcolm Alexander Gray.
Mr. Anundram Burooah.

The 18*th October* 1873.—The Lieutenant-Governor is pleased to appoint the following members of the Branch Road Cess Committees at the Divisions noted in the Bhaugulpore District, under Section 76, Act X (B.C.) of 1871 :—

Banka.

The Sub-Divisional Officer	Chairman.
Baboo Kally Prosad Sing of Soobalpore, zemindar ...	Vice-Chairman.
,, Musoodun Sing of Panjwarah, ditto ...	Members.
,, Nundlall Chowdhry of Khurbura, ditto ...	
,, Teknarain Sing of Rutta, zemindar ...	
Lalla Sowkilall of Kusba, ditto ...	
Baboo Huri Proshad Jha of Dakka, zemindar ...	
Agun Sing of Katoriah, ryot ...	
Dhuni Mundar of Labokhur, ryot ...	
Parusnath Jha of Futtehpore, ditto ...	
Luckhi Mundur of Khaira, money-dealer and cultivator	
Baboo Surwan Singh of Katoriah, landholder ...	
,, Aughun Sing of ditto, ditto ...	

[*Government Gazette,* 28*th October* 1873.]

রাজধানীতে তৃতীয় শ্রেণীর অতিরিক্ত সব আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত দেবেন্দ্রনাথ রায় বর্দ্ধমানের অন্তর্গত দেবীপুরের এণ্ডেমিক ঔষধালয়ের কর্তৃত্বভার গ্রহণার্থে নিযুক্ত হইয়াছেন।

রাজধানীতে তৃতীয় শ্রেণীর অতিরিক্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত বটকৃষ্ণ দত্ত বর্দ্ধমানের অন্তর্গত দিগলগ্রামের এণ্ডেমিক ঔষধালয়ের কর্তৃত্ব কর্ম্মে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৩ সাল ১৫ অকটোবর।—নিম্নলিখিত মহাশয়েরা শিবসাগরের দাতব্য ঔষধালয়ের কার্য্যাধ্যক্ষতা করিবার কমিটীর মেম্বর বলিয়া নিযুক্ত হইয়াছেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত মালকম আলেকজাণ্ডর গ্রে সাহেব।

শ্রীযুত আনন্দরাম বড়ুয়া।

১৮৭৩ সাল ১৬ অকুটোবর।—সরজন শ্রীযুত রসিকলাল দত্ত, এম, ডি, মেদিনীপুরে পরিদর্শনকারি চিকিৎসক হইবেন।

জলপাইগুড়ির দাতব্য ঔষধালয়ে নিযুক্ত সব-আসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত সনাতন বসাক সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানে হাসপাতাল আসিষ্টাণ্ট শ্রীযুত শেখ সাআদৎ ঐ ঔষধালয়ের কর্তৃত্বভার প্রাপ্ত থাকিবেন।

১৮৭৩ সাল ১৮ অকুটোবর।—রাজধানীর সিবিল চিকিৎসক সরজন মেজর শ্রীযুত এডুইন ক্লেমণ্ট বেজলি সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে যে তারিখে ছুটী গ্রহণ করেন সেই তারিখ অবধি তিন সপ্তাহ অনুগ্রহের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থানকালে নেটিব ডাক্তর শ্রীযুত বরদাকান্ত সেন দেওয়ানী যোকামের চিকিৎসকের কর্ম্ম করিবেন।

জেনরল হাস্পাতালের আপথিকরি শ্রীযুত উলিয়ম ব্রাকবর্ণ গ্রাগরি সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে আগামি ডিসেম্বর মাসের ১৫ তারিখ অবধি দুই মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৩ সাল ২১ অকুটোবর।—মেডিকল কালেজে রোগতত্ত্বের অধ্যাপক ও নিদানসংক্রান্ত চিত্রশালিকার রক্ষক শ্রীযুত ডাক্তর জে এফ পি মাককেল সাহেব ১৮৭৩ সালের জুলাই মাসের ৯ তারিখের অর্থাৎ তিনি যে তারিখে শ্রীযুত ডাক্তর [illegible] সাহেবের স্থানে কর্ম্মভার গ্রহণ করিলেন সেই তারিখের অপরাহ্ণ অবধি যে তারিখে শ্রীযুত উড মেসন সাহেবের [illegible] ভার অর্পণ করেন সেই তারিখ পর্য্যন্ত আপনার কর্ম্মের অতিরিক্ত কালেজের চিত্রশালিকা [illegible] ব্যবচ্ছেদ বিদ্যার অধ্যাপকের কর্ম্ম করিলেন।

ছাপরার ঔষধালয়ের কর্তৃপক্ষ সবআসিষ্টাণ্ট চিকিৎসক শ্রীযুত রাজকৃষ্ণ মুখোপাধ্যায় সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারানুসারে পনেরো দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন। তাঁহার অনুপস্থান কালে নেটিব ডাক্তর ঐ ঔষধালয়ের কর্তৃত্ব পদে থাকিবেন।

স্থানীয় কমিটীবিষয়ক বিজ্ঞাপন – ১৮৭৩ সাল ১৭ অকটোবর।—হাজারীবাগের ডেপুটী কমিশ্যনর ও চাতরার অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিশ্যনর আপনার পদোপলক্ষে চাতরা [illegible]রের কমিটীর সভাপতি ও প্রতিনিধি সভাপতি হইবেন।

পথকর বিষয়ক বিজ্ঞাপন।—১৮৭৩ সাল ১৫ অকটোবর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব নিম্নলিখিত ব্যক্তিদিগকে শিবসাগর জিলার পথের কমিটীর মেম্বর বলিয়া নিযুক্ত করিয়াছেন।

লেপ্টেনেণ্ট শ্রীযুত মালকম আলেকজাণ্ডর গ্রে সাহেব।

শ্রীযুত আনন্দরাম বড়ুয়া।

১৮৭৩ সাল ১৮ অকুটোবর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭১ সালের বঙ্গীয় ১০ আইনের ৭৬ ধারামতে ভাগলপুর জিলার নিম্নলিখিত খণ্ডে নিম্নলিখিত ব্যক্তিদিগকে পথকর সংক্রান্ত শাখা কমিটী বলিয়া নিযুক্ত করিয়াছেন।

বাঁকা।

মহকুমার কর্তৃপক্ষ ...	...	সভাপতি।
সুবলপুরের জমীদার শ্রীযুত বাবু কালীপ্রসাদ সিংহ	...	প্রতিনিধি সভাপতি।
পাঞ্জওয়ারার ঐ ,, ,, মধুসূদন সিংহ	...	মেম্বর।
খরবরার ঐ ,, ,, নন্দলাল চৌধুরী	...	
রজার ঐ ,, ,, টেকনারায়ণ সিংহ	...	
কসবার ঐ ,, ,, লালা সৌকীলাল	...	
ডাককার ঐ ,, ,, হরিপ্রসাদ ঝা	...	
কাটোরিয়ার রায়ৎ শ্রীযুত আগম সিংহ	...	
লায়েখরের ঐ ,, ধনী মন্দার ...	...	
কচেপুরের ঐ ,, পারশনাথ ঝা ...	...	
খাইরার পোদ্দার ও কৃষক শ্রীযুত লক্ষ্মীনন্দর ...	...	
কাটোরিয়ার ভূম্যধিকারী শ্রীযুত বাবু সরওয়ান সিংহ	...	
ঐ ঐ ,, ,, আঘণ সিংহ	...	

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২৮ অক্টোবর।]

Muddehpoorah.

The Sub-Divisional Officer	Chairman.
Baboo Kristodhun Das, pleader	Vice-Chairman.
,, Rudernarain Sing of Puchguchia, zemindar ...	Members.
,, Kunhya Lall Mundur of Ramiputti, ditto ...	
,, Choonee Mundur of Muddehpoorah, ditto ...	
Syud Mumtaz Hossein of ditto, pleader ...	
Baboo Lall Behary Lall of ditto, mooktear ...	
,, Gunsyam Lall of ditto, ditto ...	
Nuthoolall of Singessur, ryot	
Duttoo Sahoo of Babhungawan, zemindar and money-dealer and ryot	
Chedee Sahoo of Muddehpoorah, shopkeeper ...	
Umrit Sahoo of ditto, ditto ...	
Chooni Sahoo of ditto, ditto ...	
Nund Koomar Misser of Kisengunj, ditto and cultivator..	
Mr. William Douzelle of Toolsia, indigo-planter and farmer	

Soopole.

The Sub-Divisional Officer	Chairman.
Baboo Thakurmun Sing of Sookpore, zemindar ...	Vice-Chairman.
Mr. Patrick Duff of Pipra, indigo planter and farmer	Members.
,, William Duff of Rajpore, ditto ...	
,, John Misselback of Chandpopur, ditto ...	
,, John Christian of Bungaon, ditto ..	
,, Thomas Bowers of Inamputti, ditto ...	
Baboo Roodernarain Sing of Puchguchia, zemindar ...	
,, Nurindernarain Sing of Barwari, ditto ...	
,, Khooblall Sahoo of Kusabur, ditto ...	
Kari Mundar of Bhaptiahi, ryot ...	
Tulsi Rai of Sukhaila, ryot ..	
Purtab Sing of Dabra, ditto ...	
Boku Sing of Mohessi, ditto ...	

C. BERNARD,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 17th October 1873.—A plan and estimate, amounting to Rs. 12,990, for doubling the present gates and the covered ways at the Jetty enclosure of the Port of Calcutta, so as to provide accommodation for the additional traffic at the Jetties consequent upon the completion of the export sheds, and the loading as well as discharging of vessels, having been submitted by the Vice-Chairman to the Commissioners for making Improvements in the Port of Calcutta with his letter No. 4032, dated the 25th September 1873, the Lieutenant-Governor has been pleased to sanction the construction of the work under Section 35, Act V (B.C.) of 1870.

C. BERNARD,
Offg. Secy. to the Govt. of Bengal.

JUDICIAL DEPARTMENT.

No. 1557.

NOTIFICATION.

The 20th October 1873.—It is hereby notified that that portion of the Notification of Government dated the 2nd November 1872, published in the *Calcutta Gazette* of the 6th idem, declaring that Mr. J. W. Pritchard, late Jailor of the Central Jail at Midnapore, shall not be re-employed by any department under this Government, is cancelled.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette*, 28*th October* 1873.]

মদ্ধেপুরা।

মহকুমার কর্তৃপক্ষ ... ... সভাপতি।
শ্রীযুত বাবু কৃষ্ণধন দাস উকীল ... ... প্রতিনিধি সভাপতি।

পচগাচিয়ার জমীদার শ্রীযুত বাবু কদ্রনারায়ণ সিংহ ...
রামিপত্তির ঐ ,, ,, কানাইলাল মন্দর ...
মদ্ধেপুরার ঐ ,, ,, চুনী মন্দর ...
ঐ উকীল ,, সৈয়দ মমতাজ হুসেন ...
ঐ মোক্তার ,, বাবু লালবেহারী লাল ...
ঐ ঐ ,, ,, ঘনেশ্যাম লাল ...
সিংহেশ্বরের রায়ৎ শ্রীযুত নথুলাল ... ...
বাভনগাঁওয়ার জমীদার ও পোদ্দার ও রায়ৎ শ্রীযুত দত্তু সাহু ...
মদ্ধেপুরার দোকানদার শ্রীযুত চেদী সাহু ... ...
ঐ ঐ ,, অমৃত সাহু ... ...
ঐ ঐ ,, চুনী সাহু ... ...
কৃষ্ণগঞ্জের ঐ ও কৃষক শ্রীযুত নন্দকুমার মিশ্র ...
তুলসিয়ার নিলকর ও কারমর শ্রীযুত উলিয়ম ডুজেল সাহেব ...
} মেম্বর।

সুপোল।

মহকুমার কর্তৃপক্ষ ... সভাপতি।
সুখপুরের জমীদার শ্রীযুত বাবু ঠাকুরমন সিংহ ... প্রতিনিধি সভাপতি।

পিপরার নীলকর ও কারমর শ্রীযুত পাট্রিক ডক সাহেব ...
রাজপুরের ঐ ঐ ,, উলিয়ম ডক সাহেব ...
চাঁদপিপরের ঐ ঐ ,, জান মিসলবাক সাহেব ...
বনগাঁয়ের ঐ ঐ ,, জান ক্রিষ্ট্যান সাহেব ...
ইনামপত্তির ঐ ঐ ,, তামস বৌরস সাহেব ...
পচগাচিয়ার জমীদার শ্রীযুত বাবু কদ্রনারায়ণ সিংহ ...
বারওয়ারির ঐ ঐ ,, নরেন্দ্রনারায়ণ সিংহ ...
কশাবরের ঐ ঐ ,, খুবলাল সাহু ...
ভাপত্তিয়াহির রায়ৎ শ্রীযুত করি মানদার ...
সুাইনার ঐ ,, তুলসী রায় ...
হাবরার ঐ ,, প্রতাপ সিংহ ..
মহেষীর ঐ ,, বকু সিংহ ...
} মেম্বর।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ১৭ অকুটোবর।—কলিকাতা বন্দরের জেটীতে রফ্তানী মালের শেড প্রস্তুত হওয়াতে অধিক মাল আনাগিরা থাকে, তাহা রাখিবার জন্যে ও জাহাজহইতে মাল নামাইবার ও জাহাজে মাল তুলিয়া দিবার সুবিধান করিবার জন্যে জেটীর যেনা স্থানের যে কাটক ও আবৃত পথ আছে, কলিকাতা বন্দর সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদের প্রতিনিধি সভাপতি ১৮৭৩ সালের ২৫ সেপ্টেম্বরের ৪০৩২ নং পত্রের সহিত ঐ কাটক ও পথ দ্বিগুণ করিবার নকশা ও ১২৯৯০ টাকার ইষ্টিমেট অর্পণ করিয়াছেন। শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৫ ধারামতে ঐ কর্ম্ম করিবার অনুমতি দিয়াছেন।

সি, বর্ণাড,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

জুডিশ্যাল ডিপার্টমেণ্ট।

১৫২৭ নম্বর।

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ২০ অক্টোবর।—গবর্ণমেণ্টের ১৮৭২ সালের ২ নবেম্বরের যে জ্ঞাপনপত্র ঐ মাসের ১২ তারিখের গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশ করা যায় তন্মধ্যে মেদিনীপুরের সদর জেলখানার সাবেক জেলর জে ডবলিউ প্রিচর্ড সাহেব পুনরায় এই গবর্ণমেণ্টের কোন বিভাগে আর কর্ম্ম পাইতে পারিবেন না, এই যে কথা ছিল তাহা রহিত করা গেল।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২৮ অক্টোবর।]

NOTIFICATION.

The 20th October 1873.—It is hereby notified that under the orders of the Government of India, all vessels licensed to convey emigrants beyond sea from the Port of Calcutta will in future as a rule be prohibited from carrying such articles of cargo as are prohibited to vessels conveying troops, viz. raw hides, molasses, bones, camphor ethers, collodion, fire-works, gunpowder, lucifer matches, naphtha, essential oils, phosphorus, quick-lime, rock-oil, spirits, turpentine, spirits of turpentine, arsenic, orpiment, corrosive sublimate, cotton, *ghee* butter, fixed oils, pitch, tar, dammer, quicksilver, rags, sulphur, tallow, wax, chlorate of potash, nitre (nitrate of soda), saltpetre, jute, or any other article or substance whatever of an inflammable or combustible nature, and unrefined sugar. The shipment of *ghee* and fixed oils will however be permitted in emigrant vessels if the articles are certified to be securely packed and properly stowed to the satisfaction of the Master Attendant, but no more than ten tons in the aggregate of these commodities will be allowed to be carried in any one vessel.

A. MACKENZIE,
Offg. Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT.—(Bengal.)

ESTABLISHMENT.

The 18th October 1873.

No. 358.—*Leave of Absence.*—Mr. G. Pothecary, Executive Engineer, Second Grade, Assistant Secretary in this Department, is allowed privilege leave for one month under Section 18 of the Civil Leave Code.

No. 359.—*Notification.*—Mr. F. Moore, Deputy Controller, rejoined the Central Office of Accounts, Bengal, on the 11th October 1873, before noon.

LOCAL COMMUNICATIONS.

The 18th October 1873.

No. 361.—*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz., for the construction of a towing-path between Alipore and Gilátaláh, in the villages of Gilátaláh, Chand Bazaar and Futtehpore, in Pergunnah Hogláh, in the Civil Sub-Division of Khoolna, in Zillah Jessore, on the right or south bank of the River Bhyrub, it is hereby declared that for the above purpose a piece of land, 10,540 feet in length and averaging 85 feet in breadth, and measuring more or less 64 beegahs 18 cottahs and 2 chittacks of standard measurement, is required within the aforesaid villages of Gillahtollah, Chand Bazaar and Futtehpore.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

No. 362.—*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz., for the construction of a towing-path from Játrapore in Pergunnah Raugdia to the village of Gilátaláh in Pergunnah Hoglá in the Civil Sub-Division of Bagirhaut, in Zillah Jessore, it is hereby declared that for the above purpose the under-mentioned pieces of land measuring more or less 321 beegahs 9 cottahs and 5 chittacks of standard measurement, is required:—

1st.—From the new cut at Játrapore to 13th chain through the village of Játrapore, 50 feet width of land, measuring from the bank of the River Bhyrub.

2nd.—From the 13th chain to the 120th chain at Kamarpore Khál passing through the villages of Massidpore and Kamarpore, 100 feet width of land from river bank.

3rd.—From 120th to the 149th chain passing by the village of Páikpárá, 60 feet width of land from river bank.

[*Government Gazette, 28th October* 1873.]

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ২০ অক্টোবর।—ভারতবর্ষের গবর্ণমেণ্টের আজ্ঞাক্রমে এই সংবাদ দেওয়া গেল। কোন জাহাজে সৈন্যাদি চালান হইলে সেই জাহাজে যেং প্রকারের মাল বোঝাই করিয়া লওয়া নিষিদ্ধ, কলিকাতা বন্দরহইতে যে জাহাজ মজুরদিগকে সমুদ্রপারে লইয়া যাইবার লাইসেন্স পায় সেই জাহাজে ও সেইং প্রকারের মাল লওয়া নিষিদ্ধ। বিশেষতঃ কাঁচা চামড়া, গুড়, হাড়, কর্পূর, ইথর, কলোডিয়ন, আতশবাজী, বারুদ, বিলাতী দিয়াশলাই, মাকড়া, চোয়ান তৈল, ফসফরস, বাখারি চুণ, সীতা তৈল, মদি , তারপিন, তারপিনের সুরা, সেঁকো বিষ, হরিতাল, রসকর্পূর, তুলা, ঘী, মাখন, স্থারি তৈল, পিচ, আলকাতরা, ডামর, পারা, ন্যাকড়া, গন্ধক, চরবী, মোম, ক্লোরেট অফ পটাশ, শোরা, (শোরাযুক্ত সাজিমাটি) সাল্টপীটর, পাট, অন্য যে প্রকারের দ্রব্য সহজে জ্বলিয়া উঠে কি আশুজ্বলনশীল হয় তাহা ও অপরিষ্কৃত চিনি। কিন্তু ঘী ও স্থারি তৈল মাষ্টর আটেণ্ডেণ্ট সাহেবের হুকুমমতে ভাল রূপে বন্ধ করিয়া উপযুক্ত স্থানে রাখা গেলে মজুরদের জাহাজে তাহা লইবার অনুমতি হইতে পারে, কিন্তু একি জাহাজে ঐ দ্রব্য সর্ব্বশুদ্ধ দশ টনের অধিক কখন লওয়া যাইতে পারিবে না।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং সেক্রেটরী।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিরিশতার কথা।

১৮৭৩ সাল ১৮ অক্টোবর।

৩৫৮ নম্বর।—ছুটী—এই ডিপার্টমেণ্টের আসিস্টাণ্ট সেক্রেটরী দ্বিতীয় শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুত জি পথিকারি সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

৩৫৯ নম্বর।—বিজ্ঞাপন।—ডেপুটী কম্‌ট্রোলর শ্রীযুত এফ মোর সাহেব ১৮৭৩ সালের ১১ অক্টোবরের পূর্ব্বাহ্নে বঙ্গদেশের হিসাবের সদর আফিসে কর্ম্ম পুনর্গ্রহণ করিলেন।

বর্ত্মাদির কথা।

১৮৭৩ সাল ১৮ অক্টোবর।

৩৬১ নম্বর।—ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত জ্ঞাপনপত্র।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ আলিপুর ও গিলাতলার মধ্যে নৌকার গুণ টানিবার পথ করিবার জন্যে যশোহর জিলার অন্তর্গত খুলনা দেওয়ানী মহকুমার তোগলা পরগনার অন্তঃপাতি গিলাতলা ও চাঁদবাজার ও ফত্তেপুরগ্রামে ভৈরব নদের দক্ষিণ পাড়ে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের জমী লওয়া আবশ্যক এই কথা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট প্রকাশ হওয়াতে এই আজ্ঞা হইয়াছে, উক্ত কার্য্যের নিমিত্ত পূর্ব্বোক্ত গিলাতলা ও চাঁদবাজার ও ফত্তেপুর গ্রামে ১০৫৪০ ফুট দীর্ঘ ও গড়ে ৮৩ ফুট চৌড়া ও কল্পিতমত পরিমাণে ন্যূনাধিক ৬৪ বিঘা ১৮ কাঠা ২ ছটাক ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

৩৬২ নম্বর।—ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ যশোহর জিলার অন্তর্গত বাগিরহাট দেওয়ানী মহকুমার রাজদিয়া পরগনার অন্তঃপাতি যাত্রাপুরহইতে তোগলা পরগনার অন্তঃপাতি গিলাতলা গ্রামপর্য্যন্ত নৌকার গুণ টানিবার পথ করিবার জন্যে রাজকীয় অর্থ ব্যয়ে গবর্ণমেণ্টের জমী লওয়া আবশ্যক এই কথা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট প্রকাশ হওয়াতে এই আজ্ঞা করা গেল। ঐ কার্য্যের নিমিত্ত কল্পিতমত পরিমাণানুসারে ন্যূনাধিক ৩২১ বিঘা ৯ কাঠা ৫ ছটাক পরিমাণ নিম্নলিখিত কএক খণ্ড ভূমির প্রয়োজন।

প্রথম।—যাত্রাপুরের নূতন কাটা খালহইতে যাত্রাপুর গ্রাম দিয়া ১৩ শিকল পর্য্যন্ত লম্বা ও ভৈরব নদের তীর অবধি ৫০ ফুট চৌড়া এক খণ্ড।

দ্বিতীয়।—ঐ ১৩ শিকল অবধি মাসিমপুর ও কামারপুর গ্রাম দিয়া কামারপুর খালে ১২০ শিকল পর্য্যন্ত লম্বা ও ঐ নদের তীরহইতে ১০০ ফুট চৌড়া এক খণ্ড।

তৃতীয়।—১২০ শিকলহইতে পাইকপাড়া গ্রাম দিয়া ১৪৯ শিকল পর্য্যন্ত লম্বা ও নদীর তীরহইতে ৬০ ফুট চৌড়া এক খণ্ড।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২৮ অক্টোবর।]

4th.—From 149th chain to 290th chain, at the commencement of the new Fakirhát, passing by the villages of Kútáltalá and Attáki, 100 feet width of land from the river bank.

5th.—From 290th chain to 327th chain, about 600 feet beyond old Fakirhát; the land required is on an average 70 feet wide from the river bank.

6th.—From the 327th chain to 395th chain, situated midway between the villages of Attáki and Mánsá, 100 feet width of land from the river bank.

7th.—From 395th chain to 431st chain, at the commencement of Mánsá Bazaar; land, on average, 60 feet width from the river bank.

8th.—From 431st to 480th chain, midway between Mánsá and Gilátaláh; land, on average, 70 feet width from the river bank.

This declaration is made, under the provisions of Section 6 of Act X of 1870, to all whom it may concern.

J. E. T. NICOLLS, *Col.*, R.E.,
Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

IRRIGATION.

NOTIFICATIONS.

ESTABLISHMENT.

The 16th October 1873.

No. 419.—*Notifications.*—Mr. G. F. Moore, Probationary Assistant Engineer, Third Grade, joined the Hidgellee Division on the forenoon of the 23rd September 1873.

No. 420.—Baboo B. Kamajee, Probationary Overseer, Third Grade, joined the Cossye Division on the afternoon of the 9th October 1873.

No. 421.—The privilege leave granted to Mr. R. J. Beckwith, Overseer, First Grade, Dehree Division, in the orders marginally noted, is cancelled at his own request.

No. 333, dated 18th August 1873.

No. 422.—*Leave.*—Baboo Charoo Churn Bose, Probationary Overseer, Third Grade, Arrah Division, is granted privilege leave for one month under Supplement F, Section 12 of the Civil Leave Code, with effect from the 25th September 1873.

No. 423.—*Notifications.*—Mr. J. G. Pew, Sub-Engineer, First Grade, Behar Survey, returned from privilege leave on the forenoon of the 2nd October 1873.

No. 424.—Mr. J. G. Pew, Sub-Engineer, First Grade, joined the Behar Survey on the forenoon of the 4th October 1873.

The 18th October 1873.

No. 425.—*Leave.*—Baboo Heera Lall Mitter, Assistant Engineer, First Grade, Dehree Division, is granted special leave for three months to study the native language under Public Works Code, Chapter II, Section 4, paragraph 28.

No. 426.—*Notifications.*—Mr. T. M. L. Thompson, Assistant Engineer, Third Grade Northern Drainage and Embankment Division, passed in the Lower Standard on the 4th August 1873.

No. 427.—Baboo Dwarka Nath Mookerjee, Overseer, First Grade, Byturnee Division is permitted to resign his appointment in the Department with effect from the forenoon of the 10th September 1873.

No. 428.—*Leave.*—Mr. R. Read, Supervisor, First Grade, Cossye Division, availed himself of the privilege leave granted him in the orders marginally noted on the afternoon of the 29th September 1873.

No. 318, dated 8th August 1873.

[*Government Gazette*, 28*th October* 1873.]

চতুর্থ।—১৪৯ শিকলহইতে কাটালতলা ও অক্রাকি গ্রাম দিয়া নূতন ফকিরহাটের গোড়ায় ২৯০ শিকল পর্য্যন্ত লম্বা, ও নদের তীরহইতে ১০০ ফুট চৌড়া এক খণ্ড।

পঞ্চম।—২৯০ শিকলহইতে পুরাতন ফকিরহাটের ওদিগ কমবেশ ৬০০ ফুট অন্তর ৩২৭ শিকল পর্য্যন্ত লম্বা, ও নদের তীরহইতে গড়ে ৭০ ফুট চৌড়া এক খণ্ড।

ষষ্ঠ।—৩২৭ শিকলহইতে অক্রাকি ও মানসা গ্রামের মাঝামাঝি স্থানে ৩৯৫ শিকল পর্য্যন্ত লম্বা, ও নদের তীরহইতে ১৫০ ফুট চৌড়া এক খণ্ড।

সপ্তম।—৩৯৫ শিকলহইতে মানসা বাজারের গোড়ায় ৪৩১ শিকল পর্য্যন্ত লম্বা, ও নদের তীর হইতে গড়ে ৬০ ফুট চৌড়া এক খণ্ড।

অষ্টম।—৪৩১ শিকলহইতে মানসা ও গিলাতলার মাঝামাঝি স্থানে ৫৮০ শিকল পর্য্যন্ত লম্বা, ও নদের তীরহইতে গড়ে ৭০ ফুট চৌড়া এক খণ্ড ভূমি।

এই বিষয়ে যে ব্যক্তিদের সম্পর্ক থাকে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামতে তাঁহাদের জানিবার নিমিত্ত এই কথা প্রকাশ করা গেল।

জে, ই, টি, নিকল্স, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে বঙ্গদেশের
গবর্ণমেন্টের সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

বিজ্ঞাপন।

শিরিশতা বিষয়ক।

১৮৭৩ সাল ১৬ অকুটোবর।

৪১৯ নম্বর।—বিজ্ঞাপন।—তৃতীয় শ্রেণীর প্রবেশনরি আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত জি, এফ, মোর সাহেব ১৮৭৩ সালের ১৩ সেপ্টেম্বরের পূর্ব্বাহ্নে তিস্তাখণ্ডে আপন কর্ম্ম গ্রহণ করিলেন।

৪২০ নম্বর।—তৃতীয় শ্রেণীর প্রবেশনরি ওবরসিয়র শ্রীযুক্ত বাবু ব, কামাজী ১৮৭৩ সালের ৯ অকুটোবরের পূর্ব্বাহ্নে কণ্টকখণ্ডে কর্ম্মগ্রহণ করিলেন।

৪২১ নম্বর।—দেহরীখণ্ডের প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুক্ত আর, জে, বেকুচথ সাহেব পার্শ্বলিখিত আজ্ঞাক্রমে যে অনুগ্রহের ছুটী পান তাহা তাঁহার প্রার্থনামতে রহিত করা গিয়াছে।

১৮৭৩ সালের ১৮ আগষ্টের ৩৩১ নং।

৪২২ নম্বর।—ছুটী।—আরাখণ্ডের তৃতীয় শ্রেণীর প্রবেশনরি ওবরসিয়র শ্রীযুক্ত বাবু চারুচরণ বসু সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে ১৮৭৩ সালের ২৫ সেপ্টেম্বর অবধি এক মাস অনুগ্রহের ছুটী পাইলেন।

৪২৩ নম্বর।—বিজ্ঞাপন।—বেহারের জরীপী কার্য্যের প্রথম শ্রেণীর সব-ইঞ্জিনিয়র শ্রীযুক্ত জে জি পিউ সাহেব ১৮৭৩ সালের ২ অকুটোবরের পূর্ব্বাহ্নে অনুগ্রহের ছুটীহইতে ফিরিয়া আইলেন।

৪২৪ নম্বর।—প্রথম শ্রেণীর সব-ইঞ্জিনিয়র শ্রীযুক্ত জে জি পিউ সাহেব ১৮৭০ সালের ৪ অকুটোবরের পূর্ব্বাহ্নে বেহারের জরীপী কর্ম্মে স্বীয় কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৩ সাল ১৮ অকটোবর।

৪২৫ নম্বর।—ছুটী।—দেহরীখণ্ডের প্রথম শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত বাবু হিরালাল মিত্র পবলিক ওর্কস কোডের ২ অধ্যায়ের ৪ পরিচ্ছেদের ২৮ ধারামতে দেশীয় ভাষা শিক্ষা করিবার জন্যে তিন মাস বিশেষ ছুটী পাইয়াছেন।

৪২৬ নম্বর।—বিজ্ঞাপন।—জলপ্রণালীর ও বাঁধের উত্তরাংশের তৃতীয় শ্রেণীর আসিস্টান্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত টি এম এল [illegible]মসন সাহেব ১৮৭৩ সালের আগষ্ট মাসের ৪ তারিখে নিম্নতর কষ্টিমতে পরীক্ষায় উত্তীর্ণ হইলেন।

৪২৭ নম্বর।—বৈতরণীখণ্ডের প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুক্ত বাবু দ্বারকানাথ মুখোপাধ্যায় ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ১০ তারিখের পূর্ব্বাহ্ণ অবধি এই কর্ম্মবিভাগে আপন পদত্যাগ করিবার অনুমতি পাইয়াছেন।

৪২৮ নম্বর।—ছুটী।—কশুই খণ্ডের প্রথম শ্রেণীর সুপরবাইসর শ্রীযুক্ত আর রীড সাহেব পার্শ্বলিখিত আজ্ঞাক্রমে যে অনুগ্রহের ছুটী পান তাহা ১৮৭৩ সালের ২৯ সেপ্টেম্বরের পূর্ব্বাহ্ণে গ্রহণ করিলেন।

১৮৭৩ সালের ৮ আগষ্টের ৩১৮ নং।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ২৮ অক্টোবর।]

No. 429.—*Leave.*—Mr. J. Campbell, Executive Engineer, Third Grade, Southern Hooghly Drainage Division, availed himself of the privilege leave granted him in the orders marginally noted* on the afternoon of the 14th October 1873.

*No. 303, dated 31st July 1873.

IRRIGATION.

The 18th October 1873

No. 430.—*Notification.*—The Canal from Ooloobcrriah to Midnapore is now available for navigation by all boats not drawing more than three feet of water.

2. His Honor the Lieutenant-Governor takes this opportunity of recording his appreciation of the skill and energy displayed by Mr. J. Kimber, the Executive Engineer, under whose supervision these works have been since their commencement.

No. 431.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz., for the construction of an Aqueduct to divert the Namtikiri Nalá in Mouzah Namtikiri, Pergunnah Joudah, and Mouzah Nargá, Pergunnah Matkatabad, in the District of Cuttack, it is hereby declared that for the above purpose the two strips of land described below, measuring in the aggregate acres 8-2-21, more or less, are required within the aforesaid villages of Namtikiri and Nargá:—

1st Plot.—Situated in the aforesaid Mouzah Nargá on either side of the Namtikiri Nalá, extending in length 650 feet to the east from the eastern boundary of the land taken up for the 3rd Section, High Level Canal, and terminating on the northern bank of the Búrhá River, and averaging in breadth 200 feet, more or less.

2nd Plot.—Situated in the aforesaid Mouzah Namtikiri on either side of the Namtikiri Nalá, extending in length 1,200 feet alongside the western boundary of the land taken up for the 3rd Section, High Level Canal, and averaging in breadth 200 feet, more or less.

This declaration is made, under the provisions of Section 6, Act X of 1870, to all whom it may concern.

H. W. GULLIVER, *Lieut.-Col., R.E.,*
Offg. Jt.-Secy. to the Govt. of Bengal,
P. W. Dept., Irrigation Branch.

৪২৯ নম্বর।—ছুটী।—হুগলীর জলপ্রণালীর দক্ষিণাংশের তৃতীয় শ্রেণীর একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুক্ত জে কাম্বেল সাহেব পার্শ্বলিখিত আজ্ঞাক্রমে যে অনুগ্রহের ছুটী পান তাহা ১৮৭৩ সালের ১৪ অকটোবরের পূর্ব্বাহ্ণে গ্রহণ করিলেন।

১৮৭৩ সালের ৩১ জুলাইর ৬০৩ নং।

জলসেচনের কথা।

১৮৭৩ সাল ১৮ অকটোবর।

* ৪৩০ নম্বর।—বিজ্ঞাপন।—উলুবেড়িয়া হইতে মেদিনীপুর পর্য্যন্ত যে খাল গিয়াছে কোন নৌকা তিন ফুটের অধিক জল না ভাঙ্গিলে এইক্ষণে সেই খাল দিয়া যাইতে পারিবে।

২। উক্ত কার্য্যের আরম্ভ অবধি একসেকিউটিব ইঞ্জিনিয়র শ্রীযুক্ত জে কিম্বর সাহেব তাহার তত্ত্বাবধারণ করিলেন ও সেই কার্য্যে তিনি যে কর্ম্মদক্ষতা ও উৎসুক্য প্রকাশ করিয়াছেন তজ্জেতুক মান্যবর শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবর্নর সাহেব এই সুযোগে তাঁহার নিকট কৃতজ্ঞতা প্রকাশ করিলেন।

৪৩১ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্ত অর্থাৎ কটক জিলার জৌদা পরগনার নামটিকরী মৌজার ও মাটকাটাবাদ পরগনার নরগা মৌজার অন্তঃপাতি নামটিকরি নালার জল জন্য মুখ করিবার নিমিত্ত পয়নালা করিবার জন্যে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভুমি লওয়া আবশ্যক এই কথা বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট প্রকাশ হওয়াতে এই আজ্ঞা করা গেল। ঐ কার্য্যের নিমিত্ত ঐ নামটিকরী ও নরগা গ্রামের মোটে ন্যূনাধিক ৮ একর ২ রূড ২১ পোল পরিমিত দুই খণ্ড ভুমির প্রয়োজন।

প্রথম খণ্ড।—ঐ নরগা মৌজার মধ্যে নামটিকরী নালার দুই দিগে, হাই লেবেল খালের তৃতীয় খণ্ডের নিমিত্ত যে ভুমি লওয়া গিয়াছে তাহার পূর্ব্ব সীমা অবধি পূর্ব্ব দিগে বুঢ়া নদীর উত্তর তীর পর্য্যন্ত ৬৫০ ফুট দীর্ঘ ও গড়ে ন্যূনাধিক ২০০ ফুট চৌড়া।

দ্বিতীয় খণ্ড।—ঐ নামটিকরী মৌজার মধ্যে নামটিকরী নালার দুই দিগে হাই লেবেল খালের তৃতীয় খণ্ডের নিমিত্ত যে ভুমি লওয়া গিয়াছে তাহার পশ্চিম সীমার ধারে২ ১২০০ ফুট লম্বা ও গড়ে ন্যূনাধিক ২০০ ফুট চৌড়া।

উক্ত বিষয়ে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ প্রকাশ করা গেল।

এচ, ডবলিউ, গলিবর, লেপ্টেনেন্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টের জলসেচন শাখার
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং জাইন্ট সেক্রেটরী।

′ গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 28, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ২৮ অক্টোবর।

PART IV.

Bills of the Legislative Council of India.

চতুর্থ খণ্ড।

ভারতবর্ষের মন্ত্রিসভার পাণ্ডুলিপি।

GOVERNMENT OF INDIA.

LEGISLATIVE DEPARTMENT.

[First Publication.]

THE following Bill was introduced into the Council of the Governor-General of India for the purpose of making Laws and Regulations on the 10th October 1873, and was referred to a Select Committee with instructions to make their report thereon in a month :—

No. 20 of 1873.

A Bill to provide for the liquidation of the debts of the Nawáb Názim of Bengal, and for his protection against legal process.

Preamble.

Whereas divers large pecuniary claims have been made against Sayyad Mansur Alí, the present Nawáb Názim of Bengal, Behar, and Orissa, commonly called the Nawáb Názim, which he has not the means of satisfying, and for the purpose of recovering such claims divers suits have been brought against him, and divers attachments have been issued against his property in India :

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপক কর্ম্মবিভাগ।

[প্রথমবার প্রকাশ।]

নিম্নলিখিত আইন ১৮৭৩ সালের অক্টোবর মাসের ১০ তারিখে ভারতবর্ষের শ্রীযুক্ত গবর্নর জেনরেল সাহেবের আইন ও ব্যবস্থা করণার্থ মন্ত্রিসভায় পঠিত হইয়া মনোনীত কমিটীর প্রতি অর্পিত হইল ও এক মাসের মধ্যে তদ্বিষয়ের রিপোর্ট করিবার আজ্ঞা হইল।

১৮৭৩ সালের ২০ নম্বর।

বঙ্গদেশের নাওয়াব নাজিমের ঋণ শোধ করিবার ও তাঁহার নামে আইনমত পরওয়ানা জারী না হইবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

হেতুবাদ।

নাওয়াব নাজিম নামে প্রসিদ্ধ বাঙ্গলা ও বেহার ও উড়িষ্যা দেশের নাওয়াব নাজিম শ্রীযুক্ত সয়্যাদ মনসুর আলির উপর নানা প্রকারে অনেক টাকার দাওয়া হইয়াছে। তাহা তাঁহার শোধ করিবার ক্ষমতা নাই। ও সেই২ দাওয়ামতে টাকা আদায় করিবার জন্যে তাঁহার নামে অনেক মোকদ্দমা উপস্থিত করা গিয়াছে ও ভারতবর্ষে তাঁহার যে সম্পত্তি আছে তাহা ক্রোক করিবার নানা প্রকারের পরওয়ানা বাহির হইয়াছে।

And whereas the Government of India is desirous of freeing the said Nawáb Názim and his property respectively from such suits and attachments, and of discharging such of the said claims as are proper to be paid:

And whereas in the meantime and for the future, it is expedient to exempt the said Nawáb Názim, except as hereinafter mentioned, from the jurisdiction of the Civil Courts, and to render him incapable of contracting further pecuniary obligations;

It is hereby enacted as follows:—

Short title.

1. This Act may be called "The Nawáb Názim's Debts Act, 1873:"

Local extent.

It extends to all persons and places for whom and for which the Governor General in Council has power to make laws;

Commencement.

And it shall come into force at once.

Power to appoint Commission.

2. The Governor-General in Council may, from time to time, nominate and appoint such persons as he thinks fit to be a Commission to investigate claims against the said Nawáb Názim.

All persons so nominated and appointed (hereinafter called "the Commissioners") shall continue to be members of the said Commission during the pleasure of the Governor-General in Council.

Notice to claimants.

3. The Commissioners shall publish thrice in the *Gazette of India* in English, and in the *Calcutta Gazette* in English, Urdú, and Bengálí, and in such other mode and languages as they think fit, a notice calling upon all persons having claims against the said Nawáb Názim or his property, whether moveable or immoveable, to notify the same in writing to the Commissioners within six months from the date of the earliest of such publications.

Bar of debts not duly notified.

4. Every debt or liability to which the said Nawáb Názim is subject, or with which his property, or any part thereof, is charged, and which is not duly notified to the Commissioners within the time

ও ভারতবর্ষের গবর্ণমেণ্ট সেই সকল মোকদ্দমা ও ক্রোকী পরওয়ানাহইতে উক্ত নাওয়াব নাজিমকে ও তাঁহার সম্পত্তি মুক্ত করিতে চাহেন ও উক্ত দাওয়ার মধ্যে যাহা শোধ করা উচিত তাহাও শোধ করিতে চাহেন,

ইতিমধ্যে ও এই সময়াবধি নিম্নলিখিত স্থলছাড়া অন্য স্থলে দেওয়ানী আদালতের বিচারাধিপত্য হইতে উক্ত নাওয়াব নাজিমকে মুক্ত করা ও তিনি যাহাতে আর ঋণ গ্রহণ করিতে না পারেন ইহার বিধান করা বিহিত এই২ কারণে,

নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

সংক্ষেপ নামের কথা।

১ ধারা। এই আইন "নাওয়াব নাজিমের ঋণ বিষয়ক ১৮৭৩ সালের আইন" নামে খ্যাত হইতে পারিবে।

যত দূর ব্যাপ্ত হইবে তাহার কথা।

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব যে সকল ব্যক্তির ও যে২ স্থানের নিমিত্ত আইন করিতে ক্ষমতাপন্ন হন সেই সকল ব্যক্তির ও স্থানের প্রতি এই আইন বর্ত্তিবে।

যে অবধি প্রচলিত হইবে তাহার কথা।

এই আইন একেবারেই প্রবল করা যাইবে ইতি।

কমিশ্যন নিযুক্ত করিবার ক্ষমতার কথা।

২ ধারা। উক্ত নাওয়াব নাজিমের উপর যে২ দাওয়া করা যায় তাহার তদন্ত লইবার জন্যে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব যে ব্যক্তিদিগকে উপযুক্ত জ্ঞান করেন সময়ে২ তাঁহারদিগকে কমিশ্যনস্বরূপ মনোনীত করিয়া নিযুক্ত করিতে পারিবেন।

তদ্রূপে যে সকল ব্যক্তিকে মনোনীত ও নিযুক্ত করা যায় তাঁহাদিগকে এই আইনে কমিশ্যনর নামে বলা গিয়াছে। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব যত দিন তাঁহারদিগকে ঐ কমিশ্যনের মেম্বরের পদে রাখিতে চাহেন তাঁহারা তত দিন সেই পদে থাকিবেন ইতি।

দাওয়াদারদের নিকট নোটিস দিবার কথা।

৩ ধারা। কমিশ্যনরেরা ইণ্ডিয়া গেজেটে ইংরেজী ভাষায়, ও কলিকাতা গেজেটে ইংরেজী ও উর্দ্দু ও বাঙ্গলা ভাষায় তিন বার, ও অন্য যে প্রকারে যে ভাষায় উচিত বোধ করেন সেই প্রকারে সেই ভাষায়, নোটিস প্রচার করিবেন। নোটিসের মর্ম্ম এই, উক্ত নাওয়াব নাজিমের উপর কিম্বা তাঁহার স্থাবর কি অস্থাবর সম্পত্তির উপর যে ব্যক্তিদের দাওয়া থাকে তাঁহারা এই নোটিস প্রথমবার প্রকাশ হইবার তারিখঅবধি ছয় মাসের মধ্যে কমিশ্যনরদের নিকট লিখিয়া সেই কথা জ্ঞাত করেন ইতি।

ঋণের কথা নিয়মমতে জ্ঞাত করা না গেলে দাওয়ার বাধা হইবার কথা।

৪ ধারা। উক্ত নাওয়াব নাজিমের উপর যে২ ঋণ কি দায় বর্ত্তে কিম্বা তাঁহার সম্পত্তির উপর কি সম্পত্তির কোন অংশের উপর যে ঋণ কি দায় বর্ত্তে তাহার কথা

and in the manner hereinbefore mentioned, shall be barred :

Proviso.

Provided that, on sufficient cause being shown to the Commissioners, they may admit such claim within the further period of six months from the expiration of the said period of six months.

Particulars of claim.

5. Every such claimant shall along with his claim present full particulars thereof.

Every document on which he founds his claims, or on which he relies in support thereof, shall be delivered to the Commissioners along with the claim.

Entries in books.

If the document be an entry in any book, the claimant shall produce the book to the Commissioners, together with a copy of the entry on which he relies. The Commissioners shall mark the book for the purpose of identification, and after examining and comparing the copy with the original, shall return the book to the claimant.

Exclusion of documents not produced.

If any document in the possession or under the control of the claimant is not delivered or produced by him to the Commissioners along with the claim, the Commissioners may refuse to receive such document in evidence on the claimant's behalf at the investigation of the case.

May call for or admit any further evidence.

The Commissioners may from, time to time, call for further and more detailed particulars of any claim preferred before them under this Act, and may, at their discretion, refuse to proceed with the investigation of the claim until such particulars are supplied.

Power of Commissioners to summon witnesses.

6. For the purposes of this Act, the Commissioners may summon and enforce the attendance of witnesses, and compel them to give evidence, and compel the production of documents by the same means, and, as far as possible, in the same manner as is provided in the case of a Civil Court by the Code of Civil Procedure.

[*Government Gazette*, 28*th October* 1873.]

ইহার পূর্ব্ব ধারার লিখিত সময়ের মধ্যে ও উক্ত প্রকারে কমিশ্যনরদিগকে নিয়মমতে জ্ঞাত করা না গেলে ঐ দাওয়া হইতে পারিবে না।

উপবিধি।

কিন্তু কমিশ্যনরদিগকে উপযুক্ত কারণ দেখান গেলে তাঁহারা পূর্ব্বোক্ত ছয় মাস অতীত হইলে পর আর ছয় মাসের মধ্যে ঐ দাওয়া গ্রাহ্য করিতে পারিবেন ইতি।

দাওয়ার বিশেষ কথা।

৫ ধারা। উক্ত প্রত্যেক জন দাওয়াদার আপনার দাওয়ার কথা জানাইবার সময়ে ঐ দাওয়ার সম্পূর্ণ বেওরা জানাইবেন।

যে দলীলের উপর তাঁহার দাওয়া থাকে কিম্বা দাওয়ার প্রতিপোষণের নিমিত্ত যে দলীলের উপর তাঁহার নির্ভর থাকে তিনি দাওয়ার কথা জানাইবার সময়ে সেই২ দলীলও কমিশ্যনরদিগকে দিবেন।

বহীর লিখিত কথা।

কোন বহীর মধ্যে লিখিত কথা ঐ দলীল বলিয়া জ্ঞান হইলে দাওয়াদার সেই বহী কমিশ্যনরদিগকে দেখাইবেন ও তাহার লিখিত যে কথার উপর তাঁহার নির্ভর থাকে তাহার এক কেতা নকল দিবেন। কমিশ্যনরেরা ঐ বহী চিনিবার জন্যে তাহাতে চিহ্ন দিবেন এবং নকলখানি তদন্ত করিয়া দেখিয়া আসলের সঙ্গে মিলাইয়া দাওয়াদারকে বহী ফিরিয়া দিবেন।

দলীল দেখান না গেলে অগ্রাহ্য হইবার কথা।

কোন দলীল দাওয়াদারের অধিকারে থাকিলে কিম্বা তাহার উপর তাঁহার ক্ষমতা থাকিলেও তিনি দাওয়ার কথার সঙ্গে২ ঐ দলীল কমিশ্যনরদিগকে না দিলে বা না দেখাইলে, কমিশ্যনরেরা ঐ বিষয়ের তদন্ত লওনের সময়ে দাওয়াদারের সপক্ষে প্রমাণস্বরূপ ঐ দলীল গ্রাহ্য করিতে অস্বীকার করিতে পারিবেন।

অন্য প্রমাণ দিবার আজ্ঞা করিতে কি গ্রাহ্য করিতে ক্ষমতার কথা।

এই আইনক্রমে যে দাওয়ার কথা কমিশ্যনরদের নিকট উপস্থিত করা যায় তাঁহারা সময়ে২ সেই দাওয়ার অধিক ও আরও বিস্তারিত বেওরা দিবার আজ্ঞা করিতে পারিবেন এবং সেই বেওরা যতকাল না দেওয় যায় ততকাল আপনারদের বিবেচনানুসারে ঐ দাওয়ার তদন্ত লওনের কার্য্য চালাইতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

সাক্ষিদিগকে সমন করিতে কমিশ্যনরদের ক্ষমতার কথা।

৬ ধারা। দেওয়ানী মোকদ্দমার কার্য্যবিধানের আইনমতে দেওয়ানী আদালত যে উপায় দ্বারা ও যে প্রকারে সাক্ষিদিগকে সমন করিয়া সাক্ষ্য লইতে ও দলীল উপস্থিত করাইতে পারেন, এই আইনের কার্য্যপক্ষে কমিশ্যনরেরাও সেই উপায়দ্বারা ও সাধ্যমতে সেই প্রকারে সাক্ষিদিগকে সমন করিতে ও জোর করিয়া উপস্থিত করাইতে ও সাক্ষ্য দেওয়াইতে পারিবেন ও দলীল উপস্থিত করাইতে পারিবেন ইতি।

Power to administer oaths

7. The Commissioners may administer an oath or affirmation, in such form as they think fit, to any person examined before them, touching the matters to be enquired into under this Act.

Investigation to be a Judicial proceeding.

8. Every investigation conducted by the Commissioners, with reference to any claim preferred before them under this Act, or to any matter connected with any such claim, shall be deemed a judicial proceeding within the meaning of the Indian Penal Code.

And every statement made by any person examined by or before the Commissioners with reference to such investigation whether upon oath or otherwise, shall be deemed to be evidence within the meaning of the same Code.

Expenses of witnesses

9. Every witness required to attend and give evidence under the provisions of this Act, shall be entitled to a reasonable sum (to be allowed by the Commissioners) for his expenses in travelling to and from, and remaining at the place at which he is required to attend.

Commissioners to determine amount due to each claimant

10. The Commissioners shall, by agreement with the claimant or otherwise, determine the amount which, on the consideration of all the circumstances, they may consider to be in fairness and justice due to each claimant.

Sum found due to be certified to Government.

11. The Commissioners shall certify in each case the amount so determined, and upon the Governor-General in Council paying to any claimant the amount so certified, all claims of such claimant against the Nawáb Názim or his property shall be satisfied and extinguished.

Bar of suits against Nawab Názim

12. No suit shall be commenced or prosecuted, and no writ or process shall at any time be sued for, against the person or property of the said Nawáb Názim, unless such suit be commenced, or such writ or process be sued for, with the consent of the Governor-General in Council first had and obtained.

শপথ করাইবার ক্ষমতার কথা।

৭ ধারা। এই আইনমতে যেং বিষয়ের সন্ধান লইতে হইবে সেইং বিষয়ে কমিশ্যনরদের সম্মুখে যে কোন ব্যক্তির জোবানবন্দী লওয়া যায় কমিশ্যনরেরা যদ্রূপ উচিত বোধ করেন তদ্রূপেই সেই ব্যক্তিদিগকে শপথ কি ধর্ম্মতঃ প্রতিজ্ঞা করাইতে পারিবেন ইতি।

তাঁহাদের তদন্ত লওয়া আদালতের আনুষ্ঠানিক কার্য্যের তুল্য হইবার কথা।

৮ ধারা। এই আইনঅনুসারে কমিশ্যনরদের নিকট কোন দাওয়া উপস্থিত করা গেলে তাঁহারা তদুপলক্ষে কিম্বা উক্ত দাওয়া সম্পর্কীয় কোন বিষয়ের উপলক্ষে যে অনুসন্ধানের কার্য্য চালান তাহা ভারতবর্ষীয় দণ্ডবিধির আইনের লিখিত অর্থানুসারে আদালত সংক্রান্ত কার্য্য হইবে।

এবং ঐ অনুসন্ধানের উপলক্ষে কমিশ্যনরদের দ্বারা কি তাঁহাদের সম্মুখে কোন ব্যক্তির জোবানবন্দী লওয়া গেলে, তিনি শপথ করিয়া কি না করিয়াও যে কথা কহেন তাহা উক্ত আইনের লিখিত কথার অর্থানুসারে সাক্ষ্য বলিয়া জ্ঞান হইবে ইতি।

সাক্ষিদের খরচার কথা।

৯ ধারা। এই আইনের বিধানমতে কোন সাক্ষির প্রতি উপস্থিত হইয়া সাক্ষ্য দিতে আজ্ঞা হইলে, তাঁহার যে স্থানে উপস্থিত হইবার আজ্ঞা হয় সেই স্থানে যাইবার ও আসিবার ও তথায় থাকিবার খরচ বলিয়া কমিশ্যনরেরা যত টাকা উচিত বোধ করেন তাঁহার তত টাকা পাইবার অধিকার থাকিবে ইতি।

প্রত্যেক জন দাওয়াদারের যত টাকা পাওনা থাকে কমিশ্যনরদের তাহা নিরূপণ করিবার কথা।

১০ ধারা। কমিশ্যনরেরা সকল বিষয় বিবেচনা করিয়া ন্যায় ও যথার্থমতে প্রত্যেক জন দাওয়াদারের যত টাকা পাওনা বোধ করেন দাওয়াদারের সঙ্গে মিলিয়া কি অন্যপ্রকারে তাহা নির্ণয় করিবেন ইতি।

পাওনা বলিয়া যত টাকা নির্ণয় হয় গবর্ণমেণ্টে তাহার সর্টিফিকট দিবার কথা।

১১ ধারা। উক্ত প্রকারে যাঁহার পক্ষে যত টাকা নির্ণয় করা যায় কমিশ্যনরেরা তাঁহাকে তত টাকার সর্টিফিকট দিবেন। ও তদ্রূপে যত টাকার সর্টিফিকট দেওয়া যায় মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব দাওয়াদারকে তত টাকা দিলে নাওয়াব নাজিমের কি তাঁহার সম্পত্তির উপর ঐ দাওয়াদারের সকল দাওয়া শোধ ও শেষ হইয়া যাইবে ইতি।

নাওয়াব নাজিমের নামে মোকদ্দমা উপস্থিত করা নিবারণের কথা।

১২ ধারা। উক্ত নাওয়াব নাজিমের নামে কিম্বা তাঁহার সম্পত্তির উপর মোকদ্দমা উপস্থিত করিতে কিম্বা রিট কি পরওয়ানা জারী হওয়ার প্রার্থনা করিতে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের অনুমতি না হইলে ও না পাওয়া গেলে নাওয়াব নাজিমের কি তাঁহার সম্পত্তির উপর কোন সময়ে কোন মোকদ্দমা উপস্থিত করা কি চালান যাইতে পারিবে না ও কোন রিট কি পরওয়ানা জারী হওয়ার প্রার্থনা করা যাইতে পারিবে না।

Such consent shall be certified by the signature of one of the Secretaries to the Government of India, and every such signature shall be judicially noticed.

And any suit which at any time shall have been, or shall be, commenced, and any writ or process which at any time shall have been, or shall be, sued for, against the person or property of the said Nawáb Názim without such consent so certified as aforesaid, shall be null and void.

Nawáb Názim to be incapable of contracting.

13. The said Nawáb Názim shall be incapable of entering into any contract which may give rise to any pecuniary obligation on his part.

Saving of Secretary of State in Council.

14. Nothing herein contained shall be deemed to render the Secretary of State for India in Council, or the Government of India, liable for any debt heretofore contracted by, or on behalf of, the said Nawáb Názim, or in respect of any claim to be reimbursed, which may be made by any person supplying him with necessaries.

Bar of suits for acts done *boná fide*.

15. No suit or other proceeding shall be maintained against any person in respect of anything done by him in good faith under this Act.

STATEMENT OF OBJECTS AND REASONS.

The Náwab Názim of Bengal belongs to one of the ancient and noble Indian families, which it is the policy of the British Government to maintain. To this end a sum of nearly seven lakhs has been annually allotted out of the public treasury to the Nawáb Názim, but owing to his extravagance this great income has proved quite unequal to his personal expenditure, and he is now involved in debt exceeding thirty lakhs of rupees, and carrying ruinous rates of interest.

Some steps must be taken to preserve the dignity of the Nawáb Názim's family; to keep Government out of the litigation which his creditors have already commenced, and which threatens to absorb property designed for the maintenance of the family; and to save the Indian tax-payers from further drafts on the public purse.

For this purpose the present Bill has been prepared. It empowers the Governor-General in Council to appoint a Commission to investigate

উক্ত প্রকারের অনুমতি দেওয়া গেলে ভারতবর্ষের গবর্ণমেণ্টের কোন এক জন সেক্রেটরী সাহেবের স্বাক্ষর করা সর্টিফিকট দেওয়া যাইবে ও আদালতে সেই স্বাক্ষর গ্রাহ্য হইবে।

ঐ প্রকারে যে অনুমতির সর্টিফিকট দেওয়া যায় তাহা-ছাড়া উক্ত নাওয়াব নাজিমের নামে কি তাঁহার সম্পত্তির উপর যে কোন সময়ে যে মোকদ্দমা উপস্থিত করা গিয়াছে কি করা যায় ও যে কোন সময়ে যে কোন রিট কি পরওয়ানা জারী হইবার প্রার্থনা করা গিয়াছে কি করা যায় তাহা ব্যর্থ ও নিষ্ফল হইবে ইতি।

নাওয়াব নাজিমের চুক্তি করিবার অক্ষমতার কথা।

১৩ ধারা। যে চুক্তি দ্বারা উক্ত নাওয়াব নাজিমের উপর টাকার দায় বর্ত্তে তিনি এমত কোন চুক্তি করিতে পারিবেন না ইতি।

মন্ত্রিসভাধিষ্ঠিত ষ্টেট সেক্রেটরী সাহেবকে রক্ষা করিবার কথা।

১৪ ধারা। ইতি পূর্ব্বে উক্ত নাওয়াব নাজিম আপনি যে ঋণগ্রহণ করিয়াছেন কি তাঁহার পক্ষে যে ঋণগ্রহণ করা যায় কিম্বা তাঁহার প্রয়োজনীয় দ্রব্য যোগাইয়া দেওয়াতে তাহার মূল্যাদি ফিরিয়া পাইবার যে দাওয়া হইতে পারে, ভারতবর্ষের পক্ষে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেব কিম্বা ভারতবর্ষের গবর্ণমেণ্ট যে তাহার দায়ী হইলেন এই আইনের কোন কথা দ্বারা এমত জ্ঞান করিতে হইবে না ইতি।

সরলভাবে যে ক্রিয়া করা যায় তন্নিমিত্ত মোকদ্দমা উপস্থিত করিতে না পারিবার কথা।

১৫ ধারা। কোন ব্যক্তি এই আইনমতে সরল ভাবে কোন কার্য্য করিলে তজ্জন্যে তাঁহার নামে কোন মোকদ্দমা কি মোকদ্দমা ঘটিত কোন কার্য্য চালান যাইবে না ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

বাঙ্গলা দেশের নাওয়াব নাজিম ভারতবর্ষীয় অতিপ্রাচীন ও সম্ভ্রান্ত বংশীয় লোক ও ব্রিটনীয় গবর্ণমেণ্ট রাজনীতিপক্ষে ঐ বংশ প্রতিপালন করিয়া আসিতেছেন। এই কারণে রাজকোষ হইতে বৎসরং নাওয়াব নাজিমের প্রতি প্রায় সাত লক্ষ টাকা নিরূপণ হইয়াছে। কিন্তু অমিতব্যয়িতা প্রযুক্ত এত অধিক টাকাতেও তাঁহার নিজব্যয় কুলাইয়া উঠে না এইক্ষণে তাঁহার ত্রিশ লক্ষেরও অধিক ঋণ হইয়াছে ও সেই টাকার উপর অতি অধিক সুদ চলিতেছে।

নাওয়াব নাজিমের বংশের মান রক্ষা করিবার জন্যে কোন উপায় করা প্রয়োজন। উত্তমর্ণেরাও মোকদ্দমা উপস্থিত করিতে উদ্যত হইয়াছেন, ঐ বংশের প্রতিপালনের জন্যে যে সম্পত্তি নিরূপিত ছিল তাহারও গ্রাস হইবার লক্ষণ দেখা যাইতেছে অতএব সেই সকল মোকদ্দমায় গবর্ণমেণ্টের লিপ্ত না হওয়ার উপায় করা, এবং ভারতবর্ষীয় যে ব্যক্তিরা টাক্স দিয়া থাকেন রাজকোষ হইতে টাকা গ্রহণ করণদ্বারা তাহারদের আর কষ্ট না হয় ইহার উপায় করা প্রয়োজন।

এইং কারণে এই পাণ্ডুলিপি প্রণয়ন হইয়াছে। নাওয়াব নাজিমের উপর যেং দাওয়া উপস্থিত করা যায় এই পাণ্ডুলিপিতে তাহার অনুসন্ধান লওয়ার জন্যে

claims against the Nawáb Názim. It provides for giving public notice to such claimants, and bars debts not notified to the Commission within six months from such publication; it gives the Commissioners the usual powers to summon witnesses, and compel the production of evidence and it declares that the Commissioners shall, by agreement with each claimant or otherwise, determine the amount fairly due to him; that they shall certify the amount so determined; and that, upon the Governor-General in Council paying to the claimant the amount so certified, his claims against the Nawáb Názim or his property shall be extinguished.

The Bill then (here following the King of Oudh's Act No. XIII of 1868) bars suits against the Nawáb Názim, unless such suits have been commenced with the consent of the Government of India, and declares the Nawáb Názim incapable of contracting so as to involve himself in any pecuniary obligation.

SIMLA, A. HOBHOUSE.
The 20th September 1873.

WHITLEY STOKES,
Secy. to the Govt. of India.

মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেবের প্রতি কমিশ্যনর নিযুক্ত করিবার ক্ষমতা প্রদান করা গেল। ঐ দাওয়াদারদিগকে প্রকাশরূপে নোটিস দিবার ও সেই নোটিস প্রকাশ হইবার পর ছয় মাসের মধ্যে ঐ কমিশ্যনরকে ঋণের নোটিস না দেওয়া গেলে ঐ ঋণ শোধ না হইবার বিধান করা গেল। সাক্ষিদিগকে সমন করিবার ও প্রমাণ উপস্থিত করাইবার সচরাচর যে ক্ষমতা দেওয়া গিয়া থাকে কমিশ্যনরদের প্রতিও সেই২ ক্ষমতা দেওয়া গেল। ও নাযাবকে দাওয়াদারের যত টাকা পাওনা হয় কমিশ্যনরেরা প্রত্যেক জন দাওয়াদারের সঙ্গে মিলিয়া কি প্রকারান্তরে তাহা নিরূপণ করিবেন ও যত টাকা নিরূপণ হয় তাহার সর্টিফিকট দিবেন ও যত টাকার সর্টিফিকট দেওয়া যায় মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুক্ত গবর্ণর জেনরল সাহেব তত টাকা দিলে, ঐ নাওয়াব নাজিমের কি তাঁহার সম্পত্তির উপর দাওয়াদারের আর দাওয়া থাকিবে না, এই২ বিধান হইল।

পরে অযোধ্যার রাজা বিষয়ক ১৮৬৮ সালের ১৩ আইন অনুযায়ি বিধি হইয়া ভারতবর্ষের গবর্ণমেণ্টের অনুমতি না হইলে নাওয়াব নাজিমের নামে কোন মোকদ্দমা উপস্থিত না হইবার বিধি, ও নাওয়াব নাজিমের উপর যাহাতে কোন টাকার দায় বর্ত্তিতে পারে তাঁহার এমত কোন চুক্তি করিতে না পারিবার এই বিধি করা গেল।

সিমলা, এ হবহৌস।
১৮৭৩ সাল ২০ সেপ্টেম্বর।

হুইটলি ষ্টোক্স,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

JOHN ROBINSON, *Bengalee Translator.*

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, OCTOBER 28, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ২৮ অকটোবর।

PART VIII.

ADVERTISEMENTS.

অষ্টম খণ্ড।

ইশ্তিহার প্রভৃতি।

নীলামের ইশ্তেহার।

জিলা মুরসিদাবাদ।

ইশ্তেহারনামা কাছারী রেলওয়ে ডেপুটী কালেক্টরী এজলাস শ্রীযুত মেঃ উলিয়ম হেশ্যাম সাহেব একটিং রেলওয়ে ডেপুটী কালেক্টর মোকাম কাছারি সিন্থীয়া।

এতদ্দারা সংবাদ দেওয়া যাইতেছে যে জিলা মুরশিদাবাদের মধ্যবর্ত্তি নিম্নলিখিত বিঃ শ্রেণীর ভুমি ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে কোম্পানির আর আবশ্যক না থাকা প্রযুক্ত শ্রীযুক্ত সরকার বাহাদুর কর্ত্তৃক পুনর্গৃহীত হইয়াছে এইক্ষণে ঐ ভুমির সরকার বাহাদুরের মালিকী স্বত্ব নিম্নলিখিত নিয়মানুসারে সন ১৮৭৩ সালের ১০ নবেম্বর মোতাবেক বাঙ্গালা সন ১২৮০ সালের ২৬ কার্ত্তিক সোমবার বেলা ১২ ঘণ্টার সময় ইষ্ট ইণ্ডিয়ান রেলওয়ের ইষ্টেসনের লাগাও মোকাম সিন্থিয়ার রেলওয়ে ডিপুটী কালেক্টরের কাছারীতে বিক্রয় হইবেক। ঐ সকল ভুমির খরিদারগণ নিম্নলিখিত নিয়মাধীন হইবেন।

১। এক শত টাকার অনধিক পণ হইলে সেই সমুদয় টাকা তৎক্ষণাৎ দিতে হইবেক।

২। এক শত টাকার অধিক পণ হইলে ডাক পণের চারি অংশের একাংশ তৎক্ষণাৎ দিতে হইবেক, বিক্রয়ের দিবস এক দিন ধরিয়া গণনা করিলে বিক্রয়ের পঞ্চদশ দিনের মধ্যাহ্ন কালে কিম্বা সেই দিবস বন্ধের দিন হইলে তৎপরে প্রথম যে দিন কাছারী খোলা যায় সেই দিবস মধ্যাহ্নকালে যদি অবশিষ্ট দাখিল না হয় তবে বিক্রয় রহিত ও গচ্ছিত টাকা গবর্ণমেণ্টে জব্দ হইবে ও প্রথম স্থলীয় বিক্রয়ের ন্যায় পুনর্ব্বার বিজ্ঞাপণ প্রকাশ করণ পূর্ব্বক ঐ ত্রুটীকারি ক্রেতার ঝুকিতে সেই মহাল পুনর্ব্বার বিক্রয় হইবেক।

৩। ঐ জমি সকল, সর্ব্ব উচ্চ ডাককারিকে নিষ্কর বিক্রয় করা যাইবেক।

৪। শ্রীযুত কালেক্টর সাহেব নীলাম মঞ্জুর করিলে ক্রেতাদিগকে দখল দেওয়া যাইবেক কিন্তু মহামান্য রেবিনিউ বোর্ডের মেম্বর ইনচার্য্য বাহাদুরের অমত হইলে দখল অনড় ও বলবৎ থাকিবেক না।

তরতিব লাট নম্বর	জিলার নাম	মৌজা ও পরগনার নাম।	মাইল নম্বর।	রেলওয়ের কোন পার্শ্বে জমির অবস্থিতি।	জমীর ন্যূনাধিক পরিমাণ।			
					বিঘা কাঠা ছটাক	একর	রুড	পোল
১	মুরশিদাবাদ	মৌজে চাকপাড়া পরগনে বোমহাট	১৩১	পশ্চিম	১১/২॥	৩	২	২৮
২	ঐ	ঐ	১৩১	পূর্ব্ব	১১।২॥	৩	৩	২
৩	ঐ	ঐ	১৩২	পশ্চিম	১১/০	৩	২	২২
৪	ঐ	ঐ	১৩২	পূর্ব্ব	১১।৪	৩	৩	১৯
৫	ঐ	মৌজে চাকপাড়া শুভাঙ্গাল পরগনে বমহাট	১৩২	পশ্চিম	১১।৪।।	৩	৩	৭
৬	ঐ	ঐ	১৩২	পূর্ব্ব	১১।৪॥	৩	৩	৭
৭	ঐ	মৌজে ডাঙ্গাল ও পাষসা পরগনে বমহাট	১৩৩	পশ্চিম	৮/০	২	২	২৩
৮	ঐ	ঐ	১৩৩	পূর্ব্ব	৮/০	২	২	২৩
৯	ঐ	মৌজে চিতুরি ও মাজখণ্ড পরগনে বমহাট	১৩৩	পশ্চিম	১০।৩॥৶	৩	১	৩২
১০	ঐ	ঐ	১৩৩	পূর্ব্ব	১০।৩	৩	১	৩১
১১	ঐ	মৌজে মাজখণ্ড পরগনে বমহাট	১৩৩	পশ্চিম	১০/০	৩	১	৯
১২	ঐ	ঐ	১৩৩	পূর্ব্ব	১১/০	৩	২	২২
১৩	ঐ	ঐ	১৩৪	পশ্চিম	৬॥৪॥৶	২	০	৩৬
১৪	ঐ	ঐ	১৩৪	পূর্ব্ব	৬৸৩	২	১	৫
১৫	ঐ	মৌজে হুড়কা পরগনে বমহাট	১৩৪	পশ্চিম	৭৸০॥৶	২	২	১২

প্রত্যেক লাটের যে জমি নীলাম হইতে বাদ দেওয়া গিয়াছে		লাটের আরম্ভ ও শেষ	জমির বাউণ্ডরী।
কি জন্য বাদ দেওয়া হইল	এঃ রুঃ পোঃ		
খাল	০ ০ ২০	১৩১ মাইলের ২৭১৫ ফুট হইতে ঐ মাইলের শেষ পর্য্যন্ত মোতাবেক মকসা।	উত্তর ১৩১ মাইল সরাসর মোতাবেক মকসা, দক্ষিণ জিলা মুরশিদাবাদের দক্ষিণ সীমানা, পূর্ব্ব রেলওয়ের তারের বেড়া, পশ্চিম জমিদারী জমি।
3. As regards works other than those above mentioned, the Lieutenant-Governor has received full authority to undertake such relief works as may seem to be necessary in various parts of the country. His view is that, to render effectual aid to the people, it is of all things most necessary that work should be offered in good time, so that the existence of public works may be known to the people at large, and those who stand in need of work may find their way to the work, and be suitably provided for, before the greatest stress comes. All experience shows that work is wanted to avert starvation rather than to save people already half-starved and unfit for work, and that it takes time to draw to public works people who are not accustomed to labor for hire. In this view, in case of reasonable apprehension of scarcity, we can hardly begin too soon.

4. The Lieutenant-Governor also believes that there can be no so sure test of the state of the country—no barometer, as it were, by which the condition of the people can be better gauged—than the degree to which they seek employment on public works. As such works are found more and more to attract classes usually self-supporting, so we may judge that there is want in the country; that is, provided that this test is established in sufficient time.

5. It is impossible yet to tell the degree to which there may be scarcity in the country. We yet trust to the mercy of Providence to avert the worst. But there can be no doubt that unless there is some very decided improvement in present prospects, there will be such shortness of crops that as soon as all hope of further employment in watering crops still alive, and sowing cold weather crops, comes to an end, the need for employment will be much greater than usual. The immediate course, then, which the Lieutenant-Governor has thought best, is to extend and enlarge the scope of the usual district works undertaken at this season in various parts of each district. He has already settled schemes of such works with the Commissioners of Patna and Bhaugulpore, and has authorized the local officers to undertake them and carry them on wherever and whenever there is a demand for employment. In every part of the country, where the conditions seem to be such as to render the need of employment probable, works will be opened and employment offered. It will not be attempted in such cases to draw together foreign labour by any extraordinary means, but all labour locally offering will be accepted. The works (so far as beyond ordinary means and requirements) are undertaken in order to give labour: we do not seek labour for the sake of the works. The local officers have been assured that if the labour thus employed absorbs their local means, these will be supplemented from the general treasury.

[*Government Gazette*, 11*th November* 1873.]

খাদ্য নষ্ট হওন ও উপকারার্থ কার্য্যনিরূপণ বিষয়ক

নির্দ্ধারণ পত্র।

কলিকাতা, ১৮৭৩ সাল ৩ নবেম্বর।

বঙ্গপ্রভৃতি দেশের অনেক অঞ্চলে খাদ্য নষ্ট হইবার সম্ভাবনা হেতুক অনেক লোক কর্ম্ম না পাইলে কষ্ট পাইতে পারিবে এই আশঙ্কায় তাহারদের কর্ম্ম পাইবার বিধান করণ বিষয়ে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্ট ১৮৭৩ সালের ২৮ অক্টোবরের ৪০১ B. C. নম্বরের যে নির্দ্ধারণ করিলেন তাহা পাঠ করা গেল।

১। শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ঐ নির্দ্ধারণ প্রকাশ করিতে আজ্ঞা দিয়াছেন

২। কোশের খাল ও বঙ্গদেশীয় উত্তরাংশের রেলওয়ের কর্ম্মবিষয়ে ভারতবর্ষের গবর্ণমেণ্ট যে আদেশ করিয়াছেন, উপযুক্ত কর্ম্মবিভাগহইতে সেই আদেশানুযায়ি কার্য্য হইবার আজ্ঞা প্রচার করা যাইবে।

গণ্ডকের বাঁধ সম্পর্কীয় যে কল্পনা হইয়াছে এই সময়ে তাহা সফল করা সুকঠিন হইলেও তাহার পুনঃবিবেচনা করা যাইবে।

রেলগাড়ীর ভাড়া প্রস্তাবিতমতে কমাইয়া দিবার নিয়ম করা গিয়াছে।

৩। পূর্ব্বোক্ত কার্য্য ছাড়া দেশের নানা স্থানে লোকদের উপকারার্থে যে সকল কার্য্য করা আবশ্যক বোধ হয় শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব সেই২ কার্য্যে প্রবর্ত্ত হইবার সম্পূর্ণ অনুজ্ঞা প্রাপ্ত হইয়াছেন। এতদ্বিষয়ে হামারদের এই অভিমত যে, লোকদের প্রকৃতরূপে উপকার হইবার জন্যে দিন থাকিতে তাহারদের কর্ম্ম নিরূপণ করিয়া দেওয়া সর্ব্বাপেক্ষা শ্রেয়। তাহা হইলে সরকারী কর্ম্ম পাইবার পথ খোলা থাকিবার কথা সকলেই জানিতে পাইবে, ও যাহারদের কর্ম্মের প্রয়োজন থাকে তাহারদের অধিক বিপদ না ঘটিতে২ তাহারা সেই কর্ম্ম স্থানে গিয়া আপনারদের উপযুক্ত উপায় করিতে পারিবে। যাহারা অনাহারে দুর্ব্বল হইয়া কর্ম্ম করিতে অপারক এমত লোকদিগকে বাঁচাইবার উপায় করণ অপেক্ষা অনাহারে কষ্ট না পাইবার জন্যে তাহারদের কর্ম্ম করিয়া দেওয়াই শ্রেয়। যাহারা কখন মজুরী করে নাই তাহারদিগকে সরকারী কর্ম্মে আনাইতে হইলে সময় লাগে। ইহা বিবেচনা করিয়া দুর্ভিক্ষের সম্ভাবনা হওয়াতে তদ্রূপ কর্ম্মের বিধান যত শীঘ্রই করা যায় ততই ভাল।

৪। শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব আরো বোধ করেন যে, সাধারণ লোকে খাল খনন প্রভৃতি সরকারী কার্য্যে কর্ম্ম পাইতে ব্যগ্রতা পূর্ব্বক চেষ্টা করিলে উহাই আপদ্বিজ্ঞাপক যন্ত্রের ন্যায় তাহারদের কষ্ট নিরূপণ করিবার এক প্রকারের যন্ত্রস্বরূপ। তদ্দ্বারা লোকদের অবস্থা যত দূর নিরূপণ করা যায় আর কোন উপায়েই প্রায় তত দূর করা যায় না। যে শ্রেণীর ব্যক্তিরা নিজে মজুরী করিয়া দিনপাত করিয়া থাকে তাহারা যত ব্যগ্র হইয়া উক্ত প্রকারের কর্ম্ম পাইতে চেষ্টা করে দেশের মধ্যে আহারের ততই কষ্ট হইয়াছে জানা যাইতে পারিবে। কিন্তু দিন থাকিতে ইহার উপায় না করিলে তাহা কষ্ট নিরূপণের তাদৃশ ফলজনক হইবে না।

৫। দেশের মধ্যে যে কত দূর অভাব হইবে তাহা এইক্ষণে নির্ণয় করিয়া বলা অসাধ্য। বিধাতা দয়া করিয়া অধিক কষ্ট নিবারণ করিবেন, এখনও আমাদের এই আশা হইতেছে। কিন্তু সম্প্রতি যে অবস্থা দেখা যাইতেছে দ্বারায় ইহার অপেক্ষা উৎকৃষ্ট অবস্থা না হইলে খাদ্যের অত্যন্ত অভাব হইবে ও যে নানা এমন ক্ষেত্রে আছে জল সেঁচিয়া তাহা বাঁচাইতে ও চৈতালিক খাদ্য রোপণ করিতে পারিবার আর আশা না থাকিলে লোকদের কর্ম্ম পাইবার অত্যন্ত আবশ্যক হইবে সন্দেহ নাই। অতএব এই ঋতুতে প্রত্যেক জিলার নানা ভাগ বিভাগে সচরাচর পথপ্রভৃতি প্রস্তুত করিবার যে কর্ম্ম হইয়া থাকে শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব তাহা অগোণেই বাড়াইয়া দেওয়া বিহিত জ্ঞান করিয়াছেন। পাটনার ও ভাগলপুরের কমিশ্যনর সাহেবদের সঙ্গে তিনি তদ্রূপ কর্ম্মের পদ্ধতি স্থির করিয়াছেন। যে সময়ে যে স্থানে লোকদের কর্ম্ম পাইবার অপেক্ষা থাকে তিনি স্থানীয় কর্ত্তৃপক্ষদের প্রতি সেই সময়ে কর্ম্মে প্রবর্ত্ত হইয়া তাহা চালাইবার অনুমতি দিয়াছেন। দেশের যে কোন স্থানের অবস্থা বিবেচনায় কর্ম্ম পাইবার আবশ্যক অত্যন্ত প্রত্যক্ষ দেখা যাইতেছে সেই স্থানে কর্ম্মের আরম্ভ হইবে ও লোকদের কর্ম্ম পাইবার সুযোগ করিয়া দেওয়া যাইবে। এমন স্থলে অসাধারণ কোন উপায়দ্বারা অন্যান্য প্রদেশের লোকদিগকে আনাইবার উদ্যোগ হইবে না। কিন্তু স্থানীয় লোকেরা কর্ম্ম চাহিলে তাহারদিগকে দেওয়া যাইবে। সচরাচর যে উপায় করা গিয়া থাকে ও যে প্রকারের কার্য্যের প্রয়োজন আছে তদপেক্ষা অধিক উদ্যোগ করা গেলে তাহা কেবল লোকদিগকে কর্ম্ম দিবার জন্যে জানিতে হইবে। ঐ কার্য্যের জন্যে লোক-দিগকে আনাইবার চেষ্টা করা হইতেছে না। উক্ত কার্য্যের নিমিত্ত স্থানীয় কর্ত্তৃপক্ষদের হাতে যে টাকা থাকে উক্ত প্রকারে অধিক লোককে কর্ম্ম দেওয়াতে ঐ টাকা কম পড়িলে রাজকোষহইতে তাঁহারদের সাহায্য হইবে তাঁহারদিগকে এই কথা জ্ঞাত করা গিয়াছে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১১ নবেম্বর।]

6. General instructions in the spirit of those given to the Commissioners of Patna and Bhaugulpore, have also been given by the Lieutenant-Governor to the Commissioners of Rajshahye and Burdwan, and all Commissioners are now authorized to act in the spirit of these instructions wherever there may be need of such measures.

7. The Northern Bengal Railway runs through districts where there has been the greatest failure of rain, and where there is the greatest apprehension regarding the crops; but the people of those districts are wholly unaccustomed to labor for hire, and it may be doubtful whether they will go far from their homes for work, till they are very hard pressed indeed. It may be a question, then, whether we can rely on a single line of railway for the relief of that country generally. Deeming that roads connecting the various parts with the railway—feeder roads as they are usually called—are a necessary part of the railway system, the Lieutenant-Governor proposes to spread more widely the opportunities of employment by undertaking at the same time roads leading to the principal railway stations. The civil authorities will at once set themselves to devise the lines which will best subserve the traffic of the country, and the engineering staff of the Northern Bengal Railway will be requested to lay out and superintend these lines, which may connect the railway with the Berhampooter river system on the one side, and with the Mahanuddee on the other.

8. The note of the Lieutenant-Governor, published in the Supplement to the *Gazette* of the 10th September, 1873, explained His Honor's views regarding the great importance of improving the means of communication between the populous districts of the west and the insufficiently-peopled districts of the east, and pointed to a scheme of roads from west to east. The north-eastern portion of the Tirhoot district, and the north part of Bhaugulpore, by which such roads would pass, is the very country where the people will be most in need of employment, and these roads should certainly be undertaken at once. Durbhangah may be taken as the point of departure from roads already made, of the great Behar populations which tend to the east in search of labour. Fortunately Mr. Stevens, the able and energetic Engineer of the Durbhangah Estate, is well acquainted with this country, and has already devised the lines of road which he thinks the best. The Lieutenant-Governor has arranged with the Commissioner of Patna and Mr. Stevens, that the latter officer should lay out two lines from Durbhangah to the Koosee river, one in the direct line to Purneah, and the other by Natpore to the north towards Titaliya. The Commissioner of Bhaugulpore is to arrange for the junction of these two lines with Purneah and Titaliya. From Purneah the present metalled road leads to Dengraghat on the Mahanuddee; whence to Dinagepore a line of road is already marked out, which will be taken up as a relief work. From Titaliya the road to Julpigoree may be improved, and thence there is a line by Cooch Behar to the Berhampooter. By these lines, and others in connection with the Northern Bengal Railway, complete means of communication from west to east will, it is hoped, be established north of the Ganges. Further to the south, the line from Rajmehal to Dinagepore should also receive attention.

9. In Burdwan a work already discussed, viz., the connection of the Damoodah with the Kana Nuddee, has already been put in hand, partly in the hope of obtaining an immediate supply of water, and partly in order to give employment.

In this same part of the country there has been much complaint of the want of good tanks for drinking water, of petty drainage channels, and such like improvements. There can be no doubt that petty works of this kind are at least as useful as larger works, and they certainly bring employment more effectually to the homes of the people. But, on the other hand, it would be impossible for Government to undertake and superintend such works of local improvement on private property. The Lieutenant-Governor has, however, instructed the Commissioner to ascertain whether it might be arranged that private landholders should undertake such works, Government, if necessary, advancing the money on the security of the estates. He feels sure that if the upper classes feel the duties of their position, such an arrangement should be gladly accepted by them, and be very feasible.

[*Government Gazette*, 11*th November* 1873.]

৬। পাটনার ও ভাগলপুরের কমিশ্যনর সাহেবদিগকে যে ভাবের আদেশ করা গিয়াছে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব রাজশাহীর ও বর্দ্ধমানের কমিশ্যনর সাহেবদিগকেও সেই ভাবানুযায়ি আদেশ করিয়াছেন। এইক্ষণে সকল কমিশ্যনর সাহেবকেও এই অনুমতি দেওয়া গেল যে উক্ত প্রকারে কর্ম্ম দিবার কোন উপায়ের প্রয়োজন থাকিলে তাঁহারা সেই আদেশের ভাবানুসারে কর্ম্ম করিবেন।

৭। যেং প্রদেশে বৃষ্টির অত্যন্ত অভাবপ্রযুক্ত শস্য নষ্ট হইবার বিশেষ আশঙ্কা জন্মিয়াছে বঙ্গদেশের উত্তরাংশের রেলপথ সেইং প্রদেশের মধ্যদিয়া চলিয়া যাইবে। কিন্তু সেইং প্রদেশের লোকদেরমধ্যে মজুরী করিবার রীতি প্রায় নাই আর অত্যন্ত কষ্ট না হইলে যে তাহারা কর্ম্মের জন্যে আপনারদের নিবাসের কিছু দূরস্থানে যাইবে ইহার সন্দেহ হইতে পারে। অতএব সেইং প্রদেশের উপকারের জন্যে একি রেলপথের প্রতি আমাদের নির্ভর হইতে পারে কি না সন্দেহ। স্থানেং রেলপথে পঁহুছিবার জন্যে অন্যান্য পথ করা রেলরোডসম্পর্কীয় আবশ্যক নিয়ম জ্ঞান করিয়া শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব প্রধানং সকল নগরাদিহইতে রেলপথপর্য্যন্ত নূতন পথ প্রস্তুত করাইয়া লোকদের কর্ম্ম পাইবার বিধান করিতে চাহিয়াছেন। অতএব যে প্রকারের পথ করিলে দেশের মধ্যে বাণিজ্যাদি কার্য্যের অত্যন্ত উপকার হইবার সম্ভাবনা, দেওয়ানী কর্ত্তৃপক্ষেরা ত্বরায় সেই পথের নকশা করিবেন এবং বঙ্গদেশের উত্তরাংশের রেলওয়ের ইঞ্জিনিয়র সাহেবেরা সেই পথের চিহ্ন দিয়া ঐ কার্য্যের তত্ত্বাবধারণ করিবেন। সেইং পথদ্বারা এক দিগে ব্রহ্মপুত্র নদের সঙ্গে, অন্য দিগে মহানদীর সঙ্গে রেলপথের যোগ হইবে।

৮। পশ্চিম দিগের বহুজনাকীর্ণ প্রদেশের ও পূর্ব্ব দিগের অল্পজনাকীর্ণ প্রদেশের মধ্যে গমনাগমনের সদুপায় করণের আবশ্যকবিষয়ে মান্যবরের যে অভিমত আছে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ১৮৭৩ সালের ১০ সেপ্টেম্বরের গেজেটের পরিশিষ্টপত্রে তাহা প্রকাশ করিয়া পশ্চিম দিগহইতে পূর্ব্ব দিগপর্য্যন্ত পথ প্রস্তুত করিবার নিয়ম দেখাইয়া দিয়াছিলেন। ঐং পথ ত্রিহুত জিলার উত্তর পূর্ব্ব অংশ ও ভাগলপুরের উত্তর অংশ দিয়া চলিয়া যাইবে। সেইং দেশের লোকদের কর্ম্ম পাইবার বিশেষ প্রয়োজন হইয়া থাকিবে। অতএব সেইং পথ ত্বরায় প্রস্তুত করিবার চেষ্টা করিতে হইবে। বহুজনাকীর্ণ বেহার প্রদেশের লোকেরা কর্ম্মের চেষ্টায় পূর্ব্বদিগে গিয়া থাকে, এইক্ষণে ঐ দেশের যেং পথ আছে দরভাঙ্গা মূলস্থান করিয়া তথাহইতে আরং পথ করা যাইবে। দরভাঙ্গার ইস্টেটের অধ্যক্ষতাপন্ন ও সুদক্ষ ইঞ্জিনিয়র শ্রীযুত ফিটস্ সাহেব ঐ দেশ উত্তমরূপে জানেন ও উক্ত পথ যেং দিগ দিয়া গেলে উত্তম হয় ইহার নকশা করিয়া দিয়াছেন। তাঁহার সঙ্গে ও পাটনার কমিশ্যনর সাহেবের সঙ্গে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব এই নিয়ম করিয়াছেন, শ্রীযুত ফিটস্ সাহেব দরভাঙ্গাহইতে কশুই নদীপর্য্যন্ত দুই পথ করিবেন, একটি সোজাসুজি পূর্ণিয়ার দিগে, আর একটি নাটপুর দিয়া উত্তর মুখে তেঁতুলিয়ার দিগে যাইবে। ভাগলপুরের কমিশ্যনর সাহেব পূর্ণিয়ার ও তেঁতুলিয়ার সঙ্গে ঐ দুই পথ সংযোগ করিবার নিয়ম করিবেন। পূর্ণিয়াহইতে এক পাতরীয়া পথ মহানদীর ডেঙ্গর ঘাটে যায়, তথাহইতে দিনাজপুরে পঁহুছিবার একটি পথের চিহ্ন করা গিয়াছে, দুঃখি প্রজাদিগকে কর্ম্ম দিবার জন্যে ঐ পথ করিতে একেবারে প্রবর্ত্ত হইতে হইবে। তেঁতুলিয়াহইতে জলপাইগুড়িতে যাইবার পথ আরো উত্তম করা যাইতে পারিবে, তথাহইতে কুচবিহার দিয়া ব্রহ্মপুত্র নদে পঁহুছিতে পারা যায়। এইং পথ ও বঙ্গদেশের উত্তরাংশের রেলওয়েসংক্রান্ত অন্যং পথ করা গেলে গঙ্গার উত্তর দিগে পশ্চিম দেশহইতে পূর্ব্ব দেশপর্য্যন্ত যাতায়াত করিবার সুবিধান হইবার আশা হইতেছে ইহার দক্ষিণে রাজমহলহইতে দিনাজপুরপর্য্যন্ত পথ করিবার বিষয়ে মনোযোগ করা কর্ত্তব্য।

৯। বর্দ্ধমানে কানা নদীর সঙ্গে দামোদর নদের সংযোগ করিবার বিষয়ে পূর্ব্বেও বিবেচনা হইয়াছে। এইক্ষণে সেই কর্ম্ম আরম্ভ হইল ইহার দ্বারা ত্বরায় জলেরস্রোত হইবে অথচ লোকদিগকে কর্ম্ম দেওয়া হইবে।

উক্ত দেশে খাইবার জলের পুষ্করিণীর অভাবে ও জল বাহির হইবার ক্ষুদ্র নালা প্রভৃতি দেশের সৌষ্ঠব করণের উপায় না থাকাতে অনেক আক্ষেপ প্রকাশ হইয়াছে। বৃহৎং কর্ম্ম যেমন উপকারজনক উক্ত ক্ষুদ্রতর কর্ম্ম তদপেক্ষা উপকারজনক না হইলেও তত্তুল্যই উপকারজনক হয় ইহার সন্দেহ নাই। তদ্ভিন্ন এই উপায়ে লোকদের দ্বারেং‌ই কর্ম্ম আনাইয়া দেওয়া যাইবে। পরন্তু ব্যক্তিবিশেষের সম্পত্তিগত ভূমির মধ্যেই স্থানীয় সৌষ্ঠবার্থ উক্ত প্রকারের কর্ম্মে প্রবর্ত্ত হইয়া তাহার তত্ত্বাবধারণ করা গবর্ণমেন্টের অসাধ্য। অতএব ভূম্যধিকারিরা সেই প্রকারের কর্ম্মে প্রবর্ত্ত হইবার নিয়ম করিতে পারেন কি না ইহা জানিবার জন্যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কমিশ্যনর সাহেবকে আদেশ করিয়াছেন। প্রয়োজন থাকিলে গবর্ণমেন্ট তাঁহারদের মহাল জামিনস্বরূপ রাখিয়া ঐ কর্ম্ম চালাইবার টাকা দিতে পারিবেন। উক্ত শ্রেণীর মহোদয়গণ আপনারদের উচ্চাবস্থাসংক্রান্ত কর্ত্তব্য কর্ম্ম জ্ঞাত থাকিলে আহ্লাদপূর্ব্বক এই প্রস্তাব গ্রাহ্য করিবেন শ্রীযুত ইহা নিশ্চয়মতে জানেন। আর তাহা করিলে সহজেই ঐ নিয়মমতে কর্ম্ম হইতে পারিবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ১১ নবেম্বর।]

10. The Lieutenant-Governor feels sure that he may trust to the zeal and energy of the local officers to give effect to these orders, and that, whatever need may arise, they will not be found wanting. He feels that he can count on the thorough assistance of the European settlers. He would also express the earnest hope that the officers of Government will have the aid and co-operations of the native landholders, and generally of those classes of natives whose wealth, influence and position may enable them to contribute to the duty of assisting their poorer fellow-countrymen. The most effective work cannot be done without that assistance.

By order of the Lieutenant-Governor of Bengal,

C. BERNARD,

Offg. Secretary to the Govt. of Bengal.

No. 481BC, dated Simla, the 28th October, 1873.

RESOLUTION—By the Government of India, Public Works Department.

The Governor-General in Council has learned with deep regret that the prospects of the crops in parts of Bengal are such that it will no doubt be necessary shortly to find work for the people as a means of relief. Where such relief becomes an urgent necessity, works must be undertaken for the purpose, if there are no well considered projects already under execution, or in such a state of preparation that they can be at once set in hand.

2. The parts of the country reported to be in the most urgent need are the Patna Division and the Rajshahye Division.

3. In the southern part of the former of these tracts, the Soane Canal project is in course of execution, and the Lieutenant-Governor of Bengal is authorized to extend active operations at once to all the branches where relief works are required, working on the rough estimates where detailed estimates are not ready. But where there are detailed estimates for works sufficiently near, such works should be preferred to those for which estimates are not yet ready.

4. In order to strengthen the engineering staff of the Soane Canals, the Government of the North-Western Provinces will be requested to hold in readiness a Superintending Engineer and the establishment of the Eastern Ganges Canal survey, to proceed to Behar on the requisition of the Government of Bengal, and the Government of the Punjab will likewise hold in readiness the engineers of survey division of the Baree Doal Canal.

5. In the northern part of the Patna Division there is no large project in course of execution, and works, if required, must be selected from local projects, unless the lately deferred scheme for the revision of the Gunduck Embankment (Bengal Government letter No. 4640, dated 13th September, 1873) should be found a suitable source of employment.

6. In the Rajshahye Division, the Northern Bengal Railway project has lately been completed, and was referred to the Secretary of State for sanction in the Government of India's despatch, No. 204R of the 15th instant. In anticipation of the approval of Her Majesty's Government, the Governor-General in Council is now pleased to sanction the immediate commencement of work on this railway. To strengthen the engineering staff, the greater part of the engineers now employed under Mr. Cellet in surveying for the projected Western Rajpootana Railway will be withdrawn and attached to the Northern Bengal Railway.

[*Government Gazette,* 11*th November* 1873.

১০। স্থানেং যে সকল কর্ত্তৃপক্ষ আছেন তাঁহারা মনোযোগপূর্ব্বক ও সুদক্ষভাবে এই আদেশ সকল করিতে ত্রুটি করিবেন না ও অন্য যে বিষয়ের অভাব থাকুক তাঁহাদেরই উদ্যোগ ভঙ্গ না হয় শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের এই দৃঢ় আশা। ইউরোপীয় যে সকল লোক এতদ্দেশে বাস করেন তাঁহারা সম্পূর্ণরূপে সহকারিতা করিবেন ইহা তিনি নিশ্চয় জানেন। এতদ্দেশীয় ভূম্যধিকারিরাও এবং ধন ও মান ও উন্নতাবস্থাপ্রযুক্ত অন্য যেং শ্রেণীর লোকেরা কর্ত্তব্য কর্ম্মে হস্তক্ষেপ করিয়া স্বদেশীয় দরিদ্রদের উপকার করিতে সক্ষম, তাঁহারাও গবর্ণমেন্টের কর্ত্তৃপক্ষদের সহায় হইয়া সহকারিতা করিবেন শ্রীযুতের এই দৃঢ় আশা। ফলতঃ তাহারদের সাহায্য না হইলে অত্যন্ত উপকারি কর্ম্মও সফল হইতে পারিবে না।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের আজ্ঞাক্রমে।

সি, বর্ণার্ড,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

---

৪৩১ B. C. নম্বর। সিমলা, ১৮৭৩ সাল ২৮ অক্টোবর,

পবলিক ওর্কস ডিপার্টমেন্টে ভারতবর্ষের গবর্ণমেন্টের নির্দ্ধারণ।

বঙ্গদেশের স্থানেং শস্যের অবস্থা দেখিয়া অল্প কালের মধ্যেই লোকেরদের উপকারের জন্যে কর্ম্মের বিধান করিয়া দেওয়া আবশ্যক হইবে শুনিয়া মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেব অত্যন্ত আক্ষেপ করিয়াছেন। তদ্রূপ উপকার যখন অত্যন্ত আবশ্যক হইয়া উঠিয়াছে তখন যদ্যপি প্রস্তুত কল্পরূপ যে কার্য্য সুবিবেচনাপূর্ব্বক এইক্ষণে সম্পাদন হইতে চলিয়াছে কিম্বা যে কর্ম্মের প্রথম সূত্রপাত হইয়া আরম্ভ করা যাইতে পারিবে এমত কোন কর্ম্মে প্রবর্ত্ত হইতেই হইবে।

২। দেশের অন্যং স্থানাপেক্ষা পাটনা ও রাজশাহীখণ্ডে উপকার পাইবার বিশেষ প্রয়োজন এমত রিপোর্ট পাওয়া গিয়াছে।

৩। পাটনাখণ্ডের দক্ষিণাংশে সোণ খালের কর্ম্ম চালান হইতে লাগিয়াছে। ও তাহার যে সকল শাখায় লোকদের উপকারের জন্যে কর্ম্ম চালান প্রয়োজন, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবর্নর সাহেবের প্রতি সেই শাখায় ও কর্ম্ম চালাইবার অনুমতি দেওয়া গিয়াছে, আর কার্য্যের সবিশেষ ইষ্টিমেট প্রস্তুত না থাকিলে স্থূলরূপে প্রস্তুত ইষ্টিমেটমতে কর্ম্ম করা যাইতে পারিবে। কিন্তু নিকট কোন স্থানের সবিশেষ ইষ্টিমেট প্রস্তুত থাকিলে তাহাই প্রথমে চালাইতে হইবে, অন্য যে কার্য্যের ইষ্টিমেট প্রস্তুত হয় নাই তাহার কিছু বিলম্ব হইতে পারিলে ভাল হয়।

৪। সোণখালে যাঁহারা ইঞ্জিনিয়রি কর্ম্ম করেন তাঁহারদের সংখ্যা বৃদ্ধি করিবার জন্যে উত্তর পশ্চিম দেশের গবর্ণমেন্টের প্রতি একজন সুপরিন্টেণ্ডিং ইঞ্জিনিয়র সাহেবকে ও গঙ্গার পূর্ব্ব দিগের খালের জরীপী কর্ম্মে নিযুক্ত কর্ম্মকারকদিগকে প্রস্তুত করিয়া রাখিতে আদেশ হইল। বঙ্গদেশের গবর্ণমেন্টের আজ্ঞা হইলেই তাঁহারা বেহারে যাইবেন। পঞ্জাবের গবর্ণমেন্টের প্রতিও বারীদোয়াব খালের জরীপাখণ্ডের ইঞ্জিনিয়রদিগকে প্রস্তুত রাখিতে আদেশ হইয়াছে।

৫। পাটনাখণ্ডের উত্তরাংশে কোন বড় কার্য্য এইক্ষণে চলিতেছে না। সেইদিগে লোকদিগকে কর্ম্ম দেওয়ার প্রয়োজন হইলে তৎস্থানীয় কোন একটা সঙ্কল্পিত কর্ম্মে প্রবর্ত্ত হইতে হইবে। বঙ্গদেশের গবর্ণমেন্টের ১৮৭৩ সালের ১৩ সেপ্টেম্বরের ৪৬৪০ নং পত্রে গণ্ডকের বাঁধের যে কথা উল্লেখ হইয়াছে তাহা বিলম্বে করিতে স্থির করা গিয়াছিল কিন্তু তদ্দ্বারা লোকদিগকে উপযুক্ত কর্ম্ম দেওয়াইয়া উপকার হইতে পারিলে তাহাও চালান যাইতে পারিবে।

৬। রাজশাহী খণ্ডে বঙ্গদেশের উত্তরাংশের রেলপথ করিবার প্রথমস্থলীয় নিয়মের বিধান করা গিয়াছে ও ভারতবর্ষের গবর্ণমেন্টের বর্ত্তমান মাসের ১৫ তারিখের ২০৪ R নং পত্রে তদ্বিষয়ে শ্রীযুত ষ্টেট সেক্রেটরী সাহেবের অনুমতি প্রার্থনা করা গিয়াছে। শ্রীশ্রীমতীর গবর্ণমেন্টের অনুমোদনের অপেক্ষায় মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবর্নর জেনরল সাহেব ঐ রেলপথের কর্ম্ম অগৌণে আরম্ভ হইবার অনুমতি দিয়াছেন। তৎস্থানের ইঞ্জিনিয়রী কর্ম্মকারকদের সংখ্যা বৃদ্ধি করিবার জন্যে যে ইঞ্জিনিয়রেরা এইক্ষণে শ্রীযুত কলেট সাহেবের অধীনে রাজপুতানার পশ্চিমদিগের সঙ্কল্পিত রেলপথের জরীপীকার্য্যে নিযুক্ত আছেন তাঁহারদিগকে সেই কর্ম্মহইতে অবসর করিয়া বঙ্গদেশের উত্তরাংশের রেলপথের কর্ম্মে নিযুক্ত করা যাইবে।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ১৯ নবেম্বর।]

7. Such funds as may be required for the Northern Bengal Railway and for relief works, and such additional funds as may be required for the more active prosecution of work on the Soane Canals, should be applied for at once by the Government of Bengal. For the Railway and the Soane Canal works, the funds will be assigned under the extraordinary grant; for the other works not classed as loan works, the charge will fall on the provincial revenues, or if necessary, on the imperial revenues of the year.

8. In the spring of 1869, when great scarcity existed in Upper India, the Government of India considered it right to endeavour to equalize the supplies of food-grains over a large area by arranging with the Guaranteed Railway Companies that they should lower their rates for the carriage of such grains to $\frac{1}{8}$th pie per maund mile (which was believed to be approximately the actual cost of carriage), and charge the loss that the railways would thus incur to the Government. It may possibly be again necessary to resort to this measure in some parts of the country; and should this be the case, the Government of India will be prepared to incur the same liability. In this view the Consulting Engineer to the Government of India for Guaranteed Railways at Calcutta should be directed to place himself forthwith in communication with the Government of Bengal, and to do everything in his power to give effect to such instructions as he may receive from the Lieutenant-Governor. The Governor-General in Council will await an expression of His Honor's opinion on this point before taking final action in the matter.

9. In making provision for this possible contingency, the Governor-General in Council relies on the hearty co-operation of the representatives of each Railway Company, and feels that the Government may rest assured that this will be given.

10. For further instructions for general guidance, the Governor-General in Council desires that the attention of officers in the Public Works Department may be drawn to the Resolution of the Government of India in the Public Works Department, No. 248-59J of 24th September, 1868, which should be republished with the present Resolution.—Chapter XIIIA of the Public Works Department Code contains a revision of the rules originally published with the Resolution of 1865.

C. H. DICKENS, *Col., R.A.*,
Secretary to the Government of India.

ORDERS BY THE LIEUTENANT-GOVERNOR OF BENGAL.

REVENUE AND GENERAL DEPARTMENTS.

No. 1679.

GENERAL.—*The 28th October* 1873.—Bhuyan Abdur Rahman Khan, Sub-Deputy Collector of Bhuddruck, is vested with the powers of a Magistrate of the Third Class.

Mr. Frederick William Joseph Rees, B.A., is appointed to be a member of the Central Examination Committee.

The 29th October 1873.—The following persons are appointed to be Honorary Magistrates in the district of Julpigoree, and are vested with the powers of a Magistrate of the Third Class:—

Baboo Bany Madhub Dutt, M.A. and B.L., Government Pleader.

„ Debi Churn Das, Boshnia Rajbungsi, ryot and putwari in Khas Mehal.

„ Moshubbur, Boshnia Rajbungsi, tehsildar of Moraghat.

„ Ramkristo Das, Rajbungsi jotedar, late peshkar of Ryob and Byeuntopore.

The 1st November 1873.—Under Section 85 of Act VII of 1871 (the Indian Emigration Act), the Lieutenant-Governor has authorized Mr. F. W. J. Rees, B.A., Officiating Joint-Magistrate and Deputy Collector, 24-Pergunnahs, to perform the duties and exercise the

৭। বঙ্গদেশের উত্তরাংশের রেলপথের ও লোকহেতু উপকারার্থ কর্ম্মের নিমিত্ত, আর সোণ-খালের কর্ম্ম ত্বরায় চালাইবার নিমিত্ত আর যত টাকার প্রয়োজন হইতে পারিবে বঙ্গদেশের গবর্ণমেণ্টের অগোণে সেই টাকা পাইবার প্রার্থনা করা উচিত। রেলপথের ও সোণখালের কর্ম্মের নিমিত্ত যে টাকা দেওয়া যায় তাহা অতিরিক্ত দত্ত টাকাহইতে নিরূপণ করা যাইবে। অন্য যে সকল কর্ম্ম লোকহিত কর্ম্ম বলিয়া শ্রেণীবদ্ধ হয় নাই, তাহার খরচ বঙ্গদেশীয় বার্ষিক রাজস্বহইতে কিম্বা আবশ্যক হইলে রাজকীয় রাজস্বহইতে দেওয়া যাইবে।

৮। ১৮৬৯ সালের বসন্তকালে ভারতবর্ষের উত্তরাংশে আহারীয় দ্রব্যের কষ্ট হইলে ভারতবর্ষের গবর্ণমেণ্ট অনেক দূর ব্যাপ্ত দেশে লোকদের আহারীয় শস্যাদি সমানরূপে পাইতে পারিবার উদ্যোগ করিয়া গারাণ্টী রেলওয়ে কোম্পানির সঙ্গে এমন নিয়ম করিলেন যে তাঁহারা শস্যের ভাড়া কমাইয়া দিয়া মাইলপ্রতি মণের উপর আড়াই ক্রান্তি লইলেন। তাহাই যথার্থ বহনী খরচ বলিয়া ধরা গেল। ইহাতে রেলপথের ক্ষতি হইলে গবর্ণমেণ্ট তাহা শোধ করিতে স্বীকার করিলেন। এইবারও দেশের কোনং স্থানে সেই প্রকারের নিয়ম করা আবশ্যক হইয়া উঠিতে পারিবে, তাহা হইলে গবর্ণমেণ্ট সেই প্রকারে ক্ষতিপূরণও করিতে প্রস্তুত আছেন। এই উপলক্ষে কলিকাতার যিনি গারাণ্টী রেলওয়ের পক্ষে ভারতবর্ষের গবর্ণমেণ্টের কনসলটিং ইঞ্জিনিয়র হন তাঁহার কর্ত্তব্য যে অগোণেই বঙ্গদেশের গবর্ণমেণ্টের সঙ্গে লিখনপঠন করেন ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের স্থানে যে আদেশ পান সাধ্যানুসারে সেই আদেশমতে কর্ম্ম করেন। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব এই বিষয়ে চূড়ান্তভাবে কোন কর্ম্ম করিবার পূর্ব্বে মান্যবর সাহেবের অভিমত জানিবার অপেক্ষায় থাকিলেন।

৯। সম্ভাবিত বিপত্তিহেতুক উক্ত নিয়ম করিবার প্রয়োজন হইলে মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব প্রত্যেক রেলওয়ে কোম্পানির প্রতিনিধিদের মনেরসহিত সহকারিতার প্রতি নির্ভর করিতেছেন ও তাঁহারা সহকারিতা করিবেন এই বিষয়ে তাঁহার সন্দেহমাত্র নাই।

১০। কার্য্যপদ্ধতি জানিবার নিমিত্ত আর উপদেশের প্রয়োজন হইলে পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে ভারতবর্ষের গবর্ণমেণ্টের ১৮৬৮ সালের ২৪ সেপ্টেম্বরের ২৪৮-৫৯ J নম্বরের যে নির্দ্ধারণ হইয়াছিল মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেব পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের কার্য্যকারকদিগকে সেই নির্দ্ধারণপত্রে মনোযোগ করিতে আদেশ করিলেন। এই পত্রের সঙ্গে সেই পত্রখানিও প্রচার করা উচিত। ১৮৬৫ সালের নির্দ্ধারণপত্রের সহিত যে বিধি প্রথমে প্রকাশ হইয়াছিল, পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের বিধিসংগ্রহের ১৩ অধ্যায়ে তাহার সংশোধিত বিধি প্রকাশ হইয়াছে।

সি, এচ, ডিকিন্স, কর্ণেল, আর, এ,
ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞা।

রেবিনিউ ও জেনরল ডিপার্টমেণ্ট।

১৬৭৯ নম্বর।

জেনরল।—১৮৭৩ সাল ২৮ অক্টোবর।—ভদ্রকের সব-ডেপুটী কালেক্টর শ্রীযুত ভুঁয়ে আবদুর রহমান খাঁ তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত ফ্রেড্রিক উলিয়ম জোসেফ রীস সাহেব, বি, এ, সদর পরীক্ষক কমিটীর মেম্বরের পদে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৩ সাল ২৯ অক্টোবর।—নিম্নলিখিত মহাশয়েরা জলপাইগুড়ি জিলায় অবৈতনিক মাজিষ্ট্রেটের পদে নিযুক্ত হইয়া তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা পাইয়াছেন।

শ্রীযুত বাবু বেণীমাধব দত্ত, এম, এ, ও বি, এল, গবর্ণমেণ্টের উকীল।
,, ,, দেবীচরণ দাস বোদানিয়া রাজবংশী, খাস মহালের রায়ত ও পাটওয়ারী।
,, ,, মনবর, বোদানিয়া রাজবংশী মোরা ঘাটের তহসীলদার।
,, ,, রামকৃষ্ণ দাস, রাজবংশী যোতদার, রায়ব ও বৈকুণ্ঠপুরের ভূতপূর্ব্ব পেশকার।

১৮৭৩ সাল ১ নবেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব ভিন্নদেশ গমনবিষয়ক ১৮৭১ সালের ৭ আইনের ৮৫ ধারামতে ২৪ পরগনার একটিং জাইণ্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী-কালেক্টর শ্রীযুত এফ ডবলিউ জে রীস, বি, এ, সাহেবকে উক্ত আইনমতে ঐ জিলার মাজিষ্ট্রেটের কর্ম্ম নির্ব্বাহ করিতে ক্ষমতা দিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ১১ নবেম্বর।]

powers of the Magistrate of the district under that Act. Mr. Rees is appointed to be Chairman of the South Suburban Town Municipality.

Mr. John Barlow, on leave, is appointed to be an Assistant to the Magistrate and Collector of Gya, but to continue to officiate as a Joint-Magistrate and Deputy Collector of the Second Grade.

Mr. John Edward Beevor Jeffery, in charge of the Serampore Division, is appointed, under Section 4, Act V (B.C.) of 1871, to be a Drainage Commissioner for carrying out the provisions of that Act, with effect from the 26th July last.

The 3rd November 1873.—Mr. Charles Dickenson Field, M.A. and LL.D., Officiating Additional District and Sessions Judge of Hooghly and the 24-Pergunnahs, is appointed also to officiate temporarily as District and Sessions Judge of Hooghly during Mr. H. T. Prinsep's absence on duty.

The 4th November 1873.—Mr. James Austin Bourdillon, Officiating Joint-Magistrate and Deputy Collector, in charge of the Jehanabad Division in Gya, is vested with the powers of a Collector under Act X of 1870 for the purpose of taking up lands for the Jehanabad Lock-up, and Jehanabad and Urwal Road.

Mr. Anthony Patrick MacDonnell, B.A., Assistant Magistrate and Collector, recently posted to the Patna Division, is appointed to have temporary charge of the Durbhungah Division in Tirhoot.

Mr. Andrew William Cochran, Assistant Magistrate and Collector, in temporary charge of Durbhungah, is appointed to have charge of the Mudhoobanee Division in Tirhoot.

Mr. Henry Blunt Beames, Deputy Magistrate and Deputy Collector, recently transferred to the Patna Division, is appointed to have charge of the Nowada Division in Gya.

LEGISLATIVE.—*The 4th November* 1873.—The Hon'ble F. F. Wyman has resigned his seat in the Lieutenant-Governor's Council for making Laws and Regulations.

POLICE.—*The 29th October* 1873.—Mr. Henry Maxwell Reily, District Superintendent of Police, on special duty in the Garo Hills, is allowed privilege leave for one month and nine days, under Section 18 of the Civil Leave Code.

The 1st November 1873.—Mr. Edward Alfred Vines, District Superintendent of Police, Pubna, is allowed two years' leave of absence under Section 3, Supplement F of the Civil Leave Code, with effect from the 26th June last, the date on which he was relieved of his duties.

ECCLESIASTICAL.—*The 3rd November* 1873.—The services of the Reverend C. C. T. Fagan, Chaplain of St. Paul's Cathedral, are placed at the disposal of the Punjab Government.

The 4th November 1873.—The services of the Revd. John Stephenson, returned from furlough, are placed at the disposal of the Government of the North-Western Provinces.

MEDICAL.—*The 29th October* 1873.—Sub-Assistant Surgeon Haran Chunder Das, a supernumerary at the Presidency, is appointed temporarily to assist Surgeon S. Brereton, Officiating Civil Surgeon of the Chittagong Hill Tracts, during his illness and that of his Assistant.

OPIUM.—*The 3rd November* 1873.—Mr. Henry Matthews, Officiating Sub-Deputy Opium Agent of Lucknow, was allowed privilege leave for one month from the 8th ultimo, under Section 18 of the Civil Leave Code.

Mr. John Rea Mawson, Assistant Sub-Deputy Opium Agent of Barabunkee, was allowed privilege leave for one month from the 1st ultimo, under Section 18 of the Civil Leave Code.

C. BERNARD,
Offg. Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 27th October 1873.—A plan and estimate, amounting to Rs. 24,439, for the construction of the Strand Bank Road in front of the Eastern Bengal Railway Station at Chitpore, having been submitted by the Vice-Chairman to the Commissioners for making Improvements in the Port of Calcutta with his letter No. 4067, dated the 11th of October 1873, the Lieutenant-Governor has been pleased to sanction the construction under Section 35, Act V (B.C.) of 1870.

C. BERNARD,
Offg. Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette,* 11*th November* 1873.]

মাজিষ্ট্রেটের ক্ষমতা মতে কর্ম্ম করিতে ক্ষমতা দিয়াছেন। শ্রীযুত গ্রীন সাহেব দক্ষিণ শাহাবাদের মুনিসিপালিটীর সভাপতিপদে নিযুক্ত হইলেন।

শ্রীযুত জান বার্লো সাহেব গয়ার মাজিষ্ট্রেটের ও কালেক্টর সাহেবের আসিষ্টান্টের পদে নিযুক্ত হইয়াছেন, কিন্তু দ্বিতীয় শ্রেণীর জাইন্ট মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টরের কর্ম্ম করিতে থাকিবেন। ইনি ছুটী লইয়াছেন।

শ্রীরামপুর মহকুমার অধ্যক্ষতা ভার প্রাপ্ত শ্রীযুত জান এডওয়ার্ড বীমস্ জেফ্রি সাহেব ১৮৭১ সালের বঙ্গীয় ৫ আইনের বিধান সকল করণার্থে উক্ত আইনের ৪ ধারামতে গত জুলাই মাসের ২৬ তারিখ অবধি নিযুক্ত হইয়াছেন।

১৮৭৩ সাল ৩ নবেম্বর।—রাজকার্য্যোপলক্ষে শ্রীযুত এচ টি প্রিন্সেপ সাহেবের অনুপস্থানকালে হুগলী ও ২৪ পরগনার একটিং আডিশানল ডিষ্ট্রিক্ট ও সেশন জজ শ্রীযুত চারলস ডিকিন্সন ফিলড সাহেব, এম, এ, ও এল, এল, ডি, কিয়ৎকালের নিমিত্তে হুগলীর ডিষ্ট্রিক্ট ও সেশন জজের কর্ম্ম করিবেন।

১৮৭৩ সাল ৪ নবেম্বর।—গয়ার অন্তর্গত জাহানাবাদ মহকুমার অধ্যক্ষতা ভার প্রাপ্ত একটিং জাইন্ট-মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত জেমস অষ্টিন বুরডিলন সাহেব জাহানাবাদের কাঁজিঘরের ও জাহানাবাদ ও অরওলের পথের নিমিত্তে ভূমি গ্রহণার্থে ১৮৭০ সালের ১০ আইনমতে কালেক্টরেরা ক্ষমতা পাইয়াছেন।

পাটনাখণ্ডে সম্প্রতি অবস্থিত আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আণ্টনি পাট্রিক মাকডনেল সাহেব, বি, এ, কিয়ৎকালের নিমিত্তে ত্রিহুতের অন্তর্গত দরভঙ্গা মহকুমার অধ্যক্ষতা ভার পাইবেন।

দরভঙ্গার কিয়ৎকালীন অধ্যক্ষতা ভার প্রাপ্ত আসিষ্টান্ট মাজিষ্ট্রেট ও কালেক্টর শ্রীযুত আমুক্ত উলিয়ম ককুরান্ সাহেব ত্রিহুতের অন্তর্গত মধুবান মহকুমার অধ্যক্ষতা ভার পাইবেন।

পাটনাখণ্ডে সম্প্রতি প্রেরিত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর শ্রীযুত হেনরি ব্লন্ট বীমস সাহেব গয়ার অন্তর্গত নবদহের অধ্যক্ষতা ভার পাইবেন।

ব্যবস্থাপন সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৩ সাল ৫ নবেম্বর।—মাননীয় জাস্তি এফ এফ ওয়াইমান সাহেব আইন ও ব্যবস্থা প্রণয়নার্থ বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের মন্ত্রিসভার আসন ত্যাগ করিয়াছেন।

পোলীস সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৩ সাল ২৯ অক্টোবর।—গারো পর্ব্বতে বিশেষ কার্য্যার্থে প্রেরিত পোলীসের ডিষ্ট্রিক্ট সুপারিন্টেণ্ডেন্ট শ্রীযুত হেনরি মাক্সওয়েল রাইলী সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে এক মাস নয় দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

১৮৭৩ সাল ১ নবেম্বর।—পাবনার পোলীসের ডিষ্ট্রিক্ট সুপারিন্টেণ্ডেন্ট শ্রীযুত এডওয়ার্ড আলফ্রেড বাইজ সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর ৫ চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে গত জুন মাসের ২৬ তারিখঅবধি দুই বৎসর ছুটী পাইয়াছেন। উক্ত তারিখে তিনি অন্যের প্রতি কর্ম্মের ভারার্পণ করেন।

চিকিৎসাসম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৩ সাল ২৯ অক্টোবর।—একটিং সিবিল চিকিৎসক সরজন শ্রীযুত এস ব্রিটন সাহেবের ও তাঁহার সহকারির পীড়াকালে রাজধানীতে অতিরিক্ত সব-আসিষ্টান্ট চিকিৎসক শ্রীযুত কারণচন্দ্র দাস চট্টগ্রামের পর্ব্বতীয় দেশের ও তাঁহাদের সাহায্যার্থে কিয়ৎকালের নিমিত্তে নিযুক্ত হইয়াছেন।

আফীন সম্পর্কীয় বিজ্ঞাপন।—১৮৭৩ সাল ১ নবেম্বর।—লক্ষ্মৌয়ের আফীমের একটিং সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত হেনরি মাথিউস সাহেব, সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে গত মাসের ৮ তারিখঅবধি এক মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন।

বারাবাঁকীর আফীমের আসিষ্টান্ট সব-ডেপুটী এজেন্ট শ্রীযুত জাসরে মাসন সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর বিধির ১৮ ধারামতে গত মাসের ১ তারিখ অবধি এক মাস অনুগ্রহের ছুটী পান।

সি, বর্নার্ড,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ২৭ অক্টোবর।—কলিকাতাবন্দর সৌষ্ঠব করণার্থ কমিশ্যনরদের সভাপতি সাহেব ১৮৭৩ সালের অক্টোবর মাসের ১১ তারিখের ৪০৬৭ নম্বরের পত্রের সঙ্গে চিৎপুরে ইষ্টর্ন বেঙ্গল রেলওয়ে ষ্টেশনের সম্মুখে গঙ্গার ধারের পথের নকশা ও তাহা প্রস্তুত করণার্থে ২৪,৪৩৯ টাকা ইষ্টিমেট প্রেরণ করেন, ও শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব ১৮৭০ সালের বঙ্গীয় ৫ আইনের ৩৫ ধারামতে তাহা প্রস্তুত করিবার অনুমতি দিয়াছেন।

সি, বর্নার্ড,
বঙ্গদেশের গবর্ণমেন্টের একটিং সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ১১ নবেম্বর।]

JUDICIAL DEPARTMENT.

No. 1680.

The 3rd November 1873.—Moulvi Ahamudoolla is appointed to be a Munsif of the Third Grade, and to be Munsif of Sasseeram in Shahabad.

A. Mackenzie,
Offg. Secy. to the Govt. of Bengal.

PUBLIC WORKS DEPARTMENT.—(Bengal.)

ESTABLISHMENT.

The 27th October 1873.

No. 368.—*Leave of Absence.*—Mr. W. B. Clark, Assistant Engineer, First Grade, attached to the Second Calcutta Division, is allowed privilege leave for three months, under Supplement F, Section 12, of the Civil Leave Code.

No. 369.—*Notifications.*—Baboo Jodoonath Ray, Sub-Engineer, Third Grade, attached to the Third Calcutta Division, availed himself of two months' privilege leave from the 26th September 1873, before noon.

Bengal Government, Public Works Department Notification No. 344, dated 22nd September 1873.

No. 370.—Serjeant J. Ferris, Supervisor, Second Grade, attached to the Luckimpore and Seebsagor District, having been allowed furlough on Medical Certificate for six months, under sanction communicated by the Adjutant-General, availed himself of the same with effect from the 7th August 1873.

Serjeant Ferris availed himself of preparatory leave granted to him from the 1st July 1873.

Bengal Government, Public Works Department Notifications Nos. 209 and 275, dated respectively 28th July and 2nd August 1873.

The 28th October 1873.

No. 371.—Mr. R. C. McKennie, Executive Engineer, Fourth Grade, assumed charge of the Dinagepore and Maldah Districts on the 8th October 1873, afternoon.

No. 372.—Mr. J. S. Carey, Assistant Engineer, First Grade, joined the Moorshedabad District on the 5th October 1873, before noon, on return from privilege leave.

Bengal Government, Public Works Department Notification No. 252, dated 9th July 1873.

The 29th October 1873.

No. 373.—Mr. T. Beatty, Assistant Engineer, Second Grade, joined the Moorshedabad District on the 12th October 1873, afternoon.

No. 374.—Mr. G. Prussia, Accountant, Second Grade, attached to the Central Office of Accounts, Bengal, passed in the Lower Standard on the 6th October 1873.

The 1st November 1873.

No. 375.—Mr. J. A. Price, Assistant Engineer, Second Grade, attached to the Third Calcutta Division, passed in Colloquial Hindustanee on the 25th October 1873.

Local—Communications.

The 3rd November 1873.

No. 377.—*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz., for the construction of a road

জুডিশ্যল ডিপার্টমেন্ট ।

১৬৮০ নম্বর ।

বিজ্ঞাপন ।

১৮৭৩ সাল ৩ নবেম্বর ।—শ্রীযুত মৌলবী আহমদুল্লা তৃতীয় শ্রেণীর মুনসেফের পদে নিযুক্ত হইয়া শাহাবাদের অন্তর্গত সাশিরামের মুনসেফ হইবেন ।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্নমেন্টের একটিং সেক্রেটরী ।

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেন্ট ।

সিরিশতা বিষয়ক ।

১৮৭৩ সাল ২৭ অক্টোবর ।

৩৬৮ নম্বর ।—ছুটী ।—কলিকাতার দ্বিতীয় খণ্ডে নিযুক্ত প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ, বি, ক্লার্ক সাহেব সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারা মতে তিন মাস অনুগ্রহের ছুটী পাইয়াছেন ।

৩৬৯ নম্বর ।—বিজ্ঞাপন ।—কলিকাতার তৃতীয় খণ্ডে নিযুক্ত তৃতীয় শ্রেণীর সব-ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু যদুনাথ রায় যে অনুগ্রহের ছুটী পান তাহা ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ২৬ তারিখের পূর্ব্বাহ্ণ অবধি দুই মাস গ্রহণ করিলেন ।

বঙ্গদেশের গবর্নমেন্টের পবলিক ওর্কস ডিপার্টমেন্টের ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ২২ তারিখের ৩৪৪ নম্বর বিজ্ঞাপন ।

৩৭০ নম্বর ।—লক্ষ্মীপুর ও শিবসাগর জিলায় নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর সার্জণ্ট শ্রীযুত জে ফেরিস সাহেব আজুটাণ্ট জেনরল সাহেবের অনুমতিমতে চিকিৎসকের সর্টিফিকটক্রমে যে ছয় মাস নিয়মিত ছুটী পান তাহা ১৮৭৩ সালের আগস্ট মাসের ৭ তারিখে গ্রহণ করিলেন ।

সার্জণ্ট শ্রীযুত ফেরিস সাহেব প্রস্তুত হওনার্থে যে ছুটী পান তাহা ১৮৭৩ সালের জুলাই মাসের ১ তারিখ অবধি গ্রহণ করিলেন ।

পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্নমেন্টের ১৮৭৩ সালের ২৮ জুলাইর ও ২ আগষ্টের ২৬৯ ও ২৭৫ নম্বরের বিজ্ঞাপন ।

১৮৭৩ সাল ২৮ অক্টোবর ।

৩৭১ নম্বর ।—চতুর্থ শ্রেণীর একসেকিটিব ইঞ্জিনিয়র শ্রীযুত আর সি মাকেনি সাহেব ১৮৭৩ সালের অক্টোবর মাসের ৮ তারিখের অপরাহ্ণে দিনাজপুর ও মালদহ জিলার কর্ত্তৃত্ব ভারগ্রহণ করিলেন ।

৩৭২ নম্বর ।—প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এস কেনি সাহেব অনুগ্রহের ছুটী হইতে প্রত্যাগমন করিয়া ১৮৭৩ সালের অক্টোবর মাসের ৫ তারিখের পূর্ব্বাহ্ণে মুরশিদাবাদ জিলায় কর্ম্ম গ্রহণ করিলেন ।

বঙ্গদেশের গবর্নমেন্টের পবলিক ওর্কস ডিপার্টমেন্টের ১৮৭৩ সালের ৯ জুলাইর ২৫২নং বিজ্ঞাপন ।

১৮৭৩ সাল ২৯ অক্টোবর ।

৩৭৩ নম্বর ।—দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত টি বেষ্ট্রী সাহেব ১৮৭৩ সালের অক্টোবর মাসের ১২ তারিখের অপরাহ্ণে মুরশিদাবাদ জিলায় কর্ম্মগ্রহণ করিলেন ।

৩৭৪ নম্বর ।—বঙ্গদেশের হিসাবের সদর আফিসে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর আকৌণ্টাণ্ট শ্রীযুত জি গ্রসিয়া সাহেব ১৮৭৩ সালের অক্টোবর মাসের ৬ তারিখে নিম্নতর কক্ষির পরীক্ষায় উত্তীর্ণ হইলেন ।

১৮৭৩ সাল ১ নবেম্বর ।

৩৭৫ নম্বর ।—কলিকাতার তৃতীয় খণ্ডে নিযুক্ত দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, এ, প্রাইস সাহেব ১৮৭৩ সালের অক্টোবর মাসের ৫ তারিখে চলিত হিন্দুস্থানীভাষায় পরীক্ষোত্তীর্ণ হইলেন ।

স্থানীয় ।—বন্ধাদিবিষয়ক বিজ্ঞাপন ।

১৮৭৩ সাল ৩ নবেম্বর ।

৩৭৭ নম্বর ।—ভারতবর্ষের গবর্নমেন্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন ।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ বাকরগঞ্জ জিলার অন্তর্গত বাটাযোড় ও হরহর ও দেবপাড়া ও মাহিলাড়া ও বরিসেনা ও আগুকাঠী ও টৈলাসর ও বিজয়পুর ও গৌরনদী গ্রাম দিয়া বাটাযোড় অবধি গৌরনদী

[গবর্নমেন্ট গেজেট । ১৮৭৩ । ১১ নবেম্বর ।]

running from Bátájor to Gournadi, *viâ* the villages of Bátájor, Harhar, Deopárá, Máhilárá, Harisená, Ashukáthi, Bailáshar, Bejoypore, and Gournudi in the District of Bakarganj, it is hereby declared that for the above purpose a piece of land 5 miles in length and 70 feet in breadth is required within the aforesaid villages of Bátájor, Harhar, Deopárá, Máhilárá, Harisená, Ashukáthi, Bailáshar, Bejoypore and Gournadi.

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it concern.

No. 378.—*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz., for the construction of a road running from Jhálakáthi to Básandá *viá* the villages of Jhálakáthi, Chándkáthi, Bikná, Saidyakáthi, and Básandá in the District of Bákarganj, it is hereby declared that for the above purpose a piece of land 1·4 miles in length and 30 feet in breadth is required within the aforesaid villages of Jhálakáthi, Chándkáthi, Bikná, Saidyakáthi, and Básandá.

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

No. 379.—*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz., for the construction of a road running from Dabdabiá to Shibpur *viá* the villages of Dabdabiá, Timirkáthi, Joárkáthi, Boáliánárayangop, Dudbhária Báharkáthi, Boáliá, Koterhát, Nandapárá, Auliápur, Badarpur, Bákarganj, Runshi, Mendiganj, Charigol, Falághar, Aurábeki, and Shibpur in the District of Bákarganj, it is hereby declared that for the above purpose a piece of land 9·9 miles in length and 30 feet in breadth is required within the aforesaid villages of Dabdabiá, Timirkáthi, Joárkáthi, Boáliánárayangop, Dudbhária, Báharkáthi, Boáliá, Koterhát, Nandapárá Auliápur, Badarpur, Bákarganj, Runshi, Mendiganj, Charigol, Falághar, Aurábeki, and Shibpur.

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

No. 380.—*Declaration under Section* 6 *of Act X of* 1870 *of the Government of India.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal that land is required to be taken by Government at the public expense for a public purpose, viz., for the construction of a road running from Aliganja to Pátárhát *viá* the villages of Aliganja, Shaidi, Noákháli, Sham-Roy, Char-Bola, and Pátárhát in the District of Bákarganj, it is hereby declared that for the above purpose a piece of land 5 miles in length and 30 feet in breadth is required within the aforesaid villages of Aliganja, Shaidi, Noakháli, Shám-Roy, Char-Bolá, and Pátárhát.

This declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

By order of the Lieutenant-Governor of Bengal,

J. E. T. NICOLLS, *Col., R.E.,*
Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

IRRIGATION.

NOTIFICATION.

ESTABLISHMENT.

The 29th October 1873.

No. 451.—*Appointment.*—Baboo Nophur Chunder Bose, Probationary Sub-Overseer, First Grade, Western Sone Survey Division, is permanently appointed to the Public Works Department in that grade.

[*Government Gazette,* 11*th November* 1873.]

পর্য্যন্ত পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত বাটাযোড় ও হরহর ও দেনপাড়া ও মাহিলারা ও বরিসেনা ও আশুকাঠী ও বৈদাসর ও বিজরপুর ও গৌরনদী গ্রামে ৫ মাইল দীর্ঘ ও ৭০ ফুট প্রস্ত এক খণ্ড ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে, তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

৩৭৮ নম্বর।—ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ বাকরগঞ্জ জিলার অন্তর্গত ঝালকাঠী ও চাঁদকাঠী ও বিকনা ও সৈদাকাঠী ও বাসন্দা গ্রাম দিয়া ঝালকাঠী অবধি বাসন্দা পর্য্যন্ত পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত ঝালকাঠী ও চাঁদকাঠী ও বিকনা ও সৈদাকাঠী ও বাসন্দা গ্রামে ১.৪ মাইল দীর্ঘ ও ৩০ ফুট প্রস্ত ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে, তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

৩৭৯ নম্বর।—ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ বাকরগঞ্জ জিলার অন্তর্গত দবদবিয়া ও তিমিরকাঠী ও জোয়ারকাঠী ও বোয়ালিয়া নারায়ণগোপ ও ভুধাড়িয়া বাহরকাঠী ও বোয়ালিয়া ও কোটের হাট ও নন্দপাড়া ও আউলিয়াপুর ও বদরপুর ও বাকরগঞ্জ ও কমলী ও মেন্দিগঞ্জ ও চরিগোল ও ফলাঘর ও আউরাবেকী ও শিবপুর গ্রাম দিয়া দবদবিয়া অবধি শিবপুর পর্য্যন্ত পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত দবদবিয়া ও তিমিরকাঠী ও জোয়ারকাঠী ও বোয়ালিয়া নারায়ণ গোপ ও ভুধাড়িয়া ও বাহরকাঠী ও বোয়ালিয়া ও কোটেরহাট ও নন্দপাড়া ও আউলিয়াপুর ও বদরপুর ও বাকরগঞ্জ ও কমলী ও মেন্দিগঞ্জ ও চরিগোল ও ফলাঘর ও আউরাবেকী ও শিবপুর গ্রামে ৯.৯ মাইল দীর্ঘ ও ৩০ ফুট প্রস্ত ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

৩৮০ নম্বর।—ভারতবর্ষের গবর্ণমেন্টের ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারামত বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যার্থে অর্থাৎ বাকরগঞ্জ জিলার অন্তর্গত আলিগঞ্জ ও শৈদি ও নওয়াখালী ও শ্যামরায় ও চর-বোলা ও পাতারহাট গ্রাম দিয়া আলিগঞ্জ অবধি পাতারহাট পর্য্যন্ত পথ প্রস্তুত করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেন্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে উক্ত আলিগঞ্জ ও শৈদি ও নওয়াখালি ও শ্যামরায় ও চর-বোলা ও পাতারহাট গ্রাম গ্রামে ৫ মাইল দীর্ঘ ও ৩০ ফুট প্রস্ত ভূমির প্রয়োজন।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের আজ্ঞাক্রমে,

জে, ই, টি, নিকলস্, কর্ণেল আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেন্টে বঙ্গদেশের
গবর্ণমেন্টের সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

সিরিশ্‌তা বিষয়ক

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ২৯ অক্টোবর।

৪৫১ নম্বর।—নিয়োগ।—সোণের পশ্চিম জরীপাখণ্ডের প্রথম শ্রেণীর প্রবেশনরি সব-ওবসিয়র শ্রীযুত বাবু নফরচন্দ্র বসু ঐ শ্রেণীতে পবলিক ওর্কস ডিপার্টমেন্টে স্থায়িরূপে নিযুক্ত হইয়াছেন।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ১১ নবেম্বর।]

The 1st November 1873.

No. 452.—*Notification.*—Baboo Ghamandi Lall, Probationary Overseer, Third Grade, Eastern Soane Division, having returned to duty on the forenoon of 25th July last, the unexpired portion of the leave granted him in the orders marginally noted is hereby cancelled.

No. 208, dated 2nd June 1873.
No. 314, dated 5th August 1873.

No. 453.—*Leave.*—Mr. J. Morrow, Sub-Engineer, Second Grade, Cossye Division, availed himself of the privilege leave granted him in the orders marginally noted on the afternoon of the 15th October 1873.

No. 433, dated 23rd October 1873.

No. 454.—*Posting.*—Moonshee Shaik Mozourwallah, Sub-Overseer, First Grade, to the Eastern Soane Division, which he joined on the afternoon of the 14th October 1873.

No. 455.—*Notification.*—Mr. C. Fouracres, Executive Engineer, Third Grade, received charge of the Dehree Workshop Division on the forenoon of the 22nd October 1873 from Mr. P. Dejoux, who officiated as Executive Engineer of that Division during Mr. Fouracres' absence.

No. 456.—Mr. T. R. Roberts, Assistant Engineer, First Grade, Brahminee Division, passed in the Departmental Standard on the 18th October 1873.

No. 459.—*Posting.*—Mr. T. Gleeson, Probationary Overseer, First Grade, to the Arrah Division.

No. 460.—*Notification.*—Baboo Mohesh Chunder Mitter, Overseer, First Grade, Hidgellee Division, returned from privilege leave on the forenoon of the 14th October 1873.

A. J. HUGHES, C. E.,
Asst.-Secy. to the Govt. of Bengal
in the P. W. D., Irrigation Branch.

[*Government Gazette,* 11*th November* 1873.]

১৮৭৩ সাল ১ নবেম্বর।

Chandmarree Road .	.. 8
Tindal Garden Road ..	.. 9
Lall Diggee Road ..	.. 4
King's Road ..	.. 4
Rosemarree Lane ..	.. 3
Salt Gola Lane ..	.. 3
Carried over	... 114
Brought forward	.. 114
Ghoosery Road .	.. 4
Golabaree Road ..	.. 8
Baptist Burial Ground Road	.. 9
New Street ..	.. 1
Ross Road ..	.. 4
Seal's New Lane ..	.. 2
Hurrogunge Road ..	.. 12
Howrah Road ..	.. 44
Howrah Ghaut Road ..	.. 3
Total	... 201

Names of the streets and the number of lamps in each proposed to be lighted.

Street	Lamps
Khetter Mitter's Lane ..	.. 10
Watkins' Lane ..	.. 5
Dobson's Lane ..	.. 15
Strand Road ..	.. 3
Carried over	.. 33
Brought forward	.. 33
Mackenzie's Lane ..	.. 2
Ticcaparrah and Jelleaparrah Lane	.. 4
Total	.. 39

3. It will be observed from the map* that when the last named streets are lighted, *all* the public roads within the portion of the Town described in para. 2 will be lighted; that is to say, all the highways which are vested in the Commissioners, and over which they have control.

* *Vide* note deposited in the Bengal Office.

4. The outlay in erecting the lamps at present lighted, numbering 201; was Rs. 10,628 and the estimated cost of erecting the 39 lamps, which are required to complete the lighted area, is Rs. 2,437-8.

[*Government Gazette, 2nd December* 1873.]

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ২৫ নবেম্বর।—শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব চট্টগ্রাম জিলার অন্তর্গত পাতিয়ার এক নূতন সব-রেজিস্টরী কার্য্যালয় স্থাপন করিবার অনুমতি দিয়াছেন। পাতিয়ার সব-রেজিষ্ট্রার পাতিয়া থানার মধ্যে চট্টগ্রামের সদর সব-রেজিষ্ট্রারের সমকক্ষ আধিপত্য করিবেন।

শ্রীযুত মুনশী মুইনুদ্দীন মহম্মদ পাতিয়ার সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৩ সালের ডিসেম্বর মাসের ১ তারিখ অবধি এই বিজ্ঞাপন প্রবল হইবে।

এ, মাকেঞ্জি,
বঙ্গদেশের গবর্ণমেন্টের জুনিয়র সেক্রেটরী।

বিজ্ঞাপন।

হাবড়া নগরের যে অংশে এইক্ষণে গ্যাসের আলো দেওয়া গিয়া থাকে এই অবধি সেই অংশে ১৮৭১ সালের বঙ্গীয় ৫ আইনের ২ ধারার বিধানমতে আলো দিবার নিম্নলিখিত পাণ্ডুলিপি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের আজ্ঞাক্রমে সাধারণের জ্ঞানার্থে প্রকাশ করা গেল।

পাণ্ডুলিপি।

১। নগরের যে অংশে এইক্ষণে আলো দেওয়া গিয়া থাকে তাহার সীমা এই২।

উত্তর সীমা হরগঞ্জের রাস্তা, দক্ষিণ সীমা রামকৃষ্ণপুর ঘাটের রাস্তা, পূর্ব্ব সীমা হুগলী নদী, পশ্চিম সীমা উত্তর পশ্চিম দেশে যাইবার বড় রাস্তা। এই অংশের একখানি ম্যাপ ইহার সঙ্গে পাঠান গেল। যেং রাস্তায় আলো দেওয়া যাইতেছে তাহাতে নীল রঙ্গের রেখা টানা আছে। কমিশ্যনরেরা মান্যবরের অনুমতি পাইলে আর যেং রাস্তায় আলো দিতে চাহেন তাহাতে লাল রেখা টানা আছে।

২। এইক্ষণে যেং রাস্তায় যত লাণ্ঠন জ্বালান যাইতেছে তাহা নিম্নভাগে লেখা গেল। আর যেং রাস্তায় আলো দিবার প্রস্তাব হইল ও তাহাতে যত লাণ্ঠন দেওয়া যাইবে তাহাও নিম্নস্থলে লেখা গেল।

এইক্ষণে যেং রাস্তায় আলো দেওয়া যাইতেছে তাহার নাম ও প্রত্যেক রাস্তায় যত লাণ্ঠন আছে।

রাস্তা	লাণ্ঠন	রাস্তা	লাণ্ঠন
উত্তর পশ্চিম দেশে যাইবার বড় রাস্তা ...	৫২	জের টানা	১১৪
রামকৃষ্ণপুর ঘাটের রাস্তা	৭	ঘুসড়ি রাস্তা	৪
তেলকল ঘাটের রাস্তা	১২	গোলাবাড়ীর রাস্তা	৮
এবিনু রোড	৭	বাপটিষ্ট কবর স্থানের রাস্তা	৯
চর্চ্চ রোড	৫	নূতন রাস্তা	১
চাঁদ মারী রাস্তা	৮	রাস রোড	৪
ডিগ্রেন্সের বাগানের রাস্তা	৯	শীলের নূতন গলি	২
লালদিঘীর রাস্তা	৪	হরগঞ্জের রাস্তা	১২
কিংস রোড	৪	হাবড়ার রাস্তা...	৪৪
রোজমারি গলি	৩	হাবড়ার ঘাটের রাস্তা	৩
নিমক গোলার গলি	৩		
	১১৪	সর্ব্বসুদ্ধ ...	২০১

আর যেং রাস্তায় যত লাণ্ঠন দিবার প্রস্তাব হইল তাহা এই২।

রাস্তা	লাণ্ঠন	রাস্তা	লাণ্ঠন
ক্ষেত্র মিত্রের গলি	১০	জের টানা ...	৩৩
ওয়াটকিন্স লেন	৫	মাকেঞ্জি লেন	২
ডবসন লেন	১৫	টিকা পাড়া ও জেল্যাপাড়া গলি ...	৪
নদীর ধারের রাস্তা	৩		
	৩৩	সর্ব্বসুদ্ধ ...	৩৯

৩। ম্যাপে দেখিলে জানা যাইবে যে, শেষোক্ত কএক রাস্তায় আলো দেওয়া গেলে ২ ধারার নগরের যে অংশ নির্দ্দিষ্ট হইল তাহার অন্তর্গত সমস্ত রাজপথে অর্থাৎ কমিশ্যনরদের প্রতি যত রাজপথ অর্পণ করা গেল ও যাহার উপর তাঁহারদের কর্ত্তৃত্ব থাকে সেই সকল পথে আলো দেওয়া যাইবে।

৪। এইক্ষণে যে ২০১ লাণ্ঠন জ্বলিয়া থাকে তাহা বসাইতে ১০,১২৮৵ টাকা খরচ হইয়াছিল, বাকী রাস্তায় আলো দিবার জন্যে যে ৩৯ লাণ্ঠনের আবশ্যক তাহা বসাইয়া দিবার খরচ অনুমান ২,৪৩৭।৷০ আনা।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ২ ডিসেম্বর।]

5. The cost of erecting the existing lamps was met from general funds, and the Commissioners propose to pay for the erection of the extra lamps from the saving which will be effected in the allotment for lighting charges for the months of January, February, and March next. This of course is calculated on the principle that His Honor the Lieutenant-Governor will be pleased to authorize the Commissioners to levy the rate from the 4th quarter of the current year 1873-74, viz. January to March 1874, the Commissioners, on their part, undertaking that the extra lamps shall be ready for lighting from 1st January.

6. The cost of lighting the 240 lamps will be Rs. 24,000 per annum. To this cost the Commissioners are bound by the existing contract with the Gas Company from which they have no escape. The contract has still 18 years to run. To this is to be added a sum of Rs. 1,200 for contingent charges of repairs to lamps, making a total of Rs. 25,200 per annum.

7. The total valuation of buildings and lands situated within the area is Rs. 8,72,867. A rate of 3 per cent. on this valuation would yield Rs. 26,186 per annum, and if from this sum a deduction is made of, say, Rs. 486 on account of collection charges, there would remain a net income of Rs. 25,700, which would cover the expenses of lighting and maintaining the lamps within the portion of the Town in which it is proposed to levy the rate for the present.

A. MACKENZIE,
Junior Secy. to the Govt. of Bengal.

The 24th November 1873.

NOTIFICATION.

The 25th November 1873.—It is hereby notified that under Section 5 of the Indian Registration Act VIII of 1871 the Lieutenant-Governor has been pleased to sanction the formation of a new Sub-District in the District of Beerbhoom, comprising Thannahs Kasbah and Sakulipore, and having its Head-Quarters at Soorool.

Baboo Hari Mohan Sarkar of Soorool is appointed to be Sub-Registrar of Soorool.

This Notification will take effect on and from the 1st December 1873.

A. MACKENZIE,
Junior Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 24th November 1873.—It is hereby notified that under Section 5 of the Indian Registration Act VIII of 1871 the Lieutenant-Governor has been pleased to sanction the formation of a new Sub-district in the district of Beerbhoom, comprising Thannahs Labhpore and Burwan, and having its Head-Quarters at Labhpore.

Munshi Ghulam Rossul is appointed to be Sub-Registrar of Labhpore. This notification will take effect on and from 1st December 1873.

A. MACKENZIE,
Junior Secy. to the Govt. of Bengal.

NOTIFICATION.

The 25th November 1873.—It is hereby notified that pending the appointment of the Board of Examiners for the examination of candidates for Pleaderships and Mooktearships, notices from candidates for Mooktearships of their intention to appear at the next examination will be received at the office of Secretary to the Government of Bengal, in the Judicial Department, up to the 15th December next.

A. MACKENZIE,
Junior Secy. to the Govt. of Bengal.

[*Government Gazette, 2nd December* 1873.]

৫। এইক্ষণে যে সকল লাণ্ঠন আছে তাহা বসাইবার খরচ সাধারণ ফণ্ডহইতে দেওয়া গিয়াছিল। আগামি জানুআরি ও ফেব্রুআরি ও মার্চ মাসের আলোর খরচ বলিয়া যত টাকা নিরূপণ হইল তাহাহইতে যাহা বাঁচে কমিশ্যনরেরা তাহা লইয়া ঐ বাকী কএক লাণ্ঠনের খরচ দিতে চাহেন। মান্যবর শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব কমিশ্যনরদিগকে ১৮৭৪ সালের জানুআরিঅবধি মার্চ মাসপর্য্যন্ত টাক্স আদায় করিবার অনুমতি দিলে তাহা হইতে পারিবে। তিনি সেই অনুমতি দিলে কমিশ্যনরেরাও জানুআরি মাসের প্রথমঅবধি ঐ কএক লাণ্ঠন জ্বালাইবার বিধান করিবেন।

৬। ২৪০ লাণ্ঠন জ্বালাইবার খরচ বৎসর ২৪,০০০৲ টাকা। গ্যাস কোম্পানির সঙ্গে কমিশ্যনরদের যে চুক্তি হইয়াছে তাঁহারা তাহাতেই বদ্ধ ও তাহাহইতে মুক্ত হইতে পারেন না। সেই চুক্তির আর ১৮ বৎসর মিয়াদ বাকী। আরো ঐ টাকার উপর লাণ্ঠন মেরামত প্রভৃতি বাজে খরচ বলিয়া আর ১,২০০৲ টাকা ধরিতে হইবে, সর্ব্বসুদ্ধ বৎসর ২৫,২০০৲ টাকা লাগিবে।

৭। নগরের সীমার মধ্যে যত বাটী ও ভূমি আছে তাহার মূল্য ৮,৭২,৮৬৭৲ টাকা ধরা গিয়াছে। ইহার উপর শতকরা ৩৲ টাকা ধরিলে বৎসর ২৬,১৮৬৲ টাকা আদায় হইতে পারে। টাকা আদায় করিবার খরচ বলিয়া ৪৮৬৲ টাকা বাদ দিলে ২৫,৭০০৲ টাকা আয় থাকে। নগরের যে অংশে ঐ টাক্স আদায় করিবার প্রস্তাব হইল ঐ টাকাহইতে সেই অংশের আলো দিবার ও লাণ্ঠন রাখিবার খরচ পোষাইবে।

এ, মাকেঞ্জি,

১৮৭৩ সাল ২৪ নবেম্বর।　　　　বঙ্গদেশের গবর্ণমেণ্টের জুনিয়র সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ২৫ নবেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বীরভুম জিলায় ভারতবর্ষীয় রেজিষ্টরী করণবিষয়ক ১৮৭১ সালের ৮ আইনের ৫ ধারামতে এক নূতন সব-ডিষ্ট্রিকুট স্থাপন করিবার অনুমতি দিয়াছেন, তন্মধ্যে কশবা ও নকুলিপুর থানা ধরা যাইবে। সদর স্থান সুকল।

সুকলের শ্রীযুত বাবু হরিমোহন সরকার সুকলের সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইয়াছেন।

১৮৭৩ সালের ডিসেম্বর মাসের ১ তারিখ অবধি এই বিজ্ঞাপন প্রবল হইবে।

এ, মাকেঞ্জি,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের জুনিয়র সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ২৪ নবেম্বর।—শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব বীরভুম জিলায় ভারতবর্ষীয় রেজিষ্টরী করণবিষয়ক ১৮৭১ সালের ৮ আইনের ৫ ধারামতে এক নূতন সব-ডিষ্ট্রিকট স্থাপন করিবার অনুমতি দিয়াছেন, তন্মধ্যে লাভপুর ও বরওয়ান থানা ধরা যাইবে। তাহার সদর স্থান লাভপুর।

শ্রীযুত মুনশী গোলাম রসুল লাভপুরের সব-রেজিষ্ট্রারের পদে নিযুক্ত হইয়াছেন। ১৮৭৩ সালের ডিসেম্বর মাসের ১ তারিখ অবধি এই বিজ্ঞাপন প্রবল হইবে।

এ, মাকেঞ্জি,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের জুনিয়র সেক্রেটরী।

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ২৫ নবেম্বর।—ওকালতী ও মোক্তারী পদাকাঙ্ক্ষিদের পরীক্ষা করণার্থ পরীক্ষক বোর্ড নিযুক্ত না হওনপর্য্যন্ত মোক্তারী পদাকাঙ্ক্ষি যে ব্যক্তিরা আগামি পরীক্ষায় উপস্থিত হইবার কল্পনা করেন আগামি ডিসেম্বর মাসের ১৫ তারিখপর্য্যন্ত জুডিশ্যল ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের সেক্রেটরী সাহেবের কার্য্যালয়ে তাহারদের সেই কল্পনার নোটিস গৃহীত হইবে।

এ, মাকেঞ্জি,

বঙ্গদেশের গবর্ণমেণ্টের জুনিয়র সেক্রেটরী।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩ ২ ডিসেম্বর।]

PUBLIC WORKS DEPARTMENT.—(Bengal.)

ESTABLISHMENT.

The 19*th November* 1873.

No. 398.—*Posting.*—Mr. C. A. Mills, Assistant Engineer, Second Grade, is posted to the First Calcutta Division.

No. 399.—Mr. R. G. Kennedy, Assistant Engineer, Second Grade, is posted to the Third Calcutta Division.

No. 400.—*Appointment.**—Mr. R. A. Oldham, Executive Engineer, Fourth Grade, lately returned from sick leave to Europe, is appointed to the special duty of investigating and surveying a line for a Navigable Canal between Chuttuck and Terria Ghaut in the Sylhet district.

2. Mr. Oldham joined his appointment on the 27th October 1873 before noon.

No. 401.—*Leave of absence* —Mr. R. L. Locke, Assistant Engineer, First Grade, attached to the Hazareebaugh District, is allowed leave on medical certificate from the 12th August to the 3rd September 1873, under Supplement F, Section 3, of the Civil Leave Code; and also leave on private affairs without pay, from the 4th to the 29th September 1873, under Supplement F, Section 9, of the above rules.

No. 402.—*Notifications.*—Baboo Satcoury Chatterjee, Overseer, First Grade, joined the Hazareebaugh District, on the 23rd October 1873, before noon on return from sick leave.*

No. 403.—Mr. J. Bradshaw, Overseer, First Grade, joined the Moorshedabad District on the 11th November 1873 before noon, on return from privilege leave.†

* Bengal Government, Public Works Department, Notification No. 316 of the 30th August 1873.

† Bengal Government, Public Works Department, Notification No. 306 of the 27th August 1873.

No. 404.—*Transfer.*—Moonshee Golam Ahmed, Overseer, Third Grade, from the Nuddea to the Jessore District.

No. 405.—Mr. E. Lumsden, Accountant, Fourth Grade, from the Dacca to the Sylhet and Cachar Districts.

The 21*st November* 1873.

No. 406.—*Notifications.*—Mr. W. B. Clark, Assistant Engineer, First Grade, attached to the Second Calcutta Division, availed himself of privilege leave‡ from the 8th October 1873 before noon.

No. 407.—Baboo Brindhabun Chunder Ghose, Overseer, Third Grade, attached to the Assam Circle, availed himself of privilege leave,§ with effect from the 10th September 1873.

No. 408.—Baboo Bamun Chunder Bhuttacharjee, Supervisor, Second Grade, joined the Singbhoom and Maunbhoom Districts on the 4th November 1873 before noon on return from privilege leave.||

‡ Bengal Government, Public Works Department, Notification No. 368 of the 27th October 1873.

§ Bengal Government, Public Works Department. Notification No. 389, of the 13th November 1873.

|| Bengal Government, Public Works Department, Notification No. 237 of the 25th June 1873.

The 24*th November* 1873.

No. 410.—*Posting* —The following passed students of the Thomason Civil Engineering College are posted to the Divisions specified opposite to their names, which they joined on the dates mentioned :—

OVERSEERS, FIRST GRADE.

Corporal E. Hughes, Gya District	7th October 1873, before noon.
Private J. Craig, Darjeeling and Julpigoree district ...	4th " after noon.

[*Government Gazette* 2*nd December* 1873.]

বঙ্গদেশের পবলিক ওর্কস ডিপার্টমেণ্ট।

সিবিলশক্তা বিষয়ক বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ১৯ নবেম্বর।

৩৯৮ নম্বর।—অবস্থিতির কথা।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত সি, এ, মিলস সাহেব কলিকাতার প্রথম খণ্ডে অবস্থিত হইয়াছেন।

৩৯৯ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুক্ত আর জি কেনেডি সাহেব কলিকাতার তৃতীয় খণ্ডে অবস্থিত হইয়াছেন।

৪০০ নম্বর।—নিয়োগ।—চতুর্থ শ্রেণীর একসেকিউটিব* ইঞ্জিনিয়র শ্রীযুক্ত আর, এ, ওলচাম সাহেব পীড়াপ্রযুক্ত ছুটী লইয়া ইউরোপে গমন করিয়া তথাহইতে সম্প্রতি প্রত্যাগত হওয়াতে শ্রীহট্ট জিলার অন্তর্গত ছাটক ও ভেরিয়া ঘাটের মধ্যে নৌকাগম্য খাল করিবার পথের অনুসন্ধান ও জরীপকরণ বিশেষ কার্য্যে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুক্ত ওলচাম সাহেব ১৮৭৩ সালের অক্টোবর মাসের ২৭ তারিখের পূর্ব্বাহ্নে কর্ম্ম গ্রহণ করিলেন।

৪০১ নম্বর।—ছুটী।—হাজারীবাগ জিলার নিযুক্ত প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত আর এল লক সাহেব চিকিৎসকের সর্টিফিকটক্রমে সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে ১৮৭৩ সালের আগষ্ট মাসের ১২ তারিখ অবধি সেপ্টেম্বর মাসের ৩ তারিখ পর্য্যন্ত ছুটী পাইয়াছেন এবং নিজ প্রয়োজনার্থে উক্ত F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৯ ধারামতে ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ৪ তারিখ অবধি ২৯ তারিখ পর্য্যন্ত বিনা বেতনে ছুটী পাইয়াছেন।

৪০২ নম্বর।—বিজ্ঞাপন।—প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু সাতকড়ি চট্টোপাধ্যায় পীড়াপ্রযুক্ত ছুটী* হইতে প্রত্যাগমন করিয়া ১৮৭৩ সালের অক্টোবর মাসের ২৩ তারিখের পূর্ব্বাহ্নে হাজারীবাগ জিলায় কর্ম্ম গ্রহণ করিলেন।

৪০৩ নম্বর।—প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত জে ব্রাডশা সাহেব অনুগ্রহের ছুটীহইতে প্রত্যাগমন করিয়া ১৮৭৩ সালের নবেম্বর মাসের ১১ তারিখের পূর্ব্বাহ্নে মুরশিদাবাদ জিলায় কর্ম্ম গ্রহণ করিলেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৩ সালের ৩০ আগষ্টের ৩১৬ নম্বর বিজ্ঞাপন।

† বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৩ সালের ২৭ আগষ্টের ৩০৬ নম্বর বিজ্ঞাপন।

৪০৪ নম্বর।—স্থানান্তরে নিয়োগের কথা।—তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত মুনশী গোলাম আহম্মদ নদীয়া জিলাহইতে যশোহর জিলায় প্রেরিত হইয়াছেন।

৪০৫ নম্বর।—চতুর্থ শ্রেণীর আকৌণ্টাণ্ট শ্রীযুত ই, লমসডেন সাহেব ঢাকাজিলাহইতে শ্রীহট্ট ও কাছাড় জিলায় প্রেরিত হইয়াছেন।

১৮৭৩ সাল ২১ নবেম্বর।

৪০৬ নম্বর।—বিজ্ঞাপন।—কলিকাতার দ্বিতীয় খণ্ডে নিযুক্ত প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ডবলিউ বি ক্লার্ক সাহেব ১৮৭৩ সালের অকটোবর মাসের ৮ তারিখের পূর্ব্বাহ্ন অবধি অনুগ্রহের ছুটী * গ্রহণ করিলেন।

৪০৭ নম্বর।—আসামচক্রে নিযুক্ত তৃতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু বৃন্দাবনচন্দ্র ঘোষ ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ১০ তারিখঅবধি অনুগ্রহের ছুটী * গ্রহণ করিলেন।

৪০৮ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর শ্রীযুত বাবু রামচন্দ্র ভট্টাচার্য্য অনুগ্রহের ছুটী † হইতে প্রত্যাগমন করিয়া ১৮৭৩ সালের নবেম্বর মাসের ৪ তারিখের পূর্ব্বাহ্নে সিংহভূম ও মানভূম জিলায় কর্ম্ম গ্রহণ করিলেন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৩ সালের ২৭ অকটোবরের ৩৬৮ নম্বর বিজ্ঞাপন।

* বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৩ সালের ১৩ নবেম্বরের ৩৮৯ নং বিজ্ঞাপন।

† বঙ্গদেশের গবর্ণমেণ্টের পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের ১৮৭৩ সালের ২৫ জুনের ২৩৭ নং বিজ্ঞাপন।

৪১০ নম্বর।—অবস্থিতির কথা।—টামসন সিবিল ইঞ্জিনিয়রিং কালেজের নিম্নলিখিত পরীক্ষোত্তীর্ণ ছাত্রেরা আপনং নামের পার্শ্বের লিখিত খণ্ডে অবস্থিত হইয়া এইং তারিখে কর্ম্ম গ্রহণ করিলেন।

প্রথম শ্রেণীর ওবরসিয়র।

কর্পরাল শ্রীযুক্ত ই হিউস সাহেব, গয়া জিলায়	...	১৮৭৩ সালের ৭ অক্টোবরের পূর্ব্বাহ্নে।
প্রাইবেট শ্রীযুক্ত জে ক্রেগ সাহেব, দার্জ্জিলিঙ্গ ও জলপাইগুড়ি জিলায়	...	ঐ ৪ অকটোবরের অপরাহ্নে।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২ ডিসেম্বর।]

OVERSEERS, THIRD GRADE.

Brij Behari Lall, Dinagepore and Maldah District ... 8th October 1873, before noon.
Mohima Chundra Gupta, Lohardugga District ... 14th „ „

J. E. T. NICOLLS, *Col., R.E.*,
Secy. to the Govt. of Bengal, P. W. Dept.

IRRIGATION.

NOTIFICATION.

ESTABLISHMENT.

The 18*th November* 1873.

No. 504.—*Posting.*—Mr. R. W. E. Green, Assistant Engineer, First Grade, who has been transferred to this Branch from the Punjab, is posted to the Sone Circle.

No. 505.—*Notification.*—Baboo Chytun Mahanty, Sub-Overseer, First Grade, Byturnee Division, is dismissed from the Public Works Department.

The 19*th November* 1873.

No. 506.—*Appointment.*—The undermentioned Probationary Overseers of the Third Grade, attached to the Arrah Division, are permanently appointed to the Public Works Department, with effect from the dates entered against their names :—

Mr. B. Marshall, from 12th September 1873.

Baboo Charoo Churn Bose, from 24th September 1873.

No. 507.—*Notification.*—Mr. R. A. Gregory, Overseer, Second Grade, Balasore Survey Division, is dismissed from the Public Works Department.

No. 508.—*Posting.*—The undermentioned Upper Subordinates, who have been transferred to the Bengal Irrigation Branch from the Punjab, are posted to the Sone Circle :—

Conductor W. Wilson, Supervisor, First Grade.
Sergeant J. Chapman, Supervisor, Second Grade.

No. 509.—*Notifications.*—Sergeant A. Jackson, Overseer, First Grade, Eastern Sone Division, is remanded to military duty at his own request.

Sergeant Jackson left the Eastern Sone Division on the afternoon of the 4th November 1873 to join his Regiment.

No. 510.—The special leave to study native languages, granted to Baboo Heera Lall Mitter, Assistant Engineer, First Grade, Dehree Division, in Notification No. 425, dated 18th October 1873, is hereby cancelled.

The 21*st November* 1873.

No. 511.—Mr. H. P. Wylly, Deputy Revenue Superintendent, Orissa, is appointed to take charge of the Office of Canal Revenue Superintendent, Orissa, under the control of the Collector of Cuttack, during the absence of Mr. Toynbee or until further orders.

No. 512.—*Transfer.*—Mr. C. Low, Temporary Sub-Engineer, Third Grade, from the Orissa to the Sone Field Survey.

No. 513.—*Notifications.*—The undermentioned Assistant Engineers, Second Grade, who have been transferred from the Punjab to Bengal Irrigation Branch, have been posted to the Buxar Division :—

Mr. J. P. Scotland.
„ D. McMordie.

No. 514.—Mr. J. P. Scotland, Assistant Engineer, Second Grade, joined the Buxar Division on 14th November 1873.

No. 515.—Baboo Kedar Nath Dass, Assistant Engineer, First Grade, joined the Buxar Division on the forenoon of the 9th November 1873.

[*Government Gazette, 2nd December* 1873.]

তৃতীয় শ্রেণীর ওবরসিয়র।

শ্রীযুত ব্রজবিহারী লাল, দিনাজপুর ও মালদহ জিলায় ... ১৮৭৩ সালের ৮ অক্টোবরের পূর্ব্বাহ্নে।
শ্রীযুত মহিমচন্দ্র গুপ্ত, লোহারডগা জিলায় ... ... ঐ ১৪ অক্টোবরের পূর্ব্বাহ্নে।

জে, ই, টি, নিকল্‌স্‌, কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে বঙ্গদেশের
গবর্ণমেণ্টের সেক্রেটরী।

জলসেচন সম্পর্কীয়।

বিজ্ঞাপন।

সিরিশ্‌তা বিষয়ক।

১৮৭৩ সাল ১৮ নবেম্বর।

৫০৪ নম্বর।—অবস্থিতির কথা।—প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত আর ডবলিউ ই গ্রীন সাহেব পঞ্জাবহইতে এই শাখায় প্রেরিত হইয়া সোণচক্রে অবস্থিত হইয়াছেন।

৫০৫ নম্বর।—বিজ্ঞাপন।—বৈতরণীখণ্ডের প্রথম শ্রেণীর সব-ওবরসিয়র শ্রীযুত বাবু চৈতন মহন্তী পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের কর্ম্মচ্যুত হইয়াছেন।

১৮৭৩ সাল ১৯ নবেম্বর।

৫০৬ নম্বর।—নিয়োগ।—আরাখণ্ডে নিযুক্ত তৃতীয় শ্রেণীর নিম্নলিখিত প্রবেশনরি ওবরসিয়রেরা আপনং নামের পার্শ্বের লিখিত তারিখ অবধি পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে স্থায়িরূপে নিযুক্ত হইয়াছেন।

শ্রীযুত বি মার্শল সাহেব ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ১২ তারিখ অবধি।

,, বাবু চারুচরণ বসু ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ২৪ তারিখ অবধি।

৫০৭ নম্বর —বিজ্ঞাপন।—বালেশ্বরের জরীপীখণ্ডের দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত আর এ গ্রেগরি সাহেব পবলিক ওর্কস ডিপার্টমেণ্টের কর্ম্মচ্যুত হইয়াছেন।

৫০৮ নম্বর।—অবস্থিতির কথা।—নিম্নলিখিত অপর সবরডিনেট কর্ম্মকারকেরা পঞ্জাবহইতে বঙ্গদেশের জলসেচন শাখায় প্রেরিত হইয়া সোণচক্রে অবস্থিত হইয়াছেন।

কনডক্টর শ্রীযুত ডবলিউ উইলসন সাহেব, প্রথম শ্রেণীর সুপরবাইসর।

সার্জেণ্ট শ্রীযুত জে চাপমান সাহেব দ্বিতীয় শ্রেণীর সুপরবাইসর।

৫০৯ নম্বর —বিজ্ঞাপন।—সোণনদের পূর্ব্বখণ্ডের প্রথম শ্রেণীর ওবরসিয়র সার্জেণ্ট শ্রীযুত এ, জাকসন সাহেব, স্বীয় প্রার্থনামতে সামরিক কার্য্যে পুনঃপ্রেরিত হইলেন।

সার্জেণ্ট শ্রীযুত জাকসন সাহেব সেনাদলে গমনার্থে ১৮৭৩ সালের নবেম্বর মাসের ৪ তারিখের শেষ অপরাহ্ণে সোণনদের পূর্ব্ব খণ্ডের কর্ম্ম ত্যাগ করিলেন।

৫১০ নম্বর।—মেহেড়ী খণ্ডের প্রথমশ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু হীরালাল মিত্র দেশীয় ভাষাভ্যাস করিবার নিমিত্ত ১৮৭৩ সালের অক্টোবর মাসের ১৮ তারিখের ৪২৫ নং বিজ্ঞাপনমতে যে বিশেষ ছুটী পান তাহা এতদ্দ্বারা রহিত করা গেল।

১৮৭৩ সাল ২১ নবেম্বর।

৫১১ নম্বর।—শ্রীযুত টরনর সাহেবের অনুপস্থানকালে কি অন্য আজ্ঞা না হওনপর্য্যন্ত উড়িষ্যার রাজস্বের ডেপুটী সুপরিণ্টেণ্ডেণ্ট শ্রীযুত এচ পি ওয়াইলী সাহেব কটকের কালেক্টর সাহেবের কর্তৃত্বাধীনে উড়িষ্যার খালের রাজস্বের সুপরিণ্টেণ্ডেণ্টের কর্ম্মের ভারগ্রহণার্থে নিযুক্ত হইয়াছেন।

৫১২ নম্বর।—স্থানান্তরে নিয়োগ।—তৃতীয় শ্রেণীর কিয়ৎকালীন সব-ইঞ্জিনিয়র শ্রীযুত সি, লো সাহেব উড়িষ্যাহইতে সোণনদের ক্ষেত্রের জরীপী কার্য্যে প্রেরিত হইয়াছেন।

৫১৩ নম্বর।—বিজ্ঞাপন।—দ্বিতীয় শ্রেণীর নিম্নলিখিত আসিস্টাণ্ট ইঞ্জিনিয়রেরা পঞ্জাবহইতে বঙ্গদেশের জলসেচন শাখায় প্রেরিত হইয়া বক্সার খণ্ডে অবস্থিত হইয়াছেন।

শ্রীযুত জে পি স্কটলণ্ড সাহেব।
,, ডি, মাকমর্ডি সাহেব।

৫১৪ নম্বর।—দ্বিতীয় শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জে, পি, স্কটলণ্ড সাহেব ১৮৭৩ সালের নবেম্বর মাসের ১৪ তারিখে বক্সার খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

৫১৫ নম্বর।—প্রথম শ্রেণীর আসিস্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত বাবু কেদারনাথ দাস ১৮৭৩ সালের নবেম্বর মাসের ৯ তারিখের পূর্ব্বাহ্নে বক্সার খণ্ডে কর্ম্মগ্রহণ করিলেন।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২ ডিসেম্বর।]

No. 516.—*Leave.*—Baboo Surbeshur Singh, Probationary Overseer, Third Grade, Balasore Survey Division, is granted sick leave for 18 days under Supplement F, Section 3, of the Civil Leave Code, viz., from 12th to 29th October 1873.

No. 517.—Mr. T. R Buxton, Temporary Supervisor, Second Grade, Mahanuddy Division, is granted sick leave for three months under Supplement F, Section 3, Rule I, of the Civil Leave Code, with effect from 1st October 1873.

No. 518.—*Notifications.*—Mr. E. Gibson, Assistant Engineer, Second Grade, Eastern Sone Division, passed in the Lower Standard on the 1st September 1873.

No. 519.—Baboo Baney Madhub Chatterjee, Probationary Sub-Overseer, First Grade joined the Behar Survey on the forenoon of the 14th November 1873.

No. 520.—Mr. A. C. Low, Probationary Overseer, First Grade, joined the Behar Survey, on the afternoon of the 15th November 1873.

The 22nd November 1873.

No. 521.—Baboo Radha Madhub Mookerjee, Overseer, Second Grade, Brahminee Division, returned from privilege leave on the afternoon of 4th November 1873.

No. 523.—*Posting.*—Mr. S. Street, Probationary Supervisor, First Grade, to the Arrah Division.

No. 524.—*Notification.*—Mr. G. F. Moore, Probationary Assistant Engineer, Third Grade, joined the Cossye Division on the forenoon of the 15th November 1873.

The 24th November 1873.

No. 525.—*Leave.*—Baboo Bycunt Nath Sen, Overseer, First Grade, Dehree Division, is granted privilege leave for 15 days under Supplement F, Section 12, of the Civil Leave Code, with effect from the afternoon of 31st October 1873, the date on which he availed himself of it.

The Overseer returned to duty on the afternoon of the 12th November 1873.

No. 526.—*Notification.*—Lieutenant A. D. McArthur, R. E., Executive Engineer, Fourth Grade, assumed charge of the Buxar Division on the forenoon of the 8th November 1873.

No. 527.—Mr. G. J. R. Leeson, Assistant Engineer, First Grade, Cossye Division, returned to duty on the afternoon of 18th August 1873.

No. 529.—*Posting.*—Mr. E. H. Macvitie, Temporary Supervisor, Second Grade, to the Eastern Sone Survey Division, which he joined on the forenoon of the 16th November 1873.

No. 530.—*Declaration.*—Whereas it appears to the Lieutenant-Governor of Bengal, that land is required to be taken by Government at the public expense, for public purposes, viz:—

1. For constructing an embankment along the right bank of the Salundee River,

2. For connecting the Agarparra road with the same, and diverting it over the Lock bridge,

3. For brick-fields and river protective works in connection with the Salundee Embankment and the 3rd Section, High Level Canal,—It is hereby declared, that for the above purposes, the following strips of land are required in Pergunnah Randia Orgurrah, Zillah Balasore:—

1. A strip of land 6 miles long and 90 feet broad, more or less, which, commencing at Mouzah Canpur, and passing through the villages of Doising, Krustonagar, Ghareia, Oolang, Sarmanga, and Khoraut, terminates at Mouzah Randia.

2. A strip of land 1,360 feet long, 120 feet broad, more or less, which, extending from the right bank of the Salundee River, and passing partly along the eastern boundary of the land acquired for the 3rd Section, High Level Canal, through Mouzahs Randia and Bagurai terminates at the Agarparra Road, in Mouzah Bagurai aforesaid.

3. A strip of land 1,000 feet long, 100 feet broad, more or less, which, extending from the proposed Salundee Embankment, and passing through Mouzahs Randia and Khoraut, terminates at the Agarparra Road in Mouzah Khoraut aforesaid.

[*Government Gazette, 2nd December* 1873.]

৫১৬ নম্বর।—ছুটী।—বালেশ্বরের জরীপীখণ্ডের তৃতীয় শ্রেণীর প্রবেশনরি ওবরসিয়র শ্রীযুত বাবু সর্ব্বেশ্বর সিংহ সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারামতে আঠারদিন অর্থাৎ ১৮৭৩ সালের অক্‌টোবর মাসের ১২ তারিখ অবধি ২৯ তারিখপর্য্যন্ত পীড়াপ্রযুক্ত ছুটী পাইয়াছেন।

৫১৭ নম্বর।—মহানদী খণ্ডের দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন সুপরবাইসর শ্রীযুত টি, আর, বক্সটন সাহেব সিবিল কার্য্যকারদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ৩ ধারার ১ প্রকরণমতে ১৮৭৩ সালের অক্‌টোবর মাসের ১ তারিখ অবধি পীড়াপ্রযুক্ত তিনমাস ছুটী পাইয়াছেন।

৫১৮ নম্বর।—বিজ্ঞাপন।—সোণনদের পূর্ব্ব খণ্ডের দ্বিতীয় শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত ই গিবসন সাহেব ১৮৭৩ সালের সেপ্টেম্বর মাসের ১ তারিখে নিম্নতর কক্ষির পরীক্ষাতে উত্তীর্ণ হইয়াছেন।

৫১৯ নম্বর।—প্রথম শ্রেণীর প্রবেশনরি সব-ওবরসিয়র শ্রীযুত বাবু বেণীমাধব চট্টোপাধ্যায় ১৮৭৩ সালের নবেম্বর মাসের ১৪ তারিখের পূর্ব্বাহ্ণে বেহারের জরীপী কার্য্যে কর্ম্ম গ্রহণ করিলেন।

৫২০ নম্বর।—প্রথম শ্রেণীর প্রবেশনরি ওবরসিয়র শ্রীযুত এ, সি, লো সাহেব, ১৮৭৩ সালের নবেম্বর মাসের ১৫ তারিখের অপরাহ্ণে বেহারের জরীপী কার্য্যে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৩ সাল ২২ নবেম্বর।

৫২১ নম্বর।—ব্রাহ্মণীখণ্ডের দ্বিতীয় শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু রাধামাধব মুখোপাধ্যায় ১৮৭৩ সালের নবেম্বর মাসের ৪ তারিখের অপরাহ্ণে অনুগ্রহের ছুটীহইতে প্রত্যাগমন করিলেন।

৫২৩ নম্বর।—অবস্থিতির কথা।—প্রথম শ্রেণীর প্রবেশনরি সুপরবাইসর শ্রীযুত এস ষ্ট্রীট সাহেব আরা খণ্ডে অবস্থিত হইয়াছেন।

৫২৪ নম্বর।—বিজ্ঞাপন।—তৃতীয় শ্রেণীর প্রবেশনরি আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জি, এফ, মুর সাহেব ১৮৭৩ সালের নবেম্বর মাসের ১৫ তারিখের পূর্ব্বাহ্ণে কসুই খণ্ডে কর্ম্ম গ্রহণ করিলেন।

১৮৭৩ সাল ২৪ নবেম্বর।

৫২৫ নম্বর —ছুটী।—দেকড়ী খণ্ডের প্রথম শ্রেণীর ওবরসিয়র শ্রীযুত বাবু বৈকুণ্ঠনাথ সেন সিবিল কার্য্যকারকদের ছুটীর F চিহ্নিত পরিশিষ্ট বিধির ১২ ধারামতে ১৮৭৩ সালের অক্‌টোবর মাসের ৩১ তারিখের অপরাহ্ণ অবধি পনের দিন অনুগ্রহের ছুটী পাইয়াছেন। উক্ত তারিখেই তিনি ছুটী গ্রহণ করিলেন।

উক্ত ওবরসিয়র ১৮৭৩ সালের নবেম্বর মাসের ১২ তারিখের অপরাহ্ণে কর্ম্মে প্রত্যাগমন করিলেন।

৫২৬ নম্বর।—বিজ্ঞাপন।—চতুর্থ শ্রেণীর একুসেকিটিব ইঞ্জিনিয়র লেপ্টেনেণ্ট শ্রীযুত এ ডি মাকার্থর সাহেব, আর, ই, ১৮৭৩ সালের নবেম্বর মাসের ৮ তারিখের পূর্ব্বাহ্ণে বক্সার খণ্ডের কর্ম্ম গ্রহণ করিলেন।

৫২৭ নম্বর।—কসুইখণ্ডের প্রথম শ্রেণীর আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়র শ্রীযুত জি, জে, আর, লীসন সাহেব ১৮৭৩ সালের আগস্ট মাসের ১৮ তারিখের অপরাহ্ণে কর্ম্মে প্রত্যাগমন করিলেন।

৫২৯ নম্বর।—অবস্থিতির কথা।—দ্বিতীয় শ্রেণীর কিয়ৎকালীন সুপরবাইসর শ্রীযুত ই, এচ, মাকবিটী সাহেব সোণনদের পূর্ব্ব খণ্ডে অবস্থিত হইয়া ১৮৭৩ সালের নবেম্বর মাসের ১৬ তারিখের পূর্ব্বাহ্ণে তথায় কর্ম্ম গ্রহণ করিলেন।

৫৩০ নম্বর।—বিজ্ঞাপন।—রাজকীয় কার্য্যের নিমিত্তে অর্থাৎ—

১। সালন্দী নদীর দক্ষিণ তটের ধারে২ বাঁধ প্রস্তুত করণার্থে,

২। আগরপাড়ার পথ তৎসহ সংযোগ করিয়া লকব্রিজের উপর দিয়া তাহা ফিরাইবার নিমিত্তে,

৩। সালন্দী নদীর বাঁধ ও হাই লেবল খালের তৃতীয় ভাগের কার্য্যসম্পর্কে ইঁটখোলা ও নদীরক্ষার্থ কার্য্য করণার্থে রাজকীয় অর্থব্যয়ে গবর্ণমেণ্টের ভূমি লওয়া আবশ্যক, বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের নিকট এই কথা প্রকাশ হওয়াতে এই সংবাদ দেওয়া গেল। পূর্ব্বোক্ত কার্য্যের নিমিত্তে বালেশ্বর জিলার অন্তর্গত রাম্ভিয়া ওরগরা পরগনায় নিম্নলিখিত কএক খণ্ড ভূমি লওয়া প্রয়োজন।

১। ন্যূনাধিক ৬ মাইল দীর্ঘ ও ৯০ ফুট প্রস্ত, এক খণ্ড কামপুর মৌজায় আরম্ভ হইয়া দইসিংহ ও কৃষ্ণনগর ও ঘাড়েরা ও উলজ ও সরমাজা ও খোরাট গ্রাম দিয়া রাম্ভিয়া মৌজা পর্য্যন্ত যায়।

২। ন্যূনাধিক ১৩৬০ ফুট দীর্ঘ ও ১২০ ফুট প্রস্ত, এক খণ্ড সালন্দী নদীর দক্ষিণ তটে আরম্ভ হইয়া অংশত হাই লেবল খালের তৃতীয় ভাগের নিমিত্ত গৃহীত ভূমির পূর্ব্ব সীমার সঙ্গে২ রাম্ভিয়া ও বাগুরাই মৌজা দিয়া উক্ত বাগুরাই মৌজার অন্তর্গত আগড়পাড়া পথ পর্য্যন্ত যায়।

৩। ন্যূনাধিক ১০০০ ফুট দীর্ঘ ও ১০০ ফুট প্রস্ত এক খণ্ড সালন্দী নদীর প্রস্তাবিত বাঁধ হইতে আরম্ভ হইয়া রাম্ভিয়া ও খোরাট মৌজা দিয়া উক্ত খোরাট মৌজার অন্তর্গত আগড়পাড়া পথ পর্য্যন্ত যায়।

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭৩। ২ ডিসেম্বর]

4. A strip of land 1,300 feet long, 222 feet broad, more or less, which, commencing from the western boundary of the land acquired before for the 3rd Section, High Level Canal, at its terminus on the Salundee River, and extending up the river along its right bank, terminates in Mouzah Randia aforesaid.

This Declaration is made under the provisions of Section 6 of Act X of 1870 to all whom it may concern.

H. W. GULLIVER, *Lieut.-Col., R.E.,*
Offg. Jt.-Secy. to the Govt. of Bengal,
in the P. W. Dept., Irrigation Branch.

৪। ন্যূনাধিক ১৩০০ ফুট দীর্ঘ ও ২২২ ফুট প্রস্থ এক খণ্ড সালঙ্কী নদীর যে স্থানে হাই লেবল খাল শেষ হয় সেই স্থানে হাই লেবল খালের তৃতীয় ভাগের নিমিত্ত পূর্ব্ব গৃহীত ভূমির পশ্চিম সীমায় আরম্ভ হইয়া ঐ নদীর দক্ষিণ তটের সঙ্গে২ উজান গিয়া পূর্ব্বোক্ত রাদ্দিয়া মৌজা পর্য্যন্ত যায়।

উক্ত ভূমিতে যাঁহাদের সম্পর্ক থাকে, তাঁহাদের জ্ঞানার্থে ১৮৭০ সালের ১০ আইনের ৬ ধারার বিধানমতে এই সংবাদ দেওয়া গেল।

এচ, ডবলিউ, গলিবর, লেপ্টেনেন্ট কর্ণেল, আর, ই,
পবলিক ওর্কস ডিপার্টমেণ্টে জলসেচন শাখায়
বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং জাইণ্ট সেক্রেটরী।

[গবর্ণমেন্ট গেজেট। ১৮৭৩। ২ ডিসেম্বর।]

গবর্ণমেণ্ট গেজেট

TUESDAY, DECEMBER 2, 1873.

মঙ্গলবার ১৮৭৩ সাল ২ ডিসেম্বর।

PART VI.

Bills of the Bengal Council.

ষষ্ঠ খণ্ড।

বঙ্গদেশের মন্ত্রিসভার পাণ্ডুলিপি।

GOVERNMENT OF BENGAL.

LEGISLATIVE DEPARTMENT.

[Second Publication.]

NOTIFICATION.

The 17th November 1873.—Under the provisions of Clause 3, Rule XV, of the "Rules for the conduct of business at meetings of the Council of the Lieutenant-Governor of Bengal," the following Bills, with Statements of Objects and Reasons, are published by order of the Lieutenant-Governor of Bengal.

L. A. GOODEVE,
Offg. Asst. Secy. to Govt. of Bengal, Judicial and Legislative Depts.

A Bill to amend Act XXI of 1856 *of the Council of the Governor-General, and Act II of* 1866 *of the Council of the Lieutenant-Governor of Bengal.*

WHEREAS by Section 90 of Act XXI of 1856 of the Governor-General in Council (An Act to consolidate and amend the law relating to the

বঙ্গদেশের গবর্ণমেণ্ট।

ব্যবস্থাপন কর্ম্মবিভাগ।

[দ্বিতীয়বার প্রকাশিত।]

বিজ্ঞাপন।

১৮৭৩ সাল ১৭ নবেম্বর।—বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের মন্ত্রিসভার অধিবেশন কালীন কার্য্য সম্পাদন বিষয়ক যে বিধি হইয়াছে তাহার ১৫ ধারার ৩ প্রকরণের বিধানানুসারে অভিপ্রায়ের ও হেতুর বর্ণনাসহিত নিম্নলিখিত দুইটী আইনের পাণ্ডুলিপি বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞাক্রমে প্রকাশ করা গেল।

এল, এ, গুডিব,
জুডিশ্যাল ও লেজিসলেটিব ডিপার্টমেণ্টে বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

শ্রীযুত গবরনর জেনরল সাহেবের মন্ত্রিসভার ১৮৫৬ সালের ২১ আইন ও বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের মন্ত্রিসভার ১৮৬৬ সালের ২ আইন সংশোধন করণার্থ আইন।

বঙ্গদেশস্থ ফোর্ট উলিয়ম রাজধানীর অধীন দেশের আবকারী রাজস্ববিষয়ক আইনসংগ্রহ ও সংশোধন করণার্থ আইন নামক মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর

Abkari revenue in the Presidency of Fort William in Bengal) the word "Magistrate" as used in that Act is defined to include a Joint-Magistrate or other person lawfully exercising the powers of a Magistrate, and any Assistant or Deputy Magistrate with special powers stationed at a place other than the sudder station of the Magistrate, and empowered to try cases without reference from the Magistrate; and whereas the cases mentioned in different sections of Act II of 1866 of the Lieutenant-Governor of Bengal in Council can, under Section 49 of that Act, only be tried by a Magistrate of less than full powers, when they are referred to him by the District Magistrate; and whereas further by Act X of 1872 (the Code of Criminal Procedure) new rules have been enacted assigning and regulating the powers of Magistrates of the first, second, and third classes;

It is hereby enacted as follows:—

1. Section 90 of Act XXI of 1856 of the Governor-General in Council so far as it defines the meaning of the word "Magistrate," and Section 49, Act II of 1866, of the Lieutenant-Governor of Bengal in Council, are hereby repealed.

2. In the said Act XXI of 1856, and in all Acts which are to be read as part of that Act, and also in the said Act II of 1866, the word "Magistrate" shall be deemed to include Magistrates of the first class and Magistrates of the second class, as defined in the Code of Criminal Procedure, and subject to the provisions of that Code in respect of powers and jurisdiction.

STATEMENT OF OBJECTS AND REASONS.

As the law now stands, no Magistrate who does not exercise first-class powers can try even the pettiest cases of breach of the Abkari laws, such as smuggling, illicit sale of spirits, or infraction of conditions of license, unless he be stationed at a place other than the sudder station of the Magistrate, and empowered to try cases without reference from the Magistrate.

At the present time when officers exercising first-class powers are much occupied with more important district work, the restriction has been found particularly inconvenient; and the object of this Bill is to enable any Magistrate having

জেনরল সাহেবের ১৮৫৬ সালের ২১ আইনের ৯০ ধারার এই বিধি যে, ঐ আইনে "মাজিষ্ট্রেট" এই শব্দের ব্যবহার হইলে সেই শব্দে জাইণ্ট মাজিষ্ট্রেট কিম্বা অন্য যে ব্যক্তি আইনমতে মাজিষ্ট্রেটের ক্ষমতানুসারে কার্য্য করেন তিনি, এবং মাজিষ্ট্রেটের সদর স্থানভিন্ন কোন স্থানে যে আসিষ্টাণ্ট কি ডেপুটী মাজিষ্ট্রেট বিশেষ ক্ষমতা প্রাপ্ত হইয়া নিযুক্ত থাকেন ও মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অর্পিত না হইলেও মোকদ্দমা বিচার করিবার ক্ষমতা পান তিনিও গণ্য। আরো মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের ১৮৬৬ সালের ২ আইনের নানা ধারায় কএক প্রকারের মোকদ্দমার উল্লেখ হইয়া ঐ আইনের ৪৯ ধারামতে কোন মাজিষ্ট্রেটের সম্পূর্ণ ক্ষমতা অপেক্ষা ন্যূন ক্ষমতা থাকিলে জিলার মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অর্পিত না হইলে ঐ মাজিষ্ট্রেট সেই২ মোকদ্দমার বিচার করিতে পারেন না। আরো ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধান বিষয়ক ১৮৭২ সালের ১০ আইনে নূতন২ বিধি হইয়া প্রথম ও দ্বিতীয় ও তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটদের প্রতি ক্ষমতা অর্পণ ও সেই২ ক্ষমতার বিধান করা গেল।

এই২ কারণে নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

১ ধারা। মন্ত্রিসভাধিষ্ঠিত শ্রীযুত গবরনর জেনরল সাহেবের ১৮৫৬ সালের ২১ আইনের ৯০ ধারার যে২ কথায় "মাজিষ্ট্রেট" শব্দের অর্থ করা গেল সেই২ কথা, ও মন্ত্রিসভাধিষ্ঠিত বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের ১৮৬৬ সালের ২ আইনের ৪৯ ধারা এতদ্দ্বারা রহিত করা গেল ইতি।

২ ধারা। ১৮৫৬ সালের উক্ত ২১ আইনে ও অন্য যে সকল আইন ঐ আইনের একাংশস্বরূপ পাঠ করিতে হইবে তন্মধ্যে ও ১৮৬৬ সালের উক্ত ২ আইনে "মাজিষ্ট্রেট" শব্দ থাকিলে, সেই শব্দে ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনের নির্ণীত অর্থানুসারে প্রথম শ্রেণীর মাজিষ্ট্রেটেরা ও দ্বিতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটেরা গণ্য বলিয়া জ্ঞান করিতে হইবে, এবং ক্ষমতা ও বিচারাধিপত্য সম্পর্কে তাঁহারা ঐ আইনের বিধানের অধীন থাকিবেন ইতি।

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

এইক্ষণে যে২ আইন প্রচলিত আছে তদনুসারে কোন মাজিষ্ট্রেট যদি মাজিষ্ট্রেটের সদর মোকামভিন্ন কোন স্থানে না থাকেন এবং মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অর্পিত না হইলেও মোকদ্দমা বিচার করিবার ক্ষমতা না পান, তবে প্রথম শ্রেণীর ক্ষমতা না পাইলে মাসুল না দিয়া কোন স্থানে মদ আনা কি বিনানুমতিতে বিক্রয় করা কি লাইসেন্সের কোন নিয়ম লঙ্ঘন করা প্রভৃতি আবকারী আইন লঙ্ঘনসম্পর্কীয় অতি ক্ষুদ্র২ মোকদ্দমারও বিচার করিতে পারিবেন না।

যে কার্য্যকারকেরা প্রথম শ্রেণীর ক্ষমতামতে কর্ম্ম করেন এই সময়ে জিলাসম্পর্কীয় অতিগুরুতর কর্ম্মে তাঁহারদের মনোযোগ থাকাতে পূর্ব্বোক্ত নিষেধ দ্বারা বিশেষ কষ্ট হয়। এই কারণে যে মাজিষ্ট্রেটের প্রথম কি দ্বিতীয় শ্রেণীর ক্ষমতা থাকে তাঁহার প্রতি

first or second-class powers to dispose of such cases. Subordinate Magistrates will still only be able to take up cases of this description which are specially made over to them for trial, unless they are authorized to receive complaints generally, or complaints of this particular class, or when they are duly empowered to act without complaint.

The opportunity is taken for the same reasons to remove the restrictions which Section 49, Act II of 1866 (B.C.) imposes as to the classes of Magistrates who may try offences under that Act, and to assimilate the powers of each class in respect to such offences to those which they exercise, or with which they may be specially invested, with regard to offences in general under the Code of Criminal Procedure.

H. L. DAMPIER.

The 29th November 1873.

L. A. GOODEVE,

Offg. Asst. Secy. to Govt. of Bengal, Judicial and Legislative Depts.

সেই প্রকারের মোকদ্দমা নিষ্পত্তি করিবার ক্ষমতা দেওয়াই এই পাণ্ডুলিপির উদ্দেশ্য। সবর্ডিনেট মাজিষ্ট্রেটেরা যদি সাধারণমতে কোন নালিশ কিম্বা এই বিশেষ প্রকারের নালিশ গ্রাহ্য করিতে ক্ষমতাপন্ন না হন, কিম্বা নালিশ না হইলেও কার্য্য করিতে নিয়মিতরূপে ক্ষমতা না পান, তবে তাঁহারদের বিচার করিবার নিমিত্ত এই প্রকারের মোকদ্দমা বিশেষমতে অর্পণ করা না গেলে তাঁহারা সেই মোকদ্দমার বিচার করিতে পারিবেন না।

যেহ শ্রেণীর মাজিষ্ট্রেটেরা ১৮৬৬ সালের বঙ্গীয় ২ আইনমত অপরাধের বিচার করিবেন এই বিষয়ে ঐ আইনের ৪৯ ধারায় সঙ্কোচ করণসূচক যে বিধি আছে পূর্ব্বোক্ত কারণে সেই সঙ্কোচকবিধিও এই সুযোগে রহিত করা গেল। এবং ফৌজদারী মোকদ্দমার কার্য্যবিধানের আইনদ্বারা নানা শ্রেণীর মাজিষ্ট্রেটেরা সাধারণমতে অপরাধ সম্পর্কীয় যেহ ক্ষমতানুসারে কার্য্য করিতে পারেন কি তাঁহারদের প্রতি যেহ ক্ষমতা অর্পিত হয়, উক্ত অপরাধ সম্পর্কেও তাঁহারদের প্রতি তত্তুল্য ক্ষমতা দেওয়া গেল।

এচ, এল, ডাম্পিয়র।

১৮৭৩ সাল ২৯ নবেম্বর।

এল, এ, গুডিব,

জুডিশ্যাল ও লেজিসলেটিব ডিপার্টমেণ্ট, বঙ্গদেশের গবর্ণমেণ্টের একটিং আসিষ্টাণ্ট সেক্রেটরী।

A Bill to provide for the Voluntary Registration of Mahomedan Marriages and Divorces.

WHEREAS it is expedient to make provision for the voluntary registration of Mahomedan marriages and divorces within the provinces under the control of the Lieutenant-Governor of Bengal; and whereas it is expedient that Registrars of such marriages and divorces should be recognised and licensed by the Local Government, it is enacted as follows:—

1. It shall be lawful for the Lieutenant-Governor of Bengal to issue a license to any person being a Mahomedan, either by name or as holding any office for the time being, authorising him to act as Registrar of Mahomedan marriages and divorces.

2. Such licenses may be given on the recommendation of the Magistrate of the district, or in Calcutta, of the Commissioner of Police, to any member of any Mahomedan sect who can show that he is usually resorted to as a professional witness in such cases by his co-religionists, or that he has practised the duties of Kazi, and that he is well versed in Mahomedan law, provided always that satisfactory evidence is produced of his being a person of good moral character.

মুসলমানদের বিবাহ ও তালাক স্বেচ্ছামতে রেজিষ্টরী করিবার বিধান করণার্থ আইনের পাণ্ডুলিপি।

বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন দেশের মধ্যে মুসলমানদের বিবাহ ও তালাক ইচ্ছামতে রেজিষ্টরী করিবার বিধান করা বিহিত এবং স্থানীয় গবর্ণমেণ্টের দ্বারা ঐহ বিবাহ ও তালাকের রেজিষ্ট্রারদের মঞ্জুর হওয়া ও লাইসেন্স পাওয়া বিহিত এইহ কারণে নিম্নলিখিত বিধান করা যাইতেছে।

১ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেব নাম ধরিয়া, কিম্বা যৎকালে যে পদ থাকে সেই পদসম্পর্কে, কোন মুসলমানকে নিযুক্ত করিয়া, মুসলমানদের বিবাহের ও তালাকের রেজিষ্ট্রারের কর্ম্ম করিবার লাইসেন্স দিতে পারিবেন ইতি।

২ ধারা। মুসলমানদের মধ্যে কোন দলের কোন ব্যক্তি তাহার দলের লোকেরা বিবাহের কি তালাকের কোন বিষয়ে তাঁহাকেই প্রায় নিয়ত মুফতী বলিয়া মানিয়া থাকে, ইহা দেখাইতে পারিলে, কিম্বা তিনি কাজির কর্ম্ম করিয়াছেন এবং মুসলমানদের ফতওয়া ভালমতে জানেন, ইহা দেখাইতে পারিলে, জিলার মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা কলিকাতায় পোলীস কমিশ্যনর সাহেবের পরামর্শমতে তাঁহাকে সেই প্রকারের লাইসেন্স দেওয়া যাইতে পারিবে। কিন্তু তিনি সুনীতি পক্ষে সদাচারি লোক, ইহার সন্তোষজনক প্রমাণ দেওয়া সর্ব্বদাই আবশ্যক ইতি।

3. No Mahomedan marriage or divorce which would otherwise be valid shall be held to be invalid merely by reason of its not having been registered before a Registrar licensed under this Act.

৩ ধারা। কোন মুসলমানের বিবাহ কি তালাক প্রকারান্তরে সাবুদ হইলে, এই আইনমতে যে রেজিষ্ট্রার লাইসেন্স পান তাঁহার সম্মুখে রেজিষ্টরী করা যায় নাই, এইমাত্র বলিয়া সেই বিবাহ কি তালাক বাতিল হইবে না ইতি।

4. Each licensed Registrar under this Act shall keep a Register Book in a form to be laid down by the Local Government in which he shall enter all marriages and divorces,—the parties to which shall desire to have them so registered. He shall also, if requested at the time, give an extract of any entry affecting them to either of the parties to such entry.

৪ ধারা। এই আইনমতে কোন রেজিষ্ট্রার লাইসেন্স পাইলে এক খানি রেজিষ্টরী বহী রাখিবেন। বিবাহের কি তালাকের উভয়পক্ষ ঐ কার্য্য রেজিষ্টরী করাইতে চাহিলে স্থানীয় গবর্ণমেণ্ট যে পাঠে ঐ কথা লিখিয়া দিতে হুকুম করেন তিনি ঐ বহীর মধ্যে সেই পাঠে ঐ বিবাহের কি তালাকের কথা লিখিয়া রাখিবেন। আরো বহীর কোন দফায় যে ব্যক্তিদের কথা লেখা থাকে তাহারা চাহিলে তিনি ঐ দফা নকল করাইয়া দিবেন ইতি।

5. The entry of any marriage or divorce in the Register Book shall be signed by the Registrar, and signed, sealed, or marked by the persons married or divorced, and shall be attested by at least two credible witnesses who were present at the ceremony, and every such entry shall be made in order from the beginning to the end of the book, and any extract of any entry given to the parties shall be numbered to correspond with the number of the entry in the Register Book, and shall be authenticated by signature of the Registrar.

৫ ধারা। রেজিষ্টরী বহীতে বিবাহের কি তালাকের কোন কথা লেখা গেলে রেজিষ্ট্রার তাহাতে দস্তখৎ করিবেন ও যাহারদের মধ্যে বিবাহ ও তালাক হয় তাহারাও সেই কথায় দস্তখৎ কি ঢেরা সহী করিয়া মোহর চপকাইয়া দিবে ও যাহারা সেই কার্য্য করণ সময়ে হাজির থাকে তাহারদের মধ্যে মাতবর অতিকম দুই জন, সাক্ষি বলিয়া তাহাতে দস্তখৎ করিবে। ঐ বহীর মধ্যে যেং দফা লেখা যাইবে বহীর প্রথমে তাহা লিখিতে সুরু করিয়া ক্রমেং তামাম করিতে হইবে। আর, কোন ব্যক্তি ঐ বহীর লেখা কোন দফার নকল চাহিলে, রেজিষ্টরী বহীতে ঐ দফার যে নম্বর থাকে নকলেও সেই নম্বর দেওয়া যাইবে, ও রেজিষ্ট্রার ঐ নকল তসদীক করিয়া দস্তখৎ করিবেন ইতি।

6. The Registrar shall keep safely the said Register Book until the same shall be filled, and shall then, or if he shall leave the district, make over the same to the District Registrar of Assurances for safe custody.

৬ ধারা। ঐ রেজিষ্টরী বহী যত দিন তামাম না হয় তত দিন রেজিষ্ট্রার তাহা ভাল করিয়া রাখিবেন। তামাম হইলে কিম্বা রেজিষ্ট্রার ঐ স্থান ছাড়িয়া অন্য স্থানে গেলে ঐ জিলার দলীলদস্তবেজের রেজিষ্ট্রারের নিকট তাহা রাখিয়া যাইবেন ইতি।

7. Any Registrar who shall discover any error to have been committed in the form or substance of any such entry may, within one month next after the discovery of such error, in the presence of the parties married, or divorced, or in case of their death or absence, in the presence of two other credible witnesses, who shall respectively attest the same, correct the erroneous entry according to the truth of the case by entry in the margin without any alteration of the original entry, and shall sign the marginal entry, and add thereunto the day of the month and year when such correction shall be made, and shall if possible give or cause to be delivered a corrected copy of the extract to the parties to the original entry.

৭ ধারা। ঐ বহীতে কোন দফা লিখিবার দাঁড়ায় কি মর্ম্মে কোন ভুল কি চুক হইয়াছে, রেজিষ্ট্রার ইহা জানিতে পাইলে পর এক মাসের মধ্যে তাহা এই প্রকারে শুধরাইয়া দিতে পারিবেন। ঐ দফায় যে ভুল কথা লিখিয়াছিলেন তাহা কাটিবেন না, কিন্তু যে ব্যক্তিদের বিবাহ কি তালাক হইয়াছে তাহারদের সাম্নে কিম্বা তাহারা মরিলে কি না থাকিলে মাতবর দুই ব্যক্তির সাম্নে ঐ দফার এক পাশে আসল কথা লিখিয়া তাহাতে দস্তখৎ করিয়া যে বৎসরের যে মাসের যে তারিখে লিখিলেন তাহাও লিখিবেন। ঐ ব্যক্তিরা সাক্ষিস্বরূপ তাহাতে দস্তখৎ করিবেন। আর আসল কথা সমেত ঐ দফার নকল করাইয়া ঐ বিবাহিত কি তালাকী ব্যক্তিদিগকে দিতে পারিলে তাহারদিগকে দিবেন কি দেওয়াইবেন ইতি।

8. Every Registrar shall at all reasonable times, and on the payment of such fees as may be agreed upon, search or permit search to be made in any

৮ ধারা। উক্ত কোন রেজিষ্টরী বহীর মধ্যে যেং দফা লেখা থাকে কোন ব্যক্তি ঐ বহীতে খুজিয়া তাহার কোন দফা দেখিতে চাহিলে, তাহা দেখিবার

such Register Books, and shall give a copy under his hand of any entry or entries in the same.

নিমিত্ত যত টাকা ফী দিবেন রেজিষ্ট্রারের সঙ্গে ইকার করার করিয়া, ঐ ফী দিলে, রেজিষ্ট্রার উপযুক্ত কোন সময়ে আপনি ঐ দফা খুলিয়া দিবেন কিম্বা অন্য ব্যক্তিকে খুলিয়া দেখিতে দিবেন ও তাহার নকল করাইয়া তাহাতে দস্তখৎ করিয়া দিবেন ইতি।

9. Every certified extract of any entry in any Register Book purporting to be signed by the licensed Registrar, shall be received as evidence of the marriage or divorce purporting to be so entered or of the facts purporting to be so certified therein, without further proof of such Register Book or extract, unless and until the genuineness of such entry or extract or the truth of the facts set out in it be disproved.

৯ ধারা। রেজিষ্টরী বহীতে লেখা কোন দফার সেইরূপ তসদীক করা নকলে লাইসেন্সী রেজিষ্ট্রারের নাম দস্তখৎ থাকিলে তাহা ঐ দফার লিখিত বিবাহের কি তালাকের কি তাহার অন্য কথার প্রমাণ বলিয়া গ্রাহ্য হইবে। এ সেই দফা কি সেই নকল কিম্বা তাহার মধ্যে লেখা কোন কথা আসল নহে বলিয়া প্রমাণ করা না গেলে, ঐ রেজিষ্টরী বহীর কি নকলের আর কোন প্রমাণ লইবার প্রয়োজন নাই ইতি।

10. Whoever shall wilfully destroy or injure or cause to be destroyed or injured any such Register Book or any part thereof, or any such authenticated extract as aforesaid, or shall wilfully insert or cause to be inserted any false entry in any such Register Book or authenticated extract, shall be punished with imprisonment of either description, as defined in the Indian Penal Code, for a term which may extend to seven years, and shall also be liable to fine.

১০ ধারা। কোন ব্যক্তি জানিয়া শুনিয়া উক্ত কোন রেজিষ্টরী বহী কি তাহার কোন অংশ কিম্বা পূর্ব্বোক্তমতে তসদীক করা কোন দফার নকল নষ্ট কি লোকসান করিলে কিম্বা নষ্ট কি লোকসান করাইলে, কিম্বা ঐ রেজিষ্টরী বহীতে কি তসদীক করা নকলে জানিয়া শুনিয়া কোন মিথ্যা কথা লিখিলে কি লেখাইলে তাহাকে সাত বৎসর পর্য্যন্ত ভারতবর্ষের দণ্ডবিধির আইনমতে কোন এক প্রকারে কয়েদ করা যাইবে, তাহার জরীমানাও হইতে পারিবে ইতি।

11. It shall be lawful for the Lieutenant-Governor to draw up rules and prescribe forms for giving effect to the provisions of this Act, and to charge a fee not exceeding Rs. 2 for each license granted under the Act, provided always that no rule shall be laid down to interfere with the taking by any licensed Registrar from the parties to any marriage or divorce of any fee, which custom or his position may entitle him to demand.

১১ ধারা। এই আইনের বিধানমতে কার্য্য চালাইবার জন্যে শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব বিধি করিয়া দিতে ও বহী প্রভৃতির কথা লিখিয়া দিবার পাঠ নিরূপণ করিয়া দিতে পারিবেন, এবং এই আইনমতে যে২ লাইসেন্স দেওয়া যায় তাহার নিমিত্ত ২৲ টাকা পর্য্যন্ত ফী লইতে পারিবেন। কিন্তু যাহারদের বিবাহ কি তালাক হইবে তাহারদের স্থানে দস্তুরমতে কিম্বা লাইসেন্সী রেজিষ্ট্রারের পদ বিবেচনায় তাঁহার যত ফী লইবার এক্তিয়ার থাকে তাহাতে হাত দিবার কোন বিধি করা যাইবে না ইতি।

Statement of Objects and Reasons.

অভিপ্রায়ের ও হেতুর বর্ণনা।

The attention of the Government has for some time past been drawn to the increasing number of offences against marriage shown in the criminal returns, especially in the eastern and Mahomedan districts. The remarkably small number of convictions obtained in such cases taken together with their increasing numbers, seemed to indicate the existence of a grievance which the Criminal Courts are at present unable to redress. Inquiry has proved that this is in fact the case. The loose notions regarding the marriage tie prevalent among the lower orders of Mahomedans lead to the frequent institution of criminal charges, while the absence of any authorized system of registration of marriage and divorce (since the office of

অপরাধের যে২ কৈফিয়ৎ পাঠান গিয়া থাকে তাহার মধ্যে গবর্ণমেন্ট অনেক দিন অবধি দেখিতে পাইয়াছেন যে, বিবাহের বিরুদ্ধ অপরাধ বাড়িয়া উঠিতেছে, বিশেষতঃ পূর্ব্বাঞ্চলে ও যে২ জিলায় অনেক মুসলমান বাস করে সেই২ জিলায় এই প্রকার অপরাধ হইয়া থাকে। সেই প্রকারের মোকদ্দমা নিত্য২ বৃদ্ধি হইতেছে অথচ তাহার অল্পমাত্র মোকদ্দমায় অপরাধ নির্ণয় হইয়া থাকে, ইহা দেখিয়া একটা অত্যাচার যে হয় এমত বোধ হইতে লাগিল, কিন্তু এই সময়ে ফৌজদারী আদালত তাহার প্রতিকার করিতে পারিতেছেন না। অনুসন্ধান লইয়াও প্রকৃত তাহাই জানা গেল। বিবাহবন্ধন বিষয়ে নীচ শ্রেণীর মুসলমানদের আলগা জ্ঞান থাকাতে অনেক অপরাধের অভিযোগ উপস্থিত হইয়া থাকে, আর আইনমতে কাজীর পদ যে অবধি অগ্রাহ্য হইল তদবধি বিবাহ ও তালাক

Kazi ceased to be recognized by law) makes it difficult to furnish the amount of proof which the Criminal Courts require to warrant their taking action.

It appears to the Government that the legal recognition of an authorized system of registering Mahomedan marriages and divorces will go far to supply the existing want, and this Bill provides such a system. The Registrar will, as regards such registration, take the place which was filled by the old Kazis, and certified copies of extracts from his register are made *primâ facie* proof of the facts recited therein. But the registration of marriages and divorces is left optional with the parties concerned, and all questions of remuneration are left to be settled between the Registrar and the parties who avail themselves of his services.

H. L. DAMPIER.

The 29th November 1873.

L. A. GOODEVE,
Offg. Asst. Secy. to the Govt. of Bengal,
Judicial and Legislative Depts.

রেজিষ্টরী করিবার কোন অবধারিত নিয়ম না থাকাতে ফৌজদারী আদালতের উপযুক্ত কার্য্য চালাইবার জন্যে যত প্রমাণের আবশ্যক তত পাওয়া যায় না।

14. It shall be lawful for the superintendent of emigration to grant to such persons as he may think fit licenses to act as contractors for engaging and supplying persons for the purpose of laboring for hire in the labor districts, or to act in behalf of some contractor as recruiters for engaging persons to proceed to the said districts for the purpose of laboring therein for hire.

Duration of contract.

15. A contract registered under this Act shall in no case exceed the term of three years from the date of the arrival of the emigrant on the estate of his employer in the labor district for which he is engaged.

Form and particulars of contract.

Every such contract shall be in the form in Schedule (A) annexed to this Act, and shall be reduced to writing, and shall specify the monthly amount of wages in money, the period of service, the name of the district

করাইলে, যত জনকে ঐরূপে করার করায় তাঁহাদের জনপ্রতি সেই ব্যক্তির পঞ্চাশ টাকা পর্য্যন্ত দণ্ড হইবে ইতি।

বিদেশ যাইবার তত্ত্বাবধারকের ও নৌকাদিতে চড়াইবার এজেন্টের, ও মজুরদিগকে দেখিবার ডাক্তর সাহেবদের নিযুক্ত হইবার কথা।

১২ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব বিদেশে যাওন কার্য্যের তত্ত্বাবধারণ করিবার জন্যে কলিকাতায় সুপরিন্টেণ্ডেণ্ট বলিয়া উপযুক্ত কোন ব্যক্তিকে নিযুক্ত করিতে পারিবেন, এবং অন্য কোন স্থানে বিদেশে যাওন কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট নামে কোন উপযুক্ত ব্যক্তিকে নিযুক্ত করিয়া তাহাকে বিদেশে যাওনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্টের সকল কি কোন২ ক্ষমতা দিতে পারিবেন। এবং যে২ স্থানে উচিত বোধ করেন সেই২ স্থানে বিদেশগামিদিগকে নৌকাদিতে চড়াইয়া দিবার জন্যে এজেন্ট, ও তাহাদের দেখিবার জন্যে ডাক্তর নিযুক্ত করিতে পারিবেন, ও উক্ত প্রত্যেক জন কার্য্যকারককে এই আইনমতে যে শক্তি ও ক্ষমতা দেওয়া যায় তাঁহারা যে স্থানের সীমার মধ্যে সেই ক্ষমতামতে কার্য্য করিতে পারিবেন, কলিকাতা গেজেটে জ্ঞাপনপত্র প্রকাশ করিয়া তাহা নিরূপণ করিবেন। তিনি কোন সময়ে উক্ত কোন কার্য্যকারককে সসপেণ্ড কি অবসরও করিতে পারিবেন ইতি।

বাগানের সরদারের দ্বারা কর্ত্তার লোক সংগ্রহ করিয়া আনিবার কথা।

১৩ ধারা। কোন কর্ত্তার অধীনে যে জমী থাকে, ভারতবর্ষজাত লোকেরা এই আইনের বিধানমতে চুক্তি করিয়া ও চুক্তিপত্রে দস্তখৎ করিয়া মজুরী পাইয়া সেই জমীতে খাটিবার জন্যে মজুরী করিবার জিলায় যায় এই নিমিত্ত ঐ কর্ত্তা বাগানের কোন সরদারকে সর্টিফিকট দিয়া ঐ লোকদিগকে যুটাইয়া আনিবার অনুমতি দিতে পারিবেন ইতি।

কন্‌ট্রাকটরদিগকে ও মজুর সংগ্রাহকদিগকে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের লাইসেন্স দিবার কথা।

১৪ ধারা। বিদেশগমন কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব যাহাদিগকে উপযুক্ত জ্ঞান করেন, এমত কোন ব্যক্তিদিগকে মজুরী করিবার জিলায় গিয়া মজুরী পাইয়া খাটিবার জন্যে লোক করিয়া লইবার ও যুটাইবার লাইসেন্স, কিম্বা কোন কন্‌ট্রাকটরের তরফ মজুরসংগ্রাহক হইয়া ঐ জিলায় গিয়া মজুরী পাইয়া খাটিবার লোক করিয়া লইবার লাইসেন্স দিতে পারিবেন ইতি।

চুক্তির মিয়াদের কথা।

১৫ ধারা। এই আইনমতে যে চুক্তি পত্র রেজিষ্টরী করা যায়, বিদেশগামি ব্যক্তি মজুরী করিবার যে জিলায় কর্ম্ম করিতে করার করে, সেই জিলায় কর্ত্তার জমীতে পঁহুছিবার তারিখ অবধি কোন স্থলেই তিন বৎসরের অধিক মিয়াদের সেই চুক্তি হইবে না।

চুক্তির পাঠ ও মর্ম্মের কথা।

উক্ত প্রত্যেক চুক্তিপত্র এই আইনের A চিহ্নিত তফসীলের পাঠে লিখিয়া দেওয়া যাইবে। মজুরকে মাসে২ যত টাকা বেতন দেওয়া যাইবে, ও তাহার যত কাল চাকরী করিতে হইবে, ও

in which the service is to be performed, and the price at which rice is to be supplied to the laborer.

Chapter 3.—Garden-sirdar.

Garden-sirdar to obtain certificate from employer, and to present it to magistrate.

16. Every garden-sirdar, authorized by an employer under the provisions of section 13 to engage natives of India to proceed to a labor district for the purpose of laboring therein for hire, shall, before proceeding to engage any such native, personally present to the magistrate of the district, or division of the district, within which is situate the estate of the employer, a certificate signed by such employer, in which shall be stated the name and description of such garden-sirdar, the name and description of the lands for the purpose of laboring upon which he is about to engage such natives, the district (or the town of Calcutta, as the case may be) in which he is about to engage them, the number which he is authorized to engage, and, if the number exceeds twenty, the name of the contractor to whose depot they shall be conveyed. The certificate shall be in the form set forth in Schedule (B) annexed to this Act.

Magistrate after inquiry to countersign it.

17. Such magistrate shall inquire into the facts stated in such certificate, and, upon being satisfied that the same are true, shall, unless it appears to him that the person so presenting such certificate is unfit to be employed for the purpose of engaging natives to proceed to a labor district to labor therein for hire, countersign and date such certificate, and every such certificate shall be in force for six months from the date last mentioned, and no longer.

Garden-sirdar authorized to engage more than twenty natives to be subject to provisions relating to a recruiter.

18. If, under his certificate from his employer, any garden-sirdar is authorized to engage more than twenty natives of India, he shall be in all respects, save as regards his certificate, subject to the provisions of this Act which relate to recruiters. The following rules of this chapter shall apply to every garden-sirdar who is not authorized to engage more than twenty such natives.

Garden-sirdar who is not a Recruiter.

Has no authority until certificate is countersigned by magistrate.

19. A garden-sirdar shall not have authority in any district under the control of the Lieutenant-Governor of Bengal to engage or attempt to engage a native of India to become an emigrant, until his

যে জিলায় চাকরী করিবে সেই জিলার নাম, ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে, ঐ চুক্তিপত্রে এই সকল কথা বিশেষ করিয়া লেখা থাকিবে ইতি।

৩ পরিচ্ছেদ।—বাগানের সরদারের কথা।

কর্তার স্থানে বাগানের সরদারের সর্টিফিকট লইয়া মাজিষ্ট্রেটকে দেখাইবার কথা।

১৬ ধারা। ১৩ ধারার বিধানমতে বাগানের কোন সরদার কর্তার স্থানে মজুরী করিবার জিলায় গিয়া মজুরী পাইয়া কর্ম্ম করিবার জন্যে ভারতবর্ষজাত লোক করিয়া লইতে ক্ষমতা পাইলে, কর্তার জমী যে জিলার কি যে মহকুমার মধ্যে থাকে, ঐ বাগানের সরদার, বিদেশগামি উক্ত প্রকারের কোন লোক করিয়া লইবার পূর্ব্বে, আপনি সেই জিলার কি মহকুমার মাজিষ্ট্রেট সাহেবের নিকট গিয়া, ঐ কর্তার দস্তখত করা সর্টিফিকট দেখাইবেন। তন্মধ্যে ঐ বাগানের সরদারের নাম ও বেওরা লেখা থাকিবে, ও যে জমীতে মজুরী করিবার জন্যে দেশীয় লোককে করিয়া লইবে সেই জমীর নাম ও বর্ণনা, ও যে জিলায় গিয়া লোক করিয়া লইবে সেই জিলার নাম, কিম্বা বিষয়বিশেষে কলিকাতায় গিয়া লোক করিয়া লইবে এই কথা, ও উক্তরূপে যত জনকে করিয়া লইবার অনুমতি থাকে তাহাদের সংখ্যা, ও কুড়ি জনের অধিক হইলে তাহাদিগকে যে কনট্রাক্টরের আড্ডায় লইয়া যাইবে তাহার নাম লেখা থাকিবে। ঐ সর্টিফিকট এই আইনের B তফসীলের পাঠে লিখিতে হইবে ইতি।

মাজিষ্ট্রেট সাহেবের তদারক লইয়া তাহাতে প্রতিসহী করিবার কথা।

১৭ ধারা। ঐ সর্টিফিকটের মধ্যে যে বৃত্তান্ত লেখা থাকে মাজিষ্ট্রেট সাহেব তাহার তত্ত্ব লইয়া জ্ঞানমতে সত্য জানিলে, ও যে ব্যক্তি ঐ সর্টিফিকট দেখায় সে মজুরী করিবার জিলায় মজুরী পাইয়া খাটিবার লোক করিয়া লইবার যোগ্য নয়, তিনি এমত জ্ঞান না করিলে, ঐ সর্টিফিকটে প্রতিসহী করিয়া তারিখ লিখিবেন। ও সেই সর্টিফিকট সেই তারিখঅবধি ছয় মাসপর্য্যন্ত প্রবল থাকিবে, তাহার অধিক নয় ইতি।

বাগানের সরদার ২০ জনের অধিক মজুর করিয়া লইবার ক্ষমতা পাইলে তাহার প্রতি মজুর সংগ্রাহক বিষয়ক বিধান খাটিবার কথা।

১৮ ধারা। কর্তার সর্টিফিকট দ্বারা কোন বাগানের সরদার কুড়ি জনের অধিক মজুর করিয়া লইতে ক্ষমতা পাইলে, এই আইনে মজুর সংগ্রাহকদের বিষয়ে যে সকল বিধান আছে, সেই সরদার সর্টিফিকটের কথা ছাড়া অন্য সকল বিষয়ে সেই বিধানের অধীন থাকিবে। বাগানের সরদার কুড়ি জনের অধিক মজুর করিয়া লইতে ক্ষমতা না পাইলে, তাহার প্রতি এই অধ্যায়ের পশ্চাল্লিখিত বিধি খাটিবে ইতি।

বাগানের সরদার মজুর সংগ্রাহক না হইলে তাহার বিধি।

মাজিষ্ট্রেট সাহেব সর্টিফিকটে প্রতিসহী না করিলে তাহার ক্ষমতা না থাকার কথা।

১৯ ধারা। বঙ্গদেশের শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন কোন জিলার কি মহকুমার মাজিষ্ট্রেট সাহেব বাগানের সরদারের সর্টিফিকটে প্রতিসহী না করিলে, সেই জিলার

certificate has been countersigned by the Magistrate of such district or of such division of the district; or in Calcutta, until his certificate has been countersigned by the commissioner or the deputy commissioner of police in Calcutta.

কি মহকুমার মধ্যে, এবং কলিকাতার পোলীসের কমিশ্যনর কি ডেপুটী কমিশ্যনর সাহেব সর্টিফিকটে স্বাক্ষর না করিলে কলিকাতায়, সেই সরদার ভারতবর্ষজাত কোন লোক করিয়া লইতে কি করিয়া লইবার চেষ্টা করিতেও পারিবে না।

Magistrate may cancel certificate.

It shall be lawful for such magistrate, in case of misconduct or disobedience to, or neglect of, any of the provisions of this Act by a garden-sirdar, to cancel the certificate of such garden-sirdar.

ঐ সর্টিফিকট মাজিষ্ট্রেট সাহেবের বাতিল করিবার ক্ষমতার কথা।

বাগানের সরদার অহিতাচার করিলে, কিম্বা এই আইনের কোন বিধান না মানিলে কি তুচ্ছ করিলে, ঐ মাজিষ্ট্রেট সাহেব ঐ বাগানের সরদারের সর্টিফিকট বাতিল করিতে পারিবেন ইতি।

Every native to appear before magistrate before removal from district.

20. Every native of India, who enters into an engagement with a garden-sirdar to proceed to a labor district for the purpose of laboring for hire, shall appear with the garden-sirdar before the magistrate of the district or of the division of the district within which the engagement was made, or through which he shall first pass on the road to his destination. The garden-sirdar shall at the same time produce his certificate to the magistrate.

দেশীয় ব্যক্তি জিলাছাড়িতে যাইবার পূর্ব্বে মাজিষ্ট্রেটের নিকট আসিবার কথা।

২০ ধারা। ভারতবর্ষজাত কোন লোক মজুরী পাইয়া কর্ম্ম করিবার নিমিত্তে মজুরী করিবার জিলায় যাইতে কোন বাগানের সরদারের সঙ্গে করার করিলে, যে জিলায় কি মহকুমায় ঐ করার করিল বাগানের সরদারের সঙ্গে সেই জিলার কি মহকুমার, কিম্বা লক্ষিত স্থানে যাইবার পথে প্রথম যে জিলায় কি মহকুমায় পঁহুছে, তথাকার মাজিষ্ট্রেট সাহেবের সম্মুখে যাইবে। বাগানের সরদার সেই সময়ে মাজিষ্ট্রেট সাহেবকে আপনার সর্টিফিকট দেখাইবেন ইতি।

Magistrate to examine native, and if the examination is satisfactory, to register particulars.

21. On the appearance of such native the magistrate shall examine him with reference to his engagement; and, if it appears that he understands such engagement as regards the locality, period, and nature of the service, the rate of wages, and the price at which rice is to be supplied, and that he is willing to fulfil the same, the magistrate shall register, in a book to be kept for the purpose, the following particulars, viz.—

মাজিষ্ট্রেট সেই ব্যক্তির নিকট জিজ্ঞাসাবাদ করিয়া সন্তোষজনক উত্তর পাইলে যে বিবরণ রেজিষ্টরী করিবেন তাহার কথা।

২১ ধারা। দেশীয় সেই ব্যক্তি তাঁহার নিকট গেলে মাজিষ্ট্রেট সাহেব তাহার করারের বিষয়ে তাহাকে জিজ্ঞাসা করিবেন। ও যে স্থানে যাইবে, ও তাহার যত কাল যে প্রকারের কর্ম্ম করিতে হইবে, ও যে হারে বেতন পাইবে, ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে, এই সকল বিষয় ধরিয়া সে আপন করারের ভাব বুঝিয়াছে ও করারমতে কর্ম্ম করিতে ইচ্ছুক আছে, মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করিলে, তাঁহার নিকট নিম্নলিখিত দেওয়া লিখিবার যে বহী থাকে তিনি সেই বহীতে নিম্নলিখিত সকল বিবরণ রেজিষ্টরী করিয়া রাখিবেন।

(1)—The name, the name of the father, and the age, of such native;

১। দেশীয় সেই ব্যক্তির নাম ও পিতার নাম ও বয়স।

(2)—The name of the village or place of which such native is a resident;

২। সেই ব্যক্তি যে গ্রাম কি যে স্থানবাসী হয় তাহার নাম।

(3)—The labor district to which he is engaged to proceed;

৩। মজুরী করিবার যে জিলায় যাইতে করার করিয়াছে।

(4)—The period of service;

৪। যত কাল চাকরী করিবে।

(5)—The rate of wages, and the price at which rice is to be supplied.

৫। যে হারে বেতন পাইবে ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে।

but may require medical certificate.

Provided that the magistrate may, if he thinks fit, require such native to appear before such medical officer as he may direct, and may refuse to register such native, unless the medical officer certifies in writing that he is in a fit state of health and able in point of physical

কিন্তু ডাক্তরের সর্টিফিকট চাহিতে পারিবার কথা।

কিন্তু মাজিষ্ট্রেট সাহেব উচিত বোধ করিলে, যে ডাক্তর সাহেবের নিকট এদেশীয় ঐ ব্যক্তিকে যাইতে বলেন তাহাকে তাঁহার সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা দিতে পারিবেন। ও স্বাস্থ্যপক্ষে তাহার অবস্থা ও শরীর গতিক বিবেচনায় সে মজুরী করিবার জিলায় যাইবার উপযুক্ত ও তথায়

condition to journey to and work for hire in a labor district.

মজুরী লইয়া কর্ম্ম করিতে পারিবে, ঐ ডাক্তর সাহেব এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া না দিলে, মাজিষ্ট্রেট সাহেব তাহাকে রেজিষ্টরী করিতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

Magistrate, &c., may refuse to register.

22. If the magistrate finds that such native does not understand the nature of the engagement, or has been induced to enter into the engagement by fraud or misrepresentation, or if the garden-sirdar shall not have produced his certificate, he shall refuse to register such native.

রেজিষ্টরী করিতে মাজিষ্ট্রেট সাহেবের অস্বীকার করিতে পারিবার কথা।

২২ ধারা। দেশীয় সেই ব্যক্তি করারের ভাব বুঝে নাই, কিম্বা তাহাকে প্রতারণা করিয়া কি মিথ্যা কহিয়া করার করিবার প্রবৃত্তি দেওয়া গিয়াছে, মাজিষ্ট্রেট সাহেব এমত বিবেচনা করিলে, কিম্বা বাগানের সরদার আপনার সর্টিফিকট না দেখাইলে, মাজিষ্ট্রেট সাহেব ঐ ব্যক্তিকে রেজিষ্টরী করিতে অস্বীকার করিতে পারিবেন ইতি।

Fee to be paid for registration.

23. For the registration of every such native the garden-sirdar shall pay to the registering officer a fee not exceeding one rupee and eight annas.

রেজিষ্টরী করিবার যে ফী দিতে হইবে তাহার কথা।

২৩ ধারা। দেশীয় যত ব্যক্তিকে রেজিষ্টরী করা যায়, বাগানের সরদার তাহারদের প্রত্যেক জনের নিমিত্ত রেজিষ্টরীকরণিয়া কার্য্যকারককে ১॥০ দেড় টাকার অনধিক ফী দিবে ইতি।

Contract to be executed in duplicate and abstract to be entered in book to be kept by the magistrate;

24. When such registration has been made, the emigrant shall execute a contract with the employer with whom he intends to contract. Such contract shall, in the presence of the magistrate, be signed in duplicate both by the emigrant and by the garden-sirdar on behalf of his employer. The contract may be written or printed, or partly written and partly printed, and shall be on substantial paper. An abstract of every such contract shall be entered in a register to be kept by the magistrate for the purpose; and after such abstract has been so entered, one of the duplicates shall be given to the emigrant and the other to the garden-sirdar.

চুক্তিপত্র দোকর করিয়া লিখিবার ও তাহার চুম্বক মাজিষ্ট্রেটের বহীতে লিখিয়া রাখিবার কথা।

২৪ ধারা। বিদেশগামি ব্যক্তি যে কর্ত্তার সঙ্গে চুক্তি করিতে মানস করে, পূর্ব্বোক্তমতে রেজিষ্টরী করা গেলে পর সে কর্ত্তার নিকট চুক্তিপত্র করিয়া দিবে। ঐ পত্র দোকর করা যাইবে, ও বিদেশগামি ব্যক্তি, এবং কর্ত্তার পক্ষে বাগানের সরদার, মাজিষ্ট্রেট সাহেবের সাক্ষাতে, ঐ দুই খান পত্রে সহী করিবে। সেই চুক্তিপত্র উত্তম কাগজে লেখা কিম্বা ছাপান যাইবে কিম্বা তাহার একাংশ লেখা ও একাংশ ছাপান যাইবে। মাজিষ্ট্রেট সাহেব রেজিষ্টরী বহী রাখিয়া, সেই বহীতে উক্ত প্রত্যেক চুক্তি পত্রের চুম্বক লিখিয়া রাখিবেন। তাহা লেখা গেলে পর, ঐ চুক্তিপত্রের এক কেতা বিদেশগামিকে, ও এক কেতা বাগানের সরদারকে দেওয়া যাইবে।

and copy to be sent to superintendent and magistrate.

The magistrate shall forward a certified copy of every such abstract so entered as aforesaid to the superintendent of emigration, by whom it shall be forwarded, after entry in his own register, to the magistrate of the district within which the service under such contract is agreed to be performed.

তাহার নকল সুপরিণ্টেণ্ডেণ্ট ও মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইবার কথা।

ঐ চুম্বক উক্ত প্রকারে বহীতে লেখা গেলে পর, মাজিষ্ট্রেট সাহেব তাহাতে সর্টিফিকট লিখিয়া বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট তাহার নকল পাঠাইয়া দিবেন। সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব আপনার রেজিষ্টরী বহীতে তাহা লিখিয়া, ঐ চুক্তিপত্রে মজুরী করিবার যে জিলায় কর্ম্ম করিবার করার হইয়াছে, সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট পাঠাইবেন ইতি।

Similar provisions for natives recruited in Calcutta.

25. The provisions of the six last preceding sections shall be applicable to natives of India engaged by a garden-sirdar within the town of Calcutta, except that they shall appear for registration and execution of contract before the superintendent of emigration.

কলিকাতায় যে লোকদিগকে সংগ্রহ করা যায় তাহাদের বিষয়ে সেই বিধি খাটিবার কথা।

২৫ ধারা। কোন বাগানের সরদার কলিকাতা নগরের মধ্যে ভারতবর্ষজাত লোক করিয়া লইলে, ইহার পূর্ব্ব ছয়টি ধারার বিধান তাহারদের সকলের প্রতি খাটিবে, কেবল বিশেষ এই, রেজিষ্টরী করিবার ও চুক্তিপত্রে সহী করাইবার জন্যে তাহারদিগকে বিদেশগমন কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে উপস্থিত করিতে হইবে ইতি।

[*Government Gazette*, *30th December* 1873.]

26. Every native of India who shall be brought or induced to come by any garden-sirdar from any province or district not under the control of the Lieutenant-Governor of Bengal, for the purpose of entering into a contract to proceed to the labor districts to labor therein for hire, shall be presented by the garden-sirdar for registry under the provisions of this chapter at some place within the district under the control of the said Lieutenant-Governor into which he shall first come, or at Calcutta, if he shall first come there.

Natives recruited in districts not in Bengal.

27. The garden-sirdar shall personally accompany natives of India engaged by him throughout their journey from the place in which the engagement was made to the place in which they are to be employed.

Garden-sirdar must personally accompany emigrants.

28. It shall not be lawful for two or more garden-sirdars to proceed together towards a labor-district accompanied by emigrants, if the total number of such emigrants exceeds twenty, or unless the permission of the superintendent of emigration or embarkation agent shall have been first obtained.

Garden-sirdar cannot proceed with more than twenty emigrants in one batch.

29. Every garden-sirdar, by whom any emigrant is accompanied, shall provide such emigrant with proper and sufficient food and lodging throughout such journey. If it shall appear to any magistrate, on the complaint of any such emigrant, at any place on the journey that he has suffered any ill-treatment during the journey or that the garden-sirdar has failed to provide him with proper and sufficient food and lodging; or if it be found on examination by a medical officer appointed by a magistrate for such purpose, that any such emigrant is not in a fit state of health to proceed to or to labor in a labor-district; such magistrate may order the garden sirdar to pay to such emigrant a sum of money by way of compensation, or may cancel the contract and order the garden-sirdar to pay to him a sum of money sufficient to enable him to return to the place at which he was engaged.

Garden-sirdar must provide food and lodging for emigrants on journey.

If such not provided, or if emigrant unfit, magistrate may award compensation, or cancel contract.

২৬ ধারা। যে প্রদেশ কি জিলা বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের অধীন নয়, বাগানের কোন সরদার মজুরী করিবার জিলায় গিয়া মজুরী পাইয়া খাটিবার চুক্তি করিয়া লইবার নিমিত্ত ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে এমত প্রদেশ কি জিলাহইতে আনিলে কি আসিতে প্রবৃত্তি দিলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন জিলার মধ্যে প্রথম যে স্থানে পঁহুছে, বাগানের সরদার সেই স্থানে, কিম্বা কলিকাতায় প্রথমে পঁহুছিলে কলিকাতায়, এই পরিচ্ছেদের বিধানমতে রেজিষ্টরী করিবার জন্যে তাহাকে উপস্থিত করিবে ইতি।

বঙ্গদেশের অন্তর্গত নয় এমন জিলার মধ্যে দেশীয় ব্যক্তিদিগকে সংগ্রহ করিবার কথা।

২৭ ধারা। বাগানের সরদার ভারতবর্ষজাত যে২ লোককে করিয়া লয়, যে স্থানে তাহাদিগকে করিয়া লওয়া যায় তথাহইতে, তাহাদের যে স্থানে কর্ম্ম করিতে হইবে সেই স্থানপর্য্যন্ত, তাহাদের সঙ্গে২ তাহার নিজে সমুদয় পথ যাইতে হইবে ইতি।

বিদেশগামিদের সঙ্গে বাগানের সরদারের নিজে যাইবার কথা।

২৮ ধারা। দুই কি অধিক জন বাগানের সরদারের সঙ্গে মোটে কুড়ি জনের অধিক বিদেশগামি থাকিলে, কিম্বা গমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের কি নৌকাদিতে চড়াইয়া দিবার এজেণ্ট সাহেবের অনুমতি না পাইলে, তাহারা সেই বিদেশগামিদিগকে লইয়া মজুরী করিবার জিলারদিগে একত্র যাইতে পারিবে না ইতি।

একি দলে কুড়ি জনের অধিক মজুর লইয়া বাগানের সরদারের যাইতে না পারিবার কথা।

২৯ ধারা। বিদেশগামির সঙ্গে বাগানের যে২ সরদার যায় সে পথের মধ্যে উপযুক্ত আহারীয় দ্রব্য ও থাকিবার স্থান যোগাইয়া দিবে। পথের মধ্যে কোন স্থানে বিদেশগামির প্রতি অত্যাচার হইয়াছে, কিম্বা বাগানের সরদার উপযুক্ত ও প্রয়োজনমত আহারীয় দ্রব্য ও থাকিবার স্থান করিয়া রাখে নাই, উক্ত কোন বিদেশগামির নালিশমতে কোন মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করিলে, কিম্বা মাজিষ্ট্রেট সাহেব তাহাকে দেখিবার নিমিত্ত যে ডাক্তরকে নিযুক্ত করেন, তিনি ভাল করিয়া দেখিলে উক্ত বিদেশগামির রোগাদি প্রযুক্ত তাহাকে মজুরী করিবার জিলায় গিয়া মজুরী করিতে অযোগ্য জানা গেলে, মাজিষ্ট্রেট সাহেব সেই ব্যক্তির হানিপূরণ বলিয়া বাগানের সরদারকে টাকা দিবার আজ্ঞা করিবেন, কিম্বা তিনি চুক্তি বাতিল করিয়া ঐ লোককে যে স্থানে করিয়া লওয়া গিয়াছিল তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার উপযুক্ত খরচ দিতে বাগানের সরদারকে আজ্ঞা করিতে পারিবেন ইতি।

পথে যাইবার সময়ে মজুরদের আহার ও থাকিবার সুখ বিষয়ে বাগানের সরদারের বিধান করিবার কথা।

যোগাইয়া না দিলে কিম্বা বিদেশগামী অনুপযুক্ত লোক হইলে মাজিষ্ট্রেট সাহেবের হানিপূরণ করাইয়া দিবার কি চুক্তি বাতিল করিবার কথা।

30. If any garden-sirdar, who may be ordered under the provisions of the last preceding section to pay any sum of money, shall for twenty-four hours omit to comply with such order, it shall be lawful for the magistrate to advance the amount so ordered to be paid to the emigrant named in such order, and to recover from his employer the sum so advanced with interest at the rate of twelve per centum per annum from the date of such advance.

Recovery of fines ordered to be paid by Magistrate.

31. On the arrival in Calcutta of any emigrant whose contract has been executed by a garden-sirdar on behalf of his employer, any person empowered to act as the agent or representative of such employer may require the emigrant to appear before the superintendent of emigration for the purpose of cancelling the contract. The superintendent of emigration shall, on the appearance of such emigrant, declare that the contract is cancelled, if a sum of money sufficient for his support during his return to the place at which he was engaged, be paid to him before himself, and not otherwise, and shall make an endorsement to that effect on the contract, and shall attest it with his signature. Provided that the contract of any husband or wife or parent or child of such emigrant, who may have executed a contract at the same time with the same employer, shall be cancelled at the request of such person, and in such case an equal sum of money shall be paid to such person.

Agent in Calcutta may procure order from superintendent of emigration cancelling the contract on payment of expense of return.

32. As soon as possible after the arrival of the garden-sirdar with emigrants at the place of disembarkation, or at the nearest civil station in the district within which the emigrant has engaged to labor, the garden-sirdar shall report himself to the magistrate of the district or division of the district or to any subordinate magistrate whom the magistrate may depute for that purpose, and such magistrate shall check the number of emigrants landed with the number of those registered, and shall report to the superintendent of emigration any deaths which may have occurred on the journey. Any garden-sirdar who neglects to report himself as aforesaid shall on conviction by a magistrate be punished with imprisonment, simple or rigorous, which may extend to three months.

Must report arrival in labor district.

৩০ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে বাগানের সরদারের প্রতি টাকা দিবার আজ্ঞা হইলে, যদি সে চব্বিশ ঘণ্টার মধ্যে ঐ আজ্ঞা মতে কর্ম্ম না করে, তবে ঐ আজ্ঞাপত্রে বিদেশগামিকে যত টাকা দিবার আজ্ঞা হইল, মাজিষ্ট্রেট সাহেব তাহাকে সেই টাকা আগাম দিতে পারিবেন, ও দিবার তারিখ অবধি বৎসর শতকরা ১২ টাকার হিসাবে সুদ ধরিয়া সরদারের কর্ত্তার স্থানে ঐ আগাম দেওয়া টাকা সুদসমেত আদায় করিতে পারিবেন ইতি।

মাজিষ্ট্রেট অর্থদণ্ড দিবার আজ্ঞা করিলে ঐ টাকা আদায় করিবার কথা।

৩১ ধারা। বাগানের সরদার আপনার কর্ত্তার পক্ষে কোন বিদেশগামির চুক্তিপত্রে স্বাক্ষর করিলে পর, সেই ব্যক্তি কলিকাতায় পঁহুছিলে, ঐ কর্ত্তার এজেন্ট কি প্রতিনিধিস্বরূপ যে ব্যক্তি কর্ম্ম করিতে ক্ষমতাপন্ন হন, তিনি চুক্তি বাতিল করিবার জন্য ঐ মজুরকে দেশান্তরগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে উপস্থিত হইবার আজ্ঞা করিতে পারিবেন। পরে ঐ বিদেশগামী বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সম্মুখে উপস্থিত হইলে, তাহাকে যে স্থানহইতে করিয়া লওয়া গিয়াছিল তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার পথ খরচের উপযুক্ত টাকা সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সাক্ষাৎ দেওয়া গেলে, তিনি ঐ চুক্তি বাতিল বলিয়া প্রকাশ করিবেন, ও চুক্তিপত্রের পৃষ্ঠে সেই মর্ম্মের কথা লিখিয়া আপনি সাক্ষীস্বরূপ তাহাতে স্বাক্ষর করিবেন। কিন্তু ঐ পথখরচ তাঁহার সাক্ষাৎ না দেওয়া গেলে তিনি ঐ চুক্তিপত্র বাতিল করিবেন না। আরো ঐ বিদেশগামির স্বামী কি স্ত্রী কি পিতা কি মাতা কি সন্তান সেই সময়ে সেই কর্ত্তার নিকট কর্ম্ম করিতে চুক্তি করিয়া থাকিলে, সেই ব্যক্তি চাহিলে তাহাও বাতিল করা যাইবে, ও তাহাকেও তত্তুল্য টাকা দেওয়া যাইবে ইতি।

কলিকাতার এজেন্ট মজুরের ফিরিয়া যাইবার খরচ দিয়া চুক্তি বাতিল করিতে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট আজ্ঞা পাইবার কথা।

৩২ ধারা। বাগানের সরদার বিদেশগামিদিগকে লইয়া নৌকাদিহইতে নামিয়া যাইবার স্থানে, কিম্বা বিদেশগামী যে জিলায় কর্ম্ম করিতে করার করিল সেই জিলার অতি নিকট দেওয়ানী মোকামে পঁহুছিলেই, ঐ বাগানের সরদার সাধ্যমতে ত্বরায় ঐ জিলার কিম্বা মহকুমার মাজিষ্ট্রেট সাহেবের নিকট, কিম্বা মাজিষ্ট্রেট সাহেব সেই কার্য্যে আপনার অধীন কোন মাজিষ্ট্রেটকে নিযুক্ত করিলে তাঁহার নিকট, আপনার পঁহুছিবার রিপোর্ট করিবেন। তাহা হইলে নৌকাদিহইতে যত জন মজুর নামিয়া যায় ঐ মাজিষ্ট্রেট সাহেব তাহাদের সংখ্যা রেজিস্টরী সংখ্যার সঙ্গে মিলাইয়া দেখিবেন। ও তাহাদের মধ্যে কেহ পথে মরিয়া গেলে বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকটে তাহার রিপোর্ট করিবেন। বাগানের সরদার পঁহুছিয়া পূর্ব্বোক্তমতে রিপোর্ট না করিলে, মাজিষ্ট্রেটের দ্বারা তাহার অপরাধ নির্ণয় হইলে তাহার তিন মাসের অনধিক কাল সামান্য কিম্বা কঠিন পরিশ্রমসহিত কারাদণ্ড হইতে পারিবে ইতি।

মজুরী করিবার জিলায় পঁহুছিলে রিপোর্ট করিতে হইবার কথা।

[*Goorernment Gazette*, 30th *December* 1873.]

Chapter 4.—Contractor.

Form of license.

33. The license granted to a contractor under section 14 shall be in the form set forth in the schedule (C) annexed to this Act. For every license there shall be paid to the superintendent of emigration a fee not exceeding one hundred rupees. Every such license shall be in force for one year and no longer; and in case of misconduct or disobedience to, or neglect of, any of the provisions of this Act by a contractor, the superintendent may cancel his license before the expiration of such period.

Fee.

Period.

To give information to superintendent.

34. It shall be the duty of every contractor to afford such information to the superintendent of emigration, and to make such returns and reports to him as the superintendent, with the sanction of the Lieutenant-Governor, may from time to time require.

To establish and maintain depôts.

35. Every contractor shall forthwith, upon obtaining his license, establish a depôt in a place to be approved of by the superintendent of emigration. Every such depôt shall be maintained by such contractor for the reception of natives of India to be supplied or forwarded by or through him. All such natives shall on their arrival at or in the neighbourhood of the depôt so established by the contractor, by, through, to, or for whom they were engaged or forwarded, be forthwith received therein; and shall receive in such depôt, at the expense of such contractor, suitable lodging, food, clothing, and medical attendance, until such native shall be declared by the superintendent to be no longer thereto entitled. Every such depôt as aforesaid shall be under the supervision of the superintendent, and shall be open to his inspection and the inspection of the medical inspector at all times.

May act as recruiter.

36. A contractor may without other license act as a recruiter, and shall in such case be subject to all the provisions hereinafter contained with regard to recruiters.

Establishment of hospital depôt.

37. In addition to the depôts for the reception of emigrants which the contractors are required to establish and maintain, the Lieutenant-Governor may at any time direct that a

৪ পরিচ্ছেদ।—কন্ট্রাক্টরদের কথা।

লাইসেন্স লিখিবার পাঠ।

৩৩ ধারা। কনট্রাকটরকে ১৪ ধারামতে যে লাইসেন্স দেওয়া যায়, তাহা এই আইনের C চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট পাঠে লিখিতে হইবে। উক্ত প্রত্যেক লাইসেন্সের নিমিত্ত বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে এক শত টাকার অনধিক ফী দেওয়া যাইবে। উক্ত প্রত্যেক লাইসেন্স এক বৎসর বলবৎ থাকিবে তাহার অধিক নয়। এবং কনট্রাকটর কোন অত্যাচার করিলে, কিম্বা এই আইনের কোন বিধান না মানিলে কি মানিতে তাচ্ছল্য করিলে, যে মিয়াদের নিমিত্ত লাইসেন্স দেওয়া গেল তাহা না ফুরাইলেও সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব সেই লাইসেন্স বাতিল করিতে পারিবেন ইতি।

ফীর কথা।

মিয়াদের কথা।

সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে সন্ধান জানাইবার কথা।

৩৪ ধারা। বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব যে২ বিষয়ের সন্ধান জানিতে চাহেন, ও শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের অনুমতি লইয়া তিনি সময়ে২ কন্ট্রাক্টরের স্থানে যে২ রিপোর্ট ও রিটর্ণ চাহেন, প্রত্যেক জন কন্ট্রাক্টর তাঁহাকে সেই সন্ধান জানাইবেন ও তাঁহাকে সেই রিপোর্ট ও রিটর্ণ দিবেন ইতি।

আড্ডা স্থাপন করিয়া রাখিবার কথা।

৩৫ ধারা। প্রত্যেক কন্ট্রাক্টর লাইসেন্স পাইলেই বিদেশ গমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের অনুমোদিত স্থানে আড্ডা করিয়া রাখিবেন। ভারতবর্ষবাসি এদেশীয় যে লোকদিগকে উক্ত কন্ট্রাক্টরকর্ত্তৃক কি তাঁহার দ্বারা যুটাইয়া দেওয়া কি চালান করা যায়, ঐ কন্ট্রাক্টর তাহাদের থাকিবার উপযুক্তমতে ঐ আড্ডা রাখিবেন। উক্ত যে কন্ট্রাক্টরের দ্বারা কি যাহার নিকটে কি নিমিত্তে এদেশীয় তদ্রূপ লোক যুটাইয়া দেওয়া কি চালান করা যায়, তাহারা ঐ কন্ট্রাক্টরের স্থাপিত আড্ডায় কি তন্নিকটে পঁহুছিলে তাহাদিগকে তৎক্ষণাৎ সেই আড্ডায় লওয়া যাইবে, এবং সেই আড্ডায় ঐ কন্ট্রাক্টরের খরচে থাকিবার উপযুক্ত স্থান ও খোরাক পোষাক ও চিকিৎসা পাইবে, এবং তাহাদের সেই সকল বিষয় আর পাইবার অধিকার নাই সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ইহা যত কাল প্রকাশ না করেন তত কাল তাহারা তাহা পাইতে থাকিবে। উক্ত প্রত্যেক আড্ডা সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের তত্ত্বাধীনে থাকিবে এবং তিনি ও পরিদর্শনকারি ডাক্তর সাহেব যে সময়ে হউক সেই সময়ে গিয়া দেখিতে পারিবেন ইতি।

মজুরসংগ্রাহকের কর্ম্ম করিতে পারিবার কথা।

৩৬ ধারা। কন্ট্রাক্টর স্বতন্ত্র লাইসেন্স না লইয়া মজুরসংগ্রাহকের কর্ম্ম করিতে পারিবে। তাহা করিলে ইহার পশ্চাৎভাগে মজুরসংগ্রাহকদের বিষয়ে যে২ বিধি লেখা আছে ঐ কন্ট্রাক্টরের প্রতি সেই সকল বিধি খাটিবে ইতি।

হাস্পাতাল স্থাপন করিবার কথা।

৩৭ ধারা। বিদেশগামি ব্যক্তিদের থাকিবার যে আড্ডা কন্ট্রাক্টরদের স্থাপন করিয়া রাখিতে আজ্ঞা হইল, তাহাছাড়া বিদেশগামি কোন ব্যক্তির ওলাউঠা কি অন্য প্রকারের সঞ্চারক

separate depôt shall be established and maintained at any place for the reception of emigrants who are affected with cholera or other contagious disease. Whenever such hospital depôt is established, every contractor may be required to contribute to the expense of establishing and maintaining it in such proportion as the Lieutenant-Governor may direct. Such hospital depôt shall be under the charge of the medical inspector, who shall be competent at any time to direct the transfer thereto of any emigrants on or after their arrival at any depôt.

Contractor to contribute to expense.

Under charge of medical inspector.

রোগ হইলে শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবরনর সাহেব কোন সময়ে কোন স্থানে তাহারদের থাকিবার স্বতন্ত্র একটি আডডা করিয়া রাখিবার আজ্ঞা দিতে পারিবেন। সেই প্রকারের হাস্পাতালরূপ আডডা করা গেলে, শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব তাহা স্থাপন করিয়া রাখিবার খরচের যে অংশ নিরূপণ করেন, কন্ট্রাক্টরের প্রতি সেই অংশ দিবার আজ্ঞা হইতে পারিবে। সেই হাস্পাতাল পরিদর্শনকারি ডাক্তর সাহেবের অধীনে থাকিবে। আডডায় বিদেশগামিদের পহুছিবার সময়ে কি তৎপরে তিনি তাহাদের কোন ব্যক্তিদিগকে সেই হাস্পাতালে পাঠাইবার আজ্ঞা দিতে পারিবেন।

খরচের একাংশ কন্ট্রাক্টরের দিবার কথা।

তাহা পরিদর্শনকারি ডাক্তর সাহেবের অধীন থাকিবার কথা।

Chapter 5.—*Recruiter.*

৫ পরিচ্ছেদ।—মজুরসংগ্রাহকের কথা।

38. The license granted to a recruiter under section 14 shall be in the form set forth in schedule (D) annexed to this Act. For every license there shall be paid to the superintendent of emigration a fee not exceeding sixteen rupees. Every such license shall be in force for one year and no longer; and in case of misconduct or disobedience to, or neglect of, any of the provisions of this Act by a recruiter, the superintendent may cancel his license before the expiration of such period.

Form of license.

Fee.

Period.

৩৮ ধারা। মজুরসংগ্রাহককে ১৪ ধারামতে যে লাইসেন্স দেওয়া যায় তাহা এই আইনের D) তফসীলের নির্দ্দিষ্ট পাঠানুসারে লিখিতে হইবে। তদ্রূপ প্রত্যেক লাইসেন্সের নিমিত্ত বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেন্ট সাহেবকে ১৬ টাকার অনধিক ফী দেওয়া যাইবে। ঐ লাইসেন্স এক বৎসর বলবৎ থাকিবে, তাহার অধিক নয়। এবং মজুরসংগ্রাহক কোন অত্যাচার করিলে, কিম্বা এই আইনের কোন বিধান না মানিলে কি তাচ্ছল্য করিলে, লাইসেন্স যে মিয়াদের নিমিত্ত দেওয়া গেল তাহা না ফুরাইলেও, সুপরিণ্টেণ্ডেন্ট সাহেব তাহা বাতিল করিতে পারিবেন ইতি।

লাইসেন্স লিখিবার পাঠ।

ফীর কথা।

মিয়াদের কথা।

39. Every recruiter shall hold a written pass signed by the contractor on whose behalf he is licensed to act.

Recruiter must hold a pass.

৩৯ ধারা। প্রত্যেক জন মজুরসংগ্রাহকের নিকট হাতের লেখা একং খান পাস থাকিবে। যে কন্ট্রাক্টরের পক্ষে কর্ম্ম করিবার অনুমতি পায় ঐ পাসে তাহার স্বাক্ষর থাকিবে ইতি।

মজুরসংগ্রাহকের পাস লইতে হইবার কথা।

40. A recruiter shall not have authority in any district under the control of the Lieutenant-Governor of Bengal to engage or attempt to engage a native of India to become an emigrant until his license has been countersigned by the magistrate of the district, or of the division of the district, or in Calcutta, until his license has been countersigned by the commissioner or the deputy commissioner of police in Calcutta; and such magistrate or commissioner or deputy commissioner of police shall, unless it appears to him that the person to whom a license has been granted is unfit to be employed as a recruiter, countersign such license.

No authority till license is countersigned by magistrate of recruiting district.

৪০ ধারা। কোন মজুরসংগ্রাহকের লাইসেন্সপত্রে বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেবের শাসনাধীন কোন জিলার কি মহকুমার মাজিষ্ট্রেট সাহেবের আড়সহী না থাকিলে, ঐ জিলার মধ্যে ভারতবর্ষজাত কোন লোককে বিদেশে যাইবার জন্যে করিয়া লইতে কি করিয়া লইবার চেষ্টা করিতে তাহার কোন ক্ষমতা নাই। এবং কলিকাতার পোলীস কমিশ্যনর সাহেব কি ডেপুটী কমিশ্যনর সাহেব তাহার লাইসেন্সপত্রে আড়সহী না করিলে তাহার তদ্রূপ ক্ষমতা নাই। ঐ লাইসেন্স যে ব্যক্তিকে দেওয়া যায় সে মজুরসংগ্রাহকের কর্ম্ম করিবার যোগ্য নয়, উক্ত মাজিষ্ট্রেট সাহেব কি পোলীস কমিশ্যনর সাহেব কি ডেপুটী কমিশ্যনর সাহেব এমত বোধ না করিলে, তিনি সেই লাইসেন্সপত্রে আড়সহী করিবেন।

যে জিলায় মজুর সংগ্রহ করা যাইবে সেই জিলার মাজিষ্ট্রেট সাহেব ঐ লাইসেন্সপত্রে আড়সহী না করিলে তাহার বল না থাকার কথা।

[*Government Gazette, 30th December* 1873.]

Magistrate may withdraw license and suspend recruiting.

The magistrate or commissioner or deputy commissioner of police may at any time for any sufficient reason withdraw such license, provided that in any such case he shall record his reasons in writing, and shall forward a copy thereof without delay to the superintendent of emigration.

লাইসেন্স রহিত করিয়া মজুরসংগ্রহকার্য্য স্থগিত রাখিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।

কোন সময়ে উপযুক্ত কোন কারণ থাকিলে, মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পোলীস কমিশ্যনর সাহেব কি ডেপুটী কমিশ্যনর সাহেব সেইরূপ লাইসেন্স ফিরিয়া লইতে পারিবেন। তাহা করিলে তিনি কারণ লিখিয়া রাখিবেন, ও বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট অযোগে তাহার নকল পাঠাইবেন ইতি।

Recruiter to provide accommodation for natives before license is countersigned.

41. The magistrate or the commissioner or deputy commissioner of police in Calcutta, to whom any recruiter's license shall have been exhibited for countersignature, shall not countersign the same until he shall be satisfied that sufficient accommodation has been provided and is available for such natives of India as may be engaged by such recruiter pending their removal to a depôt.

লাইসেন্সপত্রে আড়সহী করিবার পূর্ব্বে দেশীয় লোকের থাকিবার নিমিত্ত মজুরসংগ্রাহকের স্থান করিয়া রাখিবার কথা।

৪১ ধারা। মাজিষ্ট্রেট সাহেবের কিম্বা কলিকাতার পোলীস কমিশ্যনর সাহেবের কি ডেপুটী কমিশ্যনর সাহেবের আড়সহী করিবার নিমিত্তে কোন মজুরসংগ্রাহকের লাইসেন্স আনা গেলে, ভারতবর্ষজাত যে লোককে করিয়া লইয়া যাইবে আড্ডায় চালান করিবার পূর্ব্বে তাহাদের থাকিবার উপযুক্ত স্থান প্রস্তুত করিয়া রাখা গিয়াছে ও তাহারা সেই স্থানে থাকিতে পারিবে, উক্ত মাজিষ্ট্রেট সাহেব প্রভৃতি ইহা হৃদবোধগত না জানিলে সেই লাইসেন্সপত্রে আড়সহী করিবেন না।

Magistrate charged with superintendence of accommodation.

The magistrate of the district, or division of the district, in which there may be any such accommodation provided, shall have, for the supervision, management, and regulation of such accommodation, all such and the same powers and authorities as are vested in the superintendent of emigration for the supervision, management, and regulation of depôts which are subject to the powers and authority of the superintendent.

তাহাদের থাকিবার স্থানের তত্ত্ব লইবার ভার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি থাকার কথা।

ঐ ব্যক্তিদের থাকিবার তদ্রূপ স্থান কোন জিলায় কি মহকুমায় প্রস্তুত করা গেলে, বিদেশগমন কার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের শক্তির ও ক্ষমতার অধীন আড্ডার তত্ত্বাবধারণ করিবার ও তাহার কার্য্য চালাইবার ও তাহার বিধান করিবার নিমিত্ত ঐ সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের প্রতি যে সকল শক্তি ও ক্ষমতা বর্ত্তে, উক্ত জিলার কি মহকুমার মাজিষ্ট্রেট সাহেবের প্রতি সেই স্থানের তত্ত্বাবধারণের ও তাহার কার্য্য চালাইবার ও বিধান করিবার নিমিত্ত সেই সকল ও তত্তুল্য শক্তি ও ক্ষমতা বর্ত্তিবে ইতি।

Native to be taken for examination to medical officer, who may reject.

42. Every native of India who shall, in any place or town within the said provinces, enter into any engagement with any recruiter to proceed to a labor district, for the purpose of laboring for hire, shall be brought by such recruiter before such medical officer as the Lieutenant-Governor may from time to time appoint to examine such natives within such place or town; or, if no such officer has been appointed, before such medical officer as the magistrate may direct. The medical officer shall thereupon examine the native brought by the recruiter, and shall reject him or shall certify in writing that he is in a fit state of health and able, in point of physical condition, to journey to and work for hire in a labor district.

দেশীয় ব্যক্তিকে ডাক্তর সাহেবের নিকট আনিবার কথা ও তাঁহার অগ্রাহ্য করিতে পারিবার কথা।

৪২ ধারা। উক্ত প্রদেশের অন্তর্গত কোন স্থানে কি নগরে ভারতবর্ষজাত কোন ব্যক্তি মজুরী পাইয়া কর্ম্ম করিবার নিমিত্তে কোন মজুরসংগ্রাহকের সঙ্গে মজুরী করিবার জিলায় যাইতে করার করিলে, শ্রীযুত লেপ্টেনেণ্ট গবর্ণর সাহেব ঐ স্থানে কি নগরে ঐ ব্যক্তিদিগকে দেখিবার জন্যে সময়ে২ যে ডাক্তরকে নিযুক্ত করেন, মজুরসংগ্রাহক তাহাকে সেই ডাক্তরের সম্মুখে আনিবে, কিম্বা তদ্রূপে ডাক্তর নিযুক্ত না থাকিলে মাজিষ্ট্রেট সাহেব যে ডাক্তরের নিকট লইয়া যাইতে আজ্ঞা করেন তাহার সম্মুখে আনিবে। তাহা হইলে মজুরসংগ্রাহক দেশীয় যে ব্যক্তিকে আনে, ডাক্তর সাহেব তাহাকে দেখিয়া অগ্রাহ্য করিবেন, কিম্বা তাহার স্বাস্থ্য ও শরীরের অবস্থা বিবেচনায় সে মজুরী করিবার জিলায় যাইবার উপযুক্ত ও মজুরী লইয়া কর্ম্ম করিতে সক্ষম এই মর্ম্মের সর্টিফিকট লিখিয়া দিবেন ইতি।

43. Every such native who is certified by the medical officer, as required in the last preceding section, to be fit to emigrate to a labor district, shall thereupon appear with the recruiter before the magistrate of the district or division of the district, within which the place or town where the engagement was entered into is situate. The recruiter shall at the same time produce his license to the magistrate.

If certified to be fit, native to be taken to magistrate.

On the appearance of such native the magistrate, after inspecting the medical certificate, shall examine him with reference to his engagement, and if it appears that he understands such engagement as regards the locality, period and nature of the service, the rate of wages, and the price at which rice is to be supplied, and that he is willing to fulfil the same the magistrate shall register in a book to be kept for the purpose—

Magistrate to examine native respecting the engagement.

If satisfied, magistrate will register certain particulars

(1.) The name, the name of the father, and the age, of such native;

(2.) The name of the village or place of which such native is a resident;

(3) The contractor's depôt to which it is intended that he shall proceed;

(4) The labor district to which he is engaged to proceed;

(5.) The period of service;

(6.) The rate of wages, and the price at which rice is to be supplied.

If the magistrate thinks that such native does not understand the nature of the engagement, or has been induced to enter into the engagement by fraud or misrepresentation, or if the recruiter shall not have produced his license, he shall refuse to register such native.

If dissatisfied, will reject.

44. A certified copy of his registration, written on substantial paper, shall be furnished by the magistrate to each emigrant.

Copy of registration to be given to emigrant.

৪৩ ধারা। ডাক্তর সাহেব ইহার পূর্ব্ব ধারামতে দেশীয় কোন ব্যক্তিকে মজুরী করিবার জিলায় যাইবার উপযুক্ত বলিয়া সর্টিফিকট দিলে, ঐ ব্যক্তির সঙ্গে যে স্থানে কি যে নগরে করার করা যায় তাহা যে জিলার কি যে মহকুমার অন্তঃপাতি, ঐ ব্যক্তি মজুরসংগ্রাহকের সঙ্গে সেই জিলার কি মহকুমার মাজিষ্ট্রেট সাহেবের নিকট উপস্থিত হইবে। মজুরসংগ্রাহক সেই সময়ে মাজিষ্ট্রেট সাহেবকে আপনার লাইসেন্সও দেখাইবে।

উপযুক্ত বলিয়া সর্টিফিকট পাইলে মাজিষ্ট্রেটের নিকট লইয়া যাইবার কথা।

দেশীয় সেই ব্যক্তি উপস্থিত হইলে, মাজিষ্ট্রেট সাহেব ডাক্তরের সর্টিফিকট ভাল করিয়া দেখিলে পর তাহার করারের বিষয়ে তাহাকে জিজ্ঞাসাবাদ করিবেন, ও সেই করার অনুসারে তাহার যে স্থানে যাইতে হইবে ও যে মিয়াদপর্য্যন্ত যে প্রকারে তাহার কর্ম্ম করিতে হইবে ও যে হারে বেতন পাইবে ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে এই২ বিষয় ধরিয়া সে ঐ করারের ভাব বুঝিয়াছে ও সেই করারমতে কর্ম্ম করিতে চাহে, মাজিষ্ট্রেট সাহেব এমত জ্ঞান করিলে, তিনি ঐ কথা লিখিবার এক খান রেজিষ্টরী বহীতে নিম্নলিখিত কথা লিখিয়া রাখিবেন।

সেই করারের বিষয়ে দেশীয় ব্যক্তির নিকট মাজিষ্ট্রেটের জিজ্ঞাসা করিবার কথা।

জ্ঞানোদয়মতে জানিলে মাজিষ্ট্রেট সাহেবের কোন২ কথা রেজিষ্টরী করিবার কথা।

(১) দেশীয় ঐ ব্যক্তির নাম ও পিতার নাম ও বয়স।

(২) ঐ ব্যক্তি যে গ্রাম কি স্থানবাসী তাহার নাম।

(৩) যে কন্ট্রাক্টরের আড্ডায় তাহাকে লইয়া যাইবার কল্পনা থাকে তাহার নাম।

৪। মজুরী করিবার যে জিলায় যাইতে করার করিয়াছে তাহার নাম।

৫। তাহার যত কাল কর্ম্ম করিতে হইবে।

৬। যে হারে বেতন পাইবে ও তাহাকে যে দরে চাউল দেওয়া যাইবে।

দেশীয় ঐ ব্যক্তি করারের ভাব বুঝে নাই, কিম্বা প্রতারণা করিয়া কি মিথ্যা কহিয়া তাহাকে করার করিতে প্রবৃত্ত দেওয়া গেল মাজিষ্ট্রেট সাহেব ইহা বোধ করিলে, কিম্বা মজুরসংগ্রাহক আপনার লাইসেন্স না দেখাইলে, তিনি দেশীয় ঐ ব্যক্তিকে রেজিষ্টরী করিতে স্বীকার করিবেন না ইতি।

না বুঝিলে তাহাকে অগ্রাহ্য করিবার কথা।

৪৪ ধারা। বিদেশগামি যে ব্যক্তিকে রেজিষ্টরী করা যায়, মাজিষ্ট্রেট সাহেব উত্তম কাগজে ঐ রেজিষ্টরী কথার নকল করাইয়া, তাহাতে সর্টিফিকট লিখিয়া তাহাকে দিবেন ইতি।

বিদেশগামি ব্যক্তিকে রেজিষ্টরী কথার নকল দিবার কথা।

45. A certified copy of every such registration and the original certificate of the medical officer shall be forthwith forwarded by the magistrate to the superintendent of emigration.

Copy of registration and medical certificate to be sent to superintendent.

46. For the registration of every such native the recruiter shall pay to the registering officer a fee not exceeding one rupee and eight annas.

Fee for registration.

47. The provisions of the five preceding sections shall be applicable to all natives of India engaged by recruiters within the town of Calcutta, except that they shall be brought for registration before the superintendent of emigration therein.

Similar provisions for natives recruited in Calcutta.

48. Every native of India who shall be brought or induced to come by any recruiter from any province or district not under the control of the Lieutenant-Governor of Bengal, for the purpose of entering into a contract in a district under such control, shall be presented by the recruiter for medical examination and registry under the provisions of this chapter at some place within the district under the control of the Lieutenant-Governor, into which he shall first come, or at Calcutta, if he shall first come there.

Natives recruited in districts not in Bengal.

49. Every recruiter, who forwards or accompanies any native of India from the district or division of the district within which the place or town where he has been recruited is situate, or into which, under the last preceding section, he has first come, or who induces any such native to leave such district or division of district for the purpose of proceeding to a labor district, without being duly registered as above required; or who forwards, accompanies, or induces any such native to proceed to any depôt other than the depôt registered under section 35, shall, on conviction by a magistrate, be punished in respect of every such native so forwarded, accompanied, or induced, with a fine which may extend to fifty rupees, or with imprisonment, simple or rigorous, for a term which may extend to one month.

Penalty for forwarding natives without registration.

৪৫ ধারা। মাজিষ্ট্রেট সাহেব ঐ রেজিষ্টরী কথার সর্টিফিকটযুক্ত নকল ও ডাক্তরের আসল সর্টিফিকট বিদেশগমন কার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট অগৌণে পাঠাইয়া দিবেন ইতি।

রেজিষ্টরী কথার নকল ও ডাক্তরের সর্টিফিকট সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট পাঠাইবার কথা।

৪৬ ধারা। যে কার্য্যকারক রেজিষ্টরী করেন, মজুরসংগ্রাহক দেশীয় প্রত্যেক ব্যক্তির নাম রেজিষ্টরী করিবার নিমিত্ত তাঁহাকে ১৷৷০ দেড় টাকার অনধিক ফী দিবেন ইতি।

রেজিষ্টরী করিবার ফীর কথা।

৪৭ ধারা। মজুরসংগ্রাহকেরা কলিকাতা নগরের মধ্যে ভারতবর্ষজাত যে লোকদের সঙ্গে করার করে, ইহার পূর্ব্ব পাঁচ ধারার বিধান তাহাদের প্রতি খাটিবে। কেবল বিশেষ এই, তাহারদিগকে রেজিষ্টরী করিবার জন্যে ঐ নগরের মধ্যে বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের নিকট আনিতে হইবে ইতি।

দেশীয় যে ব্যক্তিদিগকে কলিকাতায় সংগ্রহ করা যায় তাহাদের বিষয়ে সেই বিধি খাটিবার কথা।

৪৮ ধারা। বঙ্গদেশের শ্রীযুত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন নয়, কোন মজুরসংগ্রাহক এমত কোন প্রদেশ কি জিলাহইতে ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে চুক্তি করিবার নিমিত্ত ঐ শাসনাধীন জিলার মধ্যে আনিলে কি আসিতে প্রবৃত্তি দিলে, উক্ত শ্রীযু লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের শাসনাধীন যে জিলার মধ্যে প্রথমে আইসে মজুরসংগ্রাহক সেই জিলার অন্তর্গত কোন স্থানে, কিম্বা কলিকাতায় প্রথমে পঁহুছিলে কলিকাতায়, এই পরিচ্ছেদের বিধানমতে ডাক্তরের দেখিবার ও রেজিষ্টরী করিবার জন্যে তাহাকে উপস্থিত করিবে ইতি।

যেং জিলা বঙ্গদেশের অন্তর্গত নয় সেইং জিলায় দেশীয় ব্যক্তিদিগকে সংগ্রহ করিবার কথা।

৪৯ ধারা। ভারতবর্ষজাত কোন ব্যক্তিকে যে স্থানে কি যে নগরে সংগ্রহ করা যায়, তাহা যে জিলার কি মহকুমার মধ্যে থাকে তথায়, কিম্বা ইহার পূর্ব্ব ধারামতে সে প্রথমে যে জিলায় পঁহুছে সেই জিলায়, ইহার পূর্ব্ব ধারার আজ্ঞামতে তাহাকে নিয়মিতরূপে রেজিষ্টরী করা না গেলেও মজুরসংগ্রাহক সেই জিলা কি মহকুমাহইতে তাহাকে চালান করিলে কি সঙ্গে করিয়া আনিলে কিম্বা মজুরী করিবার জিলায় যাইবার নিমিত্তে ঐ জিলা কি মহকুমা ছাড়িয়া আসিতে প্রবৃত্তি দিলে, কিম্বা ৩৫ ধারামতে যে আডডা রেজিষ্টরী করা যায় তদ্ভিন্ন কোন আডডায় দেশীয় সেই ব্যক্তিকে চালান করিলে কি সঙ্গে করিয়া আনিলে কি যাইতে প্রবৃত্তি দিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা ঐ অপরাধ নির্ণয় হইলে, যত জনকে তদ্রূপে চালান করা যায় কি সঙ্গে করিয়া আনা যায় কি প্রবৃত্তি দেওয়া যায়, তাহাদের প্রত্যেক জনের নিমিত্ত তাহার পঞ্চাশ টাকা পর্য্যন্ত অর্থদণ্ড কিম্বা এক মাসের অনধিক কাল সামান্য কি কঠিন পরিশ্রম সহিত কারাদণ্ড হইবে ইতি।

দেশীয় ব্যক্তিদিগকে রেজিষ্টরী না করাইয়া চালান করিবার দণ্ডের কথা।

50. All emigrants proceeding to a depôt shall be accompanied throughout the journey by the recruiter himself, or by a competent person appointed by him with the approval of the magistrate, by whom such emigrants have been registered. The magistrate shall give to the person so appointed a certificate under his signature stating that he has been appointed for the journey to the depôt.

Recruiter must accompany emigrants to depôt, or depute person approved by magistrate.

51. Every recruiter, by whom any emigrant is forwarded or accompanied to a depôt, shall, throughout the journey, provide such emigrant with proper and sufficient food and lodging. If it shall appear to a magistrate, on the complaint of any such emigrant at any place on the journey, that the recruiter has failed to provide him with proper and sufficient food and lodging at such place, such recruiter shall, on conviction by such magistrate, be punished with fine which may extend to fifty rupees. The whole or any portion of such fine may be awarded to such emigrant as compensation. If the fine be not paid within twenty-four hours, the recruiter shall be punished with imprisonment, simple or rigorous, which may extend to one month.

Recruiter must provide food and lodging for emigrants on journey.

Chapter 6.—Depôt.

52. Within twenty-four hours after the arrival at any depôt of any emigrant, the contractor by whom such depôt is maintained shall give to the superintendent of emigration a notice in writing of such arrival, which notice shall be in such form and shall contain such particulars as the superintendent shall prescribe.

Contractor to report arrival of emigrants.

53. The copy of the registration and the medical certificate of every emigrant received by the superintendent as provided in section 45 shall be shown to the medical inspector; and all emigrants shall be inspected by the medical inspector at the depôt. If he be satisfied that an emigrant is in a fit state of health, and able in point of physical condition to journey to and laborr in a labo district, he shall countersign the copy of the registration;

৫০ ধারা। বিদেশগামি ব্যক্তিদের আড্ডায় যাইবার সময়ে মজুরসংগ্রাহক আপনি তাহাদের সঙ্গেং সমুদয় পথ যাইবে। কিম্বা যে মাজিষ্ট্রেট সাহেব ঐ বিদেশগামিদিগকে রেজিষ্টরী করিলেন তিনি ঐ মজুরসংগ্রাহকের নিযুক্ত উপযুক্ত যে লোককে অনুমোদন করেন সেই লোক তাহাদের সঙ্গেং যাইবে। তদ্রূপে যে ব্যক্তি নিযুক্ত হয় সে আড্ডা পর্য্যন্ত সমুদয় পথ যাইতে নিযুক্ত হইল, মাজিষ্ট্রেট সাহেব তাহাকে এই মর্ম্মের সর্টিফিকট সহী করিয়া দিবেন ইতি।

বিদেশগামিদের সঙ্গেং আড্ডা পর্য্যন্ত মজুরসংগ্রাহকের যাইবার কিম্বা মাজিষ্ট্রেট সাহেবের অনুমোদিত ব্যক্তিকে পাঠাইবার কথা।

৫১ ধারা। যে মজুরসংগ্রাহক বিদেশগামি কোন ব্যক্তিকে আড্ডায় চালান করে কি সঙ্গে করিয়া লইয়া যায়, সে সমুদয় পথে ঐ ব্যক্তির প্রয়োজনমত ও উপযুক্ত আহার পাইবার ও থাকিবার স্থানের বিধান করিবে। পথে যাইবার কোন স্থানে মজুরসংগ্রাহক ঐ বিদেশগামির প্রয়োজনমত উপযুক্ত আহার পাইবার ও থাকিবার স্থানের বিধান করে নাই, বিদেশগামির নালিশমতে কোন মাজিষ্ট্রেট ইহা জানিতে পাইলে, ঐ মাজিষ্ট্রেটের দ্বারা মজুরসংগ্রাহকের অপরাধ নির্ণয় হইলে তাহার পঞ্চাশ টাকার অনধিক জরীমানা হইবে। সেই জরীমানার সমুদয় টাকা কি তাহার একাংশ হানিপূরণস্বরূপ ঐ বিদেশগামিকে দেওয়া যাইতে পারিবে। চব্বিশ ঘণ্টার মধ্যে ঐ জরীমানার টাকা না দেওয়া গেলে মজুরসংগ্রাহকের এক মাসের অনধিক কাল সামান্য কি কঠিন পরিশ্রম সহিত কারাদণ্ড হইতে পারিবে ইতি।

পথের মধ্যে বিদেশগামিদের আহারের ও থাকিবার বিধান মজুরসংগ্রাহকের করিবার কথা।

৬ পরিচ্ছেদ।—আড্ডার কথা।

৫২ ধারা। বিদেশগামি লোক কোন আড্ডায় পঁহুছিলে পর, যে কন্ট্রাক্টর ঐ আড্ডা রাখে সে চব্বিশ ঘণ্টার মধ্যে বিদেশগমনকার্য্যের সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের নিকট তাহাদের পঁহুছিবার নোটিস লিখিয়া দিবে। সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ঐ নোটিস লিখিবার যে পাঠ নির্দ্দিষ্ট করেন, ও তন্মধ্যে যেং কথা লিখিতে আদেশ করেন, নোটিস সেই পাঠে লেখা যাইবে ও তন্মধ্যে সেইং বর্ণনা থাকিবে ইতি।

বিদেশগামিরা পঁহুছিলে কন্ট্রাক্টরের রিপোর্ট করিবার কথা।

৫৩ ধারা। ৪৫ ধারামতে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব বিদেশগামি প্রত্যেক জনের রেজিষ্টরী করণের কথার যে নকল ও ডাক্তরের যে সর্টিফিকট পান, তাহা পরিদর্শনকারি ডাক্তর সাহেবকে দেখান যাইবে। এবং ঐ ডাক্তর সাহেব আড্ডায় তাহাদের সকলকে ভাল করিয়া দেখিবেন। বিদেশগামি কোন ব্যক্তি সুস্থশরীর প্রযুক্ত ও শরীরের বল বিবেচনায় মজুরী করিবার জিলায় যাত্রা করিয়া তথায় কর্ম্ম করিবার যোগ্য, তিনি ইহা জ্ঞানোধমতে জানিলে

বিদেশগামিরা পঁহুছিলেই পরিদর্শনকারি ডাক্তর সাহেবের তাহাদিগকে দেখিবার কথা।

Emigrants to be inspected by medical inspector immediately on arrival.

;f he be not satisfied thereof, he shall give a certificate to that effect to the superintendent.

রেজিষ্টরী কথার নকলে আড়সহী করিবেন। তাহা হৃদবোধমতে না জানিলে তিনি সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবকে সেই মর্ম্মের সর্টিফিকট দিবেন।

Medical inspector to examine emigrant if medical certificate not given.

The medical inspector shall examine any emigrant in regard to whom a medical certificate is not forthcoming, and shall certify whether such emigrant is in his opinion in a fit state of health and able in point of physical condition to journey to and work for hire in a labor district; and if satisfied of his fitness, he shall countersign the copy of the registration.

ডাক্তরের সর্টিফিকট না থাকিলে বিদেশগামিকে পরিদর্শনকারি ডাক্তরের দেখিতে হইবার কথা।

বিদেশগামি কোন ব্যক্তির বিষয়ে ডাক্তরের সর্টিফিকট দেখান যাইতে না পারিলে পরিদর্শনকারি ডাক্তর সাহেব তাহাকে দেখিবেন ও তাঁহার অভিমতে ঐ ব্যক্তির স্বাস্থ্য ও শারীরিক অবস্থা বিবেচনায় সে মজুরী করিবার জিলায় গিয়া মজুরী লইয়া কর্ম্ম করিতে সক্ষম কি না, ইহার সর্টিফিকট লিখিবেন, ও সে উপযুক্ত লোক তিনি ইহা হৃদবোধমতে জানিলে ঐ রেজিষ্টরী কথার নকলে আড়সহী করিবেন ইতি।

Emigrant rejected by medical inspector to be sent back.

54. If the medical inspector shall certify that any emigrant so examined is in such a state of health that his journey to a labor district would be dangerous to himself or to others, or that he is unfit for labor in a labor district, the superintendent may order the contractor, or the garden-sirdar, if such emigrant has been forwarded or brought to the depôt by a garden-sirdar, to pay to him a sum of money sufficient to enable him to return to the place at which he was engaged. Provided that any such person, who from his state of health is, in the opinion of the medical inspector, unfit to undertake the journey back to the place where he was engaged, shall, until he is reported by the medical inspector fit to undertake such journey, be fed, clothed, lodged, and medically attended at the expense of such contractor, or of such garden-sirdar, as the case may be. If such contractor or garden-sirdar negligently or wilfully omits to provide food, clothing, lodging and medical attendance for such person, the superintendent may order such contractor or garden-sirdar to pay to him a sum of money by way of compensation.

পরিদর্শনকারি ডাক্তর যে ব্যক্তিকে অগ্রাহ্য করেন তাহাকে ফিরিয়া পাঠাইবার কথা।

৫৪ ধারা। বিদেশগামি যে ব্যক্তিকে তদ্রূপে দেখা গেল শরীর গতিক বিবেচনায় সে মজুরী করিবার কোন জিলায় গেলে তাহার কি অন্য ব্যক্তির প্রাণের আশঙ্কা হইতে পারে, কিম্বা সে মজুরী করিবার জিলায় কর্ম্ম করিবার অনুপযুক্ত, পরিদর্শনকারি ডাক্তর সাহেব এই মর্ম্মের সর্টিফিকট দিলে, যে স্থানে সেই ব্যক্তির সঙ্গে করার করা গেল তাহার সেই স্থানে ফিরিয়া যাইতে যত টাকায় কুলায়, সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তাহাকে কনট্রাকটরের তত টাকা দিবার, কিম্বা বাগানের সরদার সেই ব্যক্তিকে আড্ডায় চালান করিলে কি আনিলে বাগানের ঐ সরদারের তত টাকা দিবার, আজ্ঞা করিতে পারিবেন। কিন্তু তদ্রূপ ব্যক্তির সঙ্গে যে স্থানে করার করা গেল, শরীর গতিক বিবেচনায় সে ঐ স্থানে ফিরিয়া যাইতে অক্ষম, পরিদর্শনকারি ডাক্তর সাহেবের এই অভিমত থাকিলে, সে ফিরিয়া যাইবার জন্যে যাত্রা করিতে সক্ষম পরিদর্শনকারি ডাক্তর সাহেব যত কাল এইরূপ সর্টিফিকট না দেন, তত কাল কনট্রাকটরের কিম্বা বিষয়বিশেষে ঐ বাগানের সরদারের খরচে সে খোরাকপোষাক ও থাকিবার স্থান পাইবে ও তাহার চিকিৎসাদি হইবে। সেই কনট্রাকটর কি বাগানের সরদার অবহেলাক্রমে কি ইচ্ছা করিয়া ঐ ব্যক্তিকে আহার ও বস্ত্র ও থাকিবার স্থান না দিলে ও তাহার চিকিৎসার উপায় না করিলে, সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ঐ কনট্রাকটরকে কি বাগানের সরদারকে ঐ ব্যক্তির হানিপূরণস্বরূপ কতক টাকা দিবার আজ্ঞা করিতে পারিবেন ইতি।

Family of detained emigrant may remain with him.

55. Whenever an emigrant remains behind or is detained under the provisions of the last preceding section, it shall be optional with the wife or husband of such emigrant, as the case may be, to remain with the emigrant so remaining behind or detained. If there are any children, they shall also be allowed to remain behind with the father or mother.

বিদেশগামির সঙ্গে পরিবারের থাকিবার কথা।

৫৫ ধারা। ইহার পূর্ব্ব ধারার বিধানমতে বিদেশগামি ব্যক্তি পিছনে পড়িয়া থাকিলে কিম্বা তাহাকে অটক করিয়া রাখা গেলে, ঐ ব্যক্তির স্ত্রী কি বিষয়বিশেষে তাহার স্বামী চাহিলে তাহার সঙ্গে থাকিতে পারিবে। সন্তানাদি থাকিলে পিতা কি মাতার সঙ্গে তাহাদেরও থাকিতে অনুমতি হইবে ইতি।

56. If upon the arrival of any emigrant at a depôt, it shall appear to the superintendent of emigration on the complaint of such emigrant, that he has suffered any ill-treatment on the journey, or that the recruiter or garden-sirdar, as the case may be, has failed to provide him with proper and sufficient food and lodging, the superintendent may cause him to be removed from the depôt, and may order the contractor or garden-sirdar, for or by whom he shall have been taken to such depôt, to pay to him a sum of money by way of compensation, or sufficient to enable him to return to the place at which he was engaged, and in such latter case he shall not be bound to execute any contract.

Emigrant ill-treated during journey may obtain compensation.

57. Every emigrant, who is passed by the medical inspector as in a fit state of health and able, in point of physical condition, to journey to and labor in a labor district, shall execute a contract with the employer with whom he intends to contract before he is forwarded from the depôt. Such contract shall, in the presence of the superintendent of emigration, be signed in duplicate both by the emigrant and by the employer with whom he intends to contract or his agent. The contract may be written or printed, or partly written and partly printed, and shall be on substantial paper. Before the emigrant signs the contract, the superintendent shall personally explain it to him, and shall attest such contract and certify at the foot thereof that he has personally explained the same. An abstract of every such contract shall be entered in a register to be kept by the superintendent for the purpose, and after such contract has been so entered, one of the duplicates shall be given to the emigrant, and the other to the person with whom he has contracted or his agent.

Contract to be explained by superintendent and executed in duplicate, and abstract to be entered in book to be kept by superintendent.

The superintendent shall, within seven days after the entry of such abstract, send by post a certified copy of every such abstract to the magistrate of the district in which the service under such contract is agreed to be performed.

58. Any emigrant who, without reasonable cause, refuses to execute such contract in conformity with the engagement previously registered shall, on conviction by a magistrate, be punished with a fine equal in amount to the entire cost incurred

Penalty on emigrant refusing to execute contract.

৫৬ ধারা। বিদেশগামি কোন ব্যক্তি আড্ডায় পঁহুছিলে, পথে আসিবার সময়ে তাহার প্রতি অত্যাচার হইয়াছে কিম্বা মজুরসংগ্রাহক কি বিষয়বিশেষে বাগানের সরদার তাহার উপযুক্ত ও প্রয়োজনমত আহারের ও বাসার বিধান করে নাই, ঐ ব্যক্তির নালিশমতে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের এমত বোধ হইলে, তিনি তাহাকে আড্ডা হইতে বাহির করাইয়া, যে কনট্রাকটরের কি বাগানের সরদারের নিমিত্ত কি যাহার দ্বারা ঐ ব্যক্তিকে সেই আড্ডায় আনা যায়, সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব তাহাকে ঐ ব্যক্তির ক্ষতিপূরণস্বরূপ কতক টাকা, কিম্বা যে স্থানে করার করিয়াছিল তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার উপযুক্ত খরচ দিতে আজ্ঞা করিতে পারিবেন। শেষোক্ত স্থলে ঐ ব্যক্তি চুক্তিপত্রে দস্তখৎ করিতে আবদ্ধ হইবে না ইতি।

পথের মধ্যে বিদেশগামির প্রতি অত্যাচার হইলে তাহার ক্ষতিপূরণ পাইতে পারিবার কথা।

৫৭ ধারা। পরিদর্শনকারি ডাক্তর সাহেব বিদেশগামি ব্যক্তিকে সুস্থ ও শরীরগতিক বিবেচনায় মজুরী করিবার জিলায় যাত্রা ও কর্ম্ম করিবার উপযুক্ত ও সক্ষম বলিয়া গ্রাহ্য করিলে, যে কর্ত্তার সঙ্গে তাহার চুক্তি করিবার কল্পনা থাকে আড্ডা হইতে তাহাকে চালান করিবার পূর্ব্বে সেই কর্ত্তার সঙ্গে তাহার চুক্তিপত্র করিয়া দিতে হইবে। ঐ ব্যক্তি, ও যে কর্ত্তার সঙ্গে সে চুক্তি করিতে কল্পনা করে তিনি, কিম্বা তাঁহার এজেণ্ট, সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের সাক্ষাতে দোফর্দ চুক্তিপত্রে সহী করিয়া দিবেন। সেই চুক্তিপত্র উত্তম কাগজে ছাপান কি লেখা যাইতে, কিম্বা তাহার একাংশ ছাপান ও একাংশ লেখা যাইতে, পারিবে। সেই চুক্তিপত্রে বিদেশগামির সহী করিবার পূর্ব্বে সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব আপনি তাহাকে ঐ চুক্তির মর্ম্ম বুঝাইয়া দিবেন, ও সাক্ষিস্বরূপ তাহাতে সহী করিয়া আপনি চুক্তির মর্ম্ম বুঝাইয়া দিয়াছেন ইহার সর্টিফিকট নিম্নভাগে লিখিবেন। সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব এ চুক্তিপত্র লিখিয়া রাখিবার জন্যে, একখান রেজিস্টরী বহী রাখিবেন, তন্মধ্যে উক্ত প্রত্যেক চুক্তিপত্রের চুম্বক লেখা যাইবে। লেখা গেলে পর ঐ চুক্তিপত্রের একখানি বিদেশগামিকে দেওয়া যাইবে, ও যাঁহার সঙ্গে চুক্তি হইয়াছে তাঁহাকে কি তাঁহার এজেণ্টকে আর একখানি দেওয়া যাইবে।

সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ঐ চুক্তির ভাব বুঝাইয়া দিতে ও তাহার দুই খানিতে সহী করিতে ও সুপরিন্টেণ্ডেণ্ট সাহেবের বহীতে তাহার চুম্বক লিখিতে হইবার কথা।

আর ঐ চুক্তিপত্রমতে সেই ব্যক্তি মজুরি করিবার যে জিলায় যাইবে ঐ সুপরিন্টেণ্ডেণ্ট সাহেব ঐ চুম্বক লিখিলে পর সাত দিনের মধ্যে ডাকযোগে ঐ জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট তাহার সর্টিফিকটযুক্ত নকল পাঠাইবেন ইতি।

৫৮ ধারা। যুক্তিসিদ্ধ কারণ না থাকিলেও বিদেশগামি কোন ব্যক্তি করার অনুসারে তদ্রূপ চুক্তিপত্রে সহী করিতে না চাহিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে, তাহার সঙ্গে করার করিতে ও তাহাকে রেজিষ্টরী করিতে ও আড্ডায় আনিতে কি

বিদেশগামি ব্যক্তি চুক্তিপত্রে সহী করিয়া দিতে না চাহিলে তাহার দণ্ডের কথা।

[*Government Gazette*, 30*th December* 1873.]

by, or on behalf of, the contractor, or the garden-sirdar, as the case may be, in engaging, registering, and bringing or forwarding him to the depôt, and shall forthwith be discharged from such depôt. Every fine levied under the provisions of this section shall be paid to the contractor or garden-sirdar on whose behalf or by whom the person from whom such fine shall have been levied was originally registered.

Penalty on contractor failing to provide contract.

59. If within thirty days after the arrival of any emigrant at a depôt, the contractor or, if he has been engaged by a garden-sirdar, the garden-sirdar on whose behalf or by whom such emigrant has been registered, shall not tender to him for execution such contract as under the provisions of the preceding sections he would be bound to execute, the superintendent may order the contractor or the garden-sirdar, as the case may be, to pay to him a sum of money sufficient to enable him to return to the place where he was engaged, and in such case such emigrant shall not be bound to execute any contract.

Money ordered to be paid by superintendent may be advanced by him and recovered.

60. If any contractor or garden-sirdar who may be ordered, under the provisions of sections 54, 56, and 59, to pay any sum of money, shall for twenty-four hours omit to comply with such order, it shall be lawful for the superintendent to advance the amount so ordered to be paid to the person named in such order, and to recover from such contractor or garden-sirdar or his employer the sum so advanced, with interest at the rate of twelve per centum per annum from the date of such advance.

Chapter 7.—Transport.

Emigrant to be forwarded to labor district with permission of superintendent.

61. When the contract of any emigrant has been executed under the provisions of this Act he may, with the permission of the superintendent of emigration, be forwarded to the labor district in which he has engaged to labor by the contractor in whose depôt he is residing, or by the employer with whom he has made the contract or his agent. Every such emigrant shall be furnished with a pass in the form set forth in schedule (E) annexed to this Act, signed by the contractor or garden-sirdar, as the case may be, and countersigned by the superintendent of emigration and by the embarkation agent at the place at which the laborer embarks, specifying his

To be furnished with a pass.

চালান করিতে কনট্রাকটরের কিম্বা বিষয়বিশেষে বাগানের সরদারের দ্বারা কি তাহার পক্ষে সর্ব্বসুদ্ধ যত টাকা খরচ হইল, সেই ব্যক্তির সম্পূর্ণ তত টাকা জরীমানা হইবে, ও তাহাকে তৎক্ষণাৎ সেই আড্ডা-হইতে বিদায় করিয়া দেওয়া যাইবে। এই ধারার বিধানমতে জরীমানার টাকা আদায় হইলে, ঐ টাকা যে ব্যক্তির স্থানে আদায় করা যায়, প্রথমে যে কনট্রাক-টরের কি বাগানের যে সরদারের দ্বারা কি যাহার পক্ষে তাহাকে রেজিস্টরী করা গেল ঐ টাকা তাহাকেই দেওয়া যাইবে ইতি।

কনট্রাকটর চুক্তির বিধান করিতে ত্রুটি করিলে দণ্ডের কথা।

৫৯ ধারা। পূর্ব্বোক্ত কএক ধারার বিধানমতে বিদেশগামি ব্যক্তির যে চুক্তি করিয়া দিতে হইবে, যাহার দ্বারা কি যাহার পক্ষে তাহাকে রেজিস্টরী করা যায় সেই কনট্রাকটর, কিম্বা বাগানের সরদারের সঙ্গে তাহার করার হইয়া থাকিলে সেই সরদার, যদি ঐ ব্যক্তির আড্ডায় পঁহুছিবার পর ত্রিশ দিনের মধ্যে তাহার সহী করিবার নিমিত্তে সেই চুক্তিপত্র না দেয়, তবে ঐ ব্যক্তির সঙ্গে যে স্থানে করার করা যায় সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব কনট্রাকটরকে কি বাগানের সরদারকে তাহার সেই স্থানে ফিরিয়া যাইবার উপযুক্ত খরচ দিতে আজ্ঞা করিবেন। এমত স্থলে বিদেশগামি ঐ ব্যক্তি চুক্তিপত্রে সহী করিতে বদ্ধ হইবে না ইতি।

সুপরিণ্টেণ্ডেণ্ট যে টাকা দিবার আজ্ঞা করেন তাহা নিজহইতে আগাম দিবার ও আদায় করিবার কথা।

৬০ ধারা। কোন কনট্রাকটরের কি বাগানের সরদারের প্রতি ৫৪ ও ৫৬ ও ৫৯ ধারার বিধানমতে টাকা দিবার আজ্ঞা হইলে, সে যদি চব্বিশ ঘণ্টার মধ্যে ঐ আজ্ঞামতে টাকা না দেয়, তবে উক্ত আজ্ঞাপত্রে যে ব্যক্তির নাম উল্লেখ হইয়াছে তাহাকে যত টাকা দিবার আজ্ঞা হইল, সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব তত টাকা আগাম দিতে পারিবেন, ও সেই আগাম দেওয়ার তারিখঅবধি বৎসর শতকরা ১২৲ টাকার হিসাবে সুদ ধরিয়া ঐ কনট্রাকটরের কি বাগানের সরদারের কি তাহার কর্ত্তার স্থানে সুদশুদ্ধ সেই টাকা আদায় করিতে পারিবেন ইতি।

৭ পরিচ্ছেদ।—উক্ত জিলায় চালান করিবার কথা।

সুপারিণ্টেণ্ডেণ্ট সাহেবের অনুমতি হইলে মজুরী করিবার জিলায় বিদেশগামি ব্যক্তিকে পাঠাইবার কথা।

৬১ ধারা। এই আইনের বিধানমতে বিদেশগামি ব্যক্তির চুক্তিপত্রে নিয়মমতে সহী করা গেলে পর, সেই ব্যক্তি যে কনট্রাকটরের আড্ডায় থাকে সেই কনট্রাকটর, কিম্বা যে কর্ত্তার সঙ্গে চুক্তি করিয়াছে সেই কর্ত্তা কিম্বা তাঁহার এজেণ্ট, মজুরী করিবার যে জিলায় ঐ ব্যক্তি কর্ম্ম করিতে করার করিয়াছে বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের অনুমতি লইয়া তাহাকে সেই জিলায় চালান করিতে পারিবেন। উক্ত প্রত্যেক ব্যক্তিকে এই আইনের E তফসীলের পাঠে পাস দেওয়া যাইবে।

তাহাকে পাস দিবার কথা।

কনট্রাকটর, কিম্বা বিষয়বিশেষে বাগানের সরদার সেই পাসে সহী করিবে ও বিদেশগমনকার্য্যের সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেব, এবং মজুর যে স্থানে নৌকাদিতে উঠিবে

name and age, the name of his father, the place of his destination, and the name of his employer. Every such pass shall be entered in a book to be kept by the embarkation agent, and shall be dated and numbered in a consecutive series.

Vessel must be licensed to carry emigrants.

62. It shall not be lawful for the master of any vessel, without a license granted by the embarkation agent within the local limits of whose authority any emigrant may embark, to convey more than twenty emigrants at any one time to or towards any labor district.

Fee for license.

A fee not exceeding four annas for every emigrant shall be paid for every such license, and it shall be in the discretion of the embarkation agent to whom application is made to grant or withhold any such license. Such license shall be in force for only one voyage to one or more of the labor districts, and shall specify the number of emigrants which the vessel is licensed to carry and the number of persons (including the crew) other than emigrants whom such vessel is licensed to carry.

Penalty for carrying without license.

The master of any vessel, in which at one time more than twenty emigrants are conveyed without a license having been obtained as aforesaid, shall, on conviction by a magistrate, be punished with fine.

Penalty for delay in despatching vessel.

63. Such license shall state the date on which the vessel shall leave the place at which the emigrants are to embark. If the vessel does not leave such place and proceed on its voyage within 24 hours of the day fixed, the master thereof shall, on conviction by a magistrate, be punished with fine for each day during which the vessel remains at or within five miles of the place of embarkation. Provided that such penalty shall not be incurred if the delay is caused by or with the sanction of the embarkation agent or by any casualty incidental to or attending navigation, or is due to other reasonable and sufficient cause.

Fraudulent alteration of vessel after grant of certificate.

64. If the master of any vessel, after having obtained a license as aforesaid, fraudulently does or suffers to be done any act or thing whereby the state of the vessel is altered, so that such vessel is unfit

সেই স্থানে নৌকাদিতে চড়াইয়া দিবার এজেন্ট সাহেব তাহাতে আস্থানী করিবেন। ঐ পাসে তাহার নাম ও বয়স ও পিতার নাম ও যাইবার লক্ষিত স্থান ও কর্ত্তার নাম লেখা থাকিবে। নৌকাদিতে, চড়াইয়া দিবার এজেন্ট সাহেব একখান বহী রাখিয়া, তন্মধ্যে উক্ত প্রত্যেক পাস লিখিয়া রাখিবেন ও সেই সকল পাসের তারিখ ও নম্বর ক্রমান্বয়ে দেওয়া যাইবে ইতি।

ঐ নৌকাদির বিদেশগামি ব্যক্তি লইয়া যাইবার লাইসেন্স পাইতে হইবার কথা।

৬২ ধারা। নৌকাদিতে চড়াইয়া দিবার যে এজেন্ট সাহেবের ক্ষমতাধীন স্থানের মধ্যে বিদেশগামি ব্যক্তি নৌকাদিতে উঠে, কোন নৌকাদির মাঝি তাঁহার স্থানে লাইসেন্স না পাইলে, মজুরী করিবার কোন জিলায় কি জিলারদিগে একি সময়ে বিদেশগামি কুড়ি জনের অধিক লইয়া যাইতে পারিবে না।

লাইসেন্সের ফীর কথা।

উক্ত প্রত্যেক লাইসেন্সের নিমিত্ত বিদেশগামি জনপ্রতি ।০ আনার অনধিক ফী দিতে হইবে। নৌকাদিতে চড়াইয়া দিবার যে এজেন্ট সাহেবের নিকট লাইসেন্স পাইবার প্রার্থনা করা যায়, তিনি আপনার বিবেচনামতে ঐ লাইসেন্স দিবেন বা নাই দিবেন। মজুরী করিবার একাকি কএক জিলায় কেবল একবার যাইবার নিমিত্ত ঐ লাইসেন্স প্রবল থাকিবে। নৌকাদিতে বিদেশগামি যত ব্যক্তিকে লইবার অনুমতি হয় এবং বিদেশগামি ছাড়া ঐ জাহাজে খালাসীসুদ্ধ যত ব্যক্তিকে লইবার অনুমতি থাকে তাহা ঐ লাইসেন্সপত্রে নির্দ্দিষ্ট থাকিবে।

লাইসেন্স বিনা লইয়া যাইবার দণ্ডের কথা।

নৌকাদির মাঝি পূর্ব্বোক্তমতে লাইসেন্স না পাইয়া নৌকাদিতে একি সময়ে বিদেশগামি কুড়ি জনের অধিক লইয়া গেলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে, ঐ নৌকাদির মাঝির জরীমানা হইবে ইতি।

নৌকাদি খুলিয়া যাইবার বিলম্ব হইলে দণ্ডের কথা।

৬৩ ধারা। বিদেশগামি ব্যক্তিরা যে স্থানে নৌকাদিতে উঠিবে সেই স্থান হইতে নৌকাদি খুলিয়া যাইবার তারিখ ঐ লাইসেন্সপত্রে লেখা থাকিবে। ঐ নিরূপিত দিনের পর চব্বিশ ঘণ্টার মধ্যে নৌকাদি সেই স্থান হইতে খুলিয়া না গেলে, নৌকাদিতে উঠিবার স্থানে কি তথা হইতে পাঁচ মাইলের মধ্যে যত দিন থাকে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে তাহার দিন প্রতি মাঝির জরীমানা হইবে। কিন্তু নৌকাদিতে চড়াইয়া দিবার এজেন্ট সাহেবের দ্বারা কি তাঁহার অনুমতিক্রমে বিলম্ব হইলে, কিম্বা পথে নৌকাদির চলনের নৈমিত্তিক কারণে কি তৎসংক্রান্ত কোন বিঘটনা প্রযুক্ত কিম্বা যুক্তিসঙ্গত ও উপযুক্ত অন্য কারণে বিলম্ব হইলে তাহার সেই দণ্ড হইবে না ইতি।

সর্টিফিকট দেওয়া গেলে পর প্রতারণাক্রমে নৌকাদি পরিবর্ত্তন করিবার কথা।

৬৪ ধারা। নৌকাদির অধ্যক্ষ পূর্ব্বোক্তমতে লাইসেন্স পাইলে পর, যদ্দ্বারা নৌকাদির অবস্থা পরিবর্ত্তন হইয়া, লাইসেন্সপত্রে বিদেশগামি যত ব্যক্তি লেখা আছে তত জনের স্বচ্ছন্দে থাকার অসুবধা হয়,

for the accommodation of the number of emigrants mentioned in such license, such master shall, on conviction by a magistrate, be punished with fine.

Penalty for receiving on board more passengers than number specified in license.

65. The master of any vessel licensed to carry emigrants, who receives on board his vessel a greater number of emigrants or other persons than the number specified in his license shall, on conviction by a magistrate, be punished with a fine for every emigrant or other person so received in excess of the licensed number.

Two children under ten to be counted as one person.

66. In computing under this Act the number of persons on board of any vessel, two children under the age of ten years shall be reckoned as one person only.

Master not to embark emigrants, on vessel carrying more than 20 emigrants, without a pass

67. It shall not be lawful for the master of any vessel, whether licensed or not, to embark any emigrants on board his vessel for conveyance to, or towards a labor district, if the total number of persons to be carried by such vessel (exclusive of the crew, and of any garden sirdar or other person accompanying the emigrants,) exceeds twenty, unless the emigrants are furnished with a pass by the embarkation agent in the form set out in Schedule (E) of this Act.

Punishment.

The master shall, on conviction by a magistrate be punished with a fine not exceeding ten rupees for every emigrant illegally taken on board.

No pass without certificate of medical inspector

The embarkation agent shall not grant any such pass without a certificate from the medical inspector that such emigrants may be allowed to embark without danger to the health of other persons on board the vessel.

Embarkation agent to furnish the master with a list of emigrants on board

68. The master of a licensed vessel carrying emigrants shall not proceed on the voyage towards a labor district until he has received from the embarkation agent a list of all the emigrants on board.

মাঝি প্রতারণাক্রমে এমত কোন কার্য্য বা বিধর করিলে কি অন্যকে করিতে দিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে তাহার জরীমানা হইবে ইতি।

লাইসেন্সপত্রে যত জন লেখা থাকে তাহার অধিক উমেদার নৌকাদিতে লইলে দণ্ডের কথা।

৬৫ ধারা। বিদেশগামি ব্যক্তিদিগকে লইবার নিমিত্ত যে নৌকাদির লাইসেন্স হইয়াছে, ঐ লাইসেন্সপত্রে বিদেশগামি কি অন্য যত জনের কথা লেখা থাকে, যদি মাঝি ঐ নৌকাদিতে তদধিক ব্যক্তিকে লয়, তবে মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে লাইসেন্সপত্রের লিখিত সংখ্যার অধিক বিদেশগামি কি অন্য যত ব্যক্তিকে নৌকাদিতে লওয়া যায় তাহাদের জনপ্রতি মাঝির জরীমানা হইবে ইতি।

১০ বৎসরের কম বয়সের দুই বালক এক জন বলিয়া ধরিবার কথা।

৬৬ ধারা। নৌকাদিতে যত জন থাকে এই আইন মতে তাহার হিসাব করিতে গেলে দশবৎসরের কম বয়সের দুই বালক কেবল এক জন বলিয়া ধরিতে হইবে ইতি।

নৌকাদিতে ২০ জনের অধিক মজুর গেলে পাস না হইলে তাহাদিগকে লইতে না পারিবার কথা।

৬৭ ধারা। মাঝি মাল্লা প্রভৃতি নৌকাদির লোক ও বাগানের কোন সরদার ও যাহারা মজুরদের সঙ্গে যায় তাহাদের ছাড়া, ঐ নৌকাদিতে কুড়িজনের অধিকেরা যাইতে হইলে ঐ বিদেশগামিরা নৌকাদিতে চড়াইয়া দিবার এজেন্ট সাহেবের স্থানে এই আইনের E চিহ্নিত তফসীলের নির্দ্দিষ্ট পাঠে পাস না পাইলে, ঐ নৌকাদির লাইসেন্স থাকিলে বা না থাকিলেও, সেই নৌকাদির মাঝি মজুরী করিবার জিলায় কি সেই জিলার দিগে লইয়া যাইবার জন্যে আপনার নৌকায় কোন মজুরদিগকে লইতে পারিবে না।

দণ্ডের কথা।

মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে যত জনকে বেআইনীমতে নৌকাদিতে লওয়া যায় তাহাদের জনপ্রতি মাঝির দশ টাকা পর্য্যন্ত জরীমানা হইবে।

মজুরদিগকে দেখিবার ডাক্তরের সর্টিফিকট না থাকিলে পাস না দিবার কথা।

বিদেশগামি ঐ ব্যক্তিরা নৌকাদিতে গেলেও ঐ নৌকাদির অন্য লোকদের স্বাস্থ্যের হানি হইবার ভয় নাই মজুরদের দেখিবার ডাক্তর সাহেব এই মর্ম্মের সর্টিফিকট না দিলে নৌকাদিতে তাহারদিগকে চড়াইয়া দিবার এজেন্ট সাহেব উক্ত প্রকারের পাস দিবেন না ইতি।

বিদেশগামি যত ব্যক্তি নৌকাদিতে থাকে মাঝিকে তাহাদের নির্ঘণ্টপত্র নৌকাদিতে চড়াইয়া দিবার এজেন্ট সাহেবের দিবার কথা।

৬৮ ধারা। বিদেশগামি ব্যক্তিরা লাইসেন্স প্রাপ্ত যে নৌকাদিতে যাইবে, সেই নৌকাদিতে বিদেশগামি যত জন থাকে মাঝি নৌকাদিতে চড়াইয়া দিবার এজেন্ট সাহেবের স্থানে তাহাদের এক নির্ঘণ্টপত্র না পাইলে মজুরী করিবার জিলায় যাইবার উদ্দেশে যাত্রা করিবে না।

Such list shall contain all the particulars noted in the pass of each such emigrant; but if all the emigrants whose names are entered in any one pass embark on board the same vessel, it shall be sufficient if the number and date of such pass are noted in the list. The embarkation agent and the master of the vessel shall together personally ascertain that the number of emigrants on board corresponds with the number entered in such list.

List what to contain.

To be compared with emigrants by agent and master.

বিদেশগামি প্রত্যেক ব্যক্তির পাসে যেং কথা লেখা থাকে, ঐ নির্ঘণ্টপত্রেও তাহা লেখা থাকিবে। কিন্তু এক পাসে বিদেশগামি অনেক ব্যক্তির নাম লেখা থাকিলে ও সকলে এক নৌকাদিতে উঠিলে, ঐ নির্ঘণ্টপত্রে ঐং পাসের নম্বর ও তারিখ লেখা থাকিলেই চলিতে পারিবে। নৌকাদিতে বিদেশগামি যে ব্যক্তিরা থাকে তাহাদের সংখ্যা সেই নির্ঘণ্টপত্রের লিখিত সংখ্যার সঙ্গে মিলে, নৌকাদিতে চড়াইয়া দিবার এজেন্ট সাহেব ও মাঝি একত্র হইয়া স্বয়ং ইহা নিশ্চয় মতে জানিয়া লইবেন।

ঐ নির্ঘণ্টপত্রে যাহা লেখা যাইবে তাহার কথা।

ঐ ব্যক্তিদের সঙ্গে এজেন্টের ও মাঝির ঐ নির্ঘণ্টপত্র মিলাইয়া দেখিবার কথা।

If the master of such vessel allows any emigrant not entered in such list to proceed in the vessel, he shall, on conviction by a magistrate, be punished with fine.

Penalty for admitting emigrants not in list.

বিদেশগামি যে ব্যক্তির কথা ঐ নির্ঘণ্টপত্রে লেখা না থাকে, ঐ নৌকাদির মাঝি এমত ব্যক্তিকে নৌকাদিতে যাইতে দিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে তাঁহার অর্থদণ্ড হইবে।

যে ব্যক্তিদের কথা নির্ঘণ্টপত্রে লেখা না থাকে তাহাদিগকে যাইতে দিবার দণ্ডের কথা।

The embarkation agent shall send a copy of the said list or an extract from it to the magistrate of the labor district to which any of the emigrants are proceeding.

Copy of list to be sent to magistrate

বিদেশগামি কোন ব্যক্তি মজুরী করিবার যে জিলায় যাইবে, নৌকাদিতে চড়াইয়া দিবার এজেন্ট সাহেব সেই জিলার মাজিষ্ট্রেট সাহেবের নিকট ঐ নির্ঘণ্টপত্রের নকল কি তাহাহইতে গৃহীত কথা পাঠাইবেন ইতি।

মাজিষ্ট্রেট সাহেবের নিকট নির্ঘণ্টপত্রের নকল পাঠাইবার কথা।

69. There shall be laden under the supervision of the embarkation agent on board of any licensed vessel carrying emigrants to or towards any labor district, at the time of the embarkation of such emigrants, such supplies of provisions, clothing, medical drugs, and other stores, and such medical and other officers, and such cooks and other attendants, as may be required under the rules made by the Lieutenant-Governor under the authority of this Act.

Provisions, medical and other stores, medical officers, cooks, &c.

৬৯ ধারা। শ্রীযুত লেপ্টেনেন্ট গবরনর সাহেব এই আইনের শক্তিক্রমে বিধি করিয়া আহারীয় যত ও যে প্রকারের দ্রব্য ও বস্ত্র ও ঔষধ প্রভৃতি ও অন্যং দ্রব্য, ও যে ডাক্তর ও অন্য কর্ম্মকারক ও পাচক ও অন্যং চাকর নৌকাদিতে লইবার আজ্ঞা করেন, মজুরী করিবার কোন জিলায় কি সেই জিলারদিগে বিদেশগামিদিগকে লইয়া যাইবার যে নৌকাদির লাইসেন্স দেওয়া যায় সেই নৌকাদিতে ঐ ব্যক্তিদের উঠিবার সময়ে, নৌকাদিতে চড়াইয়া দিবার এজেন্ট সাহেবের তত্ত্বাধীনে সেই সকল দ্রব্যাদি বোঝাই করা থাকিবে।

আহারীয় দ্রব্য ও ঔষধাদি ও ডাক্তর ও পাচক প্রভৃতির কথা।

The master of any such vessel who shall commence the voyage without having on board such supplies of provisions, clothing, medical drugs, and other stores, and such medical and other officers, and such cooks and other attendants, as may be required as aforesaid, shall, on conviction by a magistrate, be punished with imprisonment, simple or rigorous, for a term which may extend to three months, or with fine which may extend to five hundred rupees.

Penalty if master proceeds without.

পূর্ব্বোক্ত আজ্ঞামতে যত ও যে প্রকারের আহারীয় দ্রব্য ও বস্ত্র ও ঔষধাদি ও অন্যং দ্রব্য ও ডাক্তর প্রভৃতি অন্য কর্ম্মকারক ও পাচক ও অন্য চাকর লইতে হয়, উক্ত কোন নৌকাদির মাঝি সেই সকল দ্রব্য ও ব্যক্তিদিগকে নৌকাদিতে না লইয়া, যাইতে আরম্ভ করিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে তাঁহার তিন মাসের অনধিক কাল সামান্য কি কঠিন পরিশ্রম সহিত কারাদণ্ড কিম্বা পাঁচ শত টাকার অনধিক অর্থদণ্ড হইবে ইতি।

অধ্যক্ষ তাহা না লইয়া গেলে দণ্ডের কথা।

[*Government Gazette*, 30*th December* 1873.]

Vessel carrying 200 emigrants must carry a qualified medical officer.

70. No vessel carrying two hundred emigrants shall be allowed to proceed on the voyage unless a medical officer, who is a licentiate in medicine, or who is declared to be qualified for such charge by order of the Lieutenant-Governor, has been appointed to the charge of such emigrants. And any master who shall commence the voyage without having on board such medical officer as aforesaid shall, on conviction by a magistrate, be punished with fine not exceeding five hundred rupees, and, in default of payment, imprisonment for a term not exceeding three months.

Emigrant not allowed finally to leave vessel at any place other than that mentioned in pass.

71. If the master of any licensed vessel carrying emigrants shall, save as hereinafter is provided, cause or permit any emigrant, whose contract has been executed under the provisions of this Act, finally to leave such vessel at any place other than that named as the destination of such emigrant in his pass, such master shall, on conviction by a magistrate, be punished with fine for each such offence. Provided always that this section shall not be deemed to prevent the master of any vessel from permitting emigrants to disembark at any place or places on the voyage so long as such disembarkation is not intended or known to be likely to be final; nor to prevent the final disembarkation of any emigrants in case of accident or other unavoidable necessity, if such accident or necessity be forthwith reported to the embarkation agent by whom the license of such vessel was granted, and to the nearest magistrate in the district within which such accident may occur or necessity arise.

Master to report arrival of emigrants at every intermediate station where there is a magistrate.

72. Every licensed vessel carrying emigrants shall stop at every place in which a magistrate is stationed, intermediate between the places of embarkation and disembarkation of such emigrants, and shall remain during not less than six hours of daylight. The master of every such vessel shall immediately on arrival report to the magistrate, or such officer as may have been deputed by the magistrate in that behalf under the provisions of section 89, the number of emigrants on board, the general state of their health, and the number of deaths (if any) which have occurred among the persons who embarked on such vessel.

[গবর্ণমেণ্ট গেজেট। ১৮৭১। ২০ ডিসেম্বর।]

বিদেশগামি ২০০ ব্যক্তি যে নৌকাদিতে যাইবে তন্মধ্যে ক্ষমতাপন্ন ডাক্তরকে লইবার কথা।

৭০ ধারা। যে নৌকাদিতে বিদেশগামি দুই শত ব্যক্তি যাইবে, চিকিৎসা কার্য্যের লাইসেনশ্যট বলিয়া কোন ডাক্তর, কিম্বা শ্রীযুক্ত লেপ্টেনেণ্ট গবরনর সাহেবের আজ্ঞাক্রমে ক্ষমতাপন্ন বলিয়া যাঁহাকে প্রকাশ করা যায় এমত ব্যক্তি, সেই বিদেশগামিদের চিকিৎসা কার্য্যে নিযুক্ত না থাকিলে, ঐ নৌকাদি খুলিয়া যাইতে পারিবে না; এবং উক্ত প্রকারের ডাক্তর নৌকাদিতে না থাকিলেও মাঝি যাত্রা আরম্ভ করিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ নির্ণয় হইলে তাঁহার পাঁচ শত টাকা পর্য্যন্ত জরীমানা হইবে। ঐ দণ্ডে টাকা না দিলে তাঁহার তিন মাস পর্য্যন্ত কারাদণ্ড হইবে ইতি।

পাসে যে স্থান লেখা থাকে তদ্ভিন্ন কোন স্থানে বিদেশগামির নৌকাদি ছাড়িয়া যাইতে না পারিবার কথা।

৭১ ধারা। বিদেশগামি কোন ব্যক্তির পাসে তাহার যাইবার লক্ষিত স্থান বলিয়া যে স্থানের নাম লেখা থাকে, বিদেশগামি ব্যক্তিদিগকে লইয়া যাইবার লাইসেন্স প্রাপ্ত কোন নৌকাদির মাঝি পশ্চাৎ লিখিত বিধানের নির্দ্দিষ্ট স্থল ভিন্ন উক্ত কোন ব্যক্তিকে সেই স্থানছাড়া কোন স্থানে নৌকাদিহইতে নামাইয়া দিলে কি একেবারে চলিয়া যাইতে দিলে, মাজিষ্ট্রেট সাহেবের দ্বারা অপরাধ প্রমাণ হইলে উক্ত প্রত্যেক অপরাধের নিমিত্ত সেই মাঝির জরীমানা হইবে। কিন্তু কোন নৌকাদির মাঝি পথের মধ্যে কোন এক কি কএক স্থানে বিদেশগামিকে নামিতে অনুমতি দিবেন না, এই ধারার এমত অর্থ জানিতে হইবে না, কেবল নামিয়া যেন একেবারে চলিয়া যাওয়ার অভিপ্রায় না থাকে ও সম্ভাবনা বোধ না হয়। অথবা কোন বিপত্তি হইলে কিম্বা অগত্যাগতিকে বিদেশগামি ব্যক্তিদের যে একেবারে নামিয়া যাওয়া নিষেধ হইল, এই ধারার এমত ভাব জানিতে হইবে না। কিন্তু নৌকাদিতে চড়াইবার দরুন যে এজেণ্ট সাহেবের স্থানে ঐ নৌকাদির লাইসেন্স পাওয়া গেল তাঁহার নিকট, এবং যে জিলায় সেই বিপত্তি কি অগত্যা গতিক ঘটিয়াছিল সেই জিলার যে মাজিষ্ট্রেট নিকট থাকেন তাঁহার নিকট অবিলম্বে সেই বিপত্তি কি অগত্যাগতিকের রিপোর্ট করিতে হইবে ইতি।

মধ্যে যে কোন স্থানে মাজিষ্ট্রেট থাকেন সেই স্থানে পঁহুছিলেই মাঝির রিপোর্ট করিবার কথা।

৭২ ধারা। বিদেশগামি ব্যক্তিরা যে স্থানে নৌকাদিতে উঠে ও শেষ যে স্থানে নামিয়া যাইবে, এই দুইয়ের মধ্যে অন্য যে স্থানে মাজিষ্ট্রেট সাহেব থাকেন, লাইসেন্স প্রাপ্ত নৌকাদি বিদেশগামি ব্যক্তিদিগকে লইয়া সেই স্থানে আইলে, তথায় থামিয়া দিনের বেলা ছয় ঘণ্টার কম থাকিবে না। ও নৌকাদিতে বিদেশগামি কত ব্যক্তি আছে, ও স্বাস্থ্যপক্ষে তাহাদের সাধারণ কি অবস্থা, ও সেই নৌকাদিতে যাহারা উঠিয়াছিল তাহাদের মধ্যে কোন ব্যক্তির মৃত্যু হইলে কত জন মরিল, ঐ নৌকাদির মাঝি মাজিষ্ট্রেট সাহেবের নিকট, কিম্বা ৮৯ ধারার বিধানমতে মাজিষ্ট্রেট সাহেব ঐ কার্য্যের নিমিত্ত যে কর্ম্মকারককে নিযুক্ত করেন তাঁহার নিকট, অগৌণে এই সকল কথার রিপোর্ট করিবেন।

Any master who wilfully omits to comply with the provisions of this section shall on conviction be punished with fine.

Magistrate may at any time inspect vessel.

Master bound to give all information required.

73. A magistrate may at any time go on board of any licensed vessel carrying emigrants while within the limits of his jurisdiction, and may inspect the vessel, the emigrants, and all persons on board. The master and officers of such vessel shall be bound to afford to such magistrate all reasonable facility for such inspection, and to give him all such information respecting the emigrants or other persons on board as may be reasonably required, and respecting any deaths which may have occurred on board, and respecting any other facts which may affect the health of the emigrants.

Penalty for omission.

Any master or other officer, who wilfully omits to give any such information to such magistrate, shall on conviction be punished with fine.

Magistrate may regulate communication between vessel and land.

74. On the arrival of any licensed vessel, or at any time while it is within the limits of his jurisdiction, the magistrate may regulate the communication between such vessel and the land, and may prohibit all persons from leaving the vessel and all persons on land from proceeding on board. And any person not complying with any order made under this section shall on conviction be punished with fine.

Magistrate may detain vessel for inspection and for removal of disease, and may detain sick emigrants.

75. A magistrate may, if he has reason to believe that any emigrants on board any licensed vessel within the limits of his jurisdiction are or are likely to be affected with any infectious or contagious disease, detain such vessel, and require the civil medical officer of the district or other qualified medical officer to inspect the emigrants on board such vessel, and to report on their health, and whether any or what measures are requisite for the removal or prevention of such disease. After the submission of such report the magistrate may detain the vessel for a further period not exceeding five days for the purpose of carrying out such measures, if any, recommended by the medical officer in his report,

কোন মাঝি ইচ্ছা করিয়া এই ধারার বিধানমতে কর্ম্ম না করিলে, অপরাধ নির্ণয় হইলে তাহার জরীমানা হইবে ইতি।

মাজিষ্ট্রেটের কোন সময়ে নৌকাদিতে গিয়া দেখিতে পারিবার কথা।

৭৩ ধারা। লাইসেন্স প্রাপ্ত নৌকাদি বিদেশগামি ব্যক্তিদিগকে লইয়া কোন মাজিষ্ট্রেটের বিচারাধীন স্থানের মধ্যে থাকিলে, তিনি কোন সময়ে সেই নৌকাদিতে উঠিয়া ঐ নৌকাদি ও বিদেশগামি ব্যক্তিদিগকে ও নৌকাদিতে যত ব্যক্তি থাকে তাহাদের সকলকে দেখিতে পারিবেন।

যে সন্ধান জানিতে চাহেন মাঝির তাহা জানাইবার কথা।

মাজিষ্ট্রেট সাহেব অনায়াসে উক্ত প্রকারে দেখিতে পারেন এই কারণে ঐ নৌকাদির মাঝি ও কর্ম্মকারকেরা সর্ব্বপ্রকারে তাঁহার যুক্তিমত সাহায্য করিবেন ও তিনি বিদেশগামি ব্যক্তিদের ও নৌকাদির অন্য ব্যক্তিদের বিষয়ে, এবং কোন ব্যক্তির মৃত্যু হইলে সেই মৃত্যুর বিষয়ে, এবং বিদেশগামি ব্যক্তিদের রোগাদির অন্য বৃত্তান্ত বিষয়ে যুক্তিমতে যে২ সন্ধান জানিতে চাহেন তাহা জানাইবেন।

না জানাইবার দণ্ডের কথা।

কোন মাঝি কি অন্য কর্ম্মকারক ইচ্ছা করিয়া মাজিষ্ট্রেট সাহেবকে উক্ত কোন বিষয়ের সন্ধান না জানাইলে, অপরাধ প্রমাণ হইলে তাহার জরীমানা হইবে ইতি।

নৌকাদির ও ডাঙ্গার মধ্যে গমনাগমনের বিধান মাজিষ্ট্রেট সাহেবের করিবার কথা।

৭৪ ধারা। উক্ত প্রকারের নৌকাদি মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতাধীন স্থানের মধ্যে পঁহুছিলে, কিম্বা তথায় থাকিবার কোন সময়ে, মাজিষ্ট্রেট সাহেব ঐ নৌকাদির ও ডাঙ্গার মধ্যে যাওয়াআসার বিধান করিতে পারিবেন, এবং কোন ব্যক্তি নৌকাদিহইতে ডাঙ্গায় নামিয়া আসিতে পারিবে না ও ডাঙ্গাহইতে কোন ব্যক্তি নৌকাদিতে উঠিয়া যাইতে পাইবে না, এমত নিষেধ করিতে পারিবেন। এই ধারামতে যে আজ্ঞা করা যায় কোন ব্যক্তি সেই আজ্ঞা না মানিলে, অপরাধ নির্ণয় হইলে তাহার জরীমানা হইবে ইতি।

ডাক্তরের দেখিবার ও রোগ নিবারণের জন্যে নৌকাদি ও পীড়িতদিগকে আটকাইয়া রাখিতে মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতার কথা।

৭৫ ধারা। বিদেশগামি যে ব্যক্তিরা মাজিষ্ট্রেট সাহেবের ক্ষমতাধীন স্থানের মধ্যে কোন নৌকাদিতে থাকে, মাজিষ্ট্রেট সাহেব তাহাদের মধ্যে কোন সংক্রামক কি ছোঁয়াছিয়া রোগ আছে কি হইবার সম্ভাবনা জানিলে, সেই নৌকাদি আটক রাখিয়া, জিলার সিবিল ডাক্তর সাহেবকে, কিম্বা উপযুক্ত ক্ষমতাপন্ন অন্য ডাক্তরকে, ঐ নৌকাদিতে গিয়া সেই ব্যক্তিদিগকে দেখিয়া রোগাদি ধরিয়া তাহাদের অবস্থার বিষয়ে, এবং ঐ রোগ স্থগিত কি নিবারণ করিবার নিমিত্ত কোন উপায় করিতে পারা যায় কি না, ও কি উপায় করা আবশ্যক, এই বিষয়ে রিপোর্ট করিবার আজ্ঞা দিতে পারিবেন। ডাক্তর সাহেব সেই রিপোর্টে কোন উপায়ের পরামর্শ দিলে, সেই

and he may further detain at such station for medical treatment any emigrant who is affected with any infectious or contagious disease.

76. If it appears to a magistrate expedient that any emigrant, whose contract has been executed under the provisions of this Act, should not be allowed to proceed towards a labor district, in consequence of ill health, he may order the detention of such emigrant; and in such case he shall cause all necessary arrangements to be made for the accommodation, support, and medical treatment of such emigrant.

Magistrate may detain sick emigrants,

and shall arrange for their accommodation and treatment.

77. All expenses incurred under Section 76 by a magistrate or other officer deputed by him under the provisions of section 89, in respect of any emigrant so detained, shall, with interest at six per centum per annum, be recoverable by him from the contractor by whom the emigrant has been engaged or forwarded; or in the case of an emigrant engaged by a garden-sirdar, from the employer from whom such garden-sirdar received his certificate.

Expenses how to be recovered.

78. If it appears to a magistrate that the health of any emigrant (other than an emigrant mentioned in the last preceding section) is such, that he cannot proceed without endangering the health of those on board, he may order the detention of such emigrant.

Detention of emigrants having infectious diseases.

79. If it appears to a magistrate making an inspection of any licensed vessel that the number of emigrants on board is larger than the number specified in the license, he may remove the excess number and detain them until another opportunity of forwarding them to their destination is found. The necessary expense of maintaining such emigrants, and of conveying them to their destination, shall be recoverable by such magistrate or other officer who may have been deputed as aforesaid from the master of such vessel.

Measures to be taken if excess number of emigrants is found on board.

উপায়মতে কার্য্য হইবার নিমিত্ত মাজিষ্ট্রেট সাহেব সেই রিপোর্ট পাইবার পর আর পাঁচ দিন পর্য্যন্ত ঐ নৌকাদি আটক করিয়া রাখিতে পারিবেন। ও বিদেশগামি কোন ব্যক্তির সঞ্চারক কি ছোঁয়াছিয়া রোগ হইলে তাহার চিকিৎসা হইবার নিমিত্ত মাজিষ্ট্রেট সাহেব তাহাকে ঐ স্থানে আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

৭৬ ধারা। বিদেশগামি ব্যক্তির চুক্তিপত্র এই আইনের বিধানমতে দস্তখৎ করা গেলে, কিন্তু তাহার পীড়াপ্রযুক্ত তাহাকে মজুরী করিবার জিলায় যাইতে না দেওয়া বিহিত, মাজিষ্ট্রেট সাহেব এমত বোধ করিলে, তিনি সেই ব্যক্তির আটক থাকিবার আজ্ঞা দিতে পারিবেন। এমনস্থলে তাহার থাকিবার স্থানের ও খোরাকপোষাকের ও চিকিৎসার যে নিয়ম আবশ্যক হয় তিনি সেই সকল নিয়ম করাইয়া দিবেন ইতি।

বিদেশগামি ব্যক্তি পীড়িত হইলে মাজিষ্ট্রেটের আটকাইয়া রাখিতে পারিবার কথা।

তাহারদের থাকিবার স্থানের ও চিকিৎসার নিয়ম করিবার কথা।

৭৭ ধারা। বিদেশগামি যে কোন ব্যক্তিকে তদ্রূপে আটক করিয়া রাখা যায় তাহার নিমিত্ত মাজিষ্ট্রেট সাহেব, কিম্বা ৮৯ ধারার বিধানমতে তাঁহার নিযুক্ত অন্য কার্য্যকারক, ৭৬ ধারামতে যত টাকা খরচ করেন, যে কন্‌ট্রাকুটরের সঙ্গে ঐ বিদেশগামির করার হয় বা যে কন্‌ট্রাকুটর তাহাকে চালান করেন তাঁহার স্থানে, কিম্বা বাগানের সরদারের সঙ্গে ঐ বিদেশগামির করার হইলে ঐ সরদার যে কর্ত্তার স্থানে সর্টিফিকট পাইলেন তাঁহার স্থানে মাজিষ্ট্রেট সাহেব বৎসর শতকরা ৬৲ টাকার হিসাবে সুদশুদ্ধ ঐ টাকা ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

খরচ ফিরিয়া পাইবার কথা।

৭৮ ধারা। ইহার পূর্ব্ব দুই ধারায় বিদেশগামি যে ব্যক্তির কথা আছে, সেই ব্যক্তি ছাড়া কোন ব্যক্তির এমত রোগ হইয়াছে যে নৌকাদিতে থাকিলে ঐ নৌকাদির অন্য লোকদেরও রোগ হইতে পারে, মাজিষ্ট্রেট এমত জ্ঞান করিলে, তিনি সেই মজুরের আটক থাকিবার আজ্ঞা দিতে পারিবেন ইতি।

মজুরদের সঞ্চারক রোগ হইলে তাহারদের আটক রাখিবার কথা।

৭৯ ধারা। কোন মাজিষ্ট্রেট সাহেব লাইসেন্সপ্রাপ্ত কোন নৌকাদি দেখিতে গেলে, লাইসেন্সপত্রে যত জন লেখা থাকে নৌকাদিতে তাহার অধিক জন দেখিতে পাইলে, তিনি ঐ সংখ্যার অধিক সকল লোককে নামাইয়া তাহাদিগকে লক্ষিত স্থানে চালান করিবার জন্য সুযোগের অপেক্ষায় রাখিবেন। বিদেশগামি সেই ব্যক্তিদিগকে আহারাদি দিয়া রাখিতে ও লক্ষিত স্থানে চালান করাইতে যে খরচ আবশ্যক, ঐ মাজিষ্ট্রেট সাহেব কিম্বা পূর্ব্বোক্তমতে তাঁহার নিযুক্ত অন্য কর্ম্মকারক ঐ নৌকাদির মাঝির স্থানে তাহা ফিরিয়া লইতে পারিবেন ইতি।

বিদেশগামি অধিক জন নৌকাদিতে পাওয়া গেলে যাহা কর্ত্তব্য তাহার কথা।

80. In any case in which, on making an inspection of a licensed vessel, a magistrate shall find that any of the provisions of this Act or of any rule made by the Lieutenant-Governor under the authority of this Act have not been complied with, he shall report the same to the embarkation agent by whom the license to carry the emigrants was granted to such vessel; and, if the circumstances of the case are such as in such magistrate's opinion make it necessary so to do, he may detain the vessel until the provisions of this Act, or any rule made by the Lieutenant-Governor as aforesaid, have been complied with, so far as to make it possible for the voyage to be further prosecuted with safety and reasonable comfort to the emigrants.

Infraction of the Act and rules to be reported.

Vessel may be detained.

81. Whenever any licensed vessel carrying emigrants arrives at a civil station at which it is intended that any of such emigrants shall disembark, the master shall immediately give notice of the arrival to the magistrate or such officer as may have been deputed by the magistrate in that behalf under the provisions of section 89, and shall forward to him at the same time the list furnished to him by the embarkation agent under the provisions of section 68, or a copy of so much of the said list as relates to the emigrants who are to disembark. The master shall not permit any emigrants, whose contracts have been executed under the provisions of this Act, to leave the vessel without the order of the magistrate.

On arrival of licensed vessel at the place of disembarkation, the master shall give information to the magistrate.

Immediately on the receipt of such notice the magistrate shall send information of the arrival of the emigrants to the employers with whom they have contracted, or to the agents of such persons. And he shall at the same time direct the civil medical officer of the station, or other qualified medical officer, to go on board such vessel and to inspect such emigrants.

Magistrate shall send information to employer or agent.

And direct medical inspecton.

Such medical officer shall, without delay, make a careful inspection of all such emigrants; and, after making such inspection, shall prepare and sign a report, in which he shall

৮০ ধারা। এই আইনের বিধানমতে, কিম্বা শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবরনর সাহেব এই আইনের শক্তিক্রমে যে বিধি করেন সেই বিধিমতে কার্য্য করা যায় নাই, মাজিষ্ট্রেট সাহেব লাইসেন্সপ্রাপ্ত কোন নৌকাদি দেখিতে গিয়া এমত বোধ করিলে, নৌকাদিতে চড়াইয়া দিবার যে এজেন্ট সাহেব ঐ নৌকাদিতে বিদেশগামিদিগকে লইয়া যাইবার লাইসেন্স দিলেন তাঁহার নিকট তিনি ঐ কথার রিপোর্ট করিবেন। এবং ভাবগতিক বিবেচনায় ঐ নৌকাদি আটক করিয়া রাখা আবশ্যক বোধ হইলে, যাহাতে অবশিষ্ট পথ নিরাপদে ও বিদেশগামিদের পক্ষে যুক্তিমতে স্বচ্ছন্দে যাওয়া যায় এইপর্য্যন্ত এই আইনের বিধানমতে, কিম্বা শ্রীযুক্ত লেপ্টেনেন্ট গবরনর সাহেব পূর্ব্বোক্তরূপে যে বিধি করেন সেই বিধিমতে, যত দিন কার্য্য না করা যায়, তিনি তত দিন সেই নৌকাদি আটক করিয়া রাখিতে পারিবেন ইতি।

আইন ও বিধি মানা না গেলে রিপোর্ট করিবার কথা।

নৌকাদি আটক করিয়া রাখিবারি কথা।

৮১ ধারা। বিদেশগামি ব্যক্তিদিগকে যে দেওয়ানী মোকামে নামাইয়া দিবার অভিপ্রায় থাকে, লাইসেন্সপ্রাপ্ত নৌকাদি তাহাদিগকে লইয়া সেই মোকামে পঁহুছিলে, মাঝি অগৌণে মাজিষ্ট্রেট সাহেবকে, কিম্বা ঐ মাজিষ্ট্রেট সাহেব ৮৯ ধারার বিধানমতে ঐ কর্ম্মের নিমিত্তে অন্য যে ব্যক্তিকে নিযুক্ত করেন তাঁহাকে, পঁহুছিবার নোটিস দিবেন। ও নৌকাদিতে চড়াইয়া দিবার এজেন্ট সাহেব ৬৮ ধারার বিধানমতে তাঁহাকে যে নির্ঘণ্টপত্র দিলেন তাহা, কিম্বা বিদেশগামি যে ব্যক্তিরা সেই স্থানে নামিয়া যাইবে, ঐ নির্ঘণ্টপত্রের যে অংশে তাহাদের কথা আছে মাঝি সেই অংশটির নকল সেই সময়ে পাঠাইবেন। বিদেশগামি যে ব্যক্তিদের চুক্তিপত্রে এই আইনের বিধানমতে দস্তখৎ করা গিয়াছে মাজিষ্ট্রেট সাহেবের আজ্ঞা না পাইলে মাঝি তাহারদের কোন ব্যক্তিকে নৌকাদিহইতে নামিয়া যাইতে দিবেন না ইতি।

নৌকাদিহইতে নামিয়া যাইবার স্থানে পঁহুছিলে মাজিষ্ট্রেট সাহেবকে মাঝির জানাইবার কথা।

মাজিষ্ট্রেট সাহেব সেই নোটিস পাইলে, যে কর্ত্তাদের সঙ্গে ঐ বিদেশগামি ব্যক্তিদের চুক্তি করা হইয়াছে তাঁহারদের নিকট কিম্বা তাঁহারদের এজেন্টদের নিকট, তিনি ঐ ব্যক্তিদের পঁহুছিবার সম্বাদ পাঠাইবেন। তৎকালেও তিনি ঐ মোকামের দেওয়ানী ডাক্তর সাহেবকে কিম্বা ক্ষমতাপন্ন অন্য ডাক্তরকে নৌকাদিতে গিয়া বিদেশগামি ঐ ব্যক্তিদিগকে দেখিতে আজ্ঞা দিবেন।

কর্ত্তার কি এজেন্টের নিকট মাজিষ্ট্রেট সাহেবের সম্বাদ পাঠাইবার কথা।

ও ডাক্তরকে দেখিবার আজ্ঞা দিবার কথা।

ঐ ডাক্তর সাহেব অগৌণে বিদেশগামি সেই সকল ব্যক্তিকে ভাল করিয়া দেখিলে পর রিপোর্ট লিখিয়া সহী করিবেন। বিদেশগামি যে ব্যক্তিদিগকে দেখিয়াছেন স্বাস্থ্য পক্ষে তাহা-

ঐ ডাক্তরের দেখিয়া রিপোর্ট করিবার কথা।

certify the state of health and general condition of each emigrant so inspected.

Sick emigrants to be detained at station.

82. The magistrate shall detain at the station for medical treatment any emigrant, whose contract has been executed under the provisions of this Act, who is, in the opinion of the medical officer, in such a state of health as to be unfit to proceed to the place at which he has contracted to labor. In such case he shall cause all necessary arrangements to be made for the accommodation, support, and medical treatment of such emigrant, and all expenses so incurred by the magistrate in respect of any emigrant so detained shall, with interest at six per centum per annum, be recoverable by him from the employer with whom such emigrant has contracted.

If necessary provision has been made for the support and lodging of the emigrants, they shall be made over to employer or agent.

83. The magistrate shall also ascertain whether reasonable provision has been made for the support and lodging of emigrants, whose contracts have been executed under the provisions of this Act, from the time of their disembarkation till they reach their final destination. If he is satisfied that such reasonable provision has been made, the employer with whom such emigrants have contracted or his agent shall forthwith take charge of such emigrants except those, if any, detained under the provisions of the last preceding section. But if such reasonable provision has not been made, or if the employer or his agent shall not be present at the place of disembarkation, the magistrate shall order such arrangements to be made, and incur such expenses as under the circumstances may seem to him necessary; and the amount of expenses so incurred by him in the disembarkation, or in respect of the food, lodging, medicines, hospital attendance, or clothing of the laborers, shall, with interest at the rate of twelve per centum per annum, be recoverable by him from the employer with whom such emigrants have contracted.

If not made, or if employer or agent not present, magistrate to make arrangements.

Expenses recoverable from employers.

দের প্রত্যেক জনের যে অবস্থা ও সাধারণ যে ভাব আছে ঐ রিপোর্টে ইহার সার্টিফিকট লিখিবেন ইতি।

পীড়িত ব্যক্তিদিগকে সেই মোকামে রাখিবার কথা।

৮২ ধারা। বিদেশগামি যে ব্যক্তিদের চুক্তিপত্র এই আইনের বিধানমতে দস্তখৎ করা গিয়াছে, এমত কোন ব্যক্তি যে স্থানে কর্ম্ম করিতে চুক্তি করিয়াছে পীড়া প্রযুক্ত সে সেই স্থানে যাইবার উপযুক্ত নয়, ডাক্তর সাহেবের এমত বিবেচনা হইলে, মাজিষ্ট্রেট সাহেব চিকিৎসা হইবার নিমিত্ত তাহাকে সেই মোকামে রাখিবেন। উক্ত স্থলে তিনি ঐ বিদেশগামির থাকিবার স্থানের ও খোরাকপোষাকের ও চিকিৎসার আবশ্যক সকল নিয়ম করিবেন, ও তদ্রূপে যে বিদেশগামিকে আটক করিয়া রাখা যায় তাহার জন্যে মাজিষ্ট্রেট সাহেবের উক্ত প্রকারে যত খরচ লাগে, যে কর্ত্তার সঙ্গে ঐ বিদেশগামির চুক্তি হইয়াছে মাজিষ্ট্রেট সাহেব তাহার স্থানে বৎসর শতকরা ছয় টাকার হিসাবে সুদশুদ্ধ ঐ টাকা ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

বিদেশগামি ব্যক্তিদের আহারাদির ও থাকিবার স্থানের আবশ্যক বিধান করা গেলে তাহাদিগকে কর্ত্তার কি এজেণ্টের হাতে সমর্পণ করিবার কথা।

৮৩ ধারা। আরো বিদেশগামি যে ব্যক্তিদের চুক্তিপত্র এই আইনের বিধানমতে দস্তখৎ করা গিয়াছে, এমত ব্যক্তিদের নৌকাদিহইতে নামিবার সময়াবধি শেষ লক্ষিত স্থানে না পঁহুছনপর্য্যন্ত তাহাদের আহারাদির ও থাকিবার স্থানের উপযুক্ত বিধান করা গিয়াছে কি না, মাজিষ্ট্রেট সাহেব ইহা নিশ্চয়মতে জানিয়া লইবেন। ও উপযুক্ত বিধান হইয়াছে ইহা যথোধমতে জানিলে, ঐ বিদেশগামিরা যে কর্ত্তার সঙ্গে চুক্তি করিয়াছে তিনি কিম্বা তাঁহার এজেণ্ট বিদেশগামিকে অগৌণে জিম্মা করিয়া লইয়া যাইবেন। কিন্তু ইহার পূর্ব্ব ধারার বিধানমতে কোন ব্যক্তিকে আটক করিয়া রাখা গেলে, তাহাদিগকে লইয়া যাইবেন না। তদ্রূপ উপযুক্ত বিধান করা না গেলে কিম্বা নৌকাদিহইতে নামিবার স্থানে কর্ত্তা কি তাঁহার এজেণ্ট উপস্থিত না থাকিলে, মাজিষ্ট্রেট সাহেব যদ্রূপ নিয়ম করা আবশ্যক বোধ করেন তদ্রূপ নিয়ম হইবার আজ্ঞা দিবেন, ও তাবগতিক বিবেচনায় যত খরচ দেওয়া আবশ্যক হয় তাহাও দিবেন। মজুরদিগকে নৌকাদিহইতে নামাইবার নিমিত্ত কিম্বা তাহারদের আহারাদির কি বাসার কি ঔষধের নিমিত্ত কিম্বা হাস্পাতালে তাহাদের শুশ্রূষার নিমিত্ত কিম্বা বস্ত্রাদির নিমিত্ত তাঁহার যত টাকা খরচ হয়, ঐ মজুরেরা যে কর্ত্তার নিকট চাকরী করিতে চুক্তি করিয়াছে তিনি সেই কর্ত্তার স্থানে বৎসর শতকরা বারো টাকার হিসাবে সুদশুদ্ধ ঐ টাকা ফিরিয়া পাইতে পারিবেন ইতি।

তদ্রূপ বিধান করা না গেলে ও কর্ত্তা কি এজেণ্ট উপস্থিত না থাকিলে মাজিষ্ট্রেটের নিয়ম করিবার কথা।

কর্ত্তার স্থানে খরচ ফিরিয়া পাইবার কথা।

